অভিধর্মপিটকে পট্‌ঠান
(তৃতীয় খণ্ড)



Visit: http://www.buddhistdownload.com

অভিধর্মপিটকে
পট্‌ঠান
(তৃতীয় খণ্ড)

অনুবাদ : শ্রীমৎ রাহুল ভিক্ষু

পরিবেশনায়

কল্পতরু

রাঙামাটি ৪৫০০, বাংলাদেশ

Visit: http://www.buddhistdownload.com

অভিধর্মপিটকে পট্‌ঠান (তৃতীয় খণ্ড)
অনুবাদ : শ্রীমৎ রাহুল ভিক্ষু
গ্রন্থস্বত্ব : শ্রীমৎ রাহুল ভিক্ষু
প্রথম প্রকাশ : ২০ মে ২০১৬ খ্রিষ্টাব্দ
প্রকাশক : শ্রীমৎ সমাধিনন্দ ভিক্ষু
পরিবেশক : কল্পতরু, রাঙামাটি ৪৫০০, বাংলাদেশ
কম্পিউটার কম্পোজ : শ্রীমৎ বিপুলানন্দ ভিক্ষু
প্রচ্ছদ ডিজাইন : শ্রীমৎ সুভাবিতো ভিক্ষু
মুদ্রণ : রাজবন অফসেট প্রেস
রাজবন বিহার, রাঙামাটি

Abhidhamma Pitake Patthan (Vol-3)
Translated into Bengli by Ven. Rahul Bhikkhu
Published by : Ven. Samadhinanda Bhikkhu
First Published : 8 February 2016
Distributor : KALPATARU
Rangamati 4500, Bangladesh
e-mail : kbangsharg@gmail.com

সদ্ধর্ম প্রচার, প্রসার ও উত্তরোত্তর শ্রীবৃদ্ধির জন্য
সম্পূর্ণ বিনামূল্যে বিতরণ করা হলো।

Visit: http://www.buddhistdownload.com

অনুবাদকের উৎসর্গ

****

জন্মলগ্ন থেকে শুরু করে বর্তমান পর্যন্ত যাঁদের অকৃত্রিম আদর-ভালবাসায়, স্নেহ-মমতায়, সাহায্য-সহযোগিতায়, আদেশ-উপদেশে আমার এই জীবন, যাঁদের জ্ঞানের আলোয় আমার এই ধর্মীয় জীবন, বুদ্ধের শাসনহিতে যাঁদের আত্মত্যাগ ও শ্রম এবং সদা সর্বদা বুদ্ধশাসনের সেবায় যাঁরা রত, সেই সকল সোনার টুকরো সত্ত্বগণের উদ্দেশ্যে অভিধর্মপিটকের 'পট্‌ঠান'-এর ৩য় খণ্ড গ্রন্থখানি করলাম সমর্পণ—সংসার হতে চিরমুক্তি লাভের তরে।

সমর্পণে
অনুবাদক
ভদন্ত রাহুল ভিক্ষু

Visit: http://www.buddhistdownload.com

প্রকাশকের কথা

'সেই ভগবান অর্হৎ সম্যকসম্বুদ্ধকে বন্দনা জানাচ্ছি'
'পরম পূজ্য শ্রাবকবুদ্ধ অর্হৎ বনভন্তেকেও বন্দনা নিবেদন করছি'

আদিকাল থেকে ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায় যুগে যুগে এমন কিছু মহাপুরুষের আবির্ভাব হয় যাঁদের জ্ঞান গরিমার ফসল অনুসন্ধিৎসু, তৃষ্ণার্ত, ধর্মপিপাসু মানুষের অন্তরে বারি সিঞ্চনের ন্যায় শীতল করে। বৌদ্ধ অপ্রতিরূপ এ দেশের সামাজিক অবক্ষয়, অস্থিরতা, হতাশা, হানাহানির এ যুগে মহান কল্যাণমিত্র পরম পূজ্য আর্যশ্রাবক শ্রদ্ধেয় সাধনানন্দ মহাস্থবির বনভন্তের আবির্ভাব এক অভাবনীয় ঘটনা। তিনি ছিলেন একাধারে সাধক, জ্ঞানী, পণ্ডিত, সুদেশক এবং সাধনায় সিদ্ধিপ্রাপ্ত একজন মহাপুরুষ। এই উজ্জ্বল আলোকবর্তিকা আমার এবং বাংলাদেশের অপামর বৌদ্ধ ভিক্ষু, উপাসক-উপাসিকাদের নির্বাণের আলোর দিশারী। আজকের দিনে শিক্ষিত, অশিক্ষিত, পণ্ডিত, বোকা, ধনী, গরীব একচেটিয়া সবার অন্তরে ধর্মীয় বীজ বপনের জন্য অনন্ত গুণের আধার পরম গুরু ধর্মপিতা বনভন্তে আজীবন নৈর্বাণিক ধর্মসুধা বিলিয়ে দিয়ে গেছেন অবিরাম পড়তে থাকা ঝরনার মতো। শুধু তাই নয় শ্রদ্ধেয় ভন্তের যশকীর্তি গাথা দেশের গণ্ডি পেরিয়ে আন্তর্জাতিক পরিমণ্ডলে প্রতিষ্ঠিত হয়েছে।

পরম পূজ্য বনভন্তে একসময় পার্বত্য চট্টগ্রামসহ বাংলাদেশের আনাচে-কানাচে বৌদ্ধ জনগোষ্ঠীর মধ্যে অবিরাম ধর্মবাণী বর্ষণ করে গেছেন পঞ্চাশ বছরেরও বেশি সময় ধরে। উঁনার ধর্মবাণীতে সিক্ত হয়ে এদেশের বৌদ্ধধর্মে জেগেছে নতুন প্রাণ, জেগেছে নতুন স্পন্দন। উঁনারি ছায়াতলে থেকে জন্ম হয়েছে পাঁচশ-র বেশি ভিক্ষুসংঘ, শ্রামণ তো আছেন অগণিত, প্রতিষ্ঠিত হয়েছে একশ-এর মতো প্রতিষ্ঠান, শিখেছি পিণ্ডচারণ প্রথা, ধুতাঙ্গ প্রতিপালন, উত্তম ধর্মনীতি এবং আরণ্যিক জীবন, আর পেয়েছি বাংলায় বুদ্ধের অমূল্য ধর্মবাণী তথা ত্রিপিটক। সত্যিই এগুলো পরম পূজ্য অর্হৎ বনভন্তের এক অমূল্য অবদান যা ভুলবার নয়, শুধু গুণের মহিমা স্মরণ করে বলতে হয় উঁনিই বাংলাদেশের সর্বকালের সেরা একজন কিংবদন্তী মহাপুরুষ, বৌদ্ধধর্মের নবজাগরণের অগ্রদূত এবং বাংলাদেশে বৌদ্ধদের সর্বোচ্চ ধর্মীয় গুরু। পূজ্য বনভন্তে আমাদের বৌদ্ধ জাতির এক অমূল্য রতন তথা সোনার মানিক; কী দিয়ে পূজিব প্রভু হে তোমায়; আমি নিঃসম্বল, শুধু আঁখিজল; প্রাণভরে শুধু শ্রদ্ধা জানাই—

Visit: http://www.buddhistdownload.com

'বল বীর বল উন্নত হে তব শির, শির তোমারি আমারি নত শির।' এ রকম জ্ঞানী-গুণী, মহাত্যাগী, সাধকপ্রবর অর্হৎ বাংলায় বুকে ভবিষ্যতে আরও জন্ম হোক এই হলো আমার কামনা।

পূজ্য বনভন্তের ত্যাগদীপ্ত মহতো মহান জীবনাদর্শ দেখে সংসার ত্যাগ করেছিলাম আমি দুঃখমুক্তির এক গণ্ডা মার্গ দর্শনের জন্য। পরে আবার আমার চিত্ত কেন জানি না বিচলিত হয়ে উঠে বাংলাদেশের অনগ্রসর বৌদ্ধ জাতির জন্য কিছু করার চেতনায়। এই চেতনাকে বাস্তবে রূপ দেবার জন্য পূজ্য বনভন্তের প্রশংসিত ত্রিপিটক সাহিত্যের অনুবাদ ও প্রচার প্রকাশনার কথা উপলব্ধি করে আজকের এই প্রয়াস। কেননা শাক্যপুত্র শ্রমণ গৌতম বৈশাখী পূর্ণিমা তিথিতে বোধিগয়ার বজ্রাসনে বসে পাপমতি মারকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে তথা কড়ায়-গণ্ডায় হিসেব বুঝিয়ে দিয়ে মারসেনাকে ধুলিসাৎ করার মধ্য দিয়ে দিয়ে নানাস্থানে ঘুরে নানাজনপদে গিয়ে যে নৈর্বাণিক ধর্মবাণী জগতের মানুষকে বিলিয়ে দিয়েছিলেন তা উঁনার পরিনির্বাণের পর ত্রিপিটক নামে আখ্যায়িত হয়েছে। এই ত্রিপিটকের মধ্যেই বুদ্ধের অমৃতময় ধর্মবাণী নিহিত রয়েছে। আমরা এখন সেই বাণী শুনতে পাই একমাত্র ত্রিপিটক পাঠের মাধ্যমে। ত্রিপিটকই বৌদ্ধদের প্রধান ধর্মীয় গ্রন্থ।

সূত্রপিটক, বিনয়পিটক ও অভিধর্মপিটক—এই তিনটি পিটক মিলে ত্রিপিটক। সূত্রপিটক হচ্ছে ব্যবহারিক দেশনা বা তৃষ্ণা, মিথ্যাদৃষ্টি, অনুশয়, মিথ্যাসংকল্পাদি সম্বন্ধে প্রয়োজানুরূপ প্রদত্ত বুদ্ধের উৎসাহপূর্ণ ধর্মোপদেশ। বিনয়পিটক হচ্ছে আদেশ দেশনা বা ভিক্ষু ও ভিক্ষুসংঘের ক্ষুদ্র-বৃহৎ যাবতীয় বহিরাচরণ সম্বন্ধীয় বিধানের সন্নিবেশ। এবং অভিধর্মপিটক হচ্ছে পরমার্থ দেশনা বা যথাভূত দর্শন বা প্রজ্ঞা। সুতরাং 'মানুষ কী', 'মানুষের লক্ষ্যই বা কী' 'পারিপার্শ্বিক অবস্থার সাথে তার সম্বন্ধই বা কী' ইত্যাদি ইত্যাদি যথাভূত বিচার ও মীমাংসা করতে গিয়ে অভিধর্মের আলোচ্য বিষয় চিত্ত, চৈতসিক, রূপ ও নির্বাণ—এই চতুর্বিধ হয়েছে। এতে সেই লক্ষ্যের অনুকূল ও প্রতিকূল বিষয়ও হেতুমূলক বিশ্লেষণ দ্বারা প্রদর্শিত। এরূপে অভিধর্মপিটক 'শীলদর্শন'।

সাত খণ্ড অভিধর্মপিটকের মধ্যে বিশাল ও অত্যাবশ্যকীয় সপ্তম খণ্ডই 'পট্‌ঠান'। এর অর্থ প্রধান কারণ বা CONDITIONAL RELATIONS। 'নামরূপের' যাবতীয় ব্যাপারের পরস্পর সম্পর্ক বা কারণ নির্ণয় এর প্রতিপাদ্য বিষয়। ব্যবহারিকভাবে ও ভাষায় যাকে আমি, তুমি ,শত্রু, মিত্র, রাজা, প্রজা, নদী, পর্বত, নগর, গৃহ ইত্যাদি ইত্যাদি বলা হয়, তা পারমার্থিকভাবে ও অর্থে শুধু 'উদয়-বিলয়শীল ব্যাপার'। এই হিসাবে পট্‌ঠান প্রতীত্য-সমুৎপাদে যা দ্বাদশ নিদানাকারে সজ্জিত ও ব্যাখ্যাত, পট্‌ঠানে তা-ই চব্বিশ প্রকার প্রত্যয়াকারে অতীব বিশদরূপে প্রমাণিত ও প্রদর্শিত। অভিধর্মের মূল প্রতিপাদ্য

Visit: http://www.buddhistdownload.com

বিষয় নামরূপের 'অনিত্যতা' ও 'অনাত্মতা'। তা-ই এই পট্‌ঠানে চূড়ান্তভাবে মীমাংসিত।

অভিধর্ম সম্পর্কে বুদ্ধের জীবিতাবস্থায় ভিক্ষুরা কীরূপ ধারণা পোষণ করতেন, তা নিম্নলিখিত আলোচনা হতে পরিস্ফুট হবে। ধর্মসেনাপতি সারিপুত্র মহামৌদ্‌গলায়নকে সম্বোধন করে বললেন, 'বন্ধু মৌদ্‌গলায়ন, অতিশয় রমণীয় এই গোশৃঙ্গ-শালবন। জোৎস্না রাত্রি, অমল-ধবল-চন্দ্রকিরণ চতুর্দিকে শোভমান। চতুর্দিকে প্রাণমাতানো সুগন্ধি পুষ্প প্রস্ফুটিত, মনে হয় দিব্যগন্ধই প্রবাহিত হচ্ছে। বন্ধু মৌদ্‌গলায়ন, কিরূপ ভিক্ষু এই পরিবেশে গোশৃঙ্গশালবনের শোভা বর্ধন করবে?'

মৌদ্‌গলায়ন উত্তর করেন : 'বন্ধু সারিপুত্র, এখানে দুইজন ভিক্ষু অভিধর্মের গভীর তত্ত্ব নিয়ে আলোচনায় রত থাকবেন। তাঁরা পরস্পর পরস্পরকে ঐ বিষয় সম্পর্কীয় প্রশ্ন করবেন। কেউ কাউকে থামতে দেবে না। তাঁদের ধর্মালোচনা চলতেই থাকবে। এইরূপ ভিক্ষুই ঈদৃশ বনের শোভা বর্ধন করবে।' অমল-ধবল-জোৎস্না প্লাবিত রাতে কামনা-বাসনাহীন অনাসব অগ্রশ্রাবকদ্বয়ের চিত্তপ্রবাহে যেই সুরের তরঙ্গ দোলায়িত হয়ে উঠেছিল, তারই দার্শনিক পরিভাষা হলো সৌমনস্য-সহগত জ্ঞান-সম্প্রযুক্ত ক্রিয়াচিত্ত। অভিধর্ম আলোচনা ও গবেষণা কষ্টসাধ্য ব্যাপার। সাধারণ মানুষ এতে ব্যতিব্যস্ত হয়ে পড়েন। কিন্তু যাদের অন্তঃকরণ ধর্মীয়ভাবে উদ্বুদ্ধ ও জ্ঞানসাধনায় কৃতবিদ্যা তারা এতে তন্ময় হয়ে পড়েন। প্রাথমিক বাধা অতিক্রম করার পর ক্রমে শিক্ষার্থী এতে আকৃষ্ট হয়ে পড়েন এবং তাদের অন্তঃস্থল কী এক অপার্থিব ঊর্ধ্বে উত্থিত হয়ে নির্মলানন্দ অনুভব করেন।

বাস্তবিক পক্ষে উচ্চতর জ্ঞানকে গুপ্তবিদ্যা বলা যেতেও পারে। কিন্তু আমাদের মহাশিক্ষক গৌতমবুদ্ধ সর্বপ্রাণীর প্রতি অনুকম্পা পরবশে যে বিধানাবলি আমাদের সকলের জন্য দিয়ে গেছেন, তদনুযায়ী চিত্তের অনুশীলনে যে কেউ উচ্চতর জ্ঞান অধিকার করতে পারেন। সেজন্য ধ্যান ব্যতীত অভিধর্মের বিষয়াবলি উপলব্ধি করা কঠিন। সংযুক্তনিকায়ে বুদ্ধ বলেছেন, 'ভিক্ষুসংঘ, সমাধি অভ্যাস করো। সমাহিতেরা যথার্থ স্বভাব ঠিক ঠিক বুঝতে পারেন, কী বুঝতে পারেন? রূপের উৎপত্তি সম্যকরূপে বুঝতে পারেন, বিনাশ সম্যকরূপে বুঝতে পারেন। সেই প্রকারে বেদনা, সংজ্ঞা, সংস্কার ও বিজ্ঞান প্রত্যেকের উৎপত্তি সম্যকরূপে বুঝতে পারেন।' এই পামার্থিক-সত্য বুঝে ও তদনুসারে জীবন গঠন করে সম্মতি-সত্যের প্রভাবোৎপন্ন মিথ্যাদৃষ্টি ও তজ্জনিত সংসারদুঃখ হতে চিরমুক্তির জন্য এই 'অভিধর্ম' এই শীলদর্শন অতুলনীয় ও অপরিহার্য অবলম্বন।

Visit: http://www.buddhistdownload.com

ত্রিলোকগুরু বুদ্ধের অনন্য দান এই 'পট্‌ঠান' অনেক প্রতিক্ষার পর পুরোটাই বাংলা ভাষায় অনূদিত হয়েছে। অনেক শ্রমসাধনা ও অধ্যবসায়ের মধ্য দিয়ে পাঁচ খণ্ডবিশিষ্ট পট্‌ঠানের পুরোটাই বাংলাতে অনুবাদ করেছেন কিংবদন্তী সাধক সিদ্ধ মহাপুরুষ পরম পূজ্য সাধনানন্দ মহাস্থবির বনভন্তের প্রাণপ্রিয় শিষ্য শ্রদ্ধেয় রাহুল ভন্তে মহোদয়। ভন্তে মহোদয় সূক্ষ্মাতিসূক্ষ্ম ও গুরুগম্ভীর এই পট্‌ঠান এবং পারমার্থিকরূপে ব্যাখ্যাত খুদ্দকনিকায়ের বিমানকাহিনি ও প্রেতকাহিনি অট্‌ঠকথা অনুবাদ করেছেন শুনে আমি শুধু আনন্দিতই নয় বরং ছাপানোর জন্যও উদ্‌গ্রীব। উঁনার মতো বিচক্ষণ ভিক্ষু না হলে পট্‌ঠানের আসল আলোচ্য বিষয়বস্তু কী তা উদ্ঘাটন হতো কি না আমার সন্দেহ। বুদ্ধ ও বনভন্তের শাসনসদ্ধর্মের উন্নতির মানসে জগদ্‌গুরু বুদ্ধের ২৫৬০তম জন্মদিবস, বুদ্ধত্ব লাভ ও মহাপরিনির্বাণ দিবস উপলক্ষে আমি ইতোপূর্বে পট্‌ঠান ৫ম খণ্ডটি ৫০০ কপি ও ১ম খণ্ডটি ১০০০ কপি, ২য় খণ্ডটি ১০০০ কপি ছাপানো হয়েছে এবং ৩য় খণ্ডটি ১০০০ কপি ছাপানো হচ্ছে। শ্রদ্ধাদান দাতাদের সবার নাম বইয়ের পেছনে লিখতে গেলে খরচ বৃদ্ধি পাবে বিধায় সবার নাম কাগজে না লিখে অন্তরেই তাদের নাম লিখে বিরত থাকলাম। এ গ্রন্থ প্রকাশনার জন্য যাঁরা সার্বিকভাবে সাহায্য-সহযোগিতা করেছেন, তাঁদের এই বদান্যতা বুদ্ধশাসনের তথা সমাজের মহদোপকার সাধন করল। এ উদারগুণেই হয়েছেন তাঁরা বাংলাভাষীদের কৃতজ্ঞতাভাজন। আশীর্বাদ করছি তাঁদের কল্যাণ হোক, ফলবতী হোক বাসনা এবং ধর্মদান ও জ্ঞানদানের প্রভাবে সর্বার্থসিদ্ধি, লব্ধ হোক অনন্য সাধারণ প্রজ্ঞাসম্পদ। বরাবরের মতো অভিধর্মাচর্য, বহু গ্রন্থের অনুবাদক শ্রদ্ধেয় করুণাবংশ ভন্তে মহোদয় মুদ্রণের যাবতীয় বিষয়াদি সুচারুরূপে সমাধা করে দেওয়ায় আমি ভন্তে মহোদয়ের নিকট অশেষ কৃতজ্ঞ। পরিশেষে আমাকে বিন্দুমাত্রও সাহায্য-সহযোগিতাকারী সবাইকে জানাই মৈত্রীময় আশীর্বাদ, সাধুবাদ ও ধন্যবাদ। এই গ্রন্থ পাঠে পাঠকের একটুখানি হলেও অভিধর্মের জ্ঞান জেগে উঠলে পরে আমার শ্রম সার্থক হবে—এহেন পুণ্যেতে আমার অবিলম্বে নির্বাণ লাভের হেতু উৎপন্ন হোক।

ইতি

শ্রীমৎ সমাধিনন্দ ভিক্ষু

ধর্মপুর আর্যবন বিহার, খাগড়াছড়ি

৮ মার্চ ২০১৬, ২৫৫৯ বুদ্ধবর্ষ, ১৪২২ বঙ্গাব্দ

Visit: http://www.buddhistdownload.com

অভিমত

অভিধর্মপিটকের বিশাল ও অত্যাবশ্যকীয় সপ্তম খণ্ডই 'পট্‌ঠান'। ইহা মোট পাঁচ খণ্ডে বিভক্ত। পট্‌ঠান শব্দের অর্থ মূল কারণ, প্রকৃত কারণ, প্রধান কারণ, অপরিহার্য কারণ। 'নামরূপের' যাবতীয় ব্যাপারের পরস্পর সম্পর্ক বা কারণ নির্ণয়ই এর প্রতিপাদ্য বিষয়। নামরূপের উৎপত্তি ও বিলয় সম্পর্কে প্রতীত্যসমুৎপাদে দ্বাদশ নিদানাকারে সজ্জিত ও ব্যাখ্যাত আর পট্‌ঠানে তাই ২৪ প্রকার প্রত্যায়াকারে অতীব বিশদরূপে প্রমাণিত ও প্রদর্শিত। এই হিসেবে পট্‌ঠান প্রতীত্যসমুৎপাদেরই বিশদতম ও পূর্ণাঙ্গ ব্যাখ্যা। সংখ্যাশাস্ত্রের দশটি সংখ্যার ন্যায় পট্‌ঠানের জড়াজড়ের যাবতীয় ঘটনাকে এই ২৪টি প্রত্যয়ের মাধ্যমে প্রকাশ হয়েছে। এই প্রত্যয়গুলোর বিষয়বস্তু অত্যন্ত সূক্ষ্ম, অত্যন্ত গভীর এবং অপরিমেয়। গণিতশাস্ত্রে যেমন সাহিত্যরসের সমাবেশ নেই, আছে শুধু কিছু সংখ্যা এবং কিছু সূত্র বা নিয়ম। ঠিক তেমনি গণিতশাস্ত্রের ন্যায় সমগ্র পট্‌ঠান গ্রন্থেও কোনো সাহিত্যরস নেই। আছে শুধু সংখ্যারূপী ২৪টি হেতু-প্রত্যয় ও এই হেতু-প্রত্যয়গুলোর উৎপত্তি-বিলয়ের নিয়ম বা সূত্র। এজন্য পট্‌ঠানের বিষয়বস্তু সকলের পক্ষে সহজভাবে বুঝা বা উপলব্ধি করা সম্ভব নয়। তারপরও বলতে হয়, পট্‌ঠানের প্রতিপাদ্য বিষয়বস্তু অনধিগম্য নয় দুরধিগম্য, অনবগাহ নয়, দুরবগাহ, অবোধ্য নয় দুর্বোধ্য।

নামরূপ (পঞ্চস্কন্ধের) বা মন ও জড়বস্তু—এই দুইয়ের পারস্পরিক সম্বন্ধের বিষয়টি অনাদিকাল ধরে সাধক, দার্শনিকদের ধরাছোঁয়ার বাইরে থেকে বিভ্রান্তিকর জটিল ধাঁধার সম্মুখীন করেছে। আড়াই হাজার বছর পূর্বে মহাকারুণিক তথাগত গৌতম বুদ্ধ নামরূপ (পঞ্চস্কন্ধ) বা নাম ও জড়বস্তুর এই জটিল ধাঁধার সমাধান করে ভবচক্র বা জন্মচক্র সমূলে ধ্বংস করে নির্বাণ লাভ করতে সক্ষম হয়েছেন। তথাগত বুদ্ধ নির্বাণ এবং প্রজ্ঞপ্তি ব্যতিরেকে জগতের সব কিছুকেই অনিত্য-দুঃখ-অনাত্মদৃষ্টিতে দেখেছেন। বিশ্বব্রহ্মাণ্ডের জড়-অজড় কোনো কিছুর মধ্যেই তিনি স্থায়ী বস্তুসত্তা খুঁজে পাননি। তাঁর মতে যা সত্য তা হচ্ছে এই নামরূপময় জগতের নিয়ত পরিবর্তনশীলতা; যাকে দর্শনের ভাষায় বলা হয়েছে 'বিপরিণামধর্মীতা'।

Visit: http://www.buddhistdownload.com

বুদ্ধধর্মের মূলতত্ত্ব চারি আর্যসত্য ও প্রতীত্য-সমুৎপাদনীতি—এই দুই মূল নীতির একটি প্রতীত্য-সমুৎপাদনীতির পূর্ণাঙ্গ ব্যাখ্যা-বিশ্লেষণ সম্বলিত ২৪ প্রকার হেতু-প্রত্যয়ের আকর গ্রন্থ হলো পট্‌ঠান। সমগ্র পট্‌ঠানের প্রথম হতে পঞ্চম—এই পাঁচটি খণ্ড পুরোটাই বাংলায় অনুবাদ করে বাংলা ভাষা-ভাষীদের পড়ার সুযোগ করে দেয়ার জন্য অনুবাদক আবুসো রাহুল ভিক্ষুকে সাধুবাদ জানাচ্ছি। এবং তার সুস্বাস্থ্য, নিরোগ, দীর্ঘায়ু ও প্রব্রজ্যা জীবনের উত্তরোত্তর উন্নতি ও শ্রীবৃদ্ধি কামনা করছি।

হিতকামী
বিধুর ভিক্ষু
১ ফেব্রুয়ারি ২০১৬
রাজবন বিহার, রাঙামাটি

Visit: http://www.buddhistdownload.com

ভূমিকা

অভিধর্ম ত্রিপিটকের অন্তর্গত তৃতীয় বৌদ্ধ মনস্তত্ত্ব-বিষয়ক অন্যতম পিটক। এই পিটক সাতভাগে বিভক্ত। যথা : ১. ধর্মসঙ্গনী, ২. বিভঙ্গ, ৩. ধাতুকথা, ৪. পুগ্গল-পঞ্ঞত্তি, ৫. কথাবত্থু, ৬. যমক ও ৭. পট্ঠান। অভিধর্ম সাধারণত অভি+ধর্ম এই দুই পদের সমন্বয়ে গঠিত। এখানে "অভি" শব্দের অর্থ "অধিক", অতিরিক্ত, গভীরকে বুঝানো হয়েছে। তাই অভিধর্ম মানে অধিক অতিরিক্ত বা গভীর ধর্মকেই নির্দেশ করে। গভীর ধর্ম মানে চিত্ত, চৈতসিক, রূপ ও নির্বাণকেই এখানে উপস্থাপন করা হয়েছে। সুত্তপিটক যা সাধারণ ভাব-ভাষায় বর্ণনা করা হয়েছে তা অভিধর্মপিটকে গভীরভাবে বর্ণনা করা হয়েছে। সুত্তপিটক সূত্রের সাধারণ বর্ণনা ব্যাখ্যা প্রদান করেছে যা সহজেই মানুষের বোধগম্য হয়। অপর দিকে অভিধর্মপিটক ধর্ম সম্পর্কে অতিরিক্ত বা গভীরভাবে বিশ্লেষণ-সহকারে ব্যাখ্যা প্রদান করেছে। গভীরভাবে বিশ্লেষণসহ ব্যাখ্যা প্রদান করা না হলে অভিধর্মকে সঠিকভাবে হৃদয়ঙ্গম করাটা সহজ নয়। তাই অনেক সময় অভিধর্মকে অতিরিক্ত ধর্ম হিসেবেও ব্যাখ্যা প্রদান করা হয়। সুত্তপিটক যেখানে সত্ত্ব, জীব, মনুষ্য, জন্ম, মৃত্যু, দেব, নর, তুমি, আমি শব্দগুলো ব্যবহৃত হয়েছে সেখানে অভিধর্মপিটকে ব্যবহারিক শব্দগুলো ব্যবহার না করে স্কন্ধ, আয়তন, ধাতু, ইন্দ্রিয়, চ্যুতি, প্রতিসন্ধি, সন্ততি, বল, বোধ্যঙ্গ, নির্বাণ ইত্যাদি ব্যবহার করে ধর্মের অতিরিক্ত বিষয়বস্তুকে পরমার্থ জীবনের দিকে ইঙ্গিত করেছেন।

সূত্রপিটকে পঞ্চাঙ্গ শীলসহ অষ্টাঙ্গ উপোসথ শীলের সাধারণত কুশল-অকুশল ভেদে বর্ণনা লক্ষ করা যায় কিন্তু অভিধর্মপিটকে তার বিশ্লেষণাত্মক ব্যাখ্যা প্রতিভাত হয় যা কার্যকারণ-নীতির মাধ্যমে গভীর ব্যাখ্যা প্রদান করা হয়েছে। এদিক থেকে বৌদ্ধ অভিধর্মের ব্যাখ্যাকে বিজ্ঞানভিত্তিক, মনস্তাত্ত্বিক ও নীতি-দর্শনের ভিত্তিতে ধর্মের গভীর বর্ণনার মাধ্যমে উপস্থাপন করা হয়েছে বলে প্রতীয়মান হয়।

আমরা বিভিন্ন আচার্যদের মাধ্যমে জানি অভিধর্মের মূল আলোচ্য বিষয় হলো ৪টি। যথা : চিত্ত, চৈতসিক, রূপ ও নির্বাণ। উল্লেখিত ৪টি বিষয় নিয়ে

Visit: http://www.buddhistdownload.com

অভিধর্মপিটক আলোচিত হয়েছে। তাই চিত্ত, চৈতসিক, রূপ ও নির্বাণ সম্পর্কে গভীরভাবে জ্ঞাত হতে পারলেই বৌদ্ধ দর্শন সম্পর্কে জ্ঞাত হওয়া সম্ভব। চিত্তের কাজ হলো চিন্তা করা বা চিন্তা করে বলেই চিত্ত। চিত্তের অনেক নাম, যেমন—মন, অন্তর, হৃদয় ও বিজ্ঞান। আলম্বন বিষয়ে চিন্তা করাই চিত্তের স্বভাব। সাধারণত চিত্তকে ভাস্বর হিসেবে আমরা লক্ষ করে থাকি। চৈতসিক বা চিত্তবৃত্তির সাথে এটা সংশ্লিষ্ট হয়। অভিধর্মানুসারে চিত্তবৃত্তির সংখ্যা বায়ান্ন। আবার বায়ান্ন প্রকার চৈতসিকই মনের সাথে যুক্ত হয়ে উননব্বই প্রকার চিত্ত উৎপত্তির কারণ সৃষ্টি করে। প্রত্যেক চিত্তে কত প্রকার চিত্তবৃত্তি একক বা সমষ্টিগতভাবে সৃষ্টি হয়। অভিধর্মপিটকে তা সুন্দরভাবে প্রদর্শন করা হয়েছে।

নির্বাণ তুলনাহীন এক উপলব্ধি যা অসংস্কৃত বা অপরিবর্তনীয় ধর্ম। ত্রিলোক সংস্কৃত বা পরিবর্তনশীল ধর্ম। সংস্কৃত ধর্ম মাত্রই ধ্বংসপ্রাপ্ত হয়। পার্থিব বস্তু মাত্রই ক্ষয়শীল। ক্ষয়শীল বলেই দুঃখদায়ক। নৈর্বাণিক আনন্দে স্থায়িত্ব বিদ্যমান। নির্বাণকে তাই অনুত্তর যোগক্ষেম বলা হয়েছে। নির্বাণ সুখ-দুঃখ-নিরপেক্ষ, অজর-অমর, ব্যাধিবর্জিত অনুত্তর যোগক্ষেম। অভিধর্মপিটকে এর যথার্থ বিশ্লেষণাত্মক ব্যাখ্যা প্রদান করা হয়েছে যা অন্য দুই পিটকে লক্ষ করা যায় না।

১. ধর্মসঙ্গণীর বিষয়বস্তু হলো : কুশল, অকুশল ও অব্যাকৃত ধর্মসমূহকে বিশেষভাবে ব্যাখ্যা প্রদান।

২. বিভঙ্গকে ৩ ভাগে ব্যাখ্যা করা হয়েছে। সুত্ত ভাজনীয়া, অভিধর্ম ভাজনীয়া এবং পঞ্ঞ-পুচ্ছক। একে ধর্মসঙ্গণীর পরিপূরক এবং ধাতুকথার ভিত্তিমূল বলা হয়।

৩. ধাতুকথার আলোচ্য বিষয় হলো : পঞ্চস্কন্ধ, দ্বাদশ আয়তন, আঠার প্রকার ধাতু, চারি ধ্যান, পঞ্চবল, সপ্ত বোধ্যাঙ্গ ও অষ্টাঙ্গিক মার্গ ইত্যাদি।

৪. পুগ্গল-পঞ্ঞত্তি : পুগ্গল অর্থ ব্যক্তি, সত্ত্ব আর পঞ্ঞত্তি মানে প্রজ্ঞাপন, জ্ঞাত করা, প্রকাশ করা। সুতরাং পুগ্গল-পঞ্ঞত্তি অর্থ হলো ব্যক্তি বা সত্ত্বকে প্রকাশিত করার গ্রন্থ।

৫. কথাবত্থু : বৌদ্ধ তর্কশাস্ত্র হিসেবে এটাকে ধরা হয়।

৬. যমক অর্থ জোড়া অর্থাৎ পক্ষ-প্রতিপক্ষ। ১০টি যমক বা জোড়া সম্পর্ক এ গ্রন্থে আলোচনা করা হয়েছে।

৭. পট্ঠান অভিধর্মগ্রন্থের শেষ বা সপ্তম গ্রন্থ। পট্ঠান মানে প্রধান বা প্রকৃত কারণ। নাম-রূপের যাবতীয় ব্যাপারে পরস্পর সম্পর্ক বা কারণ

Visit: http://www.buddhistdownload.com

নির্ণয়ই এর মূল প্রতিপাদ্য বিষয়। পট্‌ঠানকে প্রতীত্য-সমুদপাদনীতি বা জন্ম-মৃত্যুর রহস্য সম্পর্কীয় বিশেষ বিশ্লেষণ বা পূর্ণাঙ্গ ব্যাখ্যা বলা যায়। সুত্তপিটকের অন্তর্গত প্রতীত্য-সমুদপাদনীতি যা দ্বাদশ প্রকার ভূমিকা বা নিদানাকারে বর্ণনা করা হয়েছে, তাই অভিধর্মপিটকের পট্‌ঠান গ্রন্থে চব্বিশ প্রকার প্রত্যয়রূপে বিভাগ করে বিশদভাবে বিশ্লেষণের মাধ্যমে বর্ণনা করা হয়েছে। নাম-রূপের অনিত্যতা ও অনাত্মতাই অভিধর্মের মূল প্রতিপাদ্য বিষয়। পট্‌ঠান প্রকরণে এর যথার্থ ও চূড়ান্ত বিশ্লেষণ যথাযথভাবে ব্যাখ্যা করা হয়েছে। সপ্ত প্রকরণ অভিধর্মের মধ্যে পট্‌ঠান-প্রকরণে বর্ণিত চব্বিশ প্রকার প্রত্যয় সম্পর্কিত চিন্তা ও আলোচনায় বুদ্ধ যখন রত হন, তখনই বুদ্ধের দেহ হতে নীল, পীত, লোহিত, শ্বেত, মঞ্জিষ্ঠা ও প্রভাস্বর এই ষড়রশ্মি নির্গত হয়।

পট্‌ঠান গ্রন্থের আলোচ্য বিষয় চব্বিশ প্রত্যয় বা কারণ। প্রতীত্য-সমুদপাদনীতির প্রথমেই বলা হয়েছে, অবিদ্যা প্রত্যয় বা কারণ হতে সংস্কারের উৎপত্তি হয়। যার সহায়তার কোনো কার্য সম্পন্ন হয়, বা ঘটনা সংঘটিত হয় তাই ওই কার্যের ওই ঘটনার প্রত্যয় বা কারণ। সাধারণভাবে বলা যেতে পারে প্রত্যয় ব্যতীত কোনো কার্য সম্পন্ন হয় না। এমন কোনো প্রত্যয় নেই, যা চিত্ত-চৈতসিকের আলম্বন হয় না এবং স্ব স্ব প্রত্যয় উপনিশ্রয় হয় না। নাম-রূপের উৎপত্তি কর্ম-হেতুর উপর নির্ভর করে; কর্ম অতিক্রম করে লোকোৎপত্তি অসম্ভব। এগুলো যেমন লোকসম্মতি অনুসারে, তেমনি পরমার্থ সত্যানুসারেও বিদ্যমান অর্থাৎ আছে এ অর্থে অস্তি-প্রত্যয়। তাই ২৪ প্রকার প্রত্যয়কে তাদের স্বভাবানুসারে বিচার করে আলম্বন, উপনিশ্রয়, কর্ম ও অস্তি এ চারটি প্রত্যয় সমষ্টিভূত করা হয়। নিম্নে ৪ প্রকার প্রত্যয়ের সংক্ষিপ্ত পরিচয় প্রদত্ত হলো :

১. আলম্বন-প্রত্যয় : এর অন্য নাম অবলম্বন, আরম্মণ, গোচর, বিষয় বা আয়তন। চিত্ত ও চৈতসিক এতে রমিত হয় বলে আরম্মণ, এটাকে ভোগ্যবস্তুরূপে গ্রহণ করে বলে বিষয়, এর মধ্যে বিচরণ করে বলে গোচর এবং চিত্ত-চৈতসিকের আবাস মূল বলে আয়তন নামেও পরিচিত হয়। আলম্বন বা অবলম্বনই চিত্ত-চৈতসিকের ক্রীড়াভূমি। জরা-জীর্ণ, রুগ্ন ব্যক্তি যেমন যষ্টির উপর ভিত্তি করে উত্থিত হয়, সেরূপ চিত্ত-চৈতসিক ও রূপ, রস, শব্দ, গন্ধ প্রভৃতির অবলম্বন উৎপন্ন হয়। যার আশ্রয়ে চিত্ত-চৈতসিক উৎপন্ন হয়, তাই এর আলম্বন বা আরম্মণ। আলম্বন ব্যতীত চিত্ত-চৈতসিকের ক্রিয়া নিরুদ্ধ হয়ে যায়। চিত্ত-চৈতসিকের পারস্পরিক সম্বন্ধ নির্ণয়কেই পট্‌ঠানে

Visit: http://www.buddhistdownload.com

আলম্বন প্রত্যয় বলে পরিচয় দেয়া হয়েছে।

অন্তর্জগতের ও বহির্জগতের রহস্য উদ্ঘাটনই দর্শনের মূল প্রতিপাদ্য বিষয়। অবলম্বন গ্রহণের মাধ্যমেই অন্তর্জগতের সাথে বহির্জগতের সম্পর্ক স্থাপিত হয়। কিন্তু চিত্ত-চৈতসিক হলো আমাদের অন্তর্জগৎ এবং আলম্বন হলো বহির্জগৎ। বুদ্ধ এই দুই জগৎকে স্বীকার করেছেন তাঁর ধর্ম শিক্ষায়। তিনি সব সময় আলম্বন বা বহির্জগৎ সম্পর্কে সম্যক দৃষ্টিসম্পন্ন হবার জন্য তাঁর শিষ্যদের উপদেশ দিয়েছেন। আলম্বন ৬ প্রকার; যেমন : রূপালম্বন, শব্দালম্বন, গন্ধালম্বন, রসালম্বন, স্পর্শ আলম্বন ও ধর্ম আলম্বন। এভাবে আমাদের চোখে যা কিছু দর্শন করি সবকিছুই রূপ আলম্বন, শব্দসমূহ শব্দ আলম্বন, গন্ধসমূহ গন্ধ আলম্বন, রসসমূহ রস আলম্বন, পদার্থসমূহের কঠিন্য, কোমলতা, উত্তাপ, উত্তাপহীনতা, স্নেহত্ব ও গতিশীলতা স্পর্শ আলম্বনের অন্তর্গত। ধর্ম আলম্বন ৬ প্রকার; যেমন : প্রসাদরূপ, সূক্ষ্মরূপ, চিত্ত, চৈতসিক, নির্বাণ ও প্রজ্ঞপ্তি।

২. উপনিশ্রয় প্রত্যয় : আশ্রয় বা নিশ্রয় প্রায় সমার্থক। যেমন, ভূমিতে ধান উৎপন্ন হয়। ভূমি এখানে নিশ্রয়। তদ্রূপ চক্ষু-বস্তু চক্ষু-বিজ্ঞানের নিশ্রয় বা আশ্রয়। চিত্ত-চৈতসিক পরস্পরের সাহায্যে উৎপন্ন হয় বলে এরা সহজাত-নিশ্রয়। নিশ্রয়-প্রত্যয় তাঁর মাধ্যমে উৎপন্ন বস্তুকে উৎপত্তিক্ষণ হতে সহযোগিতা করে। শক্তিমান নিশ্রয়কে উপনিশ্রয় প্রত্যয় বলে। নিশ্রয় শব্দের সাথে 'উপ' উপসর্গের সহযোগে বলবান কারণ বা প্রধান কারণ বলবান নিশ্রয়ের অর্থ প্রকাশ করে। উপনিশ্রয় প্রত্যয় ৩ প্রকার; যথা : ক) আলম্বন উপনিশ্রয়, খ) অনন্তর উপনিশ্রয় ও গ) প্রকৃতি উপনিশ্রয়।

ক) আলম্বন উপনিশ্রয় : আলম্বন অধিপতি ও সহজাত অধিপতি হিসেবে একে দুভাগে ভাগ করা যায়। অবলম্বন যখন অতীব প্রিয়, মনোজ্ঞ বা লোভজনক হয়, তখন উহা আলম্বন অধিপতি হিসেবে পরিচিতি লাভ করে। ছন্দ, বীর্য, চিত্ত, মীমাংসা ও প্রজ্ঞাই সহজাত অধিপতি। দান, শীল ও ভাবনাদি সম্পাদনের পর শ্রদ্ধার সাথে ওইসব কর্ম প্রত্যবেক্ষণ করা হয়। এসব প্রত্যবেক্ষণের চিত্তে গৌবরময় আলম্বন সৃষ্টি হয় তাকেই আলম্বন উপনিশ্রয় বলা হয়।

খ) অনন্তর উপনিশ্রয় : তা অনন্তর প্রত্যয়ের অনুরূপ। কোনো এক চিত্ত নিরুদ্ধ হয়ে গেলে অবিচ্ছেদ্যভাবে অন্য এক চিত্ত উৎপন্ন হয়। এখানে পূর্ববর্তী চিত্তটি অনন্তর চিত্ত প্রত্যয়-ধর্ম আর পরবর্তীকালে উৎপন্ন চিত্তটি প্রত্যয়-উৎপন্ন-ধর্ম। ভবাঙ্গ চিত্তের সাথে আবর্তন চিত্তের সাথে আবর্তন

Visit: http://www.buddhistdownload.com

চিত্তের অনন্তর-প্রত্যয় সৃষ্টি হয়। আবর্তনের সাথে দ্বিপঞ্চ-বিজ্ঞানের অনন্তর প্রত্যয় হয়। দ্বিপঞ্চ-বিজ্ঞানের সাথে সম্প্রতীচ্ছের, তৎপর সন্তীরণাদির, ক্রমে তদালম্বনের সাথে ভবাঙ্গের অনন্তর-প্রত্যয়। সেভাবে আসন্ন-চিত্তের সাথে চ্যুতিচিত্তের, চ্যুতিচিত্তের সাথে প্রতিসন্ধি-চিত্তের, প্রতিসন্ধি-চিত্তের সাথে ভবাঙ্গের এবং ভবাঙ্গের সাথে ভব-নিকান্তি নামক লোভ-জবন চিত্তের অনন্তর-প্রত্যয় সৃষ্টি হয়। এভাবে জীবের অনন্তকাল হতে অনুপাদিশেষ নির্বাণ উপলব্ধি না হওয়া পর্যন্ত চিত্তপরম্পরা উৎপত্তি-বিলয়ের মধ্য দিয়ে পরিবর্তিত হয়ে অবিচ্ছিন্নভাবে বহমান হয়ে আসছে। চিত্তের ক্রমোন্নতি যখন অর্হতের চিত্তে পরিণতি লাভ করে তখন চেতনা ও কর্মক্লেশ সম্পূর্ণরূপে নিরুদ্ধ হয়ে যায়; পুনঃ উৎপত্তির কারণ ধ্বংস হয়। অর্হতের চ্যুতির সাথে সাথে চিত্তপ্রবাহ বন্ধ হয়ে যায়। অনন্তর-প্রত্যয় উপলব্ধি করতে সক্ষম হলে শাশ্বত ও উচ্ছেদদৃষ্টি অন্তর্হিত হয়। তিনি অনন্ত জ্ঞানের আধাররূপে প্রতীয়মান হন এবং দুঃখসত্যকে সঠিকভাবে অধিগত করেন।

গ) প্রকৃতি উপনিশ্রয় : ভূত-ভবিষ্যৎ-বর্তমানের, নিজের ও পরের ৮৯ চিত্ত, ৫২ প্রকার চৈতসিক, ২৮ প্রকার রূপ, নির্বাণ, প্রজ্ঞপ্তি এ সমস্তই প্রকৃতি উপনিশ্রয় ধর্ম। এগুলো পৃথক পৃথকভাবে অবস্থানুসারে বর্তমনকালীন সর্ববিধ চিত্ত-চৈতসিকের প্রত্যয় হয়।

৩. কর্ম-প্রত্যয় : চিত্তের চেতনাই কর্ম। বুদ্ধ বলেছেন, 'চেতনাহং ভিক্‌খবে কম্মং বদামি' অর্থাৎ 'হে ভিক্ষুগণ, আমি চেতনাকেই কর্ম বলি'। যা চিন্তা করায় তা চেতনা। চিত্ত প্রয়োগ বা চেতনা দ্বারা সাহায্য করাই কর্ম-প্রত্যয়। চেতনা দুই প্রকার; যথা : সহজাত-চেতনা ও নানাক্ষণিক-চেতনা। যে চেতনা চৈতসিকগুলোকে নিজের অঙ্গীভূত করে কর্মসিদ্ধির জন্য প্ররোচিত করে, তাই সহজাত-চেতনা। এ সহজাত-চেতনা লোভাদি কারণ সংযোগে কর্মে পরিণত হয় এবং সংস্কাররূপে চিত্ত-সন্ততিতে প্রচ্ছন্ন অবস্থায় থাকে। সুযোগ পেলে এটা কায় ও বাককর্মে প্রকাশিত হয়। যখন এ সহজাত-চেতনা কুশলাকুশলে পরিবর্তিত হয়, তখন এটাকে নানাক্ষণিক চেতনা বলা হয়। কর্ম-সম্পাদন-কাল ও ফলোৎপত্তি-কাল বিভিন্ন বলে এটাকে নানাক্ষণিক কর্ম বলা হয়। নানাক্ষণিক কর্ম-প্রত্যয়ের শক্তি অপরিসীম। চেতনা থেমে গেলেও এর শক্তি চিত্তপ্রবাহে স্বভাব বা সংস্কারের আকারে প্রচ্ছন্ন থাকে। যখন যেটা সুযোগ পায়, তখন সেটা চ্যুতিচিত্তের পর ব্যক্তিবিশেষরূপে পরবর্তী ভবে জন্মগ্রহণ করে। এটা নির্বাণ উপলব্ধি না হওয়া অবধি চিত্ত-সন্ততিতে সপ্ত অবস্থায় বিদ্যমান থাকে। যখন সুযোগ পায় তখনই ফল প্রদান করে।

Visit: http://www.buddhistdownload.com

৪. অস্তি-প্রত্যয় : কোনো প্রত্যয়-ধর্ম সহজাত হয়ে বিদ্যমান থাকুক বা পূর্বজাত হয়ে বিদ্যমান থাকুক, তার অস্তি বা বিদ্যমানতার কারণেই প্রত্যয় উৎপন্ন ধর্ম উৎপত্তি-স্থিতি-ভঙ্গক্ষণে পরিপোষিত হয়—এই অর্থে অস্তি-প্রত্যয় বুঝায়। এটা কিন্তু পরিপোষণ গুণবিশিষ্ট। এটা জনক গুণবিশিষ্ট নহে এবং নিশ্রয়াকারেও প্রত্যয় হয় না, অস্তি-ভাবেই প্রত্যয় হয়। সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, রূপ-জীবিত-ইন্দ্রিয় ও কবলীকৃত আহার প্রত্যয়াদির মধ্যে যে অস্তিভাব তা-ই অস্তি-প্রত্যয়। অস্তি-প্রত্যয় দুই প্রকার; সন্ততি ও অন্যোন্য অস্তি-প্রত্যয়। মহাভূতের সাথে মহাভূত উৎপন্নে যে অস্তিভাব তাকে সন্ততি অস্তি-প্রত্যয় এবং মহাভূতে মহাভূতে যে অন্যোন্য ভাব বর্তমান তা-ই অন্যোন্য অস্তি-প্রত্যয়।

উপরোক্ত আলোচনা হতে এটাই প্রতীয়মান হয়ে যে, প্রত্যেক প্রত্যয় নিজ নিজ প্রত্যয় উৎপন্ন ধর্মের উপনিশ্রয় এবং চিত্ত-চৈতসিকের অবস্থান হয়। কর্মহেতু ব্যতীত নাম-রূপ বা লোকোৎপত্তি সম্ভব নয়। কর্মই লোকোৎপত্তির কারণ। এ বিষয়ে লৌকিক ও পারমার্থিক সত্যের মধ্যে কোনো পার্থক্য নেই। এ কারণে পট্‌ঠানে ব্যবহৃত ২৪ প্রকার প্রত্যয়কে আলম্বন, উপনিশ্রয়, কর্ম ও অস্তি প্রভৃতি চার প্রকার প্রত্যয়ের সমষ্টিভূত করা অযৌক্তিক হয়নি।

সময়ের বিচারে অনন্তর, সমনন্তর, আসেবন, নাস্তি ও অবিগত প্রত্যয়সমূহ অতীতকালীন। আলম্বন, অধিপতি ও উপনিশ্রয় এই তিনটি প্রত্যয় ত্রৈকালিক ও কালবিমুক্ত। নানাক্ষণিক প্রত্যয় অতীতকালীয় এবং সহজাত কর্ম-প্রত্যয় বর্তমানকালীয়।

এভাবে সমস্ত মহাপট্‌ঠানে ২৪ প্রকার প্রত্যয়ের পুঙ্খানুপুঙ্খরূপে বিশ্লেষণ দেখা যায়। সুত্ত, বিনয় ও অভিধর্মপিটকের অন্য কোনো গ্রন্থে প্রত্যয়সমূহের এরূপ বিবিধ প্রকারে বিশ্লেষণ করা হয় নাই।

ত্রিপিটকের এই পট্‌ঠান খণ্ড অত্যন্ত কঠিন। এখনো পুরো পট্‌ঠান ইংরেজিতেও অনুবাদ হয়নি। আমরা অত্যন্ত সৌভাগ্যবান এ কারণে যে, পট্‌ঠানের পুরো খণ্ডগুলো আস্তে আস্তে বাংলা অনুবাদের মুখ দেখছে। ভিক্ষু রাহুলের সাথে আমার ব্যক্তিগত পরিচয় না থাকলেও আমার একান্ত আপনজন ত্রিপিটকের নানা গ্রন্থের সুঅনুবাদক ভিক্ষু করুণাবংশের অনুরোধে ভূমিকা লিখতে হাত দিয়েছি। সময়ের অভাবে ও বিভিন্ন কাজের জটিলতার কারণে লিখাটা দিতে অনেক দেরি হয়ে গেলো। তাই আমি দুজনের কাছেই ক্ষমাপ্রার্থী। অনুবাদকর্ম কঠিন হলেও বিচক্ষণ ভিক্ষু রাহুল অতি ধৈর্য ধারণ

Visit: http://www.buddhistdownload.com

করে তাঁর উপলব্ধিজাত অভিজ্ঞতা ও বাস্তব অভিজ্ঞতার ভিত্তিতে কঠিন এই গ্রন্থের অনুবাদকর্ম সম্পাদন করলেন। যতটুকু দেখলাম অনুবাদকর্মটি সুন্দর হয়েছে এবং সহজ বোধগম্য হয়েছে। তাঁর সহজ-সরল অনুবাদের জন্য সাধুবাদ জানাই এবং তাঁর হাত দিয়ে অবশিষ্ট বইগুলোও অনুবাদ হবে এই প্রত্যাশায় রইলাম। অনুবাদকর্মটি বুঝার সুবিধার্থে আমি কিছু বিষয় আলোচনা করেছি মাত্র কিন্তু বইটি বুঝতে হলে অনেক ধৈর্য ও প্রজ্ঞাশক্তির প্রয়োজন হবে বললে অতিরিক্ত বলা হবে না। সাধারণ পাঠক-পাঠিকা বুঝার মতো করে অনুবাদ করলেও অভিধর্ম সম্পর্কে এবং ধ্যানজাত প্রজ্ঞা না থাকলে বইটিতে রস পাওয়াটা কষ্টকর হবে বলে আমার মনে হয়। তার পরেও অনুবাদককে আমার আশীর্বাদ জানিয়ে বইটির বহুল প্রচার কামনা করি।

ড. জ্ঞান রত্ন মহাথেরো
প্রাক্তন চেয়ারম্যান, প্রাচ্যভাষা বিভাগ
সহযোগী অধ্যাপক, পালি বিভাগ
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
২৭ জানুয়ারি ২০১৬

Visit: http://www.buddhistdownload.com

অ ব ত র ণি কা

লেখার প্রারম্ভে ত্রিলোকশাস্তা সেই ভগবান অর্হৎ সম্যকসম্বুদ্ধকে বন্দনা নিবেদন করছি। বন্দনা নিবেদন করছি বাংলাদেশের বৌদ্ধধর্মের প্রাণপুরুষ, আমার উপাধ্যায়গুরু শ্রাবকবুদ্ধ অর্হৎ বনভন্তের চরণতলে। বিংশ শতাব্দীর বঙ্গীয় বৌদ্ধদের ধর্মীয় জীবনের এক ক্রমবর্ধমান অবক্ষয় লগ্নে বর্তমানকালের জাতি-ধর্মনির্বিশেষে সর্বজনপূজ্য পরম শ্রদ্ধেয় বনভন্তের আবির্ভাব হলে 'বনভন্তে' নামটি বাংলাদেশের সকল বৌদ্ধদের নিকট একটি পরিচিত ও অত্যন্ত গৌরবের একটি নাম হয়ে উঠে। গৃহীজীবনে যখন পরম শ্রদ্ধেয় বনভন্তের সাথে সামনাসামনি সাক্ষাৎ লাভ করি তখন তিনি আমাদের উদ্দেশ্য করে বলেছিলেন : 'তোমরা নাম, রূপ, চিত্ত, চৈতসিক বুঝ কি না?' কিন্তু সে সময় আমি সেই কথাটির অর্থ ঠিক বুঝতে না পারলেও শ্রদ্ধেয় ভন্তের কথাটি আমার মনে জায়গা করে নিয়েছিল। এর পর ২০১০ সালের ২২ জুন রাজবন বিহারে আমার প্রব্রজ্যা লাভের পর থেকে সেই অভিধর্মের আলোচ্য বিষয়গুলো জানার জন্য তীব্র বাসনা জাগে। অবশেষে পূজ্য বনভন্তের সেবাদি বিবিধ পুণ্যকর্মে রত থেকে ২০১২ সালের ৭ জানুয়ারি শুভ উপসম্পদা লাভ করি। ২০১২-২০১৩ সালে খাগড়াছড়িস্থ শান্তিগিরি বন ভাবনা কেন্দ্রে অবস্থানের সময় আমি শ্রদ্ধেয় করুণাবংশ ভন্তের নিকট পালি ও অভিধর্ম শিক্ষা করে ২০১৪ সালে বর্ষাবাসের আগে রাঙামাটিস্থ জগনাতলী বন ভাবনা কেন্দ্রে অবস্থানের সময় আমি নাম-রূপের সূক্ষ্মানুসূক্ষ্ম ব্যাখ্যা-সম্বলিত অভিধর্মপিটকের পট্‌ঠানের ৫ম খণ্ড অনুবাদ করি। এর মধ্য দিয়ে আমার অনুবাদকর্মের শুরু হয় এবং সেখানে অবস্থানের সময়ই আমার পট্‌ঠানের ৪র্থ খণ্ডও অনুবাদ সম্পন্ন হয়। ২০১৪ সালে বর্ষাবাস আমি রাঙামাটিস্থ নির্বাণরত্ন বন ভাবনা কুটিরে অবস্থানের সময় আমি পট্‌ঠানের ৩য়, ২য় ও ১ম খণ্ডও এভাবে শেষ থেকে অনুবাদ করি। আমার পরম গুরু শ্রদ্ধেয় বনভন্তের আশীর্বাদে মাত্র পাঁচ মাস সময়েই আমি পাঁচ খণ্ড অনুবাদ সম্পন্ন করি। এটি সর্বজনবিদিত সত্য এবং আমার জানা মতে পট্‌ঠানের ৩য়, ৪র্থ ও ৫ম খণ্ডের বাংলা ভাষায় আমার কৃত অনুবাদই সর্বপ্রথম অনুবাদ। এর আগের এই গ্রন্থগুলোর অনুবাদ হয়নি। কিন্তু দুর্ভাগ্যের বিষয় প্রকাশকের অভাবে আমাকে গ্রন্থগুলো প্রকাশ করতে দীর্ঘ সময় অতিবাহিত করতে হয়েছে। এর জন্য আমি নিজের অতীত জন্মের পুণ্যফলের স্বল্পতাকে দায়ী বলে মনে

Visit: http://www.buddhistdownload.com

করছি। এহেন পুণ্যেতে আমার জন্মজন্মান্তরের সকল প্রকার অকুশলকর্মের বিপাক বিনাশ হোক এবং সর্ব আসবক্ষয় তথা নির্বাণ লাভের হেতু হোক।

বৌদ্ধদর্শনের গুরুত্বপূর্ণ বিষয় হলো মনোবিজ্ঞান। এই মনোবিজ্ঞান বা মনোজগতের ক্রিয়াশীল বৃত্তিসমূহের বিস্তারিত আলোচনায় ভরপুর অভিধর্মপিটক। ধর্ম ও অভিধর্মের মধ্যে খুব বেশি পার্থক্য নেই। **'ধর্ম'** শব্দের যেই অর্থ **'অভিধর্ম'** শব্দেরও সেই অর্থ। শুধুমাত্র **'ধর্ম'** শব্দের সাথে 'অভি' উপসর্গ যোগ করে **'অভিধর্ম'** পদ গঠিত হয়েছে। **'অভি', 'অতি', 'অধি'** প্রভৃতি সমার্থক উপসর্গ। এর অর্থ অধিক, বেশি, অতিরিক্ত, বিশিষ্ট অথবা অধিকতর। সুতরাং 'অভিধর্ম' শব্দের অর্থ **'বিশিষ্ট ধর্ম', 'অতিরিক্ত ধর্ম',** বা **'অধিকতর ধর্ম'**। অর্থকথাচার্য বুদ্ধঘোষ তাঁর অত্থসালিনী নামক অভিধর্ম অর্থকথা গ্রন্থে 'অভিধর্ম' শব্দের অর্থ বিশ্লেষণ করে বলেছেন : **'ধম্মাতিরেক ধম্মবিসেসট্‌ঠেন অভিধম্মোতি বুচ্চতি'** অর্থাৎ **সূত্রাতিরিক্ত ধর্মই অভিধর্ম**। উদাহরণস্বরূপ বলা যায় যে, যেই ছত্র অতিশয় রঞ্জিত ও বৃহৎ আকারবিশিষ্ট তাকে যেমন 'অতিচ্ছত্ত' বলা হয় অথবা যেই পতাকা নানাপ্রকার বিচিত্র শোভাসম্পন্ন, সেটি 'অতিধ্বজ', যেই রাজকুমার ভোগ ও ঐশ্বর্যযুক্ত তাকে যেমন 'অধিরাজ কুমার', যেই আয়ু, বর্ণ, রূপ ও ঐশ্বর্যযুক্ত তাকে যেমন 'অধিদেব' বলা হয় সেরূপ ধর্মাতিরিক্ত অর্থাৎ সূত্রাতিরিক্ত হচ্ছে অভিধর্ম। বিষয় বিন্যাস ও প্রচার কুশলতা ব্যতীত উভয়ের মধ্যে তেমন পার্থক্য নেই। অভিধর্ম হচ্ছে সূক্ষ্ম মনস্তাত্ত্বিক বিশ্লেষণ এবং লোক (লৌকিক) ও লোকোত্তর বিষয়ের দার্শনিক ব্যাখ্যা। বস্তুত, তথাগত বুদ্ধের মনস্তাত্ত্বিক বিষয়ের দার্শনিক উপদেশই অভিধর্মের ভিত্তি। তাঁর সেই দার্শনিক তত্ত্ব ও মনস্তত্ত্বের সূক্ষ্ম বিশ্লেষণকে ভিত্তি করে অভিধর্মপিটক রচিত। তা ছাড়া গুরুত্বপূর্ণ গভীরার্থ প্রকাশ, আধ্যাত্ম বাণী আধিক্য, দুঃখমুক্তি বা বিমুক্তি প্রদর্শিত এবং বিষয়বস্তু বিন্যাসে সর্বোৎকৃষ্ট বিশ্লেষিত বলেই 'অভিধর্ম' বলা হয়েছে।

ভগবান তথাগত প্রবর্তিত আর্যধর্ম **মনোবিজ্ঞান-সম্মত** এবং **নীতি-প্রধান**। অপরদিকে একে **বিভাজ্যবাদও** বলা হয়। ত্রিপিটকের সর্বত্র ধর্মকে বৈজ্ঞানিক প্রণালিতে বিশ্লেষণ করার প্রয়াস লক্ষ করা যায়। অভিধর্মপিটকের প্রতিপাদ্য বিষয় অনুসারে যথোপযুক্ত পরিভাষা ও প্রজ্ঞপ্তি দ্বারা পরিজ্ঞেয় বিষয়ের পরিচয় প্রদান ও শ্রেণিবিভাগ করা হয়েছে। তাই সূত্রপিটকের সর্বসাধারণের উপযোগী করে পুনরায় ব্যাখ্যা করা হয়েছে। এই কারণে সূত্রপিটকের ভাষা ব্যবহারিক বা **'বোহারবচন'**। যেমন : সত্ত্ব, আত্মা, জীব, জন্ম, মৃত্যু, দেব, ব্রহ্মা, তুমি, আমি, মানুষ ইত্যাদি। অপরদিকে অভিধর্মের বিষয়বস্তু পরমার্থ সম্পর্কীয় **'পারমত্থবচন'**। যথা : স্কন্ধ, আয়তন, ইন্দ্রিয়, ধাতু, প্রতিসন্ধি, সন্ততি, আত্ম,

Visit: http://www.buddhistdownload.com

বল, বোধ্যঙ্গ, নির্বাণ ও প্রজ্ঞপ্তি ইত্যাদি। সূত্রপিটকে যেই ধর্ম লৌকিকভাবে দেশনা করা হয়েছে তাই অভিধর্মপিটকে অসাধারণভাবে বা পারমার্থিকভাবে বা পারমার্থিক উপায়ে আলোচিত, বিভাজিত ও ব্যাখ্যাত হয়েছে। তাই বলা চলে—*'সূত্রের ভাষা আছে, সেই ভাষার তরঙ্গ আছে, উচ্ছ্বাস আছে, উদান আছে, গাথা আছে, উৎসাহ আছে, উদ্দীপনা আছে, অপায় আছে, অপায়ের ভয় আছে, দেব-ব্রহ্মা আছে, দেব-ব্রহ্মলোকের আকর্ষণ আছে, নির্বাণের সুসমাচার আছে। কিন্তু অভিধর্ম যেন নীরব ভাষাহীন, আছে শুধু ছেদন, বিশ্লেষণ, বিভাজন, পর্যবেক্ষণ এবং নৈর্ব্যক্তিক পরম সত্য-জ্ঞানের উদ্ভাবন। সঙ্গে সঙ্গে চির চঞ্চল ব্যবহারিক জগতের নিরবশেষ বিলয় সাধন।'*

অভিধর্মপিটকে বৌদ্ধ দর্শনের সাতটি গ্রন্থ রয়েছে। যথা : ধর্মসঙ্গণী, ধাতুকথা, পুদ্গল-পঞ্ঞত্তি, কথাবত্থু, যমক ও পট্ঠান। সাত খণ্ডের এই অভিধর্মপিটকের মধ্যে পট্ঠানের স্থান সর্বশেষ। বিগত ষষ্ঠ মহাসঙ্গীতিতে সঙ্গীতিকারক ভুবন বিখ্যাত পণ্ডিত ভিক্ষুগণ পট্ঠানকে পঞ্চ গ্রন্থাকারে বিভাগ করেছেন। এই পট্ঠান গ্রন্থে রয়েছে ২৪টি প্রত্যয়ের আলোচনা। সেই প্রত্যয়সমূহ হচ্ছে : (১) হেতু-প্রত্যয়, (২) আলম্বন-প্রত্যয়, (৩) অধিপতি-প্রত্যয়, (৪) অনন্তর-প্রত্যয়, (৫) সমনন্তর-প্রত্যয়, (৬) সহজাত-প্রত্যয়, (৭) অন্যোন্য-প্রত্যয়, (৮) নিশ্রয়-প্রত্যয়, (৯) উপনিশ্রয়-প্রত্যয়, (১০) পূর্বজাত-প্রত্যয়, (১১) পশ্চাজ্জাত-প্রত্যয়, (১২) আসেবন-প্রত্যয়, (১৩) কর্ম-প্রত্যয়, (১৪) বিপাক-প্রত্যয়, (১৫) আহার-প্রত্যয়, (১৬) ইন্দ্রিয়-প্রত্যয়, (১৭) ধ্যান-প্রত্যয়, (১৮) মার্গ-প্রত্যয়, (১৯) সম্প্রযুক্ত-প্রত্যয়, (২০) বিপ্রযুক্ত-প্রত্যয়, (২১) অস্তি-প্রত্যয়, (২২) নাস্তি-প্রত্যয়, (২৩) বিগত-প্রত্যয় ও (২৪) অবিগত-প্রত্যয়।

'পট্ঠান' শব্দের অর্থ **'প্রধান কারণ,' 'মূল কারণ'** বা **'প্রকৃত কারণ'**। পালি অভিধর্মপিটকে এটি সবচেয়ে বৃহৎ গ্রন্থ। তাই একে **মহাপ্রকরণ**ও বলা হয়। বৌদ্ধধর্মে কার্যকারণ-নীতি (laws of causation) নির্ণয়ের ২টি রীতি। একটি **'প্রতীত্যসমুৎপাদ-রীতি,'** অপরটি **'পট্ঠান-রীতি'**। পট্ঠানকে প্রতীত্যসমুৎপাদেরই বিশ্লেষণধর্মী বিশদ ব্যাখ্যা বলা যেতে পারে। পট্ঠান প্রকরণে ২৪ প্রকার প্রত্যয়কে বিভিন্নভাবে বিশ্লেষণ করে কারণ ও কার্যের মধ্যে বিভিন্ন প্রকার সম্পর্ক প্রদর্শনপূর্বক প্রতীত্যসমুৎপাদ পদ্ধতিকে প্রতিষ্ঠিত করা হয়েছে। প্রতীত্যসমুৎপাদের ১২টি নিদান (factor) পট্ঠানে ২৪টি প্রত্যয়াকারে অতি সরলভাবে বর্ণিত হয়েছে। পট্ঠানে প্রথমে ২৪ প্রকার প্রত্যয়ের তালিকা দেওয়া হয়েছে যাকে বলা হয় **'প্রত্যয়-উদ্দেশ'**। এরপর **'প্রত্যয়-নির্দেশে'** প্রত্যয়গুলোর সংজ্ঞা প্রদত্ত হয়েছে। শেষে ত্রিক (ত্রিবিধ নীতিবাচক) পট্ঠানের বিশেষ বিশেষ ক্ষেত্রে প্রত্যয়গুলোর প্রয়োগ দেখানো হয়েছে। পট্ঠানের

Visit: http://www.buddhistdownload.com

বিষয়বস্তু অতি দুর্জ্ঞেয়, দুরধিগম্য। কারণ ২৪টি প্রত্যয়ের মধ্যে কোন কোনটি প্রত্যয় কোন কোন ধর্মের উৎপত্তিতে সহায় সেটা সাধারণের উপলব্ধির বাইরে। এটা একমাত্র সর্বজ্ঞ তথাগত বুদ্ধেরই উপলব্ধির বিষয়। অর্থসালিনীতে উক্ত আছে, প্রথম ছয়টি অভিধর্ম গ্রন্থ দেশনাকালে বুদ্ধের শরীর থেকে কোনো জ্যোতি বা রশ্মি নির্গত হয়নি; কিন্তু পট্‌ঠান দেশনাকালে তাঁর শরীর থেকে ষড়বর্ণের দিব্যরশ্মি চতুর্দিকে বিচ্ছুরিত হয়েছিল। এতে পট্‌ঠান গ্রন্থের মাহাত্ম্য কতখানি তা বোঝা যায়।

অভিধর্ম বৌদ্ধ মননশীলতার চরম বিকাশ। সূত্রপিটকে বলা হয়েছে যে, প্রাণিহত্যা করা উচিত নয়। এটি দুঃখ অকুশলকর্ম। এর পরিণাম দুঃখজনক। কেন প্রাণিহত্যা করা অনুচিত সূত্রপিটকে এর মনস্তাত্ত্বিক বিশ্লেষণ ও প্রমাণ পাওয়া কঠিন। অভিধর্মপিটকেই এর যথাযথ কারণ ও প্রমাণ প্রদর্শিত হয়েছে। এতে কাল্পনিক কোনো বিষয়ের অবতারণা করে মূল বক্তব্যকে চাপা দেওয়ার প্রচেষ্টা নেই। সূত্রপিটকে যে ধর্ম লৌকিকভাবে দেশনা করা হয়েছে, অভিধর্মপিটকে তা অসাধারণ বা পারমার্থিক উপায়ে আলোচিত, ব্যাখ্যাত ও বিভাজিত করা হয়েছে। কার্যকারণ সম্পর্ক নির্ণয়ের সাহায্যে বক্তব্য বিষয়ের বিশ্লেষণ করাই এর প্রধান বিশেষত্ব। পূর্বেই বলা হয়েছে যে, অভিধর্মের মূল আলোচ্য বিষয় বৌদ্ধদর্শন ও পরমার্থ-সত্য। পরমার্থ মাত্রই জটিল ও সাধনালভ্য। সংস্কার, মন ও কঠোর সাধনা ব্যতীত এটি হৃদয়ঙ্গম করা কঠিন। শীলবান ব্যক্তি একনিষ্ঠ সাধনার দ্বারাই এতে বুৎপত্তি লাভ করেন। অত্যাধিক কামনা-বাসনাপরায়ণ ব্যক্তির জন্য সত্যিই এটি দুরবগাহ। দর্শন আলোচনার জন্য কিছুটা মানসিক প্রস্তুতির প্রয়োজন। সেইরূপ মানসিক প্রস্তুতি ও শীলসম্পন্ন না হয়ে পারমার্থিক বিষয়ে মনঃসংযোগ করা যায় না। এই জন্য অভিজ্ঞ বৌদ্ধাচার্যগণ প্রথমে ধর্ম-বিনয় শিক্ষা ও অনুশীলন করার পরই অভিধর্ম চর্চা করার জন্য উপদেশ প্রদান করে থাকেন।

বুদ্ধের অভিধর্ম জ্ঞান শিক্ষার উদ্দেশ্য নির্বাণ প্রত্যক্ষ করা। বৌদ্ধধর্মে একটি মাত্র স্বাদ পাওয়া যায় আর তা হচ্ছে মুক্তির স্বাদ। অভিধর্মে মূলত এই মুক্তির স্বাদকেই চূড়ান্তভাবে ব্যাখ্যা করা হয়েছে। অভিধর্ম শিক্ষার ফলে মানুষের পূর্বসংস্কার পরিবর্তন হয়ে যায় এবং আধ্যাত্মিক বিষয়াদিতে চিত্ত আকৃষ্ট হয়ে থাকে। চিত্ত, চৈতসিক, রূপ ও নির্বাণ সম্বন্ধে চিত্তের পরিশুদ্ধ ধারণা জন্মিলে ভাবনাদিতে বিনা কষ্টে অগ্রসর হওয়া যায়। অভিধর্ম চর্চার প্রভাবে তারা প্রার্থনানুযায়ী প্রতিসম্ভিদাপ্রাপ্ত অর্হত্ত্বে উপনীত হয়ে থাকেন। এই কারণে অভিধর্ম শিক্ষা ও গবেষণার উপযোগিতা অত্যাধিক। তাই বুদ্ধ আভিধার্মিক ভিক্ষুদের প্রশংসা করে বলেছেন : "আভিধার্মিক ভিক্ষুরাই ধর্মদেশনার উপযুক্ত পাত্র।

Visit: http://www.buddhistdownload.com

তাঁরাই সত্যিকার **'ধর্মকথিক'**। অন্যরা ধর্মদেশনা করলেও 'ধর্মকথিক' আখ্যা লাভের অনুপযুক্ত"। কারণ অন্যরা কর্ম, কর্মবিপাক, রূপারূপ পরিচ্ছেদ, চিত্ত, চৈতসিক ইত্যাদি ধর্মবিষয়ে দেশনাকালে তালগোল পাকিয়ে ফেলেন, সুশৃঙ্খলভাবে ধর্মদেশনা করতে পারেন না। কিন্তু আভিধার্মিক ভিক্ষুগণ অত্যন্ত সুশৃঙ্খলভাবে ধর্মদেশনা করেন, যদ্‌দ্বারা শ্রোতৃমণ্ডলী উপকৃত হন। এই প্রসঙ্গে বুদ্ধ মৌদ্‌গল্যায়ন স্থবিরের প্রশংসায় পঞ্চমুখ হয়ে সারিপুত্রকে বলেছিলেন : **'সাধু সাধু সারিপুত্ত। যথা তং মোগ্‌গল্লানো চ সম্মা ব্যাকরমানো ব্যাকরেয্য, মোগ্‌গল্লানোহি সারিপুত্ত ধর্মকথিকো'তি।'**

'অভিধর্মের আলোচনা এক অফুরন্ত ব্যাপার। বাস্তবিক এটিই এর সৌন্দর্য, এটিই এর জাদুমন্ত্র। ঠিক জড়-বিজ্ঞানের মতো, মূলনীতির সহায়ে জ্ঞান অনুসন্ধানের জন্য নব নব পন্থা এর সর্বত্র চির বিদ্যমান।'

'এই নীতি যে যত বেশি শিখবে, কর্তব্য সম্পাদনের জন্য তত মহত্তর উপকরণ জুটবে। এই নীতি যে যত বেশি গবেষণা করবে, সে এর বক্তব্যসমূহের সুদূরপ্রসারী প্রমাণ তত বেশি পাবে।'

'বাস্তবিক পক্ষে উচ্চতর জ্ঞানকে গুপ্তবিদ্যা বলা যেতেও পারে। কিন্তু আমাদের মহাশিক্ষক গৌতম বুদ্ধ সর্বপ্রাণীর প্রতি অনুকম্পাপরবশে যে বিধানাবলি আমাদের সকলের জন্য দিয়ে গেছেন তদানুযায়ী চিত্তের অনুশীলনে যে কেউ উচ্চতর জ্ঞান অধিকার করতে পারেন।'

বিশাল ত্রিপিটক যার ধর্মগ্রন্থ, তার সাহিত্য দারিদ্র কি শোচনীয় নহে? অভিধর্মে উচ্চশ্রেণির সাহিত্যের সুস্বাদু ও পুষ্টিকর খাদ্য সঞ্চিত আছে। বুদ্ধঘোষ তাঁর অর্থসালিনী গ্রন্থে 'ধর্মসঙ্গণী'র ব্যাখ্যার আরম্ভের সময় বলেছেন : **'ইতো পট্‌ঠায গম্ভীরং অভিধম্মকথং ইমং। বুচ্চমানং নিসামেথ একগ্‌গা সাধু সাধবো'তি'**। অভিধর্মের প্রতিপাদ্য বিষয়বস্তু অতিশয় সূক্ষ্ম ও গুরুগম্ভীর। সকলের পক্ষে তা সহজভাবে বুঝা বা উপলব্ধি করা সম্ভব নহে। তারপরেও বলতে হয়, **'অভিধর্মের প্রতিপাদ্য বিষয়বস্তু অনধিগম্য নহে দুরধিগম্য, অনবগাহ নহে দুরবগাহ, অবোধ্য নহে দুর্বোধ্য।'**

'পট্‌ঠানে' সমস্ত পরমার্থ-সত্যসমূহকে চারটি প্রণালিতে ব্যাখ্যা করা হয়েছে; যেমন : (১) অনুলোম-নয় (প্রণালি বা ধারা), (২) প্রতিলোম-নয়, (৩) অনুলোম-প্রতিলোম-নয়, (৪) প্রতিলোম-অনুলোম-নয়। উক্ত চারটি নয় হচ্ছে পট্‌ঠানের চারটি প্রধান বিভাগ। প্রত্যেকটি নয়কে আবার ছয় প্রকার অনুবিভাগে ভাগ করা হয়েছে; যেমন : (১) ত্রিক (ত্রিবিধ নীতিবাচক), (২) দ্বিক (যুগ্ম বা জোড়া), (৩) দ্বিক-ত্রিক সমন্বয়, (৪) ত্রিক-দ্বিক সমন্বয়, (৫) ত্রিক-ত্রিক সমন্বয়, (৬) দ্বিক-দ্বিক সমন্বয়। এভাবে দেখা যায় পট্‌ঠানের ২৪টি (৪×৬)

Visit: http://www.buddhistdownload.com

বিভাগ রয়েছে।

প্রত্যেকটি ত্রিক, দ্বিক এবং এদের সমন্বয়কে আবার ৭টি বার বা অধ্যায়ে ভাগ করা হয়েছে; যেমন : (১) প্রতীত্য অধ্যায়, (২) সহজাত অধ্যায়, (৩) প্রত্যয় অধ্যায়, (৪) নিশ্রয় অধ্যায়, (৫) সংশ্লিষ্ট অধ্যায়, (৬) সম্প্রযুক্ত অধ্যায়, (৭) প্রশ্ন অধ্যায়। উক্ত ৭টি অধ্যায়ের প্রত্যেকটিতে চারটি ভাগ রয়েছে; যেমন : (১) অনুলোম-প্রত্যয়, (২) প্রতিলোম-প্রত্যয়, (৩) অনুলোম-প্রতিলোম-প্রত্যয়, (৪) প্রতিলোম-অনুলোম-প্রত্যয়। আবার অনুলোম-প্রত্যয় বর্ণনায় এবং প্রতিলোম-প্রত্যয় বর্ণনায় বিভঙ্গ অধ্যায় ও গণনা অধ্যায় এই দ্বিবিধ অধ্যায়ের আলোচনা করা হয়েছে। **'পট্‌ঠান'** এর সমস্ত অধ্যায়ের আলোচনা **'প্রতিলোম উদ্ধার বা সংগ্রহ'** এর বর্ণনার মাধ্যমে শেষ করা হয়েছে।

বর্তমান গ্রন্থে আলোচনা বিষয়বস্তু হিসেবে যে সমস্ত বিষয়বস্তু রয়েছে। তা হচ্ছে—(ক) দ্বিক ১. হেতুগুচ্ছ; যথা : ১. হেতুদ্বিক—হেতু, না-হেতু; ২. সহেতুকদ্বিকে—সহেতুক, অহেতুক; ৩. হেতু-সম্প্রযুক্তদ্বিকে—হেতু-সম্প্রযুক্ত, হেতু-বিপ্রযুক্ত; ৪. হেতু অথচ সহেতুকদ্বিকে—হেতু অথচ সহেতুক, সহেতুক অথচ না-হেতু; ৫. হেতু অথচ হেতু-সম্প্রযুক্তদ্বিকে—হেতু অথচ হেতু-সম্প্রযুক্ত, হেতু-সম্প্রযুক্ত না-হেতু; ৬. না-হেতু সহেতুকদ্বিকে—না-হেতু সহেতুক, না-হেতু অহেতুক। (খ) ক্ষুদ্রান্তরদ্বিক; যথা : ১. সপ্রত্যয়দ্বিকে—সপ্রত্যয়, অপ্রত্যয়; ২. সংস্কৃতদ্বিকে—সংস্কৃত, অসংস্কৃত; ৩. সনিদর্শনদ্বিকে—সনিদর্শন, অনিদর্শন; ৪. সপ্রতিঘদ্বিক—সপ্রতিঘ, অপ্রতিঘ; ৫. রূপীদ্বিকে—রূপী, অরূপী; ৬. লোকীয়দ্বিকে—লোকীয়, লোকোত্তর; ৭. (চক্ষুবিজ্ঞানাদির) কোনো প্রকারে বিজ্ঞেয়দ্বিকে—কোনো প্রকারে বিজ্ঞেয়, কোনো প্রকারে না-বিজ্ঞেয়। (গ) আসবগুচ্ছ; যথা : ১. না-আসবদ্বিকে—আস্রব, না-আসব; ২. সাসবদ্বিকে—সাসব, আসব; ৩. আসব-সম্প্রযুক্তদ্বিকে—আসব-সম্প্রযুক্ত, আসব-বিপ্রযুক্ত; ৪. আসব অথচ সাসবদ্বিকে—আসব অথচ সাসব, সাসব অথচ না-আসব; ৫. আসব অথচ আসব-সম্প্রযুক্তদ্বিকে—আসব অথচ আসব-সম্প্রযুক্ত, আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব; ৬. আসব-বিপ্রযুক্ত সাসবদ্বিকে—আসব-বিপ্রযুক্ত সাসব, আসব-বিপ্রযুক্ত অনাসব। (ঘ) সংযোজনগুচ্ছ; যথা : ১. সংযোজনদ্বিকে—সংযোজন, না-সংযোজন; ২. সংযাজনীয়দ্বিকে—সংযোজনীয়, অসংযোজনীয়; ৩. সংযোজন-সম্প্রযুক্তদ্বিকে—সংযোজন-সম্প্রযুক্ত, সংযোজন-বিপ্রযুক্ত; ৪. সংযোজন অথচ সংযোজনীয়দ্বিকে—সংযোজন অথচ সংযোজনীয়, সংযোজন অথচ না-সংযোজন; ৫. সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্তদ্বিকে—সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত, সংযোজন অথচ না-সংযোজন-সম্প্রযুক্ত; ৬. সংযোজন-বিপ্রযুক্ত সংযোজনীয়দ্বিকে—সংযোজন-বিপ্রযুক্ত সংযোজনীয়,

Visit: http://www.buddhistdownload.com

সংযোজন-বিপ্রযুক্ত না-সংযোজন। (ঘ) গ্রন্থিগুচ্ছ; যথা : গ্রন্থিদ্বিকে—গ্রন্থি, না-গ্রন্থি; ২. গ্রন্থির-উপযুক্ত (গ্রন্থিনীয়) দ্বিকে—গ্রন্থির-উপযুক্ত, গ্রন্থির-অনুপযুক্ত (অগ্রন্থিনীয়); ৩. গ্রন্থি-সম্প্রযুক্তদ্বিকে—গ্রন্থি-সম্প্রযুক্ত, গ্রন্থি-বিপ্রযুক্ত; ৪. গ্রন্থি অথচ গ্রন্থির-উপযুক্তদ্বিকে—গ্রন্থি অথচ গ্রন্থির-উপযুক্ত, গ্রন্থি-উপযুক্ত অথচ না-গ্রন্থির ৫. গ্রন্থি অথচ গ্রন্থি-সম্প্রযুক্তদ্বিকে—গ্রন্থি অথচ গ্রন্থি-সম্প্রযুক্ত, গ্রন্থি অথচ না-গ্রন্থি-সম্প্রযুক্ত ৬. গ্রন্থি-বিপ্রযুক্ত গ্রন্থির-উপযুক্তদ্বিকে—গ্রন্থি-বিপ্রযুক্ত গ্রন্থির-উপযুক্ত, গ্রন্থি-বিপ্রযুক্ত গ্রন্থির-অনুপযুক্ত। (ঙ) ওঘগুচ্ছ (গ্রন্থিগুচ্ছের ন্যায় জানতে হবে)। (চ) যোগগুচ্ছ (গ্রন্থিগুচ্ছের ন্যায় জানতে হবে)। (ছ) নীবরণগুচ্ছ; যথা : ১. নীবরণদ্বিকে—নীবরণ, না-নীবরণ; ২. নীবরণীয়দ্বিকে—নীবরণীয়, অনীবরণীয়; ৩. নীবরণ-সম্প্রযুক্তদ্বিকে—নীবরণ-সম্প্রযুক্ত, নীবরণ-বিপ্রযুক্ত; ৪. নীবরণ অথচ নীবরণীয়দ্বিকে—নীবরণ অথচ নীবরণীয়, নীবরণীয় অথচ না-নীবরণ; ৫. নীবরণ অথচ নীবরণ-সম্প্রযুক্তদ্বিকে—নীবরণ অথচ নীবরণ-সম্প্রযুক্ত, নীবরণ-সম্প্রযুক্ত অথচ না-নীবরণ; ৬. নীবরণ-সম্প্রযুক্ত নীবরণীয়দ্বিকে—নীবরণ-সম্প্রযুক্ত নীবরণীয়, নিবরণ-বিপ্রযুক্ত না-নীবরণীয়। (জ) পরামাসগুচ্ছ; যথা : ১. পরামাসদ্বিকে—পরামাস, না-পরামাস; ২. পরামৃষ্টদ্বিকে—পরামৃষ্ট (বিকৃত বিশিষ্ট), না-পরামাস; ৩. পরামাস-সম্প্রযুক্তদ্বিকে—পরামাস-সম্প্রযুক্ত, পরামাস-বিপ্রযুক্ত; ৪. পরামাস অথচ পরামৃষ্টদ্বিকে—পরামাস অথচ পরামৃষ্ট, পরামৃষ্ট অথচ না-পরামাস; ৫. পরামাস-বিপ্রযুক্ত পরামৃষ্টদ্বিকে—পরামাস-বিপ্রযুক্ত পরামৃষ্ট, পরামাস-বিপ্রযুক্ত অপরামৃষ্ট। (ঝ) মহত্তরগুচ্ছ; যথা : ১. সালম্বনদ্বিকে—সালম্বন, অনালম্বন; ২. চিত্তদ্বিকে—চিত্ত, না-চিত্ত; ৩. চৈতসিকদ্বিকে—চৈতসিক, অচৈতসিক; ৪. চিত্ত-সম্প্রযুক্তদ্বিকে—চিত্ত-সম্প্রযুক্ত, চিত্ত-বিপ্রযুক্ত; ৫. চিত্ত-সংযুক্তদ্বিকে—চিত্ত-সংযুক্ত, না-চিত্ত-সংযুক্ত; ৬. চিত্ত-সমুত্থিতদ্বিকে—চিত্ত-সমুত্থিত, না-চিত্ত-সমুত্থিত; ৭. চিত্ত-সহজাতদ্বিকে—চিত্ত-সহজাত, না-চিত্ত-সহজাত; ৮. চিত্ত-অনুপরিবর্তীদ্বিকে—চিত্ত-অনুপরিবর্তী, না-চিত্ত-অনুপরিবর্তী; ৯. চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিতদ্বিকে—চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিত, না-চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিত; ১০. চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিত-সহজাতদ্বিকে—চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিত-সহজাত, না-চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিত-সহজাত; ১১. চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তীদ্বিকে—চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তী, না-চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তী; ১২. অভ্যন্তরীণদ্বিকে—অভ্যন্তরীণ, বাহ্যিক; ১৩. উপাদাদ্বিকে—উপাদা, না-উপাদা; ১৪. উপাদিন্নদ্বিকে—উপাদিন্ন, না-উপাদিন্ন। (ঙ) উপাদানগুচ্ছ; যথা : ১. উপাদানদ্বিকে—উপাদান, না-উপাদান; ২. উপাদানীয়দ্বিকে—উপাদানীয়, না-উপাদানীয়; ৩. উপাদান-সম্প্রযুক্তদ্বিকে—উপাদান-সম্প্রযুক্ত, উপাদান-বিপ্রযুক্ত;

Visit: http://www.buddhistdownload.com

৪. উপাদান-অথচ উপাদানীয়দ্বিকে—উপাদান অথচ উপাদানীয়, উপাদানীয় অথচ না-উপাদান; ৫. উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্তদ্বিকে—উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত, উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান; ৬. উপাদান-বিপ্রযুক্ত উপাদানীয়দ্বিকে—উপাদান-সম্প্রযুক্ত উপাদানীয়, উপাদান-বিপ্রযুক্ত না-উপাদান।

'পট্‌ঠান' গ্রন্থের আলোচনার কোনো কূল-কিনারা যে নেই; মহাসমুদ্রের মতো। তা বোঝাবার জন্য বুদ্ধঘোষ একটি ঘটনার উল্লেখ করেছেন। একবার শ্রীলংকাবাসী মহাগতিম্বতিস্‌স দত্ত স্থবির বোধিবৃক্ষকে পূজা করার মানসে শ্রীলংকা থেকে জাহাজে করে ভারতে আসছিলেন। তিনি জাহাজে বসে চতুর্দিকের মহাসমুদ্রকে দেখছিলেন। তিনি দেখলেন সমুদ্রের এপার-ওপার দেখা যাচ্ছে না। অনন্ত ঊর্মিমালা ও জলরাশি ভিন্ন কিছুই দেখা যাচ্ছে না। শুধু জল আর জল। তখন তিনি ভাবলেন : 'এই মহাসমুদ্রের ঊর্মিবেগই বলবান না চতুর্বিংশতি প্রত্যয় সমন্বিত পট্‌ঠান বলবান?' তারপর তিনি দেখলেন যে, এই মহাসমুদ্র অসীম নয়! এই মহাসমুদ্রের নীচে পৃথিবী, উপরে আকাশ, একদিকে চক্রবাল পর্বত, অন্যদিকে বেলাভূমি। কিন্তু পট্‌ঠানের তো কোনো সীমা-পরিসীমা নেই। এটি অনন্ত, অসীম। এইভাবে গূঢ় ও সূক্ষ্মধর্ম প্রত্যবেক্ষণ করতে করতে তাঁর প্রীতি বলবতী হলো। কিন্তু তিনি প্রীতিকে সংযত করে বিপস্‌সনা বাড়াতে বাড়াতে ওই আসনেই সমস্ত চিত্তক্লেশ দূর করে অর্হত্ত্বরূপ অগ্রফলে প্রতিষ্ঠিত হয়েছিলেন।

বুদ্ধশাসনের পঞ্চ অন্তর্ধানের মধ্যে ত্রিপিটক অন্তর্ধানে এই পট্‌ঠানই সর্বপ্রথম অন্তর্হিত হবে। আমাদের পরম সৌভাগ্য যে এই **'পট্‌ঠান'** গ্রন্থাকারে আজো আমাদের মধ্যে বিদ্যমান রয়েছে। সম্যকভাবে পট্‌ঠান অধ্যয়নে বুদ্ধভাষিত সদ্ধর্ম সম্পূর্ণরূপে অবগত হওয়া যায়। ত্রিপিটকের যেকোনো বিষয়াবলি অনায়াসেই হৃদয়ঙ্গম করতে পারা যায়। বৌদ্ধধর্মের রসাস্বাদনে আকাঙ্ক্ষী শ্রদ্ধাবান উপাসক-উপাসিকাদের ভগবান তথাগত ভাষিত পট্‌ঠান গ্রন্থ একবার পাঠ করা নিতান্তই দরকার। অভিধর্ম সম্পর্কে যাদের কিঞ্চিৎ পরিমাণও জ্ঞান রয়েছে তারাও পট্‌ঠান পাঠ করে নিরামিষ প্রীতিতে সিক্ত হতে পারেন বলে মনে করি। যে ধর্মের বাণী 'অত্তাহি অত্তনো নাথো কোহি নাথো পরো সিযা?' সে ধর্মের অনুগামীর পক্ষে পারমার্থ জ্ঞান অনুশীলনের আবশ্যকতা কত বেশি তা বলার অপেক্ষা রাখে না। সুতরাং ধর্মপ্রাণ ভিক্ষু-শ্রামণের এবং উপাসক-উপাসিকারা যৎকিঞ্চিৎ অভিধর্ম আলোচনা বা শিক্ষা করে উত্তরোত্তর বিশুদ্ধ জ্ঞানের অধিকারী হবার চেষ্টা করুন।

সাধারণত ত্রিপিটকের মধ্যে বিনয় ও সূত্রপিটকের বিষয়বস্তু পাঠে অনেক

Visit: http://www.buddhistdownload.com

বিষয় সম্পর্কে অবগত হওয়া যায় অতিসহজে; কিন্তু অভিধর্মপিটকের বিষয়বস্তু হলো অত্যন্ত জটিল, দুর্বোধ্য। সে কারণে সাধারণ পাঠক এই জটিল ও দুর্বোধ্য বিষয় পাঠ করে আনন্দ অনুভব করেন না। কিন্তু পালি ত্রিপিটক থেকে পট্ঠানের অনুবাদ করাই একমাত্রই সহজ। পাঁচ মাস সময়ের মধ্যে পাঁচ খণ্ড পট্ঠানের অনুবাদ সমাপ্ত করলেও প্রকাশকের অভাবে তা প্রকাশ করতে আমাকে দীর্ঘসময় অতিবাহিত করতে হয়েছে। পাঠকের হাতে গ্রন্থ পৌঁছে দিতে বিলম্বিত হওয়ায় আমি আন্তরিকভাবে ক্ষমা চেয়ে নিচ্ছি। অনুবাদের ভাষা যাতে সহজ, সরল ও প্রাঞ্জল হয় সেদিকেও বিশেষভাবে লক্ষ রাখা হয়েছে। প্রতিটি গ্রন্থে প্রতিপাদ্য স্কন্ধ, আয়তন, ধাতু, ইন্দ্রিয়, হেতু, আলম্বন, বাস্তু, কুশল, অকুশল, অব্যাকৃত, অহেতুক, প্রতিসন্ধি, ২৪ প্রত্যয়, বিশুদ্ধি, বিমোক্ষ, পুদ্গল, সমাপত্তি, ধ্যান, বিদর্শন, চিত্ত, চৈতসিক, রূপ, ও নির্বাণ প্রভৃতি কঠিন, দুরূহ শব্দের টীকা, ব্যাখ্যা ও তুলনামূলক বিশ্লেষণ দিতে গেলে গ্রন্থের ব্যয়ভার বেড়ে যায় প্রায় ধরা-ছোঁয়ার বাইরে। তাই সেদিক বিবেচনা করে বারবার প্রতিটি গ্রন্থের একি বিষয়ের প্রতিপাদ্য কঠিন, দুরূহ শব্দের টীকা, ব্যাখ্যা ও তুলনামূলক বিশ্লেষণ দেয়া হয়নি। 'ভুল মানুষ মাত্রেই হয়, কেউ ভুলের বাইরে নয় একমাত্র সম্যকসম্বুদ্ধ ব্যতীত' তাই এতো বড়ো বইয়ে ভুল থাকা অসম্ভব নয়, কারো চোখের পরিষ্কার রেটিনায় কিংবা আইকিউতে অনুবাদের গহীন বনে লুকিয়ে থাকা কোনো প্রকার ভুল-ত্রুটি যদি ধরা পড়লে পরে অনিচ্ছাকৃত ভুল-ত্রুটি গ্রহণ না করে, সংশোধন করে নিলে সুখী হবো।

বর্তমান গ্রন্থটি অনুবাদ করতে গিয়ে আমি অভিধর্মার্থ-সংগ্রহ ও ধাতুকথা সহ অন্যান্য যেসব গ্রন্থের সহায়তা নিয়েছি সেসব গ্রন্থের প্রাজ্ঞ লেখকদের কাছে আমি কৃতজ্ঞতা না জানিয়ে আমি অকৃতজ্ঞ হতে চাই না। সত্যিই উঁনাদের প্রতি আমি শতভাগ কৃতজ্ঞ। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পালি বিভাগের চেয়ারম্যান, বরেণ্য সাংঘিক ব্যক্তিত্ব, বহুমুখী প্রতিভার অধিকারী, শাস্ত্রজ্ঞ, বৌদ্ধরত্ন, পরম পূজ্য পণ্ডিত শ্রদ্ধেয় জ্ঞানরত্ন মহাথের মহোদয় পাণ্ডিত্যপূর্ণ ভূমিকায় গ্রন্থের মান বৃদ্ধি করেছে। এই অকৃত্রিম অবদানের জন্য আমি ড. ভন্তে মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি। আমি কামনা করি ড. ভন্তে মহোদয় যেন নিরোগ দীর্ঘ জীবন লাভ করে অজর-অমর নির্বাণ সাক্ষাৎ করুক। পূজ্য বনভন্তের সেবক, গুণোত্তম সংঘপুরুষ, বৌদ্ধরত্ন, প্রিয়শীলী শ্রদ্ধেয় বিধুর মহাস্থবির ভন্তের মহোদয় পট্ঠান গ্রন্থের জন্য তত্ত্বপূর্ণ অভিমত লিখে দিয়ে আমাকে কৃতার্থ করেছেন। আমি ভন্তে মহোদয়ের নিরোগ দীর্ঘ জীবন লাভ করে অজর-অমর নির্বাণ সাক্ষাৎ করুক, এই কামনা করছি। আমার শিক্ষাগুরু, বহু গ্রন্থের অনুবাদক, অতুলনীয় প্রতিভাধর, পালি ও ত্রিপিটক শাস্ত্রে সুপণ্ডিত, বৌদ্ধরত্ন,

Visit: http://www.buddhistdownload.com

পরম পূজ্য পণ্ডিত করুণাবংশ স্থবির ভন্তে মহোদয় আমাকে পট্‌ঠান অনুবাদে নিয়োজিত করেছেন এবং উঁনার মূল্যবান সময় ব্যয় করে গ্রন্থের পাণ্ডুলিপি দেখে দিয়ে এবং মুদ্রণের যাবতীয় বিষয়াবলী সমাধা করে দিয়ে আমাকে যারপরনাই বাধিত করেছেন। শ্রদ্ধেয় ভন্তে মহোদয়ের এই অকৃত্রিম অবদান আমি অসীম কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি। পূজ্য বনভন্তের শিষ্য খুবই দ্রুত ও নির্ভুল কম্পোজে পারদর্শী শ্রদ্ধেয় বিপুলানন্দ ভন্তে মহোদয় কম্পিউটার কম্পোজের মতো কঠোর পরিশ্রমের কাজটি সম্পাদন করে দিয়েছেন। উঁনার প্রতি রইল আমার অশেষ ধন্যবাদ ও সাধুবাদ। আমি হর্ষোৎফুল্ল অন্তরে দিচ্ছি পুণ্যদান—শ্রদ্ধাভাজনের ভবিষ্যৎ হয় যেন গৌরবোজ্জ্বল।

মহাকবি অশ্বঘোষ প্রমুখ সুপ্রসিদ্ধ বৌদ্ধ পণ্ডিতবর্গের মতে 'ত্রিপিটক শাস্ত্রের এক একটি অক্ষর এক একটি বুদ্ধমূর্তির মতো। যিনি ত্রিপিটকের বাণী লিখেন কিংবা অপরের দ্বারা লিপিবদ্ধ করে প্রকাশ করেন, তিনি বুদ্ধমূর্তি প্রতিষ্ঠার ন্যায় পুণ্য সঞ্চয় করেন এবং তিনি জন্মান্তরে আর্যমিত্র বুদ্ধের শিষ্য হবেন।' এই মহান বাণীতে উদ্বুদ্ধ হয়ে পূজ্য বনভন্তের শিষ্য, খাগড়াছড়ি আর্যবন বিহারের আবাসিক ভিক্ষু স্নেহাভাজন ধর্মভাই শ্রীমৎ সমাধিনন্দ ভিক্ষু ত্রিলোকগুরু বুদ্ধ ভগবানের ২৫৬০তম জন্মদিবস, বুদ্ধত্ব লাভ ও পরিনির্বাণ দিবস—এই ত্রি-স্মৃতি বিজড়িত বৌদ্ধদের জন্য অত্যন্ত স্মরণীয় দিন শুভ বৈশাখী পূর্ণিমা বা বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে পট্‌ঠানের ১ম, ২য়, ৩য় ও ৫ম খণ্ডগুলো প্রকাশ প্রকাশনার জন্য গভীর সংকল্পবদ্ধ হয়েছেন। অনন্ত গুণসমৃদ্ধ এই পট্‌ঠান ছাপিয়ে সে পরম পূজ্য বনভন্তের শিষ্যমণ্ডলী ও ধর্মপিপাসু উপাসক-উপাসিকাদেরকে বিনামূল্যে বিতরণ করবে এটিই তার স্বপ্ন। তারই প্রভাবে আজ আমার অনূদিত বহু গুণোসমৃদ্ধ পট্‌ঠান হলো ফল-পুষ্পে সুশোভিত। আসলে সে এই গ্রন্থগুলো ছাপিয়ে দিয়ে আমার অনন্ত উপকার সাধন করেছে। আমি তাকে অকাতরে দান করছি আমার ব্রহ্মচর্য জীবনের সমস্ত পুণ্যরাশি। এই মহতী পুণ্যকর্মের মধ্য দিয়ে সে সকলের মনোমন্দিরে ভালবাসার, শ্রদ্ধার ও স্নেহের পাত্র হিসেবে স্থান পাবেন এতে কোনো সন্দেহ নেই। আমি কামনা করি সে নানা পুণ্যকর্মের মধ্য দিয়ে জীবন অতিবাহিত করত অবিলম্বে নির্বাণসুখের ভাগী হোক। এবং এই গ্রন্থ প্রকাশনায় রাঙামাটিস্থ নানিয়ারচর উপজেলাধীন মহাসতিপট্‌ঠান ধুতাঙ্গ অরণ্য সাধনাকেন্দ্রের পক্ষ হতে ২০০০ টাকা দান করে এই পুণ্যকর্মে অংশ গ্রহণ করেছেন। সর্বোপরি এ গ্রন্থ প্রকাশনার জন্য যাঁরা সার্বিকভাবে সাহায্য-সহযোগিতা করেছেন, তাঁরা সকলে বিপুল পুণ্যের অংশীদার হয়ে নির্বাণের দুয়ার উন্মুক্ত করতে সক্ষম হয়েছেন। তাঁরা সকলে সমগ্র বৌদ্ধ জাতির অন্তরে স্থান করে নিয়ে সকলের ভালবাসা, ধন্যবাদ, সাধুবাদ ও মৈত্রী প্রাপ্ত হওয়ার

Visit: http://www.buddhistdownload.com

পরম সৌভাগ্য লাভ করেছেন। তাঁদের সকলকে আমি আমার দানময়, শীলময় ও ভাবনাময় পুণ্যকর্মের পুণ্যরাশি অকাতরে দান করছি।

২৪ প্রকার প্রত্যয়ের পুঙ্খানুপুঙ্খভাবে বিশ্লেষণ করে আলোচনা করা হয়েছে এই পট্‌ঠান গ্রন্থে। এতে প্রতীত্যসমুৎপাদ বা কার্যকারণনীতি, নির্বাণ, জন্মজন্মান্তর ইত্যাদি অভিধর্মের সুকঠিন তত্ত্ব রয়েছে। পট্‌ঠানের বিষয়বস্তু অধ্যায়, বিভাগ, উপবিভাগ, শাখা-প্রশাখা প্রশ্নোত্তর এতো বিশাল, ব্যাপক, অনন্ত, অপরিমেয় এবং যথার্থ সূক্ষ্ম অতিগভীর এবং জটিল যে সাধারণ মানুষের বোধগম্য হওয়া অত্যন্ত কঠিন। সেজন্য বলা হয়েছে 'পট্‌ঠান' কেবলমাত্র সর্বজ্ঞ বুদ্ধদের গোচর, অন্য কারো গোচরীভূত হতে পারে না।

ত্রিলোকগুরু ভগবান বুদ্ধ কর্তৃক প্রদর্শিত অভিধর্মনীতি পট্‌ঠানের আলোচ্য বিষয় অপার সমুদ্র-সদৃশ অনন্ত, অপরিমেয়, অতিসূক্ষ্ম, অতিগভীর। এজন্য পট্‌ঠানকে 'মহাপ্রকরণ' আখ্যা দেওয়া হয়েছে। ভগবান বুদ্ধের বোধিজ্ঞান যে কতো গভীর ছিলো তা কেবলমাত্র 'পট্‌ঠান' হতেই প্রমাণ পাওয়া যায়। যদি কোনো বিদগ্ধ পণ্ডিত যথার্থভাবে এই পট্‌ঠানের বিষয়বস্তু আয়ত্ত ও উপলব্ধি করতে সক্ষম হন, কেবল তিনিই স্বীকার করবেন যে বাস্তবিকই বুদ্ধের জ্ঞানের সীমা অনন্ত, অচিন্তনীয় এবং অপ্রমেয়। ভগবান বুদ্ধের ধর্মসেনাপতি অর্হৎ সারিপুত্র স্থবির হতে আরম্ভ করে আচার্য পরম্পরায় কীভাবে এই পট্‌ঠান মহাপ্রকরণ সুরক্ষিত হয়েছে তা অচিন্তনীয়।

আমাদের জন্য পরম দুর্লভ সৌভাগ্য যে ওই 'পট্‌ঠান' গ্রন্থাকারে আজো আমাদের মাঝে বিদ্যমান। কিন্তু এর বিষয় অনুধাবন, ভাবন, চিন্তন করা এবং এর গভীরে বিন্দুমাত্রও প্রবেশ করা আমাদের কারো পক্ষে সম্ভব কি? আমরা কি পট্‌ঠান গ্রন্থের নাম শুনেছি, এর পাতা উলটায়ে দেখেছি এর মধ্যে কী আছে তা তাত্ত্বিক এবং ব্যবহারিকভাবে মিলায়ে দেখেছি বা এর মধ্যে আদৌ প্রবেশ করার চেষ্টা করেছি? জগতে মনুষ্য জন্ম লাভ কারা বড়োই দুর্লভ। তার চেয়েও অত্যন্ত দুর্লভ পট্‌ঠান বিষয়ে অধিগত হওয়া।

সবাই বলেন পট্‌ঠান বুঝার লোক বাংলাদেশে নেই, সূত্র ও বিনয়পিটক বুঝার সাধ্য নেই এর মধ্যে অভিধর্মের সূক্ষ্মাতিসূক্ষ্ম পট্‌ঠান। কথিত আছে যে, পট্‌ঠান পাঠ যখন করে ব্রহ্মলোক থেকে ব্রহ্মারা নাকি নেমে আসেন, স্বর্গ থেকে দেবতারা নেমে আসেন এ পট্‌ঠান শোনার জন্য। কারণ ভগবান বুদ্ধ এবং অর্হৎদের অতি প্রিয় এ পট্‌ঠান। তাই সকলের জীবনকে ভয়মুক্ত, দোষমুক্ত, ব্যধিমুক্ত, শত্রুমুক্ত, অপদেবতামুক্ত ও অন্তরায়মুক্ত করতে চান তাইলে পট্‌ঠান পাঠ করুন। পুণ্য লাভ হবে, সব অন্তরায় দূর হবে। পাঁচ হাজার বছর গৌতম বুদ্ধের শাসনকালের মধ্যে অর্ধেকের চেয়ে বেশি সময় গত হয়েছে। তা ছাড়া

Visit: http://www.buddhistdownload.com

৪০. (৪) না-হেতু ধর্ম না-হেতু ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অস্তি-প্রত্যয় পাঁচ প্রকার)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** না-হেতু এক প্রকার স্কন্ধ তিন প্রকার স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিন প্রকার স্কন্ধ এক প্রকার স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুই প্রকার স্কন্ধ দুই প্রকার স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে না-হেতু এক প্রকার স্কন্ধ তিন প্রকার স্কন্ধের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়। তিন প্রকার স্কন্ধ এক প্রকার স্কন্ধের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুই প্রকার স্কন্ধ দুই প্রকার স্কন্ধের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়। (হৃদয়) বাস্তু স্কন্ধসমূহের অস্তি প্রত্যয় দ্বারা প্রত্যয় হয়। এক প্রকার মহাভূত... বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত, অসংজ্ঞসত্ত্বগণের...। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে... দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু না-হেতু স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** না-হেতু স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আহার :** কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **ইন্দ্রিয় :** রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-হেতু ধর্ম হেতু ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** না-হেতু স্কন্ধসমূহ সম্প্রযুক্ত হেতুসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... (হৃদয়) বাস্তু হেতুসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর সাহায্যে রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের সাহায্যে শব্দ শ্রবণ করে। (হৃদয়) বাস্তু হেতুসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-হেতু ধর্ম হেতু এবং না-হেতু ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** না-হেতু এক প্রকার স্কন্ধ তিন প্রকার স্কন্ধের, হেতুসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... (হৃদয়) বাস্তু হেতুসমূহের এবং সম্প্রযুক্ত হেতুসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর সাহায্যে রূপ দর্শন করেন, দিব্যকর্ণের সাহায্যে শব্দ শ্রবণ করেন। (হৃদয়) বাস্তু হেতুসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪১. (৭) হেতু এবং না-হেতু ধর্মসমূহ হেতু ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** অলোভ এবং

Visit: http://www.buddhistdownload.com

সম্প্রযুক্ত স্কন্ধসমূহ অদ্বেষ এবং অমোহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (চক্রাকারে প্রদর্শন করতে হবে)। লোভ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ মোহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (চক্রাকারে প্রদর্শন করতে হবে)। প্রতিসন্ধিক্ষণে... অলোভ এবং (হৃদয়) বাস্তু অদ্বেষ এবং অমোহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (চক্রাকারে প্রদর্শন করতে হবে)।

(৮) হেতু এবং না-হেতু ধর্মসমূহ না-হেতু ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (চতুর্বিধ অস্তি)—সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** না-হেতু এক প্রকার স্কন্ধ এবং হেতুসমূহ তিন প্রকার স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুই প্রকার স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে... প্রতিসন্ধিক্ষণে হেতুসমূহ এবং (হৃদয়) বাস্তু না-হেতু স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত :** হেতুসমূহ এবং মহাভূতসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** হেতুসমূহ এবং কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** হেতুসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) হেতু এবং না-হেতু ধর্মসমূহ হেতু এবং না-হেতু ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** না-হেতু এক প্রকার স্কন্ধ এবং অলোভ তিন প্রকার স্কন্ধের, অদ্বেষের, অমোহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (চক্রবন্ধন করতে হবে)। না-হেতু এক প্রকার স্কন্ধ এবং লোভ তিন প্রকার স্কন্ধের, মোহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (চক্রবন্ধন করতে হবে)। আবার প্রতিসন্ধিক্ষণে না-হেতু এক প্রকার স্কন্ধ এবং অলোভ (চক্রবন্ধন করতে হবে)। আবার প্রতিসন্ধিক্ষণে... অলোভ এবং (হৃদয়) বাস্তু অদ্বেষের, অমোহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। লোভ এবং (হৃদয়) বাস্তু মোহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(১-৯) নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৪২. হেতুতে তিন, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে নয়, কর্মে তিন, বিপাকে নয়, আহারে তিন, ইন্দ্রিয়ে

Visit: http://www.buddhistdownload.com

নয়, ধ্যানে তিন, মার্গে নয়, সম্প্রযুক্তে নয়, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৯)

৪৩. (১) হেতু ধর্ম হেতু ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) হেতু ধর্ম না-হেতু ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) হেতু ধর্ম হেতু এবং না-হেতু ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৪. (৪) না-হেতু ধর্ম না-হেতু ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-হেতু ধর্ম হেতু ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-হেতু ধর্ম হেতু এবং না-হেতু ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৫. (৭) হেতু এবং না-হেতু ধর্মসমূহ হেতু ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) হেতু এবং না-হেতু ধর্মসমূহ না-হেতু ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) হেতু এবং না-হেতু ধর্মসমূহ হেতু এবং না-হেতু ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৪৬. না-হেতুতে নয়, না-আলম্বনে নয়... না-বিগতে নয়। (অনুরূপভাবে গণনা করণীয়)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৪৭. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে তিন, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে এক, না-উপনিশ্রয়ে তিন... না-মার্গে তিন, না-সম্প্রযুক্তে এক, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন। (অনুরূপভাবে গণনা করণীয়)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

৪৮. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে তিন, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তিন, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে নয়, কর্মে তিন, বিপাকে তিন, আহারে তিন, ইন্দ্রিয়ে তিন, ধ্যানে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে তিন, অস্তিতে তিন, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে তিন। (অনুরূপভাবে গণনা করণীয়)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[হেতুদ্বিক (এখানে) সমাপ্ত হলো]

২. সহেতুকদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

৪৯. (১) সহেতুক[১] (হেতুযুক্ত) ধর্মকে প্রত্যয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। (প্রবর্তনসময়ে) সহেতুক এক প্রকার স্কন্ধকে প্রত্যয় করে তিন প্রকার (সহেতুক) স্কন্ধ, তিন প্রকার (সহেতুক) স্কন্ধকে প্রত্যয় করে এক

---

[১]। ৭১ প্রকার হেতু-সম্প্রযুক্ত চিত্ত, দুই মোহ চিত্তে মোহ ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-১) = ৫১ প্রকার চৈতসিক সহেতুক ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

প্রকার (সহেতুক) স্কন্ধ, দুই প্রকার স্কন্ধকে প্রত্যয় করে দুই প্রকার স্কন্ধ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(২) সহেতুক ধর্মকে প্রত্যয় করে অহেতুক[১] (হেতু-প্রত্যয় বিরহিত) ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। সহেতুক স্কন্ধসমূহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে সহেতুক স্কন্ধসমূহকে প্রত্যয় করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৩) সহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। সহেতুক এক প্রকার স্কন্ধকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, তিন প্রকার স্কন্ধকে প্রত্যয় করে এক প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, দুই প্রকার স্কন্ধকে প্রত্যয় করে দুই প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে সহেতুক এক প্রকার স্কন্ধকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ, তিন প্রকার স্কন্ধকে প্রত্যয় করে এক প্রকার স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ, দুই প্রকার স্কন্ধকে প্রত্যয় করে দুই প্রকার স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

৫০. (৪) অহেতুক ধর্মকে প্রত্যয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। এক প্রকার মহাভূতকে প্রত্যয় করে তিন প্রকার মহাভূত উৎপন্ন হয়। তিন প্রকার মহাভূতকে প্রত্যয় করে এক প্রকার মহাভূত উৎপন্ন হয়। দুই প্রকার মহাভূতকে প্রত্যয় করে দুই প্রকার মহাভূত উৎপন্ন হয়। মহাভূতসমূহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৫) অহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে সহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) অহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে সহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে প্রত্যয় করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

---

[১]। ১৮ হেতু ব্যতীত চিত্ত, ছন্দ ব্যতীত তৎসম্প্রযুক্ত সর্বচিত্ত সাধারণ চৈতসিক ৭ এবং প্রকীর্ণক চৈতসিক ৬ মোট (৭+৬) = ১৩ চৈতসিক, দুই মোহমূলক চিত্তে মোহ, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অহেতুক বা হেতুহীন ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

৫১. (৭) সহেতুক এবং অহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধ এবং মোহকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ, তিন প্রকার স্কন্ধ এবং মোহকে প্রত্যয় করে এক প্রকার স্কন্ধ, দুই প্রকার স্কন্ধ এবং মোহকে প্রত্যয় করে দুই প্রকার স্কন্ধ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে সহেতুক এক প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধকে...।

(৮) সহেতুক এবং অহেতুক ধর্মকে প্রত্যয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। সহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৯) সহেতুক এবং অহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধ এবং মোহকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে সহেতুক এক প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। তিন প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে এক প্রকার স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। দুই প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে দুই প্রকার স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। সহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে প্রত্যয় করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

আলম্বন-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৬)

৫২. (১) সহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। এক প্রকার সহেতুক স্কন্ধকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) সহেতুক ধর্মকে প্রত্যয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৩) সহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ এবং মোহ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে...।

৫৩. (৪) অহেতুক ধর্মকে প্রত্যয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। এক প্রকার অহেতুক স্কন্ধকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ... দুই

Visit: http://www.buddhistdownload.com

প্রকার স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে অহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) অহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে সহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) সহেতুক এবং অহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধ এবং মোহকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে সহেতুক এক প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধ...।

অধিপতি-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৫)

৫৪. (১) সহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় অধিপতি-প্রত্যয় দ্বারা। এক প্রকার সহেতুক স্কন্ধকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ, তিন প্রকার স্কন্ধকে প্রত্যয় করে এক প্রকার স্কন্ধ, দুই প্রকার স্কন্ধকে প্রত্যয় করে দুই প্রকার স্কন্ধ উৎপন্ন হয়।

(২) সহেতুক ধর্মকে প্রত্যয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় অধিপতি-প্রত্যয় দ্বারা। সহেতুক স্কন্ধসমূহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৩) সহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয় অধিপতি-প্রত্যয় দ্বারা। এক প্রকার সহেতুক স্কন্ধকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, তিন প্রকার স্কন্ধকে প্রত্যয় করে এক প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, দুই প্রকার স্কন্ধকে প্রত্যয় করে দুই প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

৫৫. (৪) অহেতুক ধর্মকে প্রত্যয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় অধিপতি-প্রত্যয় দ্বারা। এক প্রকার মহাভূতকে প্রত্যয় করে তিন প্রকার মহাভূত, তিন প্রকার মহাভূতকে প্রত্যয় করে এক প্রকার মহাভূত, দুই প্রকার মহাভূতকে প্রত্যয় করে দুই প্রকার মহাভূত, মহাভূতসমূহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৫) সহেতুক এবং অহেতুক ধর্মকে প্রত্যয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় অধিপতি-প্রত্যয় দ্বারা। সহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

অনন্তর-প্রত্যয় ইত্যাদি

৫৬. (১) সহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় অনন্তর-প্রত্যয় দ্বারা... সমনন্তর-প্রত্যয় দ্বারা... সহজাত-প্রত্যয় দ্বারা। সহেতুক এক প্রকার স্কন্ধকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ উৎপন্ন হয়... প্রতিসন্ধিক্ষণে...।

(২) সহেতুক ধর্মকে প্রত্যয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় সহজাত-প্রত্যয় দ্বারা। সহেতুক স্কন্ধসমূহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) সহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয় সহজাত-প্রত্যয় দ্বারা। এক প্রকার সহেতুক স্কন্ধকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, দুই প্রকার স্কন্ধকে প্রত্যয় করে দুই প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ, মোহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, তিন প্রকার স্কন্ধকে প্রত্যয় করে এক প্রকার স্কন্ধ, মোহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, দুই প্রকার স্কন্ধকে প্রত্যয় করে দুই প্রকার স্কন্ধ, মোহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

৫৭. (৪) অহেতুক ধর্মকে প্রত্যয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় সহজাত-প্রত্যয় দ্বারা। এক প্রকার অহেতুক স্কন্ধকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। তিন প্রকার স্কন্ধকে প্রত্যয় করে এক প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। দুই প্রকার স্কন্ধকে প্রত্যয় করে দুই প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে প্রত্যয় করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। এক প্রকার মহাভূতকে... বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত, অসংজ্ঞসত্ত্বগণের (একস্কন্ধবিশিষ্টভবে) এক প্রকার মহাভূতকে...।

(৫-৯) অহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় সহজাত-প্রত্যয় দ্বারা (এই পাঁচটি প্রশ্ন হেতু-প্রত্যয় সদৃশ করণীয়, নির্ণয় না-না-করণীয়)।

অন্যোন্য-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৬)

৫৮. (১) সহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় অন্যোন্য-প্রত্যয় দ্বারা। এক প্রকার সহেতুক স্কন্ধকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ উৎপন্ন হয়... প্রতিসন্ধিক্ষণে...।

Visit: http://www.buddhistdownload.com

(২) সহেতুক ধর্মকে প্রত্যয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় অন্যোন্য-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে সহেতুক স্কন্ধসমূহকে প্রত্যয় করে (হৃদয়) বাস্তু (বা হৃদপিণ্ড) উৎপন্ন হয়।

(৩) সহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয় অন্যোন্য-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ এবং মোহ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে সহেতুক এক প্রকার স্কন্ধকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু, তিন প্রকার স্কন্ধকে প্রত্যয় করে এক প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু, দুই প্রকার স্কন্ধকে প্রত্যয় করে দুই প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়।

৫৯. (৪) অহেতুক ধর্মকে প্রত্যয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় অন্যোন্য-প্রত্যয় দ্বারা। এক প্রকার অহেতুক স্কন্ধকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে অহেতুক এক প্রকার স্কন্ধকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু... দুই প্রকার স্কন্ধকে... (সংক্ষিপ্ত। অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত পাঠ করতে হবে)।

(৫) অহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় অন্যোন্য-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে সহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) সহেতুক এবং অহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় অন্যোন্য-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধ এবং মোহকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে সহেতুক এক প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধ...।

নিশ্রয়-প্রত্যয় ইত্যাদি

৬০. সহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় নিশ্রয়-প্রত্যয় দ্বারা, উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা, পূর্বজাত-প্রত্যয় দ্বারা, আসেবন-প্রত্যয় দ্বারা, কর্ম-প্রত্যয় দ্বারা, বিপাক-প্রত্যয় দ্বারা, আহার-প্রত্যয় দ্বারা, ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা, ধ্যান-প্রত্যয় দ্বারা, মার্গ-প্রত্যয় দ্বারা, (ধ্যান ও মার্গ সহজাত-প্রত্যয় সদৃশ করণীয়, বাহ্যিক মহাভূতসমূহ হয় না) সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা, বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা, অস্তি-প্রত্যয় দ্বারা, নাস্তি-প্রত্যয় দ্বারা, বিগত-প্রত্যয় দ্বারা, অবিগত-প্রত্যয় দ্বারা ।

Visit: http://www.buddhistdownload.com

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৬১. হেতুতে নয়, আলম্বনে ছয়, অধিপতিতে পাঁচ, অনন্তরে ছয়, সমনন্তরে ছয়, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে ছয়, পূর্বজাতে ছয়, আসেবনে ছয়, কর্মে নয়, বিপাকে নয়, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়, মার্গে নয়, সম্প্রযুক্তে ছয়, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে ছয়, বিগতে ছয়, অবিগতে নয়। (অনুরূপভাবে বিস্তারিত গণিতব্য)।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায়

না-হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-২)

৬২. (১) সহেতুক ধর্মকে প্রত্যয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) অহেতুক ধর্মকে প্রত্যয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। এক প্রকার অহেতুক স্কন্ধকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...। (সবক্ষেত্রে অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত করণীয়)।

না-আলম্বন-প্রত্যয় ইত্যাদি

৬৩. (১) সহেতুক ধর্মকে প্রত্যয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় না-আলম্বন-প্রত্যয় দ্বারা। সহেতুক স্কন্ধসমূহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে সহেতুক স্কন্ধসমূহকে প্রত্যয় করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(২) অহেতুক ধর্মকে প্রত্যয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় না-আলম্বন-প্রত্যয় দ্বারা। অহেতুক স্কন্ধসমূহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে প্রত্যয় করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। এক প্রকার মহাভূতকে... অসংজ্ঞসত্ত্বগণের এক প্রকার...।

(৩) সহেতুক এবং অহেতুক ধর্মকে প্রত্যয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় না-আলম্বন-প্রত্যয় দ্বারা। সহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(১) সহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় না-অধিপতি-

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় দ্বারা (অনুলোম সহজাতের ন্যায় হবে) না-অনন্তর-প্রত্যয় দ্বারা, না-সমনন্তর-প্রত্যয় দ্বারা, না-অন্যোন্য-প্রত্যয় দ্বারা, না-উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা, না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা... । অরূপলোকে এক প্রকার সহেতুক স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

৬৪. (২) সহেতুক ধর্মকে প্রত্যয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা। অরূপলোকে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। সহেতুক স্কন্ধসমূহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) সহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয় না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা। অরূপলোকে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ এবং মোহ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৪) অহেতুক ধর্মকে প্রত্যয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা। অরূপলোকে এক প্রকার অহেতুক স্কন্ধকে... দুই প্রকার স্কন্ধকে... অহেতুক স্কন্ধসমূহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত বিস্তৃত করণীয়)।

(৫) অহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা। অরূপলোকে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে সহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) অহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয় না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে সহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে প্রত্যয় করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

৬৫. (৭) সহেতুক এবং অহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা। অরূপলোকে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধ এবং মোহকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে এক প্রকার সহেতুক স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধ...।

(৮) সহেতুক এবং অহেতুক ধর্মকে প্রত্যয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা। সহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে প্রত্যয় করে

Visit: http://www.buddhistdownload.com

চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৯) সহেতুক এবং অহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয় না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা। প্রতিসন্ধিক্ষণে সহেতুক এক প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধ... সহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে প্রত্যয় করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

না-পশ্চাজ্জাত-প্রত্যয় ইত্যাদি

৬৬. (১) সহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা, না-আসেবন-প্রত্যয় দ্বারা, না-কর্ম-প্রত্যয় দ্বারা। সহেতুক স্কন্ধসমূহকে প্রত্যয় করে সহেতুক চেতনা (চৈতন্য বা চিত্তবৃত্তি) উৎপন্ন হয়।

(২) অহেতুক ধর্মকে প্রত্যয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় না-কর্ম-প্রত্যয় দ্বারা। অহেতুক স্কন্ধসমূহকে প্রত্যয় করে অহেতুক চেতনা উৎপন্ন হয়... বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত...।

(৩) অহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় না-কর্ম-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহকে প্রত্যয় করে সম্প্রযুক্ত চেতনা উৎপন্ন হয়।

(৪) সহেতুক এবং অহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় না-কর্ম-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে প্রত্যয় করে সম্প্রযুক্ত চেতনা উৎপন্ন হয়... না-বিপাক-প্রত্যয় দ্বারা (প্রতিসন্ধি হয় না)।

না-আহার-প্রত্যয় ইত্যাদি

৬৭. অহেতুক ধর্মকে প্রত্যয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় না-আহার-প্রত্যয় দ্বারা, না-ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা, না-ধ্যান-প্রত্যয় দ্বারা, না-মার্গ-প্রত্যয় দ্বারা, না-সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা...।

না-বিপ্রযুক্ত-প্রত্যয় ইত্যাদি

৬৮. (১) সহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা। অরূপলোকে এক প্রকার সহেতুক স্কন্ধকে...।

(২) সহেতুক ধর্মকে প্রত্যয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা। অরূপলোকে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত

Visit: http://www.buddhistdownload.com

স্কন্ধসমূহকে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৩) সহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয় না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা। অরূপলোকে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ এবং মোহ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে...।

(৪) অহেতুক ধর্মকে প্রত্যয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা। অরূপলোকে এক প্রকার অহেতুক স্কন্ধকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ উৎপন্ন হয়। দুই প্রকার স্কন্ধকে...।

(৫) অহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা। অরূপলোকে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) সহেতুক এবং অহেতুক ধর্মকে প্রত্যয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা। অরূপলোকে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধ এবং মোহকে প্রত্যয় করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধকে... না-নাস্তি-প্রত্যয় দ্বারা, না-বিগত-প্রত্যয় দ্বারা...।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৬৯. না-হেতুতে দুই, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন। (অনুরূপভাবে গণনা করণীয়)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৭০. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন। (অনুরূপভাবে গণনা করণীয়)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]।

Visit: http://www.buddhistdownload.com

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

৭১. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অনন্তরে দুই, সমনন্তরে দুই (সর্বত্র দুই), বিপাকে এক, আহারে দুই, ইন্দ্রিয়ে দুই, ধ্যানে দুই, মার্গে এক, সম্প্রযুক্তে দুই... অবিগতে দুই । (অনুরূপভাবে গণনা করণীয়)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ পাঠ করতে হবে)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

৭২. (১-৩) সহেতুক ধর্মকে আশ্রয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা (সহেতুকমূলকে প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৪) অহেতুক ধর্মকে আশ্রয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৫) অহেতুক ধর্মকে আশ্রয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) অহেতুক ধর্মকে আশ্রয় করে সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে...।

৭৩. (৭) সহেতুক এবং অহেতুক ধর্মকে আশ্রয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। সহেতুক এক প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিন প্রকার স্কন্ধ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধ... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধ এবং মোহকে আশ্রয় করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে...।

(৮) সহেতুক এবং অহেতুক ধর্মকে আশ্রয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। সহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

Visit: http://www.buddhistdownload.com

(৯) সহেতুক এবং অহেতুক ধর্মকে আশ্রয় করে সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। সহেতুক এক প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিন প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, তিন প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে এক প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, দুই প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দুই প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, সহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধ এবং মোহকে আশ্রয় করে তিন প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে এক প্রকার সহেতুক স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিন প্রকার স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধ... সহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

আলম্বন-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

৭৪. (১) সহেতুক ধর্মকে আশ্রয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। এক প্রকার সহেতুক স্কন্ধকে আশ্রয় করে তিন প্রকার স্কন্ধ উৎপন্ন হয়... প্রতিসন্ধিক্ষণে...।

(২) সহেতুক ধর্মকে আশ্রয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৩) সহেতুক ধর্মকে আশ্রয় করে সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধকে আশ্রয় করে তিন প্রকার স্কন্ধ এবং মোহ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে...।

৭৫. (৪) অহেতুক ধর্মকে আশ্রয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। এক প্রকার অহেতুক স্কন্ধকে... দুই প্রকার স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) অহেতুক ধর্মকে আশ্রয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৬) অহেতুক ধর্মকে আশ্রয় করে সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ উৎপন্ন

Visit: http://www.buddhistdownload.com

হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

৭৬. (৭) সহেতুক এবং অহেতুক ধর্মকে আশ্রয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। এক প্রকার সহেতুক স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিন প্রকার স্কন্ধ... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধ এবং মোহকে আশ্রয় করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে...।

(৮) সহেতুক এবং অহেতুক ধর্মকে আশ্রয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৯) সহেতুক এবং অহেতুক ধর্মকে আশ্রয় করে সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিন প্রকার স্কন্ধ এবং মোহ... দুই প্রকার স্কন্ধ...।

অধিপতি-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

৭৭. সহেতুক ধর্মকে আশ্রয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় অধিপতি-প্রত্যয় দ্বারা (অধিপতিতে নয়টি প্রশ্ন প্রবর্তনকালের ন্যায় হবে)।

অনন্তর-প্রত্যয় ইত্যাদি

৭৮. (১-৩) সহেতুক ধর্মকে আশ্রয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় অনন্তর-প্রত্যয় দ্বারা, সমনন্তর-প্রত্যয় দ্বারা, সহজাত-প্রত্যয় দ্বারা... (তিন) (প্রতীত্যবার সদৃশ হবে)।

(৪) অহেতুক ধর্মকে আশ্রয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় সহজাত-প্রত্যয় দ্বারা। এক প্রকার অহেতুক স্কন্ধকে আশ্রয় করে তিন প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুই প্রকার স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত করণীয়), চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) অহেতুক ধর্মকে আশ্রয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় সহজাত-প্রত্যয় দ্বারা। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৬) অহেতুক ধর্মকে আশ্রয় করে সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ উৎপন্ন

Visit: http://www.buddhistdownload.com

হয় সহজাত-প্রত্যয় দ্বারা। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে...।

৭৯. (৭) সহেতুক এবং অহেতুক ধর্মকে আশ্রয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় সহজাত-প্রত্যয় দ্বারা। এক প্রকার সহেতুক স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধ... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধ এবং মোহকে আশ্রয় করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৮) সহেতুক এবং অহেতুক ধর্মকে আশ্রয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় সহজাত-প্রত্যয় দ্বারা। সহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৯) সহেতুক এবং অহেতুক ধর্মকে আশ্রয় করে সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয় সহজাত-প্রত্যয় দ্বারা। এক প্রকার সহেতুক স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধ... সহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধ... সহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধ এবং মোহকে আশ্রয় করে তিন প্রকার স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধ... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিন প্রকার স্কন্ধ এবং মোহ... প্রতিসন্ধিক্ষণে এক প্রকার সহেতুক স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধ... সহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

অন্যোন্য-প্রত্যয় ইত্যাদি

৮০. সহেতুক ধর্মকে আশ্রয় করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় অন্যোন্য-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা।

Visit: http://www.buddhistdownload.com

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৮১. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয় (সর্বত্র নয়), অবিগতে নয়। (অনুরূপভাবে গণনা করতে হবে)।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩)

৮২. (১) সহেতুক ধর্মকে আশ্রয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) অহেতুক ধর্মকে আশ্রয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। এক প্রকার অহেতুক স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত করণীয়), চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

(৩) সহেতুক এবং অহেতুক ধর্মকে আশ্রয় করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৮৩. না-হেতুতে তিন, না-আলম্বনে তিন, না-অধিপতিতে তিন, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-নিশ্রয়ে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন। (অনুরূপভাবে গণনা করতে হবে)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৮৪. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে

Visit: http://www.buddhistdownload.com

নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন। (অনুরূপভাবে গণনা করতে হবে)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

৮৫. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন, অনন্তরে তিন... মার্গে তিন, সম্প্রযুক্তে তিন... অবিগতে তিন। (অনুরূপভাবে গণনা করতে হবে)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

৪. নিশ্রয়বার

(নিশ্রয়বার প্রত্যয়বার সদৃশ তাই প্রত্যয়বার সদৃশ জানতে হবে)।

৫. সংশ্লিষ্টবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩)

৮৬. (১) সহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। এক প্রকার সহেতুক স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিন প্রকার স্কন্ধ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুই প্রকার স্কন্ধ উৎপন্ন হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে...।

(২) অহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহকে সংশ্লিষ্ট করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) সহেতুক এবং অহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধ এবং মোহকে সংশ্লিষ্ট করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধ...।

আলম্বন-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৬)

৮৭. (১) সহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। এক প্রকার সহেতুক স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিন প্রকার স্কন্ধ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুই প্রকার স্কন্ধ উৎপন্ন হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে...।

(২) সহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৩) সহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিন প্রকার স্কন্ধ এবং মোহ... দুই প্রকার স্কন্ধকে...।

৮৮. (৪) অহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। এক প্রকার অহেতুক স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৫) অহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহকে সংশ্লিষ্ট করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) সহেতুক এবং অহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত এক প্রকার স্কন্ধ এবং মোহকে সংশ্লিষ্ট করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধ...।

অধিপতি-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-১)

৮৯. সহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় অধিপতি-প্রত্যয় দ্বারা। এক প্রকার সহেতুক স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধকে...।

অনন্তর-প্রত্যয় ইত্যাদি

৯০. (১) সহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে সহেতুক ধর্ম উৎপন্ন হয় অনন্তর-প্রত্যয় দ্বারা, সমনন্তর-প্রত্যয় দ্বারা, সহজাত-প্রত্যয় দ্বারা, বিপাক-প্রত্যয় দ্বারা। এক প্রকার সহেতুক বিপাক (ফলদান) স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) অহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় বিপাক-প্রত্যয় দ্বারা। এক প্রকার অহেতুক বিপাক স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... ধ্যান-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা...।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৯১. হেতুতে তিন, আলম্বনে ছয়, অধিপতিতে এক, অনন্তরে ছয়, সমনন্তরে ছয়, সহজাতে ছয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে ছয়, উপনিশ্রয়ে ছয়, পূর্বজাতে ছয়... বিপাকে দুই, আহারে ছয়, ইন্দ্রিয়ে ছয়, ধ্যানে ছয়, মার্গে পাঁচ... অবিগতে ছয়। (অনুরূপভাবে গণনা করতে হবে)।

[অনুলোম সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায়

না-হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-২)

৯২. (১) সহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) অহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে অহেতুক ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। এক প্রকার অহেতুক স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৯৩. না-হেতুতে দুই, না-অধিপতিতে দুই, না-পূর্বজাতে ছয়, না-পশ্চাজ্জাতে ছয়, না-আসেবনে ছয়, না-কর্মে চার, না-বিপাকে ছয়, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে ছয়। (অনুরূপভাবে গণনা করতে হবে)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৯৪. হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-বিপ্রযুক্তে তিন। (অনুরূপভাবে গণনা করতে হবে)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

৯৫. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অনন্তরে দুই... কর্মে দুই, বিপাকে এক, আহারে দুই... মার্গে এক... অবিগতে দুই। (অনুরূপভাবে গণনা করতে হবে)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

৬. সম্প্রযুক্তবার

(সম্প্রযুক্তবার সংশ্লিষ্টবার সদৃশ তাই সংশ্লিষ্টবার সদৃশ জানতে হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৬)

৯৬. (১) সহেতুক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

সহেতুক হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(২) সহেতুক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। সহেতুক হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...।

(৩) সহেতুক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়। সহেতুক হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...।

৯৭. (৪) অহেতুক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ হেতু-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৫) অহেতুক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৬) অহেতুক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

৯৮. (১) সহেতুক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (পুণ্যকামী ব্যক্তি) দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম সম্পাদন করে তা স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে তিনি যেসমস্ত পুণ্যময় সুকর্ম সম্পাদন করেছিলেন সেসমস্ত পুণ্যময় সুকর্মসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। প্রহীন ক্লেশসমূহকে (চিত্তের ময়লা বা ক্লেদসমূহকে) স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, অপ্রহীন ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, সহেতুক স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন, একে প্রত্যয় করে রাগ (লোভ বা অনুরাগ), মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য (মানসিক অশান্তি) উৎপন্ন হয়। কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে (সেই জবনের আশু বিপাক স্বরূপ) সহেতুক বিপাক তদালম্বনতা (জবন গৃহীত আলম্বনের পুনরালোচনা) উৎপন্ন হয়। চিত্তপর্যায়জ্ঞানের (পরচিত্তবিজাননজ্ঞানের) দ্বারা সহেতুক চিত্তসমন্বিত (৭১

Visit: http://www.buddhistdownload.com

প্রকার সহেতুক চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন (প্রথম অরূপ ধ্যানচিত্ত) আলম্বন-প্রত্যয়ের দ্বারা বিজ্ঞান-অনন্ত-আয়তনের (দ্বিতীয় অরূপ ধ্যানচিত্তের)... আকিঞ্চন-আয়তন (তৃতীয় অরূপ ধ্যানচিত্ত) আলম্বন-প্রত্যয়ের দ্বারা নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের (চতুর্থ অরূপ ধ্যানচিত্তের)... সহেতুক স্কন্ধসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা বিবিধ ঋদ্ধিজ্ঞানের (নানাপ্রকার অলৌকিকশক্তির), চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের (জাতিস্মরজ্ঞানের), যথাকর্মোপগজ্ঞানের (জীবের চ্যুতি-উৎপত্তিজ্ঞানের), অনাগতভবজ্ঞানের (অনাগতজন্ম সম্পর্কীয়জ্ঞানের) প্রত্যয় হয়। সহেতুক স্কন্ধসমূহকে নির্ভর করে সহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) সহেতুক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। সহেতুক স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও আত্মাশূন্য হিসেবে বিশেষভাবে অবলোকন করেন। একে অবলম্বন করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে (সেই জবনের আশু বিপাক স্বরূপ) অহেতুক বিপাক তদালম্বনতা উৎপন্ন হয়। সহেতুক স্কন্ধসমূহকে প্রত্যয় করে অহেতুক স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

(৩) সহেতুক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়। সহেতুক স্কন্ধসমূহকে নির্ভর করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

৯৯. (৪) অহেতুক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। নির্বাণ আলম্বন-প্রত্যয়ের দ্বারা আবর্তন-চিত্তের প্রত্যয় হয়। (ব্যক্তি) চক্ষু... (হৃদয়) বাস্তু, অহেতুক স্কন্ধসমূহ এবং মোহকে অনিত্য, দুঃখ ও আত্মাশূন্য হিসেবে বিশেষভাবে অবলোকন করেন। একে অবলম্বন করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে অহেতুক বিপাক তদালম্বনতা উৎপন্ন হয়। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... অহেতুক স্কন্ধসমূহ এবং মোহকে প্রত্যয় করে অহেতুক স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

(৫) অহেতুক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়। আর্যগণ নির্বাণকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। তদ্ধেতু আলম্বন-প্রত্যয়ের দ্বারা গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের প্রত্যয় হয়। আর্যগণ অহেতুক প্রহীন ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, অপ্রহীন ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে তিনি যেসমস্ত ক্লেশতে অভ্যস্ত ছিলেন সেসব ক্লেশসমূহ স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, অহেতুক স্কন্ধসমূহ এবং মোহকে অনিত্য, দুঃখ ও আত্মাশূন্য হিসেবে বিশেষভাবে

Visit: http://www.buddhistdownload.com

অবলোকন করেন, একে অবলম্বন করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে (কামলোকচিত্তে, কামজবনাবসানে, কামলোকস্থসত্ত্বগণের আশু বিপাক স্বরূপ) সহেতুক বিপাক তদালম্বনতা উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন (কাছের বা দূরের দেব-মনুষ্যের শব্দ শুনেন), চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা অহেতুক চিত্তসম্পন্ন (১৮ প্রকার অহেতুক চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। অহেতুক স্কন্ধসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, অনাগতভবজ্ঞানের প্রত্যয় হয়। অহেতুক স্কন্ধসমূহ এবং মোহকে প্রত্যয় করে সহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) অহেতুক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়। চক্ষুকে অবলম্বন করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়। (অনুরূপভাবে) শ্রোত্র... (হৃদয়) বাস্তু, অহেতুক স্কন্ধসমূহ এবং মোহকে অবলম্বন করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

১০০. (৭) সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে অবলম্বন করে সহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৮) সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে অবলম্বন করে অহেতুক স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

(৯) সহেতুক এবং অহেতুক ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে অবলম্বন করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৪)

১০১. (১) সহেতুক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দুই প্রকার)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীলময় বিশুদ্ধ জীবন যাপন করে, উপোসথকর্ম সম্পাদন করে তা গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন, আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফলকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন। সহেতুক স্কন্ধসমূহকে গুরুত্ব সহকারে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন

Visit: http://www.buddhistdownload.com

হয়। **সহজাত-অধিপতি :** সহেতুক-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) সহেতুক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অহেতুক ধর্মের প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** সহেতুক-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৩) সহেতুক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা সহেতুক এবং অহেতুক ধর্মের প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** সহেতুক-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৪) অহেতুক ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা সহেতুক ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** আর্যগণ নির্বাণকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন। তদ্ধেতু নির্বাণ অধিপতি-প্রত্যয়ের দ্বারা গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, অহেতুক স্কন্ধসমূহকে গুরুত্ব সহকারে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

(৩) হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু সহেতুক ধর্মকে অবলম্বন করে না-হেতু সহেতুক এবং না-হেতু অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয়। না-হেতু সহেতুক একটি স্কন্ধকে অবলম্বন করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, তিনটি স্কন্ধকে অবলম্বন করে একটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, দুটি স্কন্ধকে অবলম্বন করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...।

১৬০. (৪) হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু অহেতুক ধর্মকে অবলম্বন করে না-হেতু অহেতুক ধর্ম উৎপন্ন হয়... একটি মহাভূতকে অবলম্বন করে তিনটি মহাভূত, তিনটি মহাভূতকে অবলম্বন করে একটি মহাভূত, দুটি মহাভূতকে অবলম্বন করে দুটি মহাভূত, মহাভূতসমূহকে অবলম্বন করে চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৫) হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু অহেতুক ধর্মকে অবলম্বন করে না-হেতু সহেতুক ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে না-হেতু সহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু অহেতুক ধর্মকে অবলম্বন করে না-হেতু সহেতুক এবং না-হেতু অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে না-হেতু সহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে অবলম্বন করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

১৬১. (৭) হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু সহেতুক এবং না-হেতু অহেতুক ধর্মকে অবলম্বন করে না-হেতু অহেতুক ধর্ম উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে না-হেতু সহেতুক একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ...।

(৮) হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু সহেতুক এবং না-হেতু অহেতুক ধর্মকে অবলম্বন করে না-হেতু অহেতুক ধর্ম উৎপন্ন হয়। না-হেতু সহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে অবলম্বন করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(৯) হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু সহেতুক এবং না-হেতু অহেতুক ধর্মকে অবলম্বন করে না-হেতু সহেতুক এবং না-হেতু অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে না-হেতু সহেতুক একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে

---

[১]। ১৮ প্রকার হেতু ব্যতীত বা অহেতুক চিত্ত, সর্বচিত্ত সাধারণ চৈতসিক ৭ এবং ৬ প্রকীর্ণ চৈতসিক (৭+৬) = তৎসম্প্রযুক্ত ১৩ প্রকার চৈতসিক, দুই মোহমূলক চিত্ত মোহ, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-হেতু অহেতুক ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

অবলম্বন করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... না-হেতু সহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে অবলম্বন করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

আলম্বন-প্রত্যয় (৪)

১৬২. (১) আলম্বন-প্রত্যয় দ্বারা না-হেতু সহেতুক ধর্মকে অবলম্বন করে না-হেতু সহেতুক ধর্ম উৎপন্ন হয়। না-হেতু সহেতুক একটি স্কন্ধকে অবলম্বন করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(২) আলম্বন-প্রত্যয় দ্বারা না-হেতু অহেতুক ধর্মকে অবলম্বন করে না-হেতু অহেতুক ধর্ম উৎপন্ন হয়। না-হেতু অহেতুক একটি স্কন্ধকে অবলম্বন করে তিনটি স্কন্ধ... পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(৩) আলম্বন-প্রত্যয় দ্বারা না-হেতু অহেতুক ধর্মকে অবলম্বন করে না-হেতু সহেতুক ধর্ম উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে না-হেতু সহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৪) আলম্বন-প্রত্যয় দ্বারা না-হেতু সহেতুক এবং না-হেতু অহেতুক ধর্মকে অবলম্বন করে না-হেতু সহেতুক ধর্ম উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে না-হেতু সহেতুক একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... (সংক্ষিপ্ত। অনুরূপভাবে বিভাজন করতে হবে)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৬৩. হেতুতে নয়, আলম্বনে চার, অধিপতিতে পাঁচ, অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয় নয়, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে দুই, আসেবনে দুই, কর্মে নয়, বিপাকে নয়, আহারে নয় (সংক্ষিপ্ত। সর্বত্র নয়), সম্প্রযুক্তে চার, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে চার, বিগতে চার, অবিগতে নয়। (অনুরূপভাবে গণনা করণীয়)।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (১)

১৬৪. (১) না-হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু অহেতুক ধর্মকে অবলম্বন করে না-হেতু অহেতুক ধর্ম উৎপন্ন হয়। না-হেতু অহেতুক একটি স্কন্ধকে অবলম্বন করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত করতে হবে, মোহ হবে না)।

Visit: http://www.buddhistdownload.com

না-আলম্বন-প্রত্যয় (৩)

১৬৫. (১) না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-হেতু সহেতুক ধর্মকে অবলম্বন করে না-হেতু অহেতুক ধর্ম উৎপন্ন হয়। না-হেতু সহেতুক স্কন্ধসমূহকে অবলম্বন করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে না-হেতু সহেতুক স্কন্ধসমূহকে অবলম্বন করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(২) না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-হেতু অহেতুক ধর্মকে অবলম্বন করে না-হেতু অহেতুক ধর্ম উৎপন্ন হয়। না-হেতু অহেতুক স্কন্ধসমূহকে অবলম্বন করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত করণীয়)।

(৩) না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-হেতু সহেতুক এবং না-হেতু অহেতুক ধর্মকে অবলম্বন করে না-হেতু অহেতুক ধর্ম উৎপন্ন হয়। না-হেতু সহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে অবলম্বন করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে... (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৬৬. না-হেতুতে এক, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে দুই, না-বিপাকে পাঁচ, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন। (অনুরূপভাবে গণিতব্য)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

১৬৭. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে নয়, না-সমনন্তরে নয়, না-অন্যোন্যে নয়, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে এক, না-বিপাকে পাঁচ, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে এক, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন। (অনুরূপভাবে গণিতব্য)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

১৬৮. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক... আহারে এক... ধ্যানে এক, সম্প্রযুক্তে এক, বিপ্রযুক্তে এক... বিগতে এক, অবিগতে এক। (অনুরূপভাবে গণিতব্য)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

২. সহজাতবার

(সহজাতবারও অনুরূপভাবে বিস্তার করতে হবে)।

৩. প্রত্যয়বার

১-৪. প্রত্যয় : অনুলোম ইত্যাদি

১৬৯. (১) হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু সহেতুক ধর্মবশত না-হেতু সহেতুক ধর্ম উৎপন্ন হয়...।

(২) হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু সহেতুক ধর্মবশত না-হেতু অহেতুক ধর্ম উৎপন্ন হয়...।

(৩) হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু সহেতুক ধর্মবশত না-হেতু সহেতুক এবং না-হেতু অহেতুক ধর্ম উৎপন্ন হয়...।

(৪) হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু অহেতুক ধর্মবশত না-হেতু অহেতুক ধর্ম উৎপন্ন হয়। একটি মহাভূতবশত তিনটি মহাভূত, মহাভূতসমূহবশত চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৫) হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু অহেতুক ধর্মবশত না-হেতু সহেতুক ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুবশত না-হেতু সহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(৬) হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু অহেতুক ধর্মবশত না-হেতু সহেতুক এবং না-হেতু অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুবশত না-হেতু সহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহবশত চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(৭-৯) হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু সহেতুক এবং না-হেতু অহেতুক ধর্মবশত না-হেতু সহেতুক ধর্ম উৎপন্ন হয়... (তিনটি ঘটনা হবে, প্রবর্তনকাল-প্রতিসন্ধিকাল পরিপূর্ণ করা উচিত। সংক্ষিপ্ত)।

১৭০. (অনুলোম গণনায়)—হেতুতে নয়, আলম্বনে চার... অন্যোন্যে ছয়... পূর্বজাতে-আসেবনে চার... অবিগতে নয়। (অনুরূপভাবে গণনা করণীয়)।

[অনুলোম সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

১৭১. (প্রতিলোম গণনায়)—না-হেতুতে এক, না-আলম্বনে তিন... না-বিগতে তিন। (অনুরূপভাবে গণনা করণীয়)।

[প্রতিলোম সমাপ্ত]

৪. নিশ্রয়বার

(নিশ্রয়বার প্রত্যয়বার সদৃশ জানতে হবে)।

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোম ইত্যাদি

১৭২. (১) হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু সহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে না-হেতু সহেতুক ধর্ম উৎপন্ন হয়। না-হেতু সহেতুক একটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

১৭৩. (অনুলোম গণনায়)—হেতুতে এক, আলম্বনে দুই, অধিপতিতে এক, অনন্তরে দুই (সর্বত্র দুই), মার্গে এক... অবিগতে দুই।

[অনুলোম সমাপ্ত]

১৭৪. (১) না-হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু অহেতুক ধর্মকে সংশ্লিষ্ট করে না-হেতু অহেতুক ধর্ম উৎপন্ন হয়। না-হেতু অহেতুক একটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

১৭৫. (প্রতিলোম গণনায়)—না-হেতুতে এক, না-অধিপতিতে দুই, না-পূর্বজাতে দুই, না-পশ্চাজ্জাতে দুই, না-আসেবনে দুই, না-কর্মে দুই, না-বিপাকে দুই, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে দুই।

[প্রতিলোম সমাপ্ত]

(অনুরূপভাবে অবশিষ্ট অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এদুটি গণনা করতে হবে)।

৬. সম্প্রযুক্তবার

(সম্প্রযুক্তবার সংশ্লিষ্টবার সদৃশ জানতে হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—আলম্বন-প্রত্যয় (৪)

১৭৬. (১) আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (ব্যক্তি) দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম সম্পাদন করে তা স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহ স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। ধ্যান হতে উত্থানপূর্বক ধ্যানকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, বিদূরিত

Visit: http://www.buddhistdownload.com

ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, বিদূরিতব্য ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আসক্ত ক্লেশসমূহকে জানেন। না-হেতু সহেতুক স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও আত্মাশূন্য হিসেবে বিশেষভাবে অবলোকন করেন। একে অবলম্বন করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে না-হেতু সহেতুক বিপাক তদালম্বনতা উৎপন্ন হয়। চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা না-হেতু সহেতুক চিত্তসম্পন্ন (দুই মোহমূলক চিত্তে মোহ ব্যতীত ৬ কুশল-অকুশল মূল সম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন... আকিঞ্চন-আয়তন... আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকর্মোপজ্ঞানের, অনাগতভবজ্ঞানের প্রত্যয় হয়। না-হেতু সহেতুক স্কন্ধসমূহকে ভিত্তি করে না-হেতু সহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (ব্যক্তি) না-হেতু সহেতুক স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়, কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে না-হেতু সহেতুক বিপাক তদালম্বনতা উৎপন্ন হয়। না-হেতু সহেতুক স্কন্ধকে ভিত্তি করে না-হেতু অহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

১৭৭. (৩) আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক ধর্ম না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়। আলম্বন-প্রত্যয়ের দ্বারা নির্বাণ আবর্তন-চিত্তের প্রত্যয় হয়। (ব্যক্তি) চক্ষু... (হৃদয়) বাস্তু, না-হেতু অহেতুক স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে না-হেতু অহেতুক বিপাক তদালম্বনতা উৎপন্ন হয়। আলম্বন-প্রত্যয়ের দ্বারা রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... আলম্বন-প্রত্যয়ের দ্বারা স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... না-হেতু সহেতুক স্কন্ধসমূহকে ভিত্তি করে না-হেতু অহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৪) আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক ধর্ম না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়। আর্যগণ নির্বাণকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। আলম্বন-প্রত্যয়ের দ্বারা নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের এবং ফলের প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-হেতু অহেতুক স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে না-হেতু সহেতুক বিপাক তদালম্বনতা উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা না-হেতু অহেতুক চিত্তসম্পন্ন (১৮ অহেতুক চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের,

Visit: http://www.buddhistdownload.com

পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের এবং অনাগতভবজ্ঞানের প্রত্যয় হয়। না-হেতু অহেতুক স্কন্ধসমূহকে ভিত্তি করে না-হেতু সহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (৪)

১৭৮. (১) অধিপতি-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল পালন করে, উপোসথকর্ম সম্পাদন করে একে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন। ধ্যানকে হতে উত্থিত হয়ে ধ্যানকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফলকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন। না-হেতু সহেতুক স্কন্ধসমূহকে গুরুত্ব সহকারে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অধিপতি-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) অধিপতি-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অধিপতি-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক-অধিপতি চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৩) অধিপতি-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু সহেতুক এবং না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অধিপতি-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৪) অধিপতি-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক ধর্ম না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** আর্যগণ নির্বাণকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন। অধিপতি-প্রত্যয়ের দ্বারা নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের এবং ফলের প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-হেতু অহেতুক স্কন্ধসমূহকে গুরুত্ব সহকারে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ (অনুরাগ বা বিষয়াসক্তি) উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয় (৪)

১৭৯. (১) অনন্তর-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব না-হেতু সহেতুক স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী না-হেতু সহেতুক স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা অনুলোম গোত্রভূর... অনন্তর-প্রত্যয়ের দ্বারা নিরোধসমাপত্তি ধ্যান হতে

Visit: http://www.buddhistdownload.com

উত্থানরত সাধকের নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

(২) অনন্তর-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক চ্যুতি-চিত্ত (ভবত্যাগকারী চিত্তের) না-হেতু অহেতুক প্রতিসন্ধি-চিত্তের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ভবাঙ্গ আবর্তন-চিত্তের (পুনর্জন্মগ্রহণকারী চিত্তের) প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ভবাঙ্গ না-হেতু অহেতুক ভবাঙ্গের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক স্কন্ধসমূহ না-হেতু অহেতুক উত্থানের প্রত্যয় হয়।

(৩) অনন্তর-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক ধর্ম না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব না-হেতু অহেতুক স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী না-হেতু অহেতুক স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা আবর্তন-চিত্ত পঞ্চবিজ্ঞানের প্রত্যয় হয়।

(৪) অনন্তর-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক ধর্ম না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক চ্যুতি-চিত্ত না-হেতু সহেতুক প্রতিসন্ধি-চিত্তের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা আবর্তন-চিত্ত না-হেতু সহেতুক স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক স্কন্ধসমূহ না-হেতু সহেতুক উত্থানের প্রত্যয় হয়।

সমনন্তর-প্রত্যয় ইত্যাদি

১৮০. সমনন্তর-প্রত্যয়ের দ্বারা, সহজাত-প্রত্যয়ের দ্বারা (এখানে ঘটনা হয় না, সাতটি প্রশ্ন জানতে হবে), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা (ছয়টি প্রশ্ন করতে হবে), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা (প্রবর্তনকাল-প্রতিসন্ধিকালে সাতটি প্রশ্ন হবে, এখানে ঘটনা হয় না) না-হেতু সহেতুক ধর্ম না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়।

উপনিশ্রয়-প্রত্যয় (৪)

১৮১. (১) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়-প্রত্যয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন... মান উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) শীলকে... প্রার্থনাকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। এই কারণবশত উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা শ্রদ্ধা... প্রার্থনা শ্রদ্ধার...প্রার্থনার, মার্গের, ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

(২) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু অহেতুক

Visit: http://www.buddhistdownload.com

ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা শ্রদ্ধা কায়িক সুখ, কায়িক দুঃখের প্রত্যয় হয়। (তদ্রূপভাবে) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা শীল... প্রার্থনা কায়িক সুখের, কায়িক দুঃখের প্রত্যয় হয়। সেই কারণে উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা শ্রদ্ধা... প্রার্থনা কায়িক সুখের, কায়িক দুঃখের প্রত্যয় হয়।

১৮২. (৩) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক ধর্ম না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা কায়িক সুখ কায়িক সুখের, কায়িক দুঃখের প্রত্যয় হয়। (তদ্রূপভাবে) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয্যাসন কায়িক সুখের, কায়িক দুঃখের প্রত্যয় হয়। এ'হেতুতে উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয্যাসন কায়িক সুখের, কায়িক দুঃখের প্রত্যয় হয়।

(৪) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক ধর্ম না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** কায়িক সুখকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। (তদ্রূপভাবে) কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। এ'হেতুতে উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা কায়িক সুখ... শয্যাসন শ্রদ্ধার... প্রার্থনার, মার্গের, ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় (২)

১৮৩. (১) পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক ধর্ম না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায়, রূপ, শব্দ, গন্ধ, রস, স্প্রষ্টব্য, (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও আত্মাশূন্য হিসেবে বিশেষভাবে অবলোকন করেন। একে অবলম্বন করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে না-হেতু অহেতুক বিপাক তদালম্বনতা উৎপন্ন হয়। পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-আয়তন কায়-বিজ্ঞানের, পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু না-হেতু অহেতুক স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক ধর্ম না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত।

Visit: http://www.buddhistdownload.com

আলম্বন-পূর্বজাত : চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে না-হেতু সহেতুক বিপাক তদালম্বনতা উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। **বাস্তু-পূর্বজাত :** পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু না-হেতু সহেতুক স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (২)

১৮৪. (১) পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়। পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা পশ্চাজ্জাত না-হেতু সহেতুক স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়।

(২) পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক ধর্ম না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়। পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা পশ্চাজ্জাত না-হেতু অহেতুক স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়।

আসেবন-প্রত্যয় (২)

১৮৫. (১) আসেবন-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়। আসেবন-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব না-হেতু সহেতুক স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী না-হেতু সহেতুক স্কন্ধসমূহের প্রত্যয় হয়... আসেবন-প্রত্যয়ের দ্বারা অনুলোম গোত্রভূর, আসেবন-প্রত্যয়ের দ্বারা অনুলোম বিশুদ্ধির, আসেবন-প্রত্যয়ের দ্বারা গোত্রভূ মার্গের, আসেবন-প্রত্যয়ের দ্বারা বিশুদ্ধি মার্গের প্রত্যয় হয়।

(২) আসেবন-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক ধর্ম না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়। আসেবন-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব না-হেতু অহেতুক স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী না-হেতু অহেতুক স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

কর্ম-প্রত্যয় (৪)

১৮৬. (১) কর্ম-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ কর্ম-প্রত্যয়)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** কর্ম-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** কর্ম-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক চেতনা বিপাক না-হেতু সহেতুক স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) কর্ম-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ কর্ম-প্রত্যয়)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** কর্ম-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক চেতনা চিত্ত-সমুত্থিত-

Visit: http://www.buddhistdownload.com

রূপসমূহের প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** কর্ম-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক চেতনা বিপাক না-হেতু অহেতুক স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৩) কর্ম-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু সহেতুক এবং না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ কর্ম-প্রত্যয়)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** কর্ম-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** কর্ম-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক চেতনা বিপাক না-হেতু সহেতুক স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৪) কর্ম-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক ধর্ম না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়। **সহজাত :** কর্ম-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপ সমূহের প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে কর্ম-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয় (৪)

১৮৭. (১) বিপাক-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়...।

(২) বিপাক-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়...।

(৩) বিপাক-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু সহেতুক এবং না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়...।

(৪) বিপাক-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক ধর্ম না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়... (এক)।

আহার-প্রত্যয় (৪)

১৮৮. (১) আহার-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়...।

(২) আহার-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়...।

(৩) আহার-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু সহেতুক এবং না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়...।

(৪) আহার-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক ধর্ম না-হেতু অহেতুক ধর্মের

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় হয়। আহার-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক আহার সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে... আহার-প্রত্যয়ের দ্বারা কবলীকৃত আহার এই কায়ের প্রত্যয় হয়।

ইন্দ্রিয়-প্রত্যয় (৪)

১৮৯. (১-৩) ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(৪) ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক ধর্ম না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়। ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

ধ্যান-প্রত্যয় ইত্যাদি

১৯০. (১) ধ্যান-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়... (অনুরূপভাবে চারটি প্রশ্ন করণীয়), মার্গ-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

সম্প্রযুক্ত-প্রত্যয় (২)

১৯১. (১) সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়। সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক একটি স্কন্ধ তিনটি স্কন্ধের প্রত্যয় হয়... প্রতিসন্ধিক্ষণে...।

(২) সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক ধর্ম না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়। সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক একটি স্কন্ধ তিনটি স্কন্ধের প্রত্যয় হয়... প্রতিসন্ধিক্ষণে...।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৩)

১৯২. (১) বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত-প্রত্যয়)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক স্কন্ধসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...। **পশ্চাজ্জাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়।

(২) বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক ধর্ম না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ বিপ্রযুক্ত-প্রত্যয়)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত।

Visit: http://www.buddhistdownload.com

সহজাত : বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক স্কন্ধসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর প্রত্যয় হয়। বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পূর্বজাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা কায়-আয়তন কায়-বিজ্ঞানের, বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু না-হেতু সহেতুক স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়।

(৩) বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক ধর্ম না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত-প্রত্যয়)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু না-হেতু সহেতুক স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পূর্বজাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু না-হেতু সহেতুক স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয় (৭)

১৯৩. (১) অস্তি-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়। অস্তি-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক একটি স্কন্ধ তিনটি স্কন্ধের প্রত্যয় হয়... আবার প্রতিসন্ধিক্ষণে...।

(২) অস্তি-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি-প্রত্যয়)—সহজাত এবং পশ্চাজ্জাত...।

(৩) অস্তি-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু সহেতুক এবং না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়। অস্তি-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়... প্রতিসন্ধিক্ষণে...।

(৪) অস্তি-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক ধর্ম না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি-প্রত্যয়)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপ সমূহের প্রত্যয় হয়... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জানা উচিত)। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে না-হেতু অহেতুক বিপাক তদালম্বনতা উৎপন্ন হয়। অস্তি-প্রত্যয়ের দ্বারা রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... অস্তি-প্রত্যয়ের দ্বারা স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... অস্তি-প্রত্যয়ের দ্বারা চক্ষু-আয়তন... অস্তি-প্রত্যয়ের দ্বারা কায়-আয়তন, অস্তি-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু না-হেতু অহেতুক স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়। **আহার :**

Visit: http://www.buddhistdownload.com

অস্তি-প্রত্যয়ের দ্বারা কবলীকৃত আহার এই কায়ের প্রত্যয় হয়। **ইন্দ্রিয় :** অস্তি-প্রত্যয়ের দ্বারা রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৫) অস্তি-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক ধর্ম না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি-প্রত্যয়)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে অস্তি-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু না-হেতু সহেতুক স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে না-হেতু সহেতুক বিপাক তদালম্বনতা উৎপন্ন হয়। দিব্যচক্ষু দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। **বাস্তু-পূর্বজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু না-হেতু সহেতুক স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

১৯৪. (৬) অস্তি-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক এবং না-হেতু অহেতুক ধর্মসমূহ না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি-প্রত্যয়)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের... আবার প্রতিসন্ধিক্ষণে... অস্তি-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের...।

(৭) অস্তি-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক এবং না-হেতু অহেতুক ধর্মসমূহ না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়। (চতুর্বিধ অস্তি-প্রত্যয়)—সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...। **পশ্চাজ্জাত এবং আহার :** অস্তি-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার এই কায়ের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** অস্তি-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়...।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৯৫. আলম্বনে চার, অধিপতিতে চার, অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে সাত, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে সাত, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে দুই, পশ্চাজ্জাতে দুই, আসেবনে দুই, কর্মে চার, বিপাকে চার, আহারে চার, ইন্দ্রিয়ে চার, ধ্যানে চার, মার্গে তিন, সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে তিন, অস্তিতে সাত, নাস্তিতে চার, বিগতে চার, অবিগতে সাত। (অনুরূপভাবে গণনা করণীয়)।

[অনুলোম সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৭)

১৯৬. (১) আলম্বন-প্রত্যয়ের দ্বারা, সহজাত-প্রত্যয়ের দ্বারা, উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা, কর্ম-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়।

(২) আলম্বন-প্রত্যয়ের দ্বারা, সহজাত-প্রত্যয়ের দ্বারা, উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা, পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা, কর্ম-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়।

(৩) সহজাত-প্রত্যয়ের দ্বারা, কর্ম-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক ধর্ম না-হেতু সহেতুক এবং না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়।

১৯৭. (৪) আলম্বন-প্রত্যয়ের দ্বারা, সহজাত-প্রত্যয়ের দ্বারা, উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা, পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা, পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা, আহার-প্রত্যয়ের দ্বারা, ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক ধর্ম না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়।

(৫) আলম্বন-প্রত্যয়ের দ্বারা, সহজাত-প্রত্যয়ের দ্বারা, উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা, পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা না-হেতু অহেতুক ধর্ম না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়।

১৯৮. (৬) সহজাত-প্রত্যয়ের দ্বারা, পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক এবং না-হেতু অহেতুক ধর্মসমূহ না-হেতু সহেতুক ধর্মের প্রত্যয় হয়।

(৭) সহজাত-প্রত্যয়ের দ্বারা, পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা, আহার-প্রত্যয়ের দ্বারা, ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা না-হেতু সহেতুক এবং না-হেতু অহেতুক ধর্মসমূহ না-হেতু অহেতুক ধর্মের প্রত্যয় হয়

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৯৯. না-হেতুতে সাত, না-আলম্বনে সাত (সংক্ষিপ্ত। সবক্ষেত্রে সাত), না-সহজাতে ছয়, না-অন্যোন্যে ছয়, না-নিশ্রয়ে ছয় (সবক্ষেত্রে সাত), না-সম্প্রযুক্তে ছয়, না-বিপ্রযুক্তে পাঁচ, না-অস্তিতে পাঁচ, না-নাস্তিতে সাত, না-বিগতে সাত, না-অবিগতে পাঁচ। (অনুরূপভাবে গণনা করণীয়)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

আলম্বনমূলক—দ্বিক

২০০. আলম্বন-প্রত্যয় দ্বারা না-হেতুতে চার, না-অধিপতিতে চার, না-অনন্তরে চার (সর্বত্র চার), না-নাস্তিতে চার, না-বিগতে চার, না-অবিগতে চার।

Visit: http://www.buddhistdownload.com

(অনুরূপভাবে গণনা করণীয়)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

২০১. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে চার, অধিপতিতে চার... অবিগতে সাত।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[না-হেতু-সহেতুকদ্বিক সমাপ্ত]

[হেতুগুচ্ছ (এখানে) সমাপ্ত হলো]

২. ক্ষুদ্রান্তরদ্বিক

২. সপ্রত্যয়দ্বিক—১. প্রতীত্যবার

১-৪. প্রত্যয় : অনুলোম ইত্যাদি

১. (১) সপ্রত্যয়[১] (কার্যকারণ সম্বন্ধযুক্ত) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সপ্রত্যয় ধর্ম উৎপন্ন হয়। একটি সপ্রত্যয় স্কন্ধকে ভিত্তি করে তিনটি (সপ্রত্যয়) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধি গ্রহণকালে একটি সপ্রত্যয় স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ, তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ, দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত, তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত, দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত, মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(১) সপ্রত্যয় ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা সপ্রত্যয় ধর্ম উৎপন্ন হয়।

২. (অনুলোম গণনা)—হেতুতে এক, আলম্বনে এক... অবিগতে এক।

---

[১]। লোকোৎপত্তিতে 'আলম্বন', 'উপনিশ্রয়', 'কর্ম' ও 'অস্তি' সম্মতি-সত্যতে ও পারমার্থ-সত্যতে বিদ্যমান। তাই এই চার প্রত্যয়কে 'সপ্রত্যয়' বলা হয়। ৮৯ প্রকার চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ প্রকার চৈতসিক, ২৮ প্রকার রূপ সপ্রত্যয় বা চার প্রত্যয় হতে উৎপন্ন ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

[অনুলোম সমাপ্ত]

৩. (১) সপ্রত্যয় ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা সপ্রত্যয় ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক সপ্রত্যয় স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধি গ্রহণকালে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত করণীয়) বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত করা হয়েছে)।

৪. (প্রতিলোম গণনা)—না-হেতুতে এক, না-আলম্বনে এক, না-অধিপতিতে এক... না-বিগতে এক।

[প্রতিলোম সমাপ্ত]

৫. (অনুলোম-প্রতিলোম গণনা)—হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে এক, না-অধিপতিতে এক... না-বিগতে এক।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৬. (প্রতিলোম-অনুলোম গণনা)—না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক, অনন্তরে এক... অবিগতে এক।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

৩. প্রত্যয়বার

১. প্রত্যয় : অনুলোম—১. বিভঙ্গ অধ্যায়

৭. (১) সপ্রত্যয় ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা সপ্রত্যয় ধর্ম উৎপন্ন হয়। একটি সপ্রত্যয় স্কন্ধবশত তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, তিনটি স্কন্ধবশত একটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, দুটি স্কন্ধবশত দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধি গ্রহণকালে... স্কন্ধসমূহবশত (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুবশত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... (হৃদয়) বাস্তুবশত সপ্রত্যয় স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(১) সপ্রত্যয় ধর্মবশত আলম্বন-প্রত্যয় দ্বারা সপ্রত্যয় ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

৪-৬. নিশ্রয়-সংশ্লিষ্ট-সম্প্রযুক্তবার

(অনুরূপভাবে প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবারও বিস্তৃত করতে হবে, সবক্ষেত্রে একটি করে প্রশ্ন করণীয়)।

Visit: http://www.buddhistdownload.com

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (১)

৮. (১) সপ্রত্যয় (প্রত্যয়জাত বা সমবায়ে উৎপন্ন) ধর্ম সপ্রত্যয় ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সপ্রত্যয় হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধি গ্রহণকালে সপ্রত্যয় হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (২)

৯. (১) সপ্রত্যয় ধর্ম সপ্রত্যয় ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ব্যক্তি) দান দিয়ে, শীল পালন করে, উপোসথকর্ম করে একেই স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান (চিত্তের একাগ্রতা) হতে উঠে ধ্যানকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, আর্যগণ মার্গ হতে উঠে মার্গকেই স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, প্রহীন ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, অপ্রহীন ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে জানেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, সপ্রত্যয় স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর মাধ্যমে রূপ দর্শন করেন, দিব্যকর্ণের মাধ্যমে শব্দ শ্রবণ করেন। চিত্তপর্যায়জ্ঞানের মাধ্যমে সপ্রত্যয় চিত্তসম্পন্ন (৮৯ প্রকার চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন, আকাশ-অনন্ত-আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের... আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের... রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... সপ্রত্যয় স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকর্মোপগজ্ঞানের, অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অপ্রত্যয়[১] (কার্যকারণ সম্বন্ধহীন) ধর্ম সপ্রত্যয় ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ নির্বাণকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অধিপতি-প্রত্যয় (২)

১০. (১) সপ্রত্যয় ধর্ম সপ্রত্যয় ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

---

[১]। নির্বাণ অপ্রত্যয় বা প্রত্যয়হীন বা প্রত্যয় দ্বারা উৎপন্ন নহে ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

(দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি।

আলম্বন-অধিপতি : দান দিয়ে, শীল পালন করে, উপোসথকর্ম করে একে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে তিনি যেসমস্ত পুণ্যময় সুকর্ম সম্পাদন করেছিলেন সেসমস্ত পুণ্যময় সুকর্মকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উঠে ধ্যানকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন, আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন। (তদ্রূপভাবে) ফলকে গুরুত্ব সহকারে... চক্ষু... (হৃদয়) বাস্তু, সপ্রত্যয় স্কন্ধসমূহকে গুরুত্ব সহকারে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ায় রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** সপ্রত্যয়-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অপ্রত্যয় ধর্ম সপ্রত্যয় ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** আর্যগণ নির্বাণকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের এবং ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অনন্তর-প্রত্যয় ইত্যাদি

১১. (১) সপ্রত্যয় ধর্ম সপ্রত্যয় ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, (উপনিশ্রয়মূলে দুটি প্রশ্ন হবে) পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সর্বত্র একটি প্রশ্ন হবে)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১২. হেতুতে এক, আলম্বনে দুই, অধিপতিতে দুই, অনন্তরে এক, সমনন্তরে এক, সহজাতে এক, অন্যোন্যে এক, নিশ্রয়ে এক, উপনিশ্রয়ে দুই, পূর্বজাতে এক (সর্বত্র এক), অবিগতে এক। (অনুরূপভাবে গণনা করতে হবে)।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম উদ্ধার (২)

১৩. (১) সপ্রত্যয় ধর্ম সপ্রত্যয় ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(২) অপ্রত্যয় ধর্ম সপ্রত্যয় ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

১৪. না-হেতুতে দুই, না-আলম্বনে এক, না-অধিপতিতে দুই, না-অনন্তরে দুই, না-সমনন্তরে দুই... না-উপনিশ্রয়ে দুই, না-পূর্বজাতে দুই... না-বিগতে দুই, না-অবিগতে দুই। (অনুরূপভাবে গণনা করতে হবে)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

১৫. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে এক, না-অধিপতিতে এক, না-অনন্তরে এক, না-সমনন্তরে এক, না-অন্যোন্যে এক, না-উপনিশ্রয়ে এক... না-সম্প্রযুক্তে এক, না-বিপ্রযুক্তে এক, না-নাস্তিতে এক, না-বিগতে এক। (অনুরূপভাবে গণনা করতে হবে)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

১৬. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অধিপতিতে দুই, অনন্তরে এক... উপনিশ্রয়ে দুই, পূর্বজাতে এক... অবিগতে এক। (অনুরূপভাবে গণনা করতে হবে)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[সপ্রত্যয়দ্বিক (এখানে) সমাপ্ত হলো]

৮. সংস্কৃতদ্বিক

১. প্রতীত্যবার—হেতু-প্রত্যয়

১৭. (১) সংস্কৃত[১] (কার্য কারণ সম্ভূত) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সংস্কৃত ধর্ম উৎপন্ন হয়। একটি সংস্কৃত স্কন্ধকে ভিত্তি করে তিনটি (সংস্কৃত)

---

[১]। ৮৯ প্রকার চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ প্রকার চৈতসিক, ২৮ প্রকার রূপ রূপ প্রত্যয়-সমবায়ে উৎপন্ন হয় বলে 'সংস্কৃত' বা সমবায়ে কৃত। লোকোৎপত্তিতে 'আলম্বন', 'উপনিশ্রয়', 'কর্ম' ও 'অস্তি' সম্মতি সত্যতে ও পারমার্থিক সত্যতে বিদ্যমান। তাই এই চার প্রত্যয়কে 'সংস্কৃত' বলা হয়। এবং নির্বাণকে অসংস্কৃত বা কার্যকারণে অনুৎপন্ন ধর্ম বলা হয়।

Visit: http://www.buddhistdownload.com

স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে একটি সংস্কৃত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ, তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ, দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত, তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত, দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত, মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। (সংস্কৃতদ্বিক সপ্রত্যয়দ্বিক সদৃশ তাই সংস্কৃতদ্বিকে সপ্রত্যয়দ্বিকের অনুরূপে জানতে হবে, নির্ণয় না-না-করণীয়)।

[সংস্কৃতদ্বিক (এখানে) সমাপ্ত হলো]

৯. সনিদর্শনদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৩)

১৮. (১) অনিদর্শন[১] (অদৃশ্যমান) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনিদর্শন ধর্ম উৎপন্ন হয়। একটি অনিদর্শন স্কন্ধকে ভিত্তি করে তিনটি (অনিদর্শন) স্কন্ধ এবং অনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপ, তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং অনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপ, দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং অনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং অনিদর্শন কর্ম-সমুত্থিত-রূপ, তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং অনিদর্শন কর্ম-সমুত্থিত-রূপ, দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং অনিদর্শন কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে অনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(২) অনিদর্শন ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সনিদর্শন[২] (দৃশ্যমান) ধর্ম উৎপন্ন হয়। অনিদর্শন স্কন্ধসমূহকে ভিত্তি করে সনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে... মহাভূতসমূহকে ভিত্তি করে সনিদর্শন

---

[১]। ৮৯ প্রকার চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ প্রকার চৈতসিক, দৃশ্যমান রূপ ব্যতীত তৎসম্প্রযুক্ত (২৮-১) = ২৭ প্রকার রূপ ও নির্বাণ অনিদর্শন বা অদৃশ্যমান ধর্ম।

[২]। বর্ণ চক্ষুগ্রাহ্য এজন্য এটি সনিদর্শন বা দৃশ্যমান ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৩) অনিদর্শন ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সনিদর্শন এবং অনিদর্শন ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি অনিদর্শন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ, সনিদর্শন এবং অনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... মহাভূতসমূহকে ভিত্তি করে সনিদর্শন এবং অনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

আলম্বন-প্রত্যয় (১)

১৯. (১) অনিদর্শন ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা অনিদর্শন ধর্ম উৎপন্ন হয়। একটি অনিদর্শন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (৩)

২০. (১) অনিদর্শন ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা অনিদর্শন ধর্ম উৎপন্ন হয়। একটি অনিদর্শন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং অনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত, তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত, দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত, মহাভূতসমূহকে ভিত্তি করে অনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(২) অনিদর্শন ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা সনিদর্শন ধর্ম উৎপন্ন হয়। অনিদর্শন স্কন্ধসমূহকে ভিত্তি করে সনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে সনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৩) অনিদর্শন ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা সনিদর্শন এবং অনিদর্শন ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি অনিদর্শন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ, সনিদর্শন এবং অনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... মহাভূতসমূহকে ভিত্তি করে সনিদর্শন এবং অনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত। সকল প্রত্যয়সমূহ অনুরূপভাবে করণীয়)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

২১. হেতুতে তিন, আলম্বনে এক, অধিপতিতে তিন, অনন্তরে এক, সমনন্তরে এক, সহজাতে তিন, অন্যোন্যে এক, নিশ্রয়ে তিন, উপনিশ্রয়ে এক, পূর্বজাতে এক, আসেবনে এক, কর্মে তিন, বিপাকে তিন (সর্বত্র তিন), মার্গে তিন, সম্প্রযুক্তে এক, বিপ্রযুক্তে তিন, অস্তিতে তিন, নাস্তিতে এক, বিগতে এক, অবিগতে তিন। (অনুরূপভাবে গণনা করতে হবে)।

Visit: http://www.buddhistdownload.com

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৩)

২২. (১) অনিদর্শন ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অনিদর্শন ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক অনিদর্শন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং অনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধি গ্রহণক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে অনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়... বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত, অসংজ্ঞসত্ত্বগণের... বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) অনিদর্শন ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা সনিদর্শন ধর্ম উৎপন্ন হয়। অনিদর্শন অহেতুক স্কন্ধসমূহকে ভিত্তি করে সনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধি গ্রহণক্ষণে... মহাভূতসমূহকে ভিত্তি করে সনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়... বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত, অসংজ্ঞসত্ত্বগণের মহাভূতসমূহকে ভিত্তি করে সনিদর্শন কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৩) অনিদর্শন ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা সনিদর্শন এবং অনিদর্শন ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি অহেতুক অনিদর্শন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং সনিদর্শন ও অনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অপরদিকে প্রতিসন্ধি গ্রহণক্ষণে... মহাভূতসমূহকে ভিত্তি করে... বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত, অসংজ্ঞসত্ত্বগণের মহাভূতসমূহকে ভিত্তি করে সনিদর্শন ও অনিদর্শন কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। (অনুরূপভাবে সকল প্রত্যয় করণীয়)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

২৩. না-হেতুতে তিন, না-আলম্বনে তিন, না-অধিপতিতে তিন, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-আহারে তিন, না-ইন্দ্রিয়ে তিন, না-ধ্যানে তিন, না-মার্গে তিন, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন। (অনুরূপভাবে

Visit: http://www.buddhistdownload.com

গণনা করতে হবে)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

২৪. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে তিন (সর্বত্র তিন), না-কর্মে এক, না-বিপাকে তিন, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে এক, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

২৫. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক, অনন্তরে এক, সমনন্তরে এক, সহজাতে তিন, অন্যোন্যে এক, নিশ্রয়ে তিন, উপনিশ্রয়ে এক, পূর্বজাতে এক, আসেবনে এক, কর্মে তিন... ধ্যানে তিন, মার্গে এক, সম্প্রযুক্তে এক, বিপ্রযুক্তে তিন, অস্তিতে তিন, নাস্তিতে এক, বিগতে এক, অবিগতে তিন।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

৩. প্রত্যয়বার

১. প্রত্যয় : অনুলোম—হেতু-প্রত্যয় (৩)

২৬. (১) অনিদর্শন ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা অনিদর্শন ধর্ম উৎপন্ন হয়। একটি অনিদর্শন স্কন্ধবশত তিনটি স্কন্ধ এবং অনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অপরদিকে প্রতিসন্ধির সময়... স্কন্ধসমূহবশত (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুবশত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতবশত... মহাভূতসমূহবশত অনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুবশত অনিদর্শন স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (অপর দুটি প্রশ্ন করতে হবে)।

আলম্বন-প্রত্যয় (১)

২৭. (১) অনিদর্শন ধর্মবশত আলম্বন-প্রত্যয় দ্বারা অনিদর্শন ধর্ম উৎপন্ন হয়। একটি অনিদর্শন স্কন্ধকে... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধির সময়... (হৃদয়) বাস্তু আশ্রয় করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। চক্ষু-আয়তনবশত চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনবশত কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুবশত অনিদর্শন স্কন্ধসমূহ উৎপন্ন হয়

Visit: http://www.buddhistdownload.com

(সংক্ষিপ্ত)।

২৮. (অনুলোম গণনায়)—হেতুতে তিন, আলম্বনে এক, অধিপতিতে তিন... অবিগতে তিন।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম—না-হেতু-প্রত্যয় (৩)

২৯. (১) অনিদর্শন ধর্মবশত না-হেতু-প্রত্যয় দ্বারা অনিদর্শন ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক অনিদর্শন স্কন্ধবশত তিনটি স্কন্ধ এবং অনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধির সময়... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত পঠিতব্য) চক্ষু-আয়তনবশত চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনবশত কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুবশত অহেতুক অনিদর্শন স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুবশত বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। (অপর প্রশ্ন দুটিও অনুরূপভাবে করতে হবে। সংক্ষিপ্ত)।

৩০. (প্রতিলোম গণনায়)—না-হেতুতে তিন, না-আলম্বনে তিন... না-বিগতে তিন।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম (হেতুমূলক—দ্বিক)

৩১. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন... না-কর্মে এক... না-বিপ্রযুক্তে এক, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম (না-হেতুমূলক—দ্বিক)

৩২. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক... মার্গে এক... অবিগতে তিন।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

৪. নিশ্রয়বার

(নিশ্রয়বার অনুরূপভাবে জানতে হবে)।

৫. সংশ্লিষ্টবার—১. প্রত্যয় : অনুলোম

৩৩. (১) অনিদর্শন ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা অনিদর্শন ধর্ম উৎপন্ন হয়। একটি অনিদর্শন স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধি গ্রহণের সময়...।

Visit: http://www.buddhistdownload.com

(২) অনিদর্শন ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা অনিদর্শন ধর্ম উৎপন্ন হয়। (অনুরূপভাবে সমস্ত সপ্রত্যয় গণনার ন্যায় করতে হবে)।

৬. সম্প্রযুক্তবার

(সম্প্রযুক্তবার সংশ্লিষ্টবার সদৃশ জানতে হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৩)

৩৪. (১) অনিদর্শন (অদৃশ্যমান) ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন ধর্মের হয়। অনিদর্শন হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং অনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে অনিদর্শন হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং অনিদর্শন কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(২) অনিদর্শন ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা সনিদর্শন (দৃশ্যমান) ধর্মের প্রত্যয় হয়। অনিদর্শন হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে অনিদর্শন হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সনিদর্শন কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৩) অনিদর্শন ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা সনিদর্শন এবং অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। অনিদর্শন হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের সনিদর্শন এবং অনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে অনিদর্শন হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের সনিদর্শন এবং অনিদর্শন কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (২)

৩৫. (১) সনিদর্শন ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। সনিদর্শন (দৃশ্যমান) রূপকে অনিত্য দুঃখ ও আত্মাশূন্য হিসেবে বিশেষভাবে অবলোকন করেন। একে অবলম্বন করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দেখেন। রূপ-আয়তন আলম্বন-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের প্রত্যয় হয়। সনিদর্শন স্কন্ধসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা বিবিধ ঋদ্ধিজ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের প্রত্যয় হয়।

(২) অনিদর্শন ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। দান দিয়ে, শীল পালন করে, উপোসথকর্ম সম্পাদন করে এটিকেই স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে তিনি যেসমস্ত পুণ্যময় সুকর্ম সম্পাদন করেছিলেন সেসমস্ত পুণ্যময় সুকর্মকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত

Visit: http://www.buddhistdownload.com

হয়ে ধ্যানকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ আলম্বন-প্রত্যয়ের দ্বারা গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের, আবর্তন-চিত্তের প্রত্যয় হয়। আর্যগণ প্রহীন ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, অপ্রহীন ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে তিনি যেসমস্ত ক্লেশতে আসক্ত ছিলেন তা বিদ্যমান আছে কিনা স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... কায়... শব্দ... (হৃদয়) বাস্তুকে অনিদর্শন স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন, চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা অনিদর্শন চিত্তসমন্বিত (৮৯ প্রকার চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন আলম্বন-প্রত্যয়ের দ্বারা বিজ্ঞান-অনন্ত-আয়তনের... আকিঞ্চন-আয়তন আলম্বন-প্রত্যয়ের দ্বারা নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের... শব্দ-আয়তন আলম্বন-প্রত্যয়ের দ্বারা শ্রোত্র-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন আলম্বন-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের... অনিদর্শন স্কন্ধসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকর্মোপজ্ঞানের, অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের প্রত্যয় হয়।

অধিপতি-প্রত্যয় (৪)

৩৬. (১) সনিদর্শন ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়।

আলম্বন-অধিপতি : সনিদর্শন রূপকে গুরুত্বের সাথে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। এটিকে গুরুত্ব দেওয়ার কারণে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়।

(২) অনিদর্শন ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল পালন করে, উপোসথকর্ম সম্পাদন করে একেই গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহ গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন। (অনুরূপভাবে) ফলকে গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ অধিপতি-প্রত্যয়ের দ্বারা গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, অনিদর্শন স্কন্ধসমূহকে গুরুত্বের সাথে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ার ফলে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অনিদর্শন-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-

Visit: http://www.buddhistdownload.com

সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৩) অনিদর্শন ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা সনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অনিদর্শন-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৪) অনিদর্শন ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা সনিদর্শন এবং অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অনিদর্শন-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের সনিদর্শন এবং অনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

অনন্তর-প্রত্যয় (১)

৩৭. (১) অনিদর্শন ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অনিদর্শন স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী অনিদর্শন স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অনুলোম অনন্তর-প্রত্যয়ের দ্বারা গোত্রভূর... গোত্রভূ অনন্তর-প্রত্যয়ের দ্বারা মার্গের... নিরোধসমাপত্তি ধ্যান হতে উত্থানরত সাধকের নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন অনন্তর-প্রত্যয়ের দ্বারা ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

সমনন্তর-প্রত্যয় ইত্যাদি

৩৮. অনিদর্শন ধর্ম সমনন্তর-প্রত্যয়ের দ্বারা, সহজাত-প্রত্যয়ের দ্বারা... (তিন), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা... (এক), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... (তিন) অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়।

উপনিশ্রয়-প্রত্যয় (২)

৩৯. (১) সনিদর্শন ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** (ব্যক্তি) বর্ণসম্পদ (শারীরিক সৌন্দর্য) প্রার্থনা করে দান করেন, শীল পালনে রত থাকেন, উপোসথকর্ম সম্পাদন করেন। এই কারণবশত বর্ণসম্পদ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা শ্রদ্ধার... প্রার্থনার... কায়িক সুখের, কায়িক দুঃখের, মার্গের এবং ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

(২) অনিদর্শন ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** (ব্যক্তি) শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন, মান উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (তদ্রূপভাবে) শীল... শয্যাসনকে (বিছানাকে) উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। সেই কারণে শ্রদ্ধা... শয্যাসন উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

শ্রদ্ধার... ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় (৩)

৪০. (১) সনিদর্শন ধর্ম পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়।

(শৈক্ষ্যগণ) সনিদর্শন রূপকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন। রূপ-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের প্রত্যয় হয়।

(২) অনিদর্শন ধর্ম পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। শব্দ-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা শ্রোত্র-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৩) সনিদর্শন এবং অনিদর্শন ধর্মসমূহ পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত :** রূপ-আয়তন এবং (হৃদয়) বাস্তু পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন স্কন্ধসমূহের প্রত্যয় হয়। রূপ-আয়তন এবং চক্ষু-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (৩)

৪১. (১) অনিদর্শন ধর্ম পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। পশ্চাজ্জাত অনিদর্শন স্কন্ধসমূহ পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই অনিদর্শন কায়ের প্রত্যয় হয়।

(২) অনিদর্শন ধর্ম পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা সনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। পশ্চাজ্জাত অনিদর্শন স্কন্ধসমূহ পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই সনিদর্শন কায়ের প্রত্যয় হয়।

(৩) অনিদর্শন ধর্ম পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা সনিদর্শন এবং অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। পশ্চাজ্জাত অনিদর্শন স্কন্ধসমূহ পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই সনিদর্শন এবং অনিদর্শন কায়ের প্রত্যয় হয়।

আসেবন-প্রত্যয় (১)

৪২. (১) অনিদর্শন ধর্ম আসেবন-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন ধর্মের প্রত্যয়

Visit: http://www.buddhistdownload.com

হয়। পূর্ব পূর্ব অনিদর্শন স্কন্ধসমূহ আসেবন-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী অনিদর্শন স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অনুলোম আসেবন-প্রত্যয়ের দ্বারা গোত্রভূর প্রত্যয় হয়। অনুলোম আসেবন-প্রত্যয়ের দ্বারা বিশুদ্ধির প্রত্যয় হয়। গোত্রভূ আসেবন-প্রত্যয়ের দ্বারা মার্গের প্রত্যয় হয়। বিশুদ্ধি আসেবন-প্রত্যয়ের দ্বারা মার্গের প্রত্যয় হয়।

কর্ম-প্রত্যয় (৩)

৪৩. (১) অনিদর্শন ধর্ম কর্ম-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ কর্ম)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** অনিদর্শন চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং অনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে অনিদর্শন চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং অনিদর্শন কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** অনিদর্শন চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা বিপাক স্কন্ধসমূহের এবং অনিদর্শন কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(২) অনিদর্শন ধর্ম কর্ম-প্রত্যয়ের দ্বারা সনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। (অনুরূপভাবে বিস্তৃত করণীয়)।

(৩) অনিদর্শন ধর্ম কর্ম-প্রত্যয়ের দ্বারা সনিদর্শন এবং অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ কর্ম)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। (অনুরূপভাবে বিস্তৃত করণীয়)।

বিপাক-প্রত্যয় ইত্যাদি

৪৪. (১) অনিদর্শন ধর্ম বিপাক-প্রত্যয়ের দ্বারা... (তিন), আহার-প্রত্যয়ের দ্বারা... (তিন) (তিনটির মধ্যেই কবলীকৃত আহার করণীয়), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা... (তিন) (তিনটির মধ্যেই রূপ-জীবিত-ইন্দ্রিয় করণীয়), ধ্যান-প্রত্যয়ের দ্বারা... (তিন), মার্গ প্রত্যয়ের দ্বারা... (তিন), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়... (এক)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৩)

৪৫. (১) অনিদর্শন ধর্ম বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ বিপ্রযুক্ত)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** অনিদর্শন স্কন্ধসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে অনিদর্শন স্কন্ধসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। স্কন্ধসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তুর প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অনিদর্শন স্কন্ধসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই অনিদর্শন কায়ের প্রত্যয় হয়।

(২) অনিদর্শন ধর্ম বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা সনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** অনিদর্শন স্কন্ধসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা সনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **পশ্চাজ্জাত :** অনিদর্শন স্কন্ধসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই সনিদর্শন কায়ের প্রত্যয় হয়।

(৩) অনিদর্শন ধর্ম বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা সনিদর্শন এবং অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** অনিদর্শন স্কন্ধসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা সনিদর্শন এবং অনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **পশ্চাজ্জাত :** অনিদর্শন স্কন্ধসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই সনিদর্শন এবং অনিদর্শন কায়ের প্রত্যয় হয়।

আহার-প্রত্যয় ইত্যাদি

৪৬. (১) সনিদর্শন ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। সনিদর্শন রূপকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন। রূপ-আয়তন অস্তি-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের প্রত্যয় হয়।

(২) অনিদর্শন ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** অনিদর্শন একটি স্কন্ধ অস্তি-প্রত্যয়ের দ্বারা তিনটি স্কন্ধের এবং অনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়... দুটি স্কন্ধ... (সংক্ষিপ্ত। অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত করণীয়)। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। শব্দ-আয়তন অস্তি-প্রত্যয়ের দ্বারা শ্রোত্র-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন অস্তি-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের... চক্ষু-আয়তন অস্তি-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন অস্তি-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু অস্তি-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অনিদর্শন স্কন্ধসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই অনিদর্শন কায়ের প্রত্যয় হয়। **আহার :** কবলীকৃত আহার অস্তি-প্রত্যয়ের দ্বারা এই অনিদর্শন কায়ের প্রত্যয় হয়। **ইন্দ্রিয় :** রূপ-জীবিত-ইন্দ্রিয় অস্তি-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৩) অনিদর্শন ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা সনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। (চতুর্বিধ অস্তি)—সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** অনিদর্শন স্কন্ধসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা সনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... মহাভূতসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা সনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপসমূহের, কর্ম-সমুত্থিত-রূপসমূহের এবং উপাদা-রূপসমূহের প্রত্যয় হয়... বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত, অসংজ্ঞসত্ত্বগণের মহাভূতসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা সনিদর্শন কর্ম-সমুত্থিত-রূপসমূহের এবং উপাদা-রূপসমূহের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অনিদর্শন স্কন্ধসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই সনিদর্শন কায়ের প্রত্যয় হয়। **আহার :** কবলীকৃত আহার অস্তি-প্রত্যয়ের দ্বারা এই সনিদর্শন কায়ের প্রত্যয় হয়। **ইন্দ্রিয় :** রূপ-জীবিত-ইন্দ্রিয় অস্তি-প্রত্যয়ের দ্বারা সনিদর্শন কর্ম-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৪) অনিদর্শন ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা সনিদর্শন এবং অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। (চতুর্বিধ অস্তি)—সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** অনিদর্শন একটি স্কন্ধ অস্তি-প্রত্যয়ের দ্বারা তিনটি স্কন্ধের সনিদর্শন এবং অনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়... দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে... মহাভূতসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা সনিদর্শন এবং অনিদর্শন চিত্ত-সমুত্থিত-রূপসমূহের, কর্ম-সমুত্থিত-রূপসমূহের এবং উপাদা-রূপসমূহের প্রত্যয় হয়। বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত, অসংজ্ঞসত্ত্বগণের মহাভূতসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা সনিদর্শন এবং অনিদর্শন কর্ম-সমুত্থিত-রূপসমূহের এবং উপাদা-রূপসমূহের প্রত্যয় হয়।

৪৭. (৫) সনিদর্শন এবং অনিদর্শন ধর্মসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। **পূর্বজাত :** রূপ-আয়তন এবং (হৃদয়) বাস্তু অস্তি-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন স্কন্ধসমূহের প্রত্যয় হয়। রূপ-আয়তন এবং চক্ষু-আয়তন অস্তি-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের প্রত্যয় হয়।... নাস্তি-প্রত্যয়ের দ্বারা, বিগত-প্রত্যয়ের দ্বারা, অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৪৮. হেতুতে তিন, আলম্বনে দুই, অধিপতিতে চার, অনন্তরে এক, সমনন্তরে এক, সহজাতে তিন, অন্যোন্যে এক, নিশ্রয়ে তিন, উপনিশ্রয়ে দুই, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে এক, কর্মে তিন, বিপাকে তিন, আহারে তিন, ইন্দ্রিয়ে তিন, ধ্যানে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে এক, বিপ্রযুক্তে তিন, অস্তিতে পাঁচ, নাস্তিতে এক, বিগতে এক, অবিগতে পাঁচ। (অনুরূপভাবে গণনা করতে হবে)।

Visit: http://www.buddhistdownload.com

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম উদ্ধার (৫)

৪৯. (১) সনিদর্শন ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা, অনিদর্শন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অনিদর্শন ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা, সহজাত-প্রত্যয়ের দ্বারা, উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা, পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা, পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা, কর্ম-প্রত্যয়ের দ্বারা, আহার-প্রত্যয়ের দ্বারা, ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়।

(৩) অনিদর্শন ধর্ম সহজাত-প্রত্যয়ের দ্বারা, পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা, কর্ম-প্রত্যয়ের দ্বারা, আহার-প্রত্যয়ের দ্বারা, ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা সনিদর্শন ধর্মের প্রত্যয় হয়।

(৪) অনিদর্শন ধর্ম সহজাত-প্রত্যয়ের দ্বারা, পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা, কর্ম-প্রত্যয়ের দ্বারা, আহার-প্রত্যয়ের দ্বারা, ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা সনিদর্শন এবং অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়।

(৫) সনিদর্শন এবং অনিদর্শন ধর্মসমূহ পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা অনিদর্শন ধর্মের প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৫০. না-হেতুতে পাঁচ, না-আলম্বনে চার, না-অধিপতিতে পাঁচ, না-অনন্তরে পাঁচ, না-সমনন্তরে পাঁচ, না-সহজাতে পাঁচ, না-অন্যোন্যে পাঁচ, না-নিশ্রয়ে চার, না-উপনিশ্রয়ে পাঁচ, না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে পাঁচ (সবটিতে পাঁচ), না-সম্প্রযুক্তে পাঁচ, না-বিপ্রযুক্তে চার, না-অস্তিতে চার, না-নাস্তিতে পাঁচ, না-বিগতে পাঁচ, না-অবিগতে চার।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৫১. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে তিন, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন... না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে এক, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

৫২. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অধিপতিতে চার, অনন্তরে এক, সমনন্তরে এক, সহজাতে তিন, অন্যোন্যে এক, নিশ্রয়ে তিন, উপনিশ্রয়ে দুই, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে এক, কর্মে তিন... মার্গে তিন, সম্প্রযুক্তে এক, বিপ্রযুক্তে তিন, অস্তিতে পাঁচ, নাস্তিতে এক, বিগতে এক, অবিগতে পাঁচ।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[সনিদর্শনদ্বিক (এখানে) সমাপ্ত হলো]

১০. সপ্রতিঘদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

৫৩. (১) সপ্রতিঘ[১] (সংঘর্ষণ স্বভাববিশিষ্ট) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনকালে) একটি সপ্রতিঘ মহাভূতকে ভিত্তি করে দুটি (সপ্রতিঘ) মহাভূত, দুটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত, সপ্রতিঘ মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। স্প্রষ্টব্য-আয়তনকে ভিত্তি করে চক্ষু-আয়তন, শ্রোত্র-আয়তন, ঘ্রাণ-আয়তন, জিহ্বা-আয়তন, কায়-আয়তন, রূপ-আয়তন, শব্দ-আয়তন, গন্ধ-আয়তন, রস-আয়তন উৎপন্ন হয়।

(২) সপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অপ্রতিঘ[২] (সংঘর্ষণ স্বভাববিশিষ্ট নহে) ধর্ম উৎপন্ন হয়। সপ্রতিঘ মহাভূতসমূহকে ভিত্তি করে আপ-ধাতু উৎপন্ন হয়। সপ্রতিঘ মহাভূতসমূহকে ভিত্তি করে অপ্রতিঘ চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। স্প্রষ্টব্য-আয়তনকে ভিত্তি করে আপ-ধাতু (সংসক্তি), স্ত্রী-ইন্দ্রিয়, পুরুষ-ইন্দ্রিয়,[৩] জীবিত-ইন্দ্রিয় (প্রাণ বা জীবনীশক্তি), কবলীকৃত আহার (ওজ) উৎপন্ন হয়।

---

[১]। পঞ্চপ্রসাদ ও সপ্ত বিষয় 'স্থূল-রূপ'। কারণ চক্ষু এটির দর্শন-কার্য বর্ণের সাথে সংঘর্ষণাকারেই সম্পাদন করে। সেইরূপ অন্যান্যগুলো। এই ১২ প্রকার রূপ সংঘর্ষণ স্বভাব বিশিষ্টি বলে সপ্রতিঘ বলা হয়।

[২]। ৮৯ প্রকার চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ প্রকার চৈতসিক, ১৬ প্রকার সূক্ষ্মরূপ ও নির্বাণ 'অপ্রতিঘ' এগুলো সংঘর্ষণ স্বভাববিশিষ্ট নহে।

[৩]। স্ত্রী-ইন্দ্রিয় ও পুরুষ-ইন্দ্রিয় স্ত্রী-জনোচিত ও পুরুষ-জনোচিত আকারাদি গঠনে ও বিশেষত্ব সম্পাদনে আধিপত্য করে।

Visit: http://www.buddhistdownload.com

(৩) সপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি সপ্রতিঘ মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত এবং আপ-ধাতু, দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত এবং আপ-ধাতু, সপ্রতিঘ মহাভূতসমূহকে ভিত্তি করে সপ্রতিঘ এবং অপ্রতিঘ চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। স্প্রষ্টব্য-আয়তনকে ভিত্তি করে চক্ষু-আয়তন, শ্রোত্র-আয়তন, ঘ্রাণ-আয়তন, জিহ্বা-আয়তন, কায়-আয়তন, রূপ-আয়তন, শব্দ-আয়তন, গন্ধ-আয়তন, রস-আয়তন, আপ-ধাতু, স্ত্রী-ইন্দ্রিয়, পুরুষ-ইন্দ্রিয়, জীবিত-ইন্দ্রিয়, কবলীকৃত আহার উৎপন্ন হয়।

৫৪. (৪) অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। একটি অপ্রতিঘ স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং অপ্রতিঘ চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। আপ-ধাতুকে (সংসক্তিকে) ভিত্তি করে অপ্রতিঘ চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। আপ-ধাতুকে ভিত্তি করে স্ত্রী-ইন্দ্রিয়, পুরুষ-ইন্দ্রিয়, জীবিত-ইন্দ্রিয়, কবলীকৃত আহার উৎপন্ন হয়।

(৫) অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। অপ্রতিঘ স্কন্ধসমূহকে ভিত্তি করে সপ্রতিঘ চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... আপ-ধাতুকে ভিত্তি করে সপ্রতিঘ মহাভূতসমূহ, আপ-ধাতুকে ভিত্তি করে সপ্রতিঘ চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ, আপ-ধাতুকে ভিত্তি করে চক্ষু-আয়তন শ্রোত্র-আয়তন, ঘ্রাণ-আয়তন, জিহ্বা-আয়তন, কায়-আয়তন, রূপ-আয়তন, শব্দ-আয়তন, গন্ধ-আয়তন, রস-আয়তন, স্প্রষ্টব্য-আয়তন উৎপন্ন হয়।

(৬) অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি অপ্রতিঘ স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ, সপ্রতিঘ এবং অপ্রতিঘ চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... আপ-ধাতুকে ভিত্তি করে সপ্রতিঘ ও অপ্রতিঘ চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। আপ-ধাতুকে ভিত্তি করে চক্ষু-আয়তন... স্প্রষ্টব্য-আয়তন, স্ত্রী-ইন্দ্রিয়, পুরুষ-ইন্দ্রিয়, জীবিত-ইন্দ্রিয়, আপ-ধাতু, কবলীকৃত আহার উৎপন্ন হয়।

৫৫. (৭) সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। অপ্রতিঘ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে সপ্রতিঘ চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... সপ্রতিঘ একটি মহাভূত এবং আপ-ধাতুকে ভিত্তি করে দুটি মহাভূত... সপ্রতিঘ মহাভূতসমূহ

Visit: http://www.buddhistdownload.com

এবং আপ-ধাতুকে ভিত্তি করে সপ্রতিঘ চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। স্প্রষ্টব্য-আয়তন এবং আপ-ধাতুকে ভিত্তি করে চক্ষু-আয়তন...।

(৮) সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। অপ্রতিঘ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে অপ্রতিঘ চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে অপ্রতিঘ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে অপ্রতিঘ কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। স্প্রষ্টব্য-আয়তন এবং আপ-ধাতুকে ভিত্তি করে অপ্রতিঘ চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। স্প্রষ্টব্য-আয়তন এবং আপ-ধাতুকে ভিত্তি করে স্ত্রী-ইন্দ্রিয়, পুরুষ-ইন্দ্রিয়, জীবিত-ইন্দ্রিয়, আপ-ধাতু, কবলীকৃত আহার উৎপন্ন হয়।

(৯) সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মসমূহ উৎপন্ন হয়। অপ্রতিঘ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে সপ্রতিঘ এবং অপ্রতিঘ চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... অপ্রতিঘ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে সপ্রতিঘ এবং অপ্রতিঘ কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। স্প্রষ্টব্য-আয়তন এবং আপ-ধাতুকে ভিত্তি করে সপ্রতিঘ এবং অপ্রতিঘ চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। স্প্রষ্টব্য-আয়তন এবং আপ-ধাতুকে ভিত্তি করে চক্ষু-আয়তন, শ্রোত্র-আয়তন, ঘ্রাণ-আয়তন, জিহ্বা-আয়তন, মন-আয়তন, রূপ-আয়তন, শব্দ-আয়তন, গন্ধ-আয়তন, রস-আয়তন, স্ত্রী-ইন্দ্রিয়, পুরুষ-ইন্দ্রিয়, জীবিত-ইন্দ্রিয়, আপ-ধাতু, কবলীকৃত আহার উৎপন্ন হয়।

আলম্বন-প্রত্যয় (১)

৫৬. (১) অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। একটি অপ্রতিঘ স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় ইত্যাদি

৫৭. (১) সপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা (প্রতিসন্ধি এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহ বর্জনীয়), অনন্তর-প্রত্যয় দ্বারা, সমনন্তর-প্রত্যয় দ্বারা, সহজাত-প্রত্যয় দ্বারা (সবক্ষেত্রে মহাভূতসমূহ করণীয়), অন্যোন্য-প্রত্যয় দ্বারা অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। একটি সপ্রতিঘ মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে...।

(২) সপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে অন্যোন্য-প্রত্যয় দ্বারা অপ্রতিঘ ধর্ম উৎপন্ন

Visit: http://www.buddhistdownload.com

হয়। সপ্রতিঘ মহাভূতসমূহকে ভিত্তি করে আপ-ধাতু...।

(৩) সপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে অন্যোন্য-প্রত্যয় দ্বারা সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মসমূহ উৎপন্ন হয়। সপ্রতিঘ একটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত এবং আপ-ধাতু উৎপন্ন হয়। দুটি মহাভূতকে...।

৫৮. (৪) অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে অন্যোন্য-প্রত্যয় দ্বারা অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। অপ্রতিঘ একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে সপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয় অন্যোন্য প্রত্যয়। আপ-ধাতুকে ভিত্তি করে সপ্রতিঘ মহাভূতসমূহ (এখানে আধ্যাত্মিক-বাহ্যিক মহাভূতসমূহ করে দেখাতে হবে)।

(৬) সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে অন্যোন্য-প্রত্যয় দ্বারা সপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। সপ্রতিঘ একটি মহাভূত এবং আপ-ধাতুকে ভিত্তি করে দুটি মহাভূত... নিশ্রয়-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা...।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৫৯. হেতুতে নয়, আলম্বনে এক, অধিপতিতে নয়, অনন্তরে এক, সমনন্তরে এক, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে এক, পূর্বজাতে এক, আসেবনে এক, কর্মে নয়, বিপাকে নয়, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়, মার্গে নয়, সম্প্রযুক্তে এক, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে এক, বিগতে এক, অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৯)

৬০. (১) সপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা সপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়...।

(২) সপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়...।

(৩) সপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়...।

(৪) অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক অপ্রতিঘ স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং অপ্রতিঘ

Visit: http://www.buddhistdownload.com

চিত্তজ-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। আপ-ধাতুকে ভিত্তি করে অপ্রতিঘ চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। আপ-ধাতুকে ভিত্তি করে স্ত্রী-ইন্দ্রিয়... কবলীকৃত আহার... বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত, অসংজ্ঞসত্ত্বগণের... আপ-ধাতুকে ভিত্তি করে অপ্রতিঘ কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। (অপ্রতিঘমূলকে অপর দুটি প্রশ্ন করণীয়। ঘটনাতে তিন প্রশ্ন করে দেখাতে হবে। আধ্যাত্মিক-বাহ্যিক মহাভূতসমূহ সবক্ষেত্রে জেনে করতে হবে)।

না-আলম্বন-প্রত্যয় ইত্যাদি

৬১. (১) সপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা (অনুরূপভাবে সবক্ষেত্রে করণীয়। সংক্ষিপ্ত)... না-বিগত-প্রত্যয় দ্বারা সপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৬২. না-হেতুতে নয়, না-আলম্বনে নয়, না-অধিপতিতে নয়, না-অনন্তরে নয়, না-সমনন্তরে নয়, না-অন্যোন্যে নয়, না-উপনিশ্রয়ে নয়, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে নয়, না-বিপাকে নয়, না-আহারে নয়, না-ইন্দ্রিয়ে নয়, না-ধ্যানে নয়, না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে নয়, না-বিপ্রযুক্তে নয়, না-নাস্তিতে নয়, না-বিগতে নয়।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৬৩. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে নয়, না-অধিপতিতে নয়, না-অনন্তরে নয়, না-সমনন্তরে নয়, না-অন্যোন্যে নয়, না-উপনিশ্রয়ে নয়, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে এক, না-বিপাকে নয়, না-সম্প্রযুক্তে নয়, না-বিপ্রযুক্তে এক, না-নাস্তিতে নয়, না-বিগতে নয়।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

৬৪. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক, অনন্তরে এক, সমনন্তরে এক, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে এক, পূর্বজাতে এক,

Visit: http://www.buddhistdownload.com

আসেবনে এক, কর্মে নয়... মার্গে এক, সম্প্রযুক্তে এক, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে এক, বিগতে এক, অবিগতে নয়।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

৬৫. (১) সপ্রতিঘ ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা সপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়...।

(২) সপ্রতিঘ ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়...।

(৩) সপ্রতিঘ ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়...।

(৪) অপ্রতিঘ ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। অপ্রতিঘ একটি স্কন্ধবশত তিনটি স্কন্ধ এবং অপ্রতিঘ চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... আপ-ধাতুবশত অপ্রতিঘ চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। আপ-ধাতুবশত স্ত্রী-ইন্দ্রিয়, পুরুষ-ইন্দ্রিয়, জীবিত-ইন্দ্রিয় (প্রাণ), কবলীকৃত আহার উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুবশত অপ্রতিঘ স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (অবশিষ্ট পাঁচটি প্রশ্ন প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

আলম্বন-প্রত্যয় ইত্যাদি

৬৬. (১) সপ্রতিঘ ধর্মবশত আলম্বন-প্রত্যয় দ্বারা অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-আয়তনবশত চক্ষু-বিজ্ঞান উৎপন্ন হয়... কায়-আয়তনবশত কায়-বিজ্ঞান উৎপন্ন হয়।

(২) অপ্রতিঘ ধর্মবশত আলম্বন-প্রত্যয় দ্বারা অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। একটি অপ্রতিঘ স্কন্ধবশত তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (হৃদয়) বাস্তুবশত অপ্রতিঘ স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মবশত আলম্বন-প্রত্যয় দ্বারা অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। একটি চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধ এবং চক্ষু-আয়তনবশত তিনটি স্কন্ধ... একটি শ্রোত্র-বিজ্ঞান-সহগত স্কন্ধ এবং শ্রোত্র-আয়তনবশত তিনটি স্কন্ধ... একটি ঘ্রাণ-বিজ্ঞান-সহগত স্কন্ধ এবং ঘ্রাণ-আয়তনবশত তিনটি স্কন্ধ... একটি জিহ্বা-বিজ্ঞান-সহগত স্কন্ধ এবং জিহ্বা-আয়তনবশত তিনটি স্কন্ধ... একটি কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধ এবং কায়-আয়তনবশত তিনটি স্কন্ধ... অধিপতি-প্রত্যয় দ্বারা... (সংক্ষিপ্ত) অবিগত-প্রত্যয় দ্বারা...।

Visit: http://www.buddhistdownload.com

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৬৭. হেতুতে নয়, আলম্বনে তিন, অধিপতিতে নয়, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে তিন, আসেবনে এক, কর্মে নয়... অবিগতে নয়। (অনুরূপভাবে প্রতিলোম গণনাও জ্ঞাতব্য)।

৪. নিশ্রয়বার

(নিশ্রয়বার প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

৫. সংশ্লিষ্টবার

(সংশ্লিষ্টবারেও সর্বত্র এক, সংক্ষিপ্ত। অবিগত-প্রত্যয়ে একটি প্রশ্ন হবে। দুটি বার বা অধ্যায় করে দেখাতে হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৩)

৬৮. (১) হেতু-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং অপ্রতিঘ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...।

(২) হেতু-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম সপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। অপ্রতিঘ হেতু-প্রত্যয়ের দ্বারা হেতুসমূহ সপ্রতিঘ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...।

(৩) হেতু-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, সপ্রতিঘ এবং অপ্রতিঘ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...।

আলম্বন-প্রত্যয় (২)

৬৯. (১) আলম্বন-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ ধর্ম অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। (শৈক্ষ্যগণ বা প্রাকৃতজনেরা) চক্ষুকে... স্প্রষ্টব্যকে (স্পর্শযোগ্য বিষয়কে) অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। আলম্বন-প্রত্যয়ের দ্বারা রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... আলম্বন-প্রত্যয়ের দ্বারা স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... আলম্বন-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, অনাগতভবজ্ঞানের এবং আবর্তন-চিত্তের প্রত্যয় হয়।

(২) আলম্বন-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। দান

Visit: http://www.buddhistdownload.com

দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম করেন। অতঃপর একে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উঠে ধ্যানকেই স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, আর্যগণ মার্গ হতে উঠে মার্গকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। আলম্বন-প্রত্যয়ের দ্বারা নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের, আবর্তন-চিত্তের প্রত্যয় হয়। আর্যগণ প্রহীন ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, অপ্রহীন ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে তিনি যেসমস্ত ক্লেশতে আসক্ত ছিলেন তা বিদ্যমান আছে কিনা স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। (হৃদয়) বাস্তু, স্ত্রী-ইন্দ্রিয়, পুরুষ-ইন্দ্রিয়, জীবিত-ইন্দ্রিয়, আপ-ধাতু, কবলীকৃত আহারকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। চিত্তপর্যায়জ্ঞানের সাহায্যে অপ্রতিঘ চিত্তসম্পন্ন (৮৯ প্রকার চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। আলম্বন-প্রত্যয়ের দ্বারা আকাশ-অনন্ত-আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের... আলম্বন-প্রত্যয়ের দ্বারা আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের... আলম্বন-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকর্মোপগজ্ঞানের, অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের প্রত্যয় হয়।

অধিপতি-প্রত্যয় (৪)

৭০. (১) অধিপতি-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ ধর্ম অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** চক্ষু... স্প্রষ্টব্যকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়।

(২) অধিপতি-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান করেন, শীল পালনে রত থাকেন, উপোসথকর্ম করেন। অতঃপর একে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উঠে ধ্যানকেই গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উঠে মার্গকেই গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন, ফলকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। অধিপতি-প্রত্যয়ের দ্বারা নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু, স্ত্রী-ইন্দ্রিয়, পুরুষ-ইন্দ্রিয়, জীবিত-ইন্দ্রিয়, আপ-ধাতু, কবলীকৃত আহারকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অধিপতি-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং অপ্রতিঘ চিত্তজ-রূপসমূহের

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় হয়।

(৩) অধিপতি-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম সপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অধিপতি-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ-অধিপতি সপ্রতিঘ চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৪) অধিপতি-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অধিপতি-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, সপ্রতিঘ ও অপ্রতিঘ চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

অনন্তর-প্রত্যয় (১)

৭১. (১) অনন্তর-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব অপ্রতিঘ স্কন্ধসমূহ... ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

সমনন্তর-প্রত্যয় (১)

৭২. (১) সমনন্তর-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়...।

সহজাত-প্রত্যয় ইত্যাদি

৭৩. সপ্রতিঘ ধর্ম সহজাত-প্রত্যয়ের দ্বারা... (নয়), অন্যোন্যে-প্রত্যয়ের দ্বারা... (ছয়), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়... (নয়)।

উপনিশ্রয়-প্রত্যয় (২)

৭৪. (১) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ ধর্ম অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ঋতু (তাপ বা শীত-উষ্ণতা) এবং শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। এই কারণে উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা ঋতু এবং শয্যাসন শ্রদ্ধার... ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

(২) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন... মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। (তদ্রূপভাবে) শীল... কায়িক সুখ, কায়িক দুঃখ, ভোজনকে উপনিশ্রয় করে দান দেন... সংঙ্ঘভেদ করেন। উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা শ্রদ্ধা... ভোজন শ্রদ্ধার... ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় (৩)

৭৫. (১) পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ ধর্ম অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... স্প্রষ্টব্যকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্রের দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-আয়তন কায়-বিজ্ঞানের প্রত্যয় হয়।

(২) পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু, স্ত্রী-ইন্দ্রিয়, পুরুষ-ইন্দ্রিয়, জীবিত-ইন্দ্রিয়, আপ-ধাতু, কবলীকৃত আহারকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু অপ্রতিঘ স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৩) পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মসমূহ অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন এবং বাস্তু-পূর্বজাত :** পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-আয়তন এবং (হৃদয়) বাস্তু... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা স্প্রষ্টব্য-আয়তন এবং (হৃদয়) বাস্তু অপ্রতিঘ স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (৩)

৭৬. (১) পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা পশ্চাজ্জাত অপ্রতিঘ স্কন্ধসমূহ পূর্বজাত এই অপ্রতিঘ কায়ের প্রত্যয় হয়।

(২) পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম সপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা পশ্চাজ্জাত অপ্রতিঘ স্কন্ধসমূহ পূর্বজাত এই সপ্রতিঘ কায়ের প্রত্যয় হয়।

(৩) পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা পশ্চাজ্জাত অপ্রতিঘ স্কন্ধসমূহ পূর্বজাত এই সপ্রতিঘ এবং অপ্রতিঘ কায়ের প্রত্যয় হয়।

আসেবন-প্রত্যয় (১)

৭৭. (১) আসেবন-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। আসেবন-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব অপ্রতিঘ স্কন্ধসমূহ... আসেবন-প্রত্যয়ের দ্বারা বিশুদ্ধি মার্গের প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

কর্ম-প্রত্যয় (৩)

৭৮. (১) কর্ম-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** কর্ম-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং অপ্রতিঘ চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে কর্ম-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং অপ্রতিঘ কর্মজ-রূপসমূহের প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** কর্ম-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং অপ্রতিঘ কর্মজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(২) কর্ম-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম সপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** কর্ম-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ চেতনা সপ্রতিঘ চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** কর্ম-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ চেতনা সপ্রতিঘ কর্মজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৩) কর্ম-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** কর্ম-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, সপ্রতিঘ এবং অপ্রতিঘ চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** কর্ম-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ চেতনা বিপাক স্কন্ধসমূহের, সপ্রতিঘ এবং অপ্রতিঘ কর্মজ-রূপসমূহের প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয় (৩)

৭৯. (১-৩) বিপাক-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। বিপাক-প্রত্যয়ের দ্বারা বিপাক অপ্রতিঘ... (তিন)।

আহার-প্রত্যয় (৩)

৮০. (১) আহার-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। আহার-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং অপ্রতিঘ চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... আহার-প্রত্যয়ের দ্বারা কবলীকৃত আহার এই অপ্রতিঘ কায়ের প্রত্যয় হয়। (অবশিষ্ট দুটি প্রশ্ন করতে হবে, দুটি প্রশ্নেই প্রতিসন্ধিতে কবলীকৃত আহার আগে করে দেখাতে হবে)।

ইন্দ্রিয়-প্রত্যয় ইত্যাদি

৮১. (১) ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ ধর্ম অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা চক্ষু-ইন্দ্রিয় চক্ষু-বিজ্ঞানের প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা কায়-ইন্দ্রিয় কায়-বিজ্ঞানের প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(২-৪) ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়... (তিন) (জীবিত-ইন্দ্রিয় আগে করে দেখাতে হবে)।

(৫) ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মসমূহ অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা চক্ষু-ইন্দ্রিয় এবং চক্ষু-বিজ্ঞান চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা কায়-ইন্দ্রিয় এবং কায়-বিজ্ঞান কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের প্রত্যয় হয় । ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৪)

৮২. (১) বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ ধর্ম অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। **পূর্বজাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের প্রত্যয় হয়... বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা কায়-আয়তন কায়-বিজ্ঞানের প্রত্যয় হয়।

(২) বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ বিপ্রযুক্ত)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ স্কন্ধসমূহ অপ্রতিঘ চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে... বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর প্রত্যয় হয়। বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পূর্বজাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু অপ্রতিঘ স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ স্কন্ধসমূহ পূর্বজাত এই অপ্রতিঘ কায়ের প্রত্যয় হয়।

(৩) বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম সপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ স্কন্ধসমূহ সপ্রতিঘ চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...। **পশ্চাজ্জাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ স্কন্ধসমূহ পূর্বজাত এই সপ্রতিঘ কায়ের প্রত্যয় হয়।

(৪) বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ স্কন্ধসমূহ সপ্রতিঘ এবং অপ্রতিঘ চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...। **পশ্চাজ্জাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ স্কন্ধসমূহ পূর্বজাত এই সপ্রতিঘ এবং অপ্রতিঘ কায়ের প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয় (৯)

৮৩. (১) অস্তি-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ ধর্ম সপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়...

Visit: http://www.buddhistdownload.com

(এক) (প্রতীত্যবার সদৃশ প্রথম প্রশ্ন করণীয়)।

(২) অস্তি-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ ধর্ম অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ মহাভূতসমূহ আপ-ধাতুর প্রত্যয় হয়। অস্তি-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ মহাভূতসমূহ অপ্রতিঘ চিত্তজ-রূপসমূহের এবং কর্মজ-রূপসমূহের এবং উপাদা-রূপসমূহের প্রত্যয় হয়। অস্তি-প্রত্যয়ের দ্বারা স্প্রষ্টব্য-আয়তন স্ত্রী-ইন্দ্রিয়ের, পুরুষ-ইন্দ্রিয়ের, জীবিত-ইন্দ্রিয়ের, আপ-ধাতুর, কবলীকৃত আহারের প্রত্যয় হয়। বাহ্যিক, আহারজ, ঋতুজ, অসংজ্ঞসত্ত্বগণের...। **পূর্বজাত :** চক্ষু... স্প্রষ্টব্যকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়, দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। অস্তি-প্রত্যয়ের দ্বারা রূপ-আয়তন এবং চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... অস্তি-প্রত্যয়ের দ্বারা স্প্রষ্টব্য-আয়তন এবং কায়-আয়তন কায়-বিজ্ঞানের প্রত্যয় হয়।

(৩) অস্তি-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ ধর্ম সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। অস্তি-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ একটি মহাভূত দুটি মহাভূতের এবং আপ-ধাতুর প্রত্যয় হয়... (প্রতীত্যবার সদৃশ হবে, অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য)।

৮৪. (৪) অস্তি-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ একটি স্কন্ধ তিনটি স্কন্ধের... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জানা উচিত)। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু, স্ত্রী-ইন্দ্রিয়, পুরুষ-ইন্দ্রিয়, জীবিত-ইন্দ্রিয়, আপ-ধাতু, কবলীকৃত আহারকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। অস্তি-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু অপ্রতিঘ স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ স্কন্ধসমূহ পূর্বজাত এই অপ্রতিঘ কায়ের প্রত্যয় হয়। **আহার :** অস্তি-প্রত্যয়ের দ্বারা কবলীকৃত আহার এই অপ্রতিঘ কায়ের প্রত্যয় হয়। **ইন্দ্রিয় :** অস্তি-প্রত্যয়ের দ্বারা রূপ-জীবিত-ইন্দ্রিয় অপ্রতিঘ কর্মজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৫) অস্তি-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম সপ্রতিঘ ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (চতুর্বিধ অস্তি)—সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ স্কন্ধসমূহ সপ্রতিঘ চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... অস্তি-প্রত্যয়ের দ্বারা আপ-ধাতু সপ্রতিঘ মহাভূতসমূহের প্রত্যয় হয়। অস্তি-প্রত্যয়ের দ্বারা আপ-ধাতু সপ্রতিঘ চিত্তজ-রূপসমূহের এবং কর্মজ-রূপসমূহের এবং উপাদা-রূপসমূহের প্রত্যয় হয়। অস্তি-প্রত্যয়ের দ্বারা আপ-ধাতু চক্ষু-আয়তনের... স্প্রষ্টব্য-আয়তনের প্রত্যয় হয়। বাহ্যিক, আহারজ, ঋতুজ, অসংজ্ঞসত্ত্বগণের...। **পশ্চাজ্জাত :** অস্তি-

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ স্কন্ধসমূহ পূর্বজাত এই সপ্রতিঘ কায়ের প্রত্যয় হয়। **আহার :** অস্তি-প্রত্যয়ের দ্বারা কবলীকৃত আহার এই সপ্রতিঘ কায়ের প্রত্যয় হয়। **ইন্দ্রিয় :** অস্তি-প্রত্যয়ের দ্বারা রূপ-জীবিত-ইন্দ্রিয় সপ্রতিঘ কর্মজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৬) অস্তি-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। (চতুর্বিধ অস্তি)—সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ একটি স্কন্ধ তিনটি স্কন্ধের, সপ্রতিঘ এবং অপ্রতিঘ... (প্রতীত্যবার সদৃশ অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত বুঝতে হবে)। **পশ্চাজ্জাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ স্কন্ধসমূহ পূর্বজাত এই সপ্রতিঘ এবং অপ্রতিঘ কায়ের প্রত্যয় হয়। **আহার :** অস্তি-প্রত্যয়ের দ্বারা কবলীকৃত আহার এই সপ্রতিঘ এবং অপ্রতিঘ কায়ের প্রত্যয় হয়। **ইন্দ্রিয় :** অস্তি-প্রত্যয়ের দ্বারা রূপ-জীবিত-ইন্দ্রিয় সপ্রতিঘ এবং অপ্রতিঘ কর্মজ-রূপসমূহের প্রত্যয় হয়।

৮৫. (৭) অস্তি-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মসমূহ সপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয় (প্রতীত্যবার সদৃশ হবে, অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য)।

(৮) অস্তি-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মসমূহ অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ অপ্রতিঘ চিত্তজ-রূপসমূহের... (প্রতীত্যবার সদৃশ হবে, অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য)। **সহজাত এবং পূর্বজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং চক্ষু-আয়তন তিনটি স্কন্ধের প্রত্যয় হয়... অস্তি-প্রত্যয়ের দ্বারা দুটি স্কন্ধ এবং... অস্তি-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং কায়-আয়তন তিনটি স্কন্ধের প্রত্যয় হয়... অস্তি-প্রত্যয়ের দ্বারা দুটি স্কন্ধ এবং...।

(৯) অস্তি-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মসমূহ সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয় (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৮৬. হেতুতে তিন, আলম্বনে দুই, অধিপতিতে চার, অনন্তরে এক, সমনন্তরে এক, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে দুই, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে এক, কর্মে তিন, বিপাকে তিন, আহারে তিন, ইন্দ্রিয়ে পাঁচ, ধ্যানে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে এক, বিপ্রযুক্তে চার, অস্তিতে নয়, নাস্তিতে এক, বিগতে এক, অবিগতে নয়। (অনুরূপভাবে গণনা করতে হবে)।

[অনুলোম সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

২. প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৯)

৮৭. (১) সহজাত-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ ধর্ম সপ্রতিঘ ধর্মের সপ্রতিঘ ধর্ম সপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়।

(২) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ ধর্ম অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়।

(৩) সহজাত-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ ধর্ম সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়।

৮৮. (৪) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা... কর্ম-প্রত্যয়ের দ্বারা... আহার-প্রত্যয়ের দ্বারা ... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়।

(৫) সহজাত-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা... কর্ম-প্রত্যয়ের দ্বারা... আহার-প্রত্যয়ের দ্বারা... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম সপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়।

(৬) সহজাত-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা... কর্ম-প্রত্যয়ের দ্বারা... আহার-প্রত্যয়ের দ্বারা... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা অপ্রতিঘ ধর্ম সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়।

৮৯. (৭) সহজাত-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মসমূহ সপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়।

(৮) সহজাত-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মসমূহ অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়।

(৯) সহজাত-প্রত্যয়ের দ্বারা সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মসমূহ সপ্রতিঘ এবং অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৯০. না-হেতুতে নয়... না-অনন্তরে নয়, না-সমনন্তরে নয়, না-সহজাতে চার, না-অন্যোন্যে নয়, না-নিশ্রয়ে চার, না-উপনিশ্রয়ে নয়, না-পূর্বজাতে নয়... না-সম্প্রযুক্তে নয়, না-বিপ্রযুক্তে নয়, না-অস্তিতে চার, না-নাস্তিতে নয়, না-বিগতে নয়, না-অবিগতে নয়।

[প্রতিলোম সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৩. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
হেতুমূলক—দ্বিক

৯১. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন... না-অনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন... না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে এক, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
না-হেতুমূলক—দ্বিক

৯২. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অধিপতিতে চার (অনুরূপভাবে মাতিকা (তালিকা) গণনা করতে হবে), অবিগতে নয়।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[সপ্রতিঘদ্বিক (এখানে) সমাপ্ত হলো]

১১. রূপীদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

৯৩. (১) রূপী[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা রূপী ধর্ম উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত, তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত, দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত, মহাভূতকে ভিত্তি করে চিত্তজ-রূপ, কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(২) রূপী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অরূপী ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে অরূপী স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) রূপী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা রূপী এবং অরূপী ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে অরূপী স্কন্ধসমূহ উৎপন্ন

---

[১]। রূপ : 'রূপী' বলতে রূপস্কন্ধই বুঝায়। √ রূপ ধাতু নিষ্পন্ন; যার অর্থ পরিবর্তন হওয়া, ধ্বংস হওয়া। ওটার মূলগত অর্থ হলো : 'সীতুণহাদিবসেন বণ্ণবিকারমপজ্জতী'তি রূপং' অর্থাৎ 'যা উষ্ণতা এবং শীতলতা ইত্যাদি দ্বারা পরিবর্তিত হয় তা-ই রূপ।' রূপ সাধারণ অর্থে জড় পদার্থ; লৌকিক অর্থে বর্ণ বা আকার; আভিধার্মিক অর্থে জড় পদার্থের গুণাবলিকে বুঝায়। বিভাবনীর টীকায় বলা হয়েছে : 'বণ্ণবিকারং আপজ্জমানা রূপায়িত হৃদযঙ্গভাব পকাসেতী'তি রূপং' অর্থাৎ 'বর্ণ বিকার প্রাপ্ত হয়ে যা প্রবর্তিত হয় এবং হৃদয়ে প্রবেশ করার অবস্থা প্রকাশ করে তা-ই রূপ।' অভিধর্মে ২৮ প্রকার রূপের ব্যাখ্যা করা হয়েছে।

Visit: http://www.buddhistdownload.com

হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ উৎপন্ন হয়।

৯৪. (৪) অরূপী[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অরূপী ধর্ম উৎপন্ন হয়। একটি অরূপী স্কন্ধকে ভিত্তি করে তিনটি (অরূপী) স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৫) অরূপী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা রূপী ধর্ম উৎপন্ন হয়। অরূপী স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৬) অরূপী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা রূপী এবং অরূপী ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি অরূপী স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

৯৫. (৭) রূপী এবং অরূপী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা রূপী ধর্ম উৎপন্ন হয়। অরূপী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৮) রূপী এবং অরূপী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অরূপী ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে একটি অরূপী স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৯) রূপী এবং অরূপী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা রূপী এবং অরূপী ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে অরূপী একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... অরূপী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৯৬. হেতুতে নয়, আলম্বনে তিন, অধিপতিতে পাঁচ, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে এক, আসেবনে এক, কর্মে নয়, বিপাকে নয়, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়, মার্গে নয়, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে তিন, বিগতে তিন, অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

---

[১]। ৮৯ প্রকার চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ প্রকার চৈতসিক ও নির্বাণ অরূপী (নিরাকার বা অশরীরী) ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৯)

৯৭. (১) রূপী ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা রূপী ধর্ম উৎপন্ন হয়...।

(২) রূপী ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অরূপী ধর্ম উৎপন্ন হয়...।

(৩) রূপী ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা রূপী এবং অরূপী ধর্ম উৎপন্ন হয়...।

(৪) অরূপী ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অরূপী ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক অরূপী স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... সংশয়-সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে সংশয়-সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। (না-হেতু প্রত্যয়ে নয়টি প্রশ্ন হবে, অহেতুক এই উপায়ে জানতে হবে)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৯৮. না-হেতুতে নয়, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে দুই, না-বিপাকে পাঁচ, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে দুই, না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৯৯. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে এক, না-বিপাকে পাঁচ, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে এক, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

(৯) কোনো প্রকারে বিজ্ঞেয় এবং কোনো প্রকারে না-বিজ্ঞেয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কোনো প্রকারে বিজ্ঞেয় এবং কোনো প্রকারে না-বিজ্ঞেয় ধর্মসমূহ উৎপন্ন হয়। কোনো প্রকারে বিজ্ঞেয় এবং কোনো প্রকারে না-বিজ্ঞেয় একটি স্কন্ধকে ভিত্তি করে কোনো প্রকারে বিজ্ঞেয় এবং কোনো প্রকারে না-বিজ্ঞেয় তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ, কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

১৭৯. হেতুতে নয়, আলম্বনে নয়... অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

১৮০. না-হেতুতে নয়, না-আলম্বনে নয়... না-বিগতে নয়।

(অনুরূপভাবে অপর চার গণনাও পরিপূর্ণ করা উচিত)।

২-৬. সহজাত-প্রত্যয়-নিশ্রয়-সংশ্লিষ্ট-সম্প্রযুক্তবার

(সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবারও অনুরূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য। প্রত্যয়বারে (হৃদয়) বাস্তু এবং পঞ্চায়তনসমূহ জানতে হবে। যা যা লাভ হয় তা তা করা উচিত)।

৭. প্রশ্নবার

১-৪. প্রত্যয় : অনুলোমাদি

১৮১. (১) কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্ম কোনো প্রকারে বিজ্ঞেয় ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কোনো প্রকারে বিজ্ঞেয় হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনায়)—হেতুতে নয়, আলম্বনে নয়... অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

(প্রতিলোম গণনায়)—না-হেতুতে নয়... না-বিগতে নয় (অনুরূপভাবে অপর চারটি গণনাও পরিপূর্ণ করা উচিত)।

[প্রতিলোম সমাপ্ত]

[কোনো প্রকারে বিজ্ঞেয়দ্বিক (এখানে) সমাপ্ত হলো]

[ক্ষুদ্রান্তরদ্বিক সমাপ্ত]

৩. আসবগুচ্ছ

১৪. আসবদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১. (১) আসব[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব ধর্ম উৎপন্ন হয়।

---

[১]। আসব—আসব চার প্রকার; যথা : কামাসব, ভবাসব, দৃষ্ট্যাসব ও অবিদ্যাসব। তন্মধ্যে 'কামাসব' ও 'ভবাসব' উভয়ই লোভ চৈতসিক। 'দৃষ্ট্যাসব' দৃষ্টি চৈতসিক এবং 'অবিদ্যাসব' মোহ চৈতসিক। এখন প্রশ্ন হচ্ছে লোভ, দৃষ্টি ও মোহ চৈতসিক তিনটিকে আসব বলা হয় কেন? 'আ' উপসর্গের অর্থ অবধি, পর্যন্ত যে চৈতসিক ভবাগ্র পর্যন্ত প্রবাহিত হয় তা আসব। অনাগামীর কামাসব ধ্বংস হলেও ভবাসব সম্পূর্ণ ধ্বংস হয় না।

Visit: http://www.buddhistdownload.com

কাম-আসবকে ভিত্তি করে দৃষ্টি-আসব ও অবিদ্যা-আসব উৎপন্ন হয়। দৃষ্টি-আসবকে ভিত্তি করে কাম-আসব ও অবিদ্যা-আসব উৎপন্ন হয়। অবিদ্যা-আসবকে ভিত্তি করে কাম-আসব ও দৃষ্টি-আসব উৎপন্ন হয়। ভব-আসবকে ভিত্তি করে অবিদ্যা-আসব উৎপন্ন হয়। দৃষ্টি-আসবকে ভিত্তি করে অবিদ্যা-আসব উৎপন্ন হয় (পৃথক পৃথকভাবে চক্রবন্ধন করতে হবে)।

(২) আসব ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-আসব[১] ধর্ম উৎপন্ন হয়। আসবকে ভিত্তি করে আসব সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৩) আসব ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব এবং না-আসব ধর্মসমূহ উৎপন্ন হয়। কাম-আসবকে ভিত্তি করে দৃষ্টি-আসব ও অবিদ্যা-আসব সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয় (চক্রবদ্ধভাবে জানতে হবে)।

২. (৪) না-আসব ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-আসব ধর্ম উৎপন্ন হয়। একটি না-আসব স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধি গ্রহণক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ, কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৫) না-আসব ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব ধর্ম উৎপন্ন হয়। না-আসব স্কন্ধসমূহকে ভিত্তি করে আসবসমূহ উৎপন্ন হয়।

(৬) না-আসব ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব এবং না-আসব ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি না-আসব স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ আসব এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে...।

৩. (৭) আসব এবং না-আসব ধর্মকে ভিত্তি করে আসব ধর্ম উৎপন্ন হয়। কাম-আসব এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে দৃষ্টি-আসব এবং অবিদ্যা-আসব উৎপন্ন হয় (চক্রবন্ধন করতে হবে)।

(৮) আসব এবং না-আসব ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-আসব ধর্ম উৎপন্ন হয়। একটি না-আসব স্কন্ধ এবং আসবসমূহকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে...।

এজন্য অনাগামীরা অর্হৎ না হওয়া পর্যন্ত 'শুদ্ধাবাস ব্রহ্মলোকে' থাকেন। আসবের আরেক অর্থ সুরাদি মাদক দ্রব্য। যে যে চৈতসিক মত্ততা সাধক, সেগুলো আসব সদৃশ। ভবাসবের আলম্বন নিজের সত্ত্বা বা অস্তিত্ব। দৃষ্টাসবের আলম্বন অবিনশ্বর আত্মা। অবিদ্যাসব এই সমস্তের সাথে জড়িত। তন্মধ্যে ভবাসব অরহত্ত্ব মার্গ পর্যন্ত, দৃষ্ট্যাসব অরূপভব পর্যন্ত কামাসব অনাগামী মার্গ পর্যন্ত প্রবাহিত হয়।

[১]। ৮৯ প্রকার চিত্ত, তৃষ্ণায় তিন বিষয় ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৩) = ৪৯ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-আসব বা আসবহীন ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

(৯) আসব এবং না-আসব ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব এবং না-আসব ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি না-আসব স্কন্ধ এবং কাম-আসবকে ভিত্তি করে তিনটি স্কন্ধ, দৃষ্টি-আসব, অবিদ্যা-আসব এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধ এবং... (চক্রবদ্ধভাবে জানতে হবে। সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৪. হেতুতে নয়, আলম্বনে নয় (সর্বত্র নয়), বিপাকে এক, আহারে নয়... অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (২)

৫. (১) না-আসব ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-আসব ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক না-আসব স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধির সময়... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য)।

(২) না-আসব ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা আসব ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

না-আলম্বন-প্রত্যয় (৩)

৬. (১) আসব ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-আসব ধর্ম উৎপন্ন হয়। আসবসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(২) না-আসব ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-আসব ধর্ম উৎপন্ন হয়। না-আসব স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। একটি মহাভূতকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য)।

(৩) আসব এবং না-আসব ধর্মকে ভিত্তি করে না-আলম্বন প্রত্যয় দ্বারা না-আসব ধর্ম উৎপন্ন হয়। আসবসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

Visit: http://www.buddhistdownload.com

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৭. না-হেতুতে দুই, না-আলম্বনে তিন, তিন-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে নয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৮. হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে নয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

৯. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অনন্তরে দুই... বিপাকে এক... মার্গে এক... অবিগতে দুই।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ পাঠ হবে)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১০. (১-৩) আসব (আসক্তি বা তৃষ্ণা) ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা আসব ধর্ম উৎপন্ন হয়। (আসবমূলকে তিন, প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৪) না-আসব ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা না-আসব ধর্ম উৎপন্ন হয় । একটি না-আসব স্কন্ধকে অবলম্বন করে তিনটি (না-আসব) স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধি গ্রহণক্ষণে... স্কন্ধসমূহকে অবলম্বন করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হয়। মহাভূতসমূহকে অবলম্বন করে চিত্তজ-রূপ, কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে না-আসব স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) আসব ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা আসব ধর্ম উৎপন্ন হয়। না-আসব স্কন্ধসমূহকে অবলম্বন করে আসবসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে আসবসমূহ উৎপন্ন হয়।

(৬) আসব ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা আসব এবং না-আসব ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি না-আসব স্কন্ধকে অবলম্বন করে তিনটি স্কন্ধ এবং আসবসমূহ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধ... (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে আসবসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

১১. (৭) আসব এবং না-আসব ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা আসব ধর্ম উৎপন্ন হয়। কাম-আসব এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে অবলম্বন করে দৃষ্টি-আসব ও অবিদ্যা-আসব উৎপন্ন হয় (ক্রমান্বয়ে জানতে হবে)। কাম-আসব এবং (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে দৃষ্টি-আসব ও অবিদ্যা-আসব উৎপন্ন হয় (ক্রমান্বয়ে জানতে হবে)।

(৮) আসব এবং না-আসব ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা না-আসব ধর্ম উৎপন্ন হয়। একটি না-আসব স্কন্ধ এবং আসবসমূহকে অবলম্বন করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধ... আসব এবং (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে না-আসব স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৯) আসব এবং না-আসব ধর্মকে অবলম্বন হেতু-প্রত্যয় দ্বারা করে আসব এবং না-আসব ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি না-আসব স্কন্ধ এবং কাম-আসবকে অবলম্বন করে তিনটি স্কন্ধ, দৃষ্টি-আসব, অবিদ্যা-আসব এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধ... (ক্রমান্বয়ে বুঝতে হবে)। কাম-আসব এবং (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে দৃষ্টি-আসব, অবিদ্যা-আসব এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (ক্রমান্বয়ে বুঝতে হবে। সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

১২. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয়... বিপাকে এক... অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (২)

১৩. (১) না-আসব ধর্মকে অবলম্বন করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-আসব ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক না-আসব স্কন্ধকে অবলম্বন করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত বিস্তার করণীয়) চক্ষু-আয়তনকে অবলম্বন করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে অবলম্বন করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে অহেতুক না-আসব স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) না-আসব ধর্মকে অবলম্বন করে না-হেতু-প্রত্যয় দ্বারা আসব ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

১৪. না-হেতুতে দুই, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়... না-কর্মে তিন... না-বিপ্রযুক্তে নয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন। (অনুরূপভাবে সর্বত্র গণনার ন্যায় গণনা করতে হবে)।

৪. নিশ্রয়বার

(নিশ্রয়বার প্রত্যয়বার সদৃশ পাঠ হবে)।

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোমাদি

১৫. (১) আসব ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা আসব ধর্ম উৎপন্ন হয়। কাম-আসবকে সংশ্লিষ্ট করে দৃষ্টি-আসব ও অবিদ্যা-আসব উৎপন্ন হয় (চক্রবন্ধন করতে হবে। সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনায়)—হেতুতে নয়, আলম্বনে নয় (সর্বত্র নয়), বিপাকে এক... অবিগতে নয়।

(প্রতিলোম গণনায়)—না-হেতুতে দুই, না-অধিপতিতে নয়, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে নয়।

৬. সম্প্রযুক্তবার

(অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম গণনা এবং সম্প্রযুক্তবার সংশ্লিষ্টবার সদৃশ পড়তে হবে)।

Visit: http://www.buddhistdownload.com

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৭)

১৬. (১) আসব ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়। কাম-আসব হেতু-প্রত্যয়ের দ্বারা দৃষ্ট্যাসবের ও অবিদ্যাসবের প্রত্যয় হয়। ভব-আসব হেতু-প্রত্যয়ের দ্বারা অবিদ্যাসবের প্রত্যয় হয় (চক্রবন্ধন করতে হবে)।

(২) আসব ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়। আসব হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৩) আসব ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা আসব এবং না-আসব ধর্মের প্রত্যয় হয়। কাম-আসব হেতু-প্রত্যয়ের দ্বারা দৃষ্ট্যাসবের, অবিদ্যাসবের, সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

১৭. (৪) না-আসব ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়। না-আসব হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...।

(৫) না-আসব ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়। না-আসব হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত আসবসমূহের প্রত্যয় হয়।

(৬) না-আসব ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা আসব এবং না-আসব ধর্মের প্রত্যয় হয়। না-আসব হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং আসব চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৭) আসব এবং না-আসব ধর্মসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়। আসব এবং না-আসব হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (৯)

১৮. (১) আসব ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়। আসবসমূহকে ভিত্তি করে আসবসমূহ উৎপন্ন হয়।

(২) আসব ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়। আসবসমূহকে ভিত্তি করে না-আসব স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) আসব ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা আসব এবং না-আসব ধর্মের প্রত্যয় হয়। আসবসমূহকে ভিত্তি করে আসবসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

১৯. (৪) না-আসব ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়। দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম সম্পাদন করে তা স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। পূর্বে তিনি যেসমস্ত পুণ্যময় সুকর্ম সম্পাদন

Visit: http://www.buddhistdownload.com

করেছিলেন সেসমস্ত পুণ্যময় সুকর্মসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উঠে মার্গকেই স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ আলম্বন-প্রত্যয়ের দ্বারা গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের, আবর্তন-চিত্তের প্রত্যয় হয়। আর্যগণ না-আসব এমন প্রহীন ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, অপ্রহীন ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে জানেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-আসব স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন, চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা না-আসব চিত্তসম্পন্ন[১] ব্যক্তির চিত্তকে জানেন, আকাশ-অনন্ত-আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের... আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের... রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... না-আসব স্কন্ধসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকর্মোপগজ্ঞানের (সত্ত্বগণের কর্মানুরূপ ভবে আগমন-প্রত্যাবর্তন সম্বন্ধীয়জ্ঞানের), অনাগতভবজ্ঞানের (পশ্চাৎ উৎপত্তির কারণ সম্বন্ধীয়জ্ঞানের), আবর্তন-চিত্তের প্রত্যয় হয়।

(৫) না-আসব ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়। দান দিয়ে... এটিকেই আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন, এটিকে ভিত্তি করে আসবসমূহ উৎপন্ন হয়। (তদ্রূপভাবে) শীল পালন করে... উপোসথকর্ম সম্পাদন করে... পূর্বকৃত পুণ্যকর্মসমূহ... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তু, না-আসব স্কন্ধসমূহকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে আসবসমূহ উৎপন্ন হয়।

(৬) না-আসব ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা আসব এবং না-আসব ধর্মের প্রত্যয় হয়। দান দিয়ে... (দ্বিতীয় প্রশ্নের সদৃশ হবে) না-আসব স্কন্ধসমূহকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে আসবসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

২০. (৭) আসব এবং না-আসব ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়। আসবসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে আসবসমূহ উৎপন্ন হয়।

---

[১]। ৮৯ প্রকার চিত্তসম্পন্ন। এর সম্প্রযুক্ত চৈতসিকে আসবের তিন ধর্ম; যথা : লোভ, দৃষ্টি, মোহ বর্জিত হবে।

Visit: http://www.buddhistdownload.com

(৮) আসব এবং না-আসব ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়। আসবসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে না-আসব স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৯) আসব এবং না-আসব ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা আসব এবং না-আসব ধর্মের প্রত্যয় হয়। আসবসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে আসবসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (৯)

২১. (১-৩) আসব ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** আসবসমূহকে গুরুত্ব দিয়ে আসবসমূহ উৎপন্ন হয় (তিন, আলম্বন সদৃশ জ্ঞাতব্য, গৌরবনীয় আলম্বনসমূহ করা উচিত)।

(৪) না-আসব ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান... শীল... উপোসথকর্ম... পূর্ব... ধ্যান হতে... আর্যগণ মার্গ হতে... ফলকে... নির্বাণকে গুরুত্ব... নির্বাণ অধিপতি-প্রত্যয়ের দ্বারা গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-আসব স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ায় রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-আসব-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৫) না-আসব ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান... না-আসব স্কন্ধসমূহকে গুরুত্ব সহকারে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ায় আসবসমূহ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-আসব-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত আসবসমূহের প্রত্যয় হয়।

(৬) না-আসব ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা আসব এবং না-আসব ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান... না-আসব স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ায় রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-আসব-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্তসমূহের এবং আসব চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৭-৯) আসব এবং না-আসব ধর্মসমূহ অধিপতি-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** আসবসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে

Visit: http://www.buddhistdownload.com

গুরুত্ব সহকারে আস্বাদন করেন... আসবসমূহ উৎপন্ন হয় (তিন, গৌরবনীয় আলম্বন করা কর্তব্য)।

অনন্তর-প্রত্যয় (৯)

২২. (১) আসব ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব আসবসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী আসবসমূহের প্রত্যয় হয়।

(২) আসব ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব আসবসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী না-আসব স্কন্ধসমূহের প্রত্যয় হয়। আসবসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা উত্থানের (ধ্যান হতে উত্থানের বা জাগরণের) প্রত্যয় হয়।

(৩) আসব ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা আসব এবং না-আসব ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব আসবসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী আসবসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

২৩. (৪) না-আসব ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব না-আসব স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী না-আসব স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অনুলোম অনন্তর-প্রত্যয়ের দ্বারা গোত্রভূর... ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

(৫) না-আসব ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব না-আসব স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী আসবসমূহের প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত অনন্তর-প্রত্যয়ের দ্বারা আসবসমূহের প্রত্যয় হয়।

(৬) না-আসব ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা আসব এবং না-আসব ধর্মের প্রত্যয় হয়। পূর্ব পূর্ব না-আসব স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী আসবসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

২৪. (৭-৯) আসব এবং না-আসব ধর্মসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

সমনন্তর-প্রত্যয় (৯)

২৫. আসব ধর্ম সমনন্তর-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... (নয়), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা... (নয়), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়... (নয়)। (বাস্তু করে দেখাতে হবে)।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

২৬. (১-৩) আসব ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-

Visit: http://www.buddhistdownload.com

উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** আসবসমূহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা আসবসমূহের প্রত্যয় হয় (তিন)।

২৭. (৪) না-আসব ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন, মান উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) শীল... শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। এ'হেতুতে শ্রদ্ধা... শয্যাসন উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা শ্রদ্ধার... ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

(৫) না-আসব ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...।

প্রকৃতি-উপনিশ্রয় : শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মান উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) শীলকে... সংঘভেদ করেন। এ'হেতুতে শ্রদ্ধা... শয্যাসন উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা রাগের... প্রার্থনার (তৃষ্ণার) প্রত্যয় হয়।

(৬) না-আসব ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা আসব এবং না-আসব ধর্মের প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মান উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) শীল... শয্যাসনকে উপনিশ্রয় করে... প্রাণির জীবন হরণ করেন... সংঘভেদ করেন। এ'হেতুতে শ্রদ্ধা... শয্যাসন উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা রাগের... প্রার্থনার প্রত্যয় হয়।

(৭) আসব এবং না-আসব ধর্মসমূহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :**... (তিন)।

পূর্বজাত-প্রত্যয় (৩)

২৮. (১) না-আসব ধর্ম পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়। (পূর্বজাত দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে (অনুরূপভাবে বিস্তৃত করতে হবে), স্প্রষ্টব্য-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা না-আসব স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) না-আসব ধর্ম পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়। (পূর্বজাত দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :**

Visit: http://www.buddhistdownload.com

চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একেই ভিত্তি করে আসবসমূহ উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা আসবসমূহের প্রত্যয় হয়।

(৩) না-আসব ধর্ম পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা আসব এবং না-আসব ধর্মের প্রত্যয় হয়। (পূর্বজাত দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একেই ভিত্তি করে আসবসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা আসবসমূহের এবং আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (৩)

২৯. (১) আসব ধর্ম পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়। পশ্চাজ্জাত আসবসমূহ পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়।

(২) না-আসব ধর্ম পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়। পশ্চাজ্জাত না-আসব স্কন্ধসমূহ পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়।

(৩) আসব এবং না-আসব ধর্মসমূহ পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়। পশ্চাজ্জাত আসব এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়।

আসেবন-প্রত্যয় (৯)

৩০. (১-৯) আসব ধর্ম আসেবন-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়... (নয়)।

কর্ম-প্রত্যয় (৩)

৩১. (১) না-আসব ধর্ম কর্ম-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** না-আসব চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** না-আসব চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা বিপাক স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(২) না-আসব ধর্ম কর্ম-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়। না-আসব চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত আসবসমূহের প্রত্যয় হয়।

(৩) না-আসব ধর্ম কর্ম-প্রত্যয়ের দ্বারা আসব এবং না-আসব ধর্মের প্রত্যয় হয়। না-আসব চেতনা কর্ম-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং আসব

Visit: http://www.buddhistdownload.com

চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয় (১), আহার-প্রত্যয় (৩)

৩২. (১) না-আসব ধর্ম বিপাক-প্রত্যয়ের দ্বারা... (এক)... আহার-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়। না-আসব আহারসমূহ আহার-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... কবলীকৃত আহার আহার-প্রত্যয়ের দ্বারা এই কায়ের প্রত্যয় হয়।

(২) না-আসব ধর্ম আহার-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়। না-আসব আহারসমূহ আহার-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত আসবসমূহের প্রত্যয় হয়।

(৩) না-আসব ধর্ম আহার-প্রত্যয়ের দ্বারা আসব এবং না-আসব ধর্মের প্রত্যয় হয়। না-আসব আহারসমূহ আহার-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং আসব চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

ইন্দ্রিয়-প্রত্যয়াদি

৩৩. (১-৩) না-আসব ধর্ম ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়। না-আসব ইন্দ্রিয়সমূহ ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... চক্ষু-ইন্দ্রিয় ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের... কায়-ইন্দ্রিয় ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের... রূপ-জীবিত-ইন্দ্রিয় ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা কর্মজ-রূপসমূহের প্রত্যয় হয়... (তিন), ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৫)

৩৪. (১) আসব ধর্ম বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** আসবসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** আসবসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়।

৩৫. (২) না-আসব ধর্ম বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ বিপ্রযুক্ত)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** না-আসব স্কন্ধসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তুর প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা না-আসব স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** না-আসব স্কন্ধসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের

Visit: http://www.buddhistdownload.com

দ্বারা পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়।

(৩) না-আসব ধর্ম বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা আসবসমূহের প্রত্যয় হয়।

(৪) না-আসব ধর্ম বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা আসব এবং না-আসব ধর্মের প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা আসবসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

৩৬. (৫) আসব এবং না-আসব ধর্মসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** আসবসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** আসবসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয় (৯)

৩৭. (১) আসব ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়। কাম-আসব অস্তি-প্রত্যয়ের দ্বারা দৃষ্ট্যাসবের ও অবিদ্যাসবের প্রত্যয় হয় (চক্রবন্ধন করতে হবে)।

(২) আসব ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** আসবসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** আসবসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়।

(৩) আসব ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা আসব এবং না-আসব ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কাম-আসব অস্তি-প্রত্যয়ের দ্বারা দৃষ্ট্যাসবের, অবিদ্যাসবের, সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয় (চক্রবন্ধন করতে হবে)।

৩৮. (৪) না-আসব ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** না-আসব একটি স্কন্ধ অস্তি-প্রত্যয়ের দ্বারা তিনটি স্কন্ধের... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য)। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন অস্তি-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন অস্তি-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের... চক্ষু-আয়তন অস্তি-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন অস্তি-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু না-আসব অস্তি-প্রত্যয়ের দ্বারা স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** না-আসব স্কন্ধসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়। **আহার :**

Visit: http://www.buddhistdownload.com

কবলীকৃত আহার অস্তি-প্রত্যয়ের দ্বারা এই কায়ের প্রত্যয় হয়। **ইন্দ্রিয় :** রূপ-জীবিত-ইন্দ্রিয় অস্তি-প্রত্যয়ের দ্বারা কর্মজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৫) না-আসব ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** না-আসব স্কন্ধসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা আসবসমূহের প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে ভিত্তি করে আসবসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তু অস্তি-প্রত্যয়ের দ্বারা আসবসমূহের প্রত্যয় হয়।

(৬) না-আসব ধর্ম অস্তি-প্রত্যয়ের দ্বারা আসব এবং না-আসব ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত।

সহজাত : না-আসব একটি স্কন্ধ অস্তি-প্রত্যয়ের দ্বারা তিনটি স্কন্ধের এবং আসব চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়... দুটি স্কন্ধ... (চক্রবন্ধন করতে হবে)।

৩৯. (৭) আসব এবং না-আসব ধর্মসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত।

সহজাত : কাম-আসব এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা দৃষ্টি-আসব ও অবিদ্যাসবের প্রত্যয় হয় (চক্রবদ্ধভাবে বিস্তার করতে হবে)। কাম-আসব এবং (হৃদয়) বাস্তু অস্তি-প্রত্যয়ের দ্বারা দৃষ্ট্যাসবের ও অবিদ্যাসবের প্রত্যয় হয় (চক্রবন্ধন করতে হবে)।

(৮) আসব এবং না-আসব ধর্মসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** না-আসব একটি স্কন্ধ অস্তি-প্রত্যয়ের দ্বারা তিনটি স্কন্ধের এবং আসব চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। **সহজাত এবং পূর্বজাত :** আসবসমূহ এবং মহাভূতসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। আসবসমূহ এবং (হৃদয়) বাস্তু অস্তি-প্রত্যয়ের দ্বারা না-আসব স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** আসবসমূহ এবং কবলীকৃত আহার অস্তি-প্রত্যয়ের দ্বারা এই কায়ের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** আসবসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় অস্তি-প্রত্যয়ের দ্বারা কর্মজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৯) আসব এবং না-আসব ধর্মসমূহ অস্তি-প্রত্যয়ের দ্বারা আসব এবং না-আসব ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** না-আসব একটি স্কন্ধ এবং কাম-আসব অস্তি-প্রত্যয়ের দ্বারা তিনটি স্কন্ধের, দৃষ্ট্যাসবের, অবিদ্যাসবের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং... (চক্রবন্ধন করতে হবে)। **সহজাত এবং পূর্বজাত :** কাম-আসব এবং (হৃদয়) বাস্তু অস্তি-প্রত্যয়ের দ্বারা দৃষ্ট্যাসবের, অবিদ্যাসবের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয় (চক্রবদ্ধভাবে বিস্তার করতে হবে)।

Visit: http://www.buddhistdownload.com

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৪০. হেতুতে সাত, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, অন্যোন্যে তিন, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে নয়, কর্মে তিন, বিপাকে এক, আহারে তিন... মার্গে নয়, সম্প্রযুক্তে নয়, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৯)

৪১. (১) আসব ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়।

(২) আসব ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়।

(৩) আসব ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা আসব এবং না-আসব ধর্মের প্রত্যয় হয়।

৪২. (৪) না-আসব ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা ... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা... কর্ম-প্রত্যয়ের দ্বারা... আহার-প্রত্যয়ের দ্বারা... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়।

(৫) না-আসব ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়।

(৬) না-আসব ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা আসব এবং না-আসব ধর্মের প্রত্যয় হয়।

৪৩. (৭) আসব এবং না-আসব ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা আসব ধর্মের প্রত্যয় হয়।

(৮) আসব এবং না-আসব ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা না-আসব ধর্মের প্রত্যয় হয়।

(৯) আসব এবং না-আসব ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা আসব এবং না-আসব ধর্মের প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৪৪. না-হেতুতে নয়, না-আলম্বনে নয়, না-অধিপতিতে নয় (সবক্ষেত্রে নয়), না-অবিগতে নয়।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৪৫. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে সাত, না-অধিপতিতে সাত, না-অনন্তরে সাত, না-সমনন্তরে সাত, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে সাত (সবক্ষেত্রে সাত), না-মার্গে সাত, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে সাত, না-নাস্তিতে সাত, না-বিগতে সাত।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

৪৬. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে নয় (অনুলোম পদসমূহ পরিপূর্ণ করতে হবে), অবিগতে নয়।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[আসবদ্বিক (এখানে) সমাপ্ত]

১৫. সাসবদ্বিক

১. প্রতীত্যবার—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৫)

৪৭. (১) সাসব[১] (আসক্তির বিষয় বা আলম্বন) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সাসব ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনের সময়) একটি সাসব স্কন্ধকে ভিত্তি করে তিনটি (সাসব) স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... আবার প্রতিসন্ধির সময়... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ, কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(২) অনাসব[২] (আসবমুক্ত বা অকলুষিত) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনাসব ধর্ম উৎপন্ন হয়। একটি অনাসব স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ...

---

[১]। ৮১ প্রকার লৌকিক চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ প্রকার চৈতসিক ও ২৮ প্রকার রূপ সাসব ধর্ম।

[২]। ৮ প্রকার লোকোত্তর চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ প্রকার চৈতসিক ও নির্বাণ অনাসব ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

দুটি স্কন্ধকে...।

(৩) অনাসব ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সাসব ধর্ম উৎপন্ন হয়। অনাসব স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৪) অনাসব ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সাসব এবং অনাসব ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি অনাসব স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে...।

(৫) সাসব এবং অনাসব ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সাসব ধর্ম উৎপন্ন হয়। অনাসব স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। (ক্ষুদ্রান্তরদ্বিকে লৌকিকদ্বিকের ন্যায় সাসবদ্বিক জানতে হবে, নির্ণয় না-না-করণীয়)।

[সাসবদ্বিক (এখানে) সমাপ্ত হলো]

১৬. আসব-সম্প্রযুক্তদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

৪৮. (১) আসব-সম্প্রযুক্ত[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি আসব-সম্প্রযুক্ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি (আসব-সম্প্রযুক্ত) স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(২) আসব-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত[২] ধর্ম উৎপন্ন হয়। আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে মোহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৩) আসব-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয় । একটি আসব-সম্প্রযুক্ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে... একটি দৌর্মনস্য-সহগত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং মোহ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে...।

৪৯. (৪) আসব-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-

---

[১]। ১২ অকুশল চিত্ত, ২ দ্বেষমূলক চিত্তে এবং ২ মোহমূলক চিত্তে মোহমূলক চিত্তে মোহ ব্যতীত তৎসম্প্রযুক্ত ২৭ প্রকার চৈতসিক আসব-সম্প্রযুক্ত ধর্ম।

[২]। ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ প্রকার চৈতসিক, দুই দ্বেষমূলক ও দুই মোহমূলক চিত্তে মোহ, ২৮ প্রকার রূপ ও নির্বাণ আসব-বিপ্রযুক্ত ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি আসব-বিপ্রযুক্ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি (আসব-বিপ্রযুক্ত) স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে... দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহকে[১] ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধি গ্রহণের সময়... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত, তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত, দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত, মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ, কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৫) আসব-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) আসব-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

৫০. (৭) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত একটি স্কন্ধ এবং মোহকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ...।

(৮) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৯) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত একটি স্কন্ধ এবং মোহকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয় উৎপন্ন হয়... দুটি স্কন্ধ...।

আলম্বন-প্রত্যয় (৬)

৫১. (১) আসব-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা আসব-

---

[১]। মোহচিত্ত দুটি; একটি বিচিকিৎসা-সহগত এবং অন্যটি ঔদ্ধত্য-সহগত। এখানে দৌর্মনস্য-সহগত মোহ বলতে দ্বেষমূলকচিত্তে সম্প্রযুক্ত মোহ চৈতসিককে বুঝানো হচ্ছে।

Visit: http://www.buddhistdownload.com

সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি আসব-সম্প্রযুক্ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(২) আসব-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে মোহ উৎপন্ন হয়।

(৩) আসব-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং মোহ... দুটি স্কন্ধকে...।

৫২. (৪) আসব-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি আসব-বিপ্রযুক্ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) আসব-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত একটি স্কন্ধ এবং মোহকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ...।

অধিপতি-প্রত্যয় (৯)

৫৩. (১) আসব-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়...।

(২) আসব-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়...।

(৩) আসব-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়...।

(৪) আসব-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি আসব-বিপ্রযুক্ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে... দৌর্মনস্য-সহগত মোহকে (অর্থাৎ দ্বেষমূলকচিত্তে সম্প্রযুক্ত মোহ চৈতসিককে) ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ ও উপাদা-রূপ উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৫) আসব-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত (চিত্তে) মোহকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) আসব-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত (চিত্তে) মোহকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

৫৪. (৭) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি দৌর্মনস্য-সহগত স্কন্ধ এবং মোহকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ...।

(৮) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৯) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি দৌর্মনস্য-সহগত স্কন্ধ এবং মোহকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধ...। (অনুরূপভাবে সকল প্রত্যয়সমূহ বিস্তৃত করতে হবে। সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৫৫. হেতুতে নয়, আলম্বনে ছয়, অধিপতিতে নয়, অনন্তরে ছয়, সমনন্তরে ছয়, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে ছয়, পূর্বজাতে ছয়, আসেবনে ছয়, কর্মে নয়, বিপাকে এক, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়, মার্গে নয়, সম্প্রযুক্তে ছয়, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে ছয়, বিগতে ছয়, অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (২)

৫৬. (১) আসব-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) আসব-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক আসব-বিপ্রযুক্ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ

Visit: http://www.buddhistdownload.com

এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধি গ্রহণের সময়... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য)।

না-আলম্বন-প্রত্যয় (৩)

৫৭. (১) আসব-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(২) আসব-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। আসব-বিপ্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। অপরদিকে প্রতিসন্ধি গ্রহণের সময়... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। একটি মহাভূতকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য)।

(৩) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

না-অধিপতি-প্রত্যয় (৯)

৫৮. (১) আসব-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

না-পূর্বজাত-প্রত্যয়াদি

৫৯. (১) আসব-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে (নিরাকার ব্রহ্মলোকে) একটি আসব-সম্প্রযুক্ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(২) আসব-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে সংশয়-সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে সংশয়-সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৩) আসব-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। অরূপলোকে একটি সংশয়-সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং মোহ... দুটি স্কন্ধকে...।

৬০. (৪) আসব-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে আসব-বিপ্রযুক্ত একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... আসব-বিপ্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধি গ্রহণের সময়... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য)।

(৫) আসব-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে সংশয়-সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

৬১. (৬) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি সংশয়-সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধ এবং মোহকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং...।

(৭) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা... (নয়), না-আসেবন-প্রত্যয়... (নয়)।

না-কর্ম-প্রত্যয়াদি

৬২. (১) আসব-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে সম্প্রযুক্ত চেতনা উৎপন্ন হয়।

(২) আসব-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। আসব-বিপ্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে আসব-বিপ্রযুক্ত চেতনা উৎপন্ন হয়।

(৩) আসব-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহকে ভিত্তি করে সম্প্রযুক্ত চেতনা উৎপন্ন হয়।

(৪) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে ভিত্তি করে সম্প্রযুক্ত চেতনা উৎপন্ন হয়।... না-বিপাক-প্রত্যয় দ্বারা... না-আহার-প্রত্যয় দ্বারা... না-ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা... না-ধ্যান-প্রত্যয় দ্বারা... না-মার্গ-প্রত্যয় দ্বারা... না-সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা... না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা... না-নাস্তি-প্রত্যয় দ্বারা... না-বিগত-প্রত্যয়

Visit: http://www.buddhistdownload.com

দ্বারা... ।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৬৩. না-হেতুতে দুই, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৬৪. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন... না-পূর্বজাতে ছয়... না-বিপাকে নয়... না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে চার, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

৬৫. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অনন্তরে দুই, সমনন্তরে দুই... কর্মে দুই, বিপাকে এক, আহারে দুই... মার্গে এক, সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে দুই... অবিগতে দুই।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

৬৬. (১) আসব-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(২) আসব-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(৩) আসব-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(৪) আসব-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত

Visit: http://www.buddhistdownload.com

ধর্ম উৎপন্ন হয়। একটি আসব-বিপ্রযুক্ত স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে আশ্রয় করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ, কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে আসব-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দৌর্মনস্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৫) আসব-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) আসব-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

৬৭. (৭) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি আসব-সম্প্রযুক্ত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... একটি দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধ এবং মোহকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং...।

(৮) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দৌর্মনস্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৯) আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত এবং আসব-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি আসব-সম্প্রযুক্ত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন

Visit: http://www.buddhistdownload.com

হয়। একটি দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধ এবং মোহকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধ... একটি দৌর্মনস্য-সহগত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং মোহ... দুটি স্কন্ধ...।

আলম্বন-প্রত্যয়াদি

৬৮. (১-৩) আসব-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (তিন) (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(৪) আসব-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা আসব-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি আসব-বিপ্রযুক্ত স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধির সময়... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তন আশ্রয় করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে আসব-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দৌর্মনস্য-সহগত, সংশয়-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৫) আসব-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা আসব-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে আসব-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত এবং সংশয়-সহগত মোহকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) সংযোজন ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সংযোজন ধর্ম উৎপন্ন হয়। সংযোজনসমূহকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়

(৩) সংযোজন ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন এবং না-সংযোজন[১] ধর্মসমূহ উৎপন্ন হয় । কামরাগ-সংযোজনকে ভিত্তি করে দৃষ্টি-সংযোজন, অবিদ্যা-সংযোজন এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন

সংসারে সত্ত্বগণকে বন্ধন করে রাখবার গুণ ধারণ করে সে সকল চৈতসিককেই 'সংযোজন' বলে। তন্মধ্যে সৎকায়দৃষ্টি, বিচিকিৎসা, শীলব্রত-পরামর্শ, কামরাগ ও ব্যাপাদ এই পঞ্চ-সংযোজন অধোভাগীয়, অর্থাৎ সত্ত্বগণকে নীচ জন্মে, দুর্গতিতে বন্ধন করে। এবং রূপরাগ, অরূপরাগ, মান, ঔদ্ধত্য ও অবিদ্যা এই পাঁচটি ঊর্ধভাগীয়; অর্থাৎ এগুলো লৌকিক সুগতিতে বন্ধন করে রাখে। শুধু লোকোত্তর মার্গ এগুলো ছিন্ন করতে পারে। সূত্রপিটকে ও অভিধর্মে উল্লেখিত সংযোজনের মধ্যে চৈতসিক হিসাবে পার্থক্য নেই। সূত্রের রূপরাগ ও অরূপরাগ সংযোজনদ্বয় অভিধর্মের ভবরাগ-সংযোজন। এবং অভিধর্মের ঈর্ষা ও মাৎসর্য সংযোজনদ্বয়, সূত্রে ব্যাপাদ-সংযোজন দ্বারা পূর্ণ করা হয়েছে।

[১]। ৮৯ প্রকার চিত্ত, ৮ সংযোজন ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৮) = ৪৪ প্রকার চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-সংযোজন বা সংযোজনহীন ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

হয় (চক্রবন্ধন করতে হবে)।

২. (৪) না-সংযোজন ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সংযোজন ধর্ম উৎপন্ন হয়। একটি না-সংযোজন স্কন্ধকে ভিত্তি করে তিনটি (না-সংযোজন) স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ, কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৫) না-সংযোজন ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন ধর্ম উৎপন্ন হয়। না-সংযোজন স্কন্ধসমূহকে ভিত্তি করে সংযোজনসমূহ উৎপন্ন হয়।

(৬) না-সংযোজন ধর্মকে ভিত্তি করে সংযোজন এবং না-সংযোজন ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি না-সংযোজন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ, সংযোজনসমূহ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে...।

৩. (৭) সংযোজন এবং না-সংযোজন ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন ধর্ম উৎপন্ন হয়। কামরাগ-সংযোজন এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে (মিথ্যা) দৃষ্টি-সংযোজন এবং অবিদ্যা-সংযোজন উৎপন্ন হয় (চক্রবন্ধন করতে হবে)।

(৮) সংযোজন এবং না-সংযোজন ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সংযোজন ধর্ম উৎপন্ন হয়। একটি না-সংযোজন স্কন্ধ এবং সংযোজনসমূহকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধ এবং...।

(৯) সংযোজন এবং না-সংযোজন ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন এবং না-সংযোজন ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি না-সংযোজন স্কন্ধ এবং কামরাগ-সংযোজনকে ভিত্তি করে তিনটি স্কন্ধ, দৃষ্টি-সংযোজন, অবিদ্যা-সংযোজন এবং চিত্তজ-রূপ... (চক্রবন্ধন করতে হবে)। (আলম্বন-প্রত্যয়ে রূপ হয় না। অধিপতি-প্রত্যয় হেতু-প্রত্যয় সদৃশ জ্ঞাতব্য, এতে বিচিকিৎসা-সংযোজন লাভ হয় না) অনন্তর-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা...।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৪. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয় (সর্বত্র নয়), বিপাকে এক, আহারে নয়... অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৪)

৫. (১) সংযোজন (বন্ধন) ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সংযোজনকে ভিত্তি করে অবিদ্যা-সংযোজন উৎপন্ন হয়।

(২) না-সংযোজন ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-সংযোজন ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক (হেতুসম্ভূত বা হেতুজনক নহে) না-সংযোজন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য)।

(৩) না-সংযোজন ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে অবিদ্যা-সংযোজন উৎপন্ন হয়।

(৪) সংযোজন এবং না-সংযোজন ধর্মকে ভিত্তি করে সংযোজন ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সংযোজন এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে অবিদ্যা-সংযোজন উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত। আসবগুচ্ছ সদৃশ করণীয়। না-আলম্বন ও সকল প্রত্যয় সংগ্রহ করণীয়)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৬. না-হেতুতে চার, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে নয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৭. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয় (অনুরূপভাবে সবগুলো গণনা করতে হবে)।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

৮. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে চার (সর্বত্র চার), বিপাকে এক, আহারে চার... মার্গে তিন, সম্প্রযুক্তে চার... অবিগতে চার।

Visit: http://www.buddhistdownload.com

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

২. সহজাতবার

৯. (১) সংযোজন ধর্মকে সহজাত করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন ধর্ম উৎপন্ন হয় (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

৩. প্রত্যয়বার

১-৪. প্রত্যয় : অনুলোমাদি—হেতু-প্রত্যয় (৯)

১০. (১) সংযোজন ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(২) সংযোজন ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা না-সংযোজন ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(৩) সংযোজন ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন এবং না-সংযোজন ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

(৪) না-সংযোজন ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা না-সংযোজন ধর্ম উৎপন্ন হয়। একটি না-সংযোজন স্কন্ধকে অবলম্বন করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে অবলম্বন করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহকে অবলম্বন করে চিত্তজ-রূপ, কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে না-সংযোজন স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) না-সংযোজন ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন ধর্ম উৎপন্ন হয়। না-সংযোজন স্কন্ধসমূহকে অবলম্বন করে সংযোজনসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে সংযোজনসমূহ উৎপন্ন হয়।

(৬) না-সংযোজন ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন এবং না-সংযোজন ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি না-সংযোজন স্কন্ধকে অবলম্বন করে তিনটি স্কন্ধ এবং সংযোজন এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে... (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে সংযোজনসমূহ উৎপন্ন হয়। মহাভূতকে অবলম্বন করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে সংযোজন সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

১১. (৭) সংযোজন এবং না-সংযোজন ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন ধর্ম উৎপন্ন হয়। কামরাগ-সংযোজন এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে অবলম্বন করে দৃষ্টি-সংযোজন এবং অবিদ্যা-সংযোজন উৎপন্ন হয়। কামরাগ-সংযোজন এবং (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে দৃষ্টি-সংযোজন ও অবিদ্যা-

Visit: http://www.buddhistdownload.com

সংযোজন উৎপন্ন হয় (চক্রবন্ধন করতে হবে)।

(৮) সংযোজন এবং না-সংযোজন ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা না-সংযোজন ধর্ম উৎপন্ন হয়। একটি না-সংযোজন স্কন্ধ এবং সংযোজনসমূহকে অবলম্বন করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে... (ক্রমান্বয়ে বিস্তার করতে হবে)। সংযোজনসমূহ এবং (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে না-সংযোজন স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৯) সংযোজন এবং না-সংযোজন ধর্মকে অবলম্বন করে সংযোজন এবং না-সংযোজন ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি না-সংযোজন স্কন্ধ এবং কামরাগ-সংযোজনকে অবলম্বন করে তিনটি স্কন্ধ, দৃষ্টি-সংযোজন, অবিদ্যা-সংযোজন এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... (চক্রবন্ধন করতে হবে)। কামরাগ-সংযোজন এবং (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে দৃষ্টি-সংযোজন, অবিদ্যা-সংযোজন এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (চক্রবন্ধন করতে হবে। সংক্ষিপ্ত)।

১২. (অনুলোম গণনায়)—হেতুতে নয়, আলম্বনে নয় (সর্বত্র নয়), বিপাকে এক... অবিগতে নয়।

১৩. (প্রতিলোম গণনায়)—না-হেতুতে চার (যেখানটিতে (ছয়) বাস্তু লাভ হয়, সেস্থানে নির্ণয় করণীয়), না-আলম্বনে তিন... না-বিগতে তিন।

৪. নিশ্রয়বার

(অনুরূপভাবে অপর দুটি গণনা এবং নিশ্রয়বার করণীয়)।

৫. সংশ্লিষ্টবার—১. প্রত্যয় : অনুলোম

হেতু-প্রত্যয় (৯)

১৪. (১) সংযোজন ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন ধর্ম উৎপন্ন হয়। কামরাগ-সংযোজনকে সংশ্লিষ্ট করে দৃষ্টি-সংযোজন এবং অবিদ্যা-সংযোজন উৎপন্ন হয় (অনুরূপভাবে নয়টি প্রশ্ন করতে হবে। অরূপলোকেও অনুরূপভাবে করণীয়)।

৬. সম্প্রযুক্তবার

(সংশ্লিষ্টবার ও সম্প্রযুক্তবার তদ্রূপভাবে করণীয়)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৪)

১৫. (১) হেতু-প্রত্যয়ের দ্বারা সংযোজন (সংসারচক্রে যুক্ত বা বন্ধন করে তাদৃশ) ধর্ম সংযোজন ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা সংযোজন

Visit: http://www.buddhistdownload.com

হেতুসমূহ সম্প্রযুক্ত সংযোজনসমূহের প্রত্যয় হয়।

(২) হেতু-প্রত্যয়ের দ্বারা সংযোজন ধর্ম না-সংযোজন (সংসারচক্রে যুক্ত বা বন্ধন করে না তাদৃশ) ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা সংযোজন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৩) হেতু-প্রত্যয়ের দ্বারা সংযোজন ধর্ম সংযোজন এবং না-সংযোজন ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা সংযোজন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং সংযোজন চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়।

১৬. (৪) হেতু-প্রত্যয়ের দ্বারা না-সংযোজন ধর্ম না-সংযোজন ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা না-সংযোজন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে হেতু-প্রত্যয়ের দ্বারা না-সংযোজন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (৯)

১৭. (১) সংযোজন ধর্ম সংযোজন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংযোজনসমূহকে ভিত্তি করে সংযোজনসমূহ উৎপন্ন হয়।

(২) সংযোজন ধর্ম না-সংযোজন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংযোজনসমূহকে ভিত্তি করে না-সংযোজন স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) সংযোজন ধর্ম সংযোজন এবং সংযোজন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংযোজনসমূহকে ভিত্তি করে সংযোজনসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

১৮. (৪) না-সংযোজন ধর্ম না-সংযোজন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ধার্মিক ব্যক্তি) দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম সম্পাদন করে একে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত পুণ্যকর্মসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ (মার্গলাভী ব্যক্তিরা) মার্গ হতে উঠে মার্গকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ না-সংযোজন এমন বিদূরিত[১] ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। অবিদূরিত ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আসক্ত ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-সংযোজন স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ

---

[১]। না-সংযোজন এমন ক্লেশ বলতে স্ত্যান, ঔদ্ধত্য, অহ্রী, অনপত্রপাকে বুঝানো হচ্ছে।

Visit: http://www.buddhistdownload.com

দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা না-সংযোজন চিত্তসম্পন্ন[১] ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন (অনন্ত শূন্যময় স্তর বা অবস্থা) বিজ্ঞান-অনন্ত-আয়তনের (বিজ্ঞান অনন্ত-আয়তনময় স্তর)... আকিঞ্চন-আয়তন (কেবল অনন্ত শূন্যময় অবস্থা)... নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের (সংজ্ঞাও নহে, অসংজ্ঞাও নহে এমন স্তর)... রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... না-সংযোজন স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকর্মোপজ্ঞানের, অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-সংযোজন ধর্ম সংযোজন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান... শীল... উপোসথকর্ম... পূর্ব... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তুকে না-সংযোজন স্কন্ধসমূহকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়।

(৬) না-সংযোজন ধর্ম সংযোজন এবং না-সংযোজন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান দিয়ে, শীল... উপোসথকর্ম... পূর্ব... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তু, না-সংযোজন স্কন্ধসমূহকে আস্বাদন করেন। একে ভিত্তি করে সংযোজনসমূহ এবং সংযোজন স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৭-৯) সংযোজন এবং না-সংযোজন ধর্মসমূহ সংযোজন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন) (ভিত্তি করে করে দেখাতে হবে)।

অধিপতি-প্রত্যয় (৯)

১৯. (১-৩) সংযোজন ধর্ম সংযোজন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** সংযোজনকে গুরুত্ব দিয়ে... (তিন)। (গৌরবনীয় আলম্বনসমূহ করণীয়)।

(৪-৬) না-সংযোজন ধর্ম না-সংযোজন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল... (তিন) (আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি তিনটি প্রশ্নেই বিভাজন করে দেখাতে হবে)।

(৭-৯) সংযোজন এবং না-সংযোজন ধর্মসমূহ সংযোজন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** সংযোজনসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে... (তিন)।

---

[১]। ৮৯ প্রকার চিত্তসম্পন্ন। এর মধ্যে সংযোজনের ৮ চৈতসিক বর্জিত হবে।

Visit: http://www.buddhistdownload.com

অনন্তর-প্রত্যয় (৯)

২০. (১-৩) সংযোজন ধর্ম সংযোজন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব সংযোজনসমূহ পরবর্তী পরবর্তী সংযোজনসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৪) না-সংযোজন ধর্ম না-সংযোজন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব না-সংযোজন স্কন্ধসমূহ পরবর্তী... ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫-৬) না-সংযোজন ধর্ম সংযোজন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব না-সংযোজন স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী সংযোজনসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত সংযোজনসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (অনুরূপভাবে দুটি প্রশ্ন করণীয়)।

(৭) সংযোজন এবং না-সংযোজন ধর্মসমূহ সংযোজন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৮) সংযোজন এবং না-সংযোজন ধর্মসমূহ না-সংযোজন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৯) সংযোজন এবং না-সংযোজন ধর্মসমূহ সংযোজন এবং না-সংযোজন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

সমনন্তর-প্রত্যয়াদি

২১. সংযোজন ধর্ম সংযোজন ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

২২. (১-৩) সংযোজন ধর্ম সংযোজন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** সংযোজনসমূহ সংযোজনসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অনুরূপভাবে তিনটি প্রশ্ন করে দেখাতে হবে)।

২৩. (৪) না-সংযোজন ধর্ম না-সংযোজন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** (ব্যক্তি) শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি, মান, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (তদ্রূপভাবে) শীল... প্রজ্ঞা, রাগ... প্রার্থনা... শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। এ'হেতুতে শ্রদ্ধা... শয্যাসন শ্রদ্ধার... ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় হয়।

(৫) না-সংযোজন ধর্ম সংযোজন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মান উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (তদ্রূপভাবে) শীল... শয্যাসনকে উপনিশ্রয় করে প্রাণির জীবন হরণ করেন... সংঘভেদ করেন। এ'হেতুতে শ্রদ্ধা... শয্যাসন রাগের... প্রার্থনার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-সংযোজন ধর্ম সংযোজন এবং না-সংযোজন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মান উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (তদ্রূপভাবে) শীল... শয্যাসনকে উপনিশ্রয় করে প্রাণির জীবন হরণ করেন... সংঘভেদ করেন। এ'হেতুতে শ্রদ্ধা... শয্যাসন সংযোজনসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭-৯) সংযোজন এবং না-সংযোজন ধর্মসমূহ সংযোজন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

পূর্বজাত-প্রত্যয় (৩)

২৪. (১) না-সংযোজন ধর্ম না-সংযোজন ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু না-সংযোজন স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-সংযোজন ধর্ম সংযোজন ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য একে নির্ভর করে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু সংযোজনসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) না-সংযোজন ধর্ম সংযোজন এবং না-সংযোজন ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য একে নিশ্রয় করে সংযোজনসমূহ এবং সম্প্রযুক্ত

Visit: http://www.buddhistdownload.com

স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু সংযোজনসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (৩)

২৫. (১) সংযোজন ধর্ম সংযোজন ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক)।

(২) না-সংযোজন ধর্ম না-সংযোজন ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৩) সংযোজন এবং না-সংযোজন ধর্মসমূহ না-সংযোজন ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

আসেবন-প্রত্যয় (৯)

২৬. (১-৯) সংযোজন ধর্ম সংযোজন ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

কর্ম-প্রত্যয়াদি

২৭. না-সংযোজন ধর্ম না-সংযোজন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিনটি প্রশ্ন হবে), বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক), আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৫)

২৮. (১) সংযোজন ধর্ম না-সংযোজন ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত (বিভাজন করে দেখাতে হবে)।

(২) না-সংযোজন ধর্ম না-সংযোজন ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ বিপ্রযুক্ত)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত (বিভাজন করে দেখাতে হবে)।

(৩) না-সংযোজন ধর্ম সংযোজন ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু সংযোজনসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-সংযোজন ধর্ম সংযোজন এবং না-সংযোজন ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু সংযোজনসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) সংযোজন এবং না-সংযোজন ধর্মসমূহ না-সংযোজন ধর্মের বিপ্রযুক্ত-

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত (বিভাজন করে দেখাতে হবে)।

অস্তি-প্রত্যয় (৯)

২৯. (১) সংযোজন ধর্ম সংযোজন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক) (প্রতীত্যবার সদৃশ করণীয়)।

(২) সংযোজন ধর্ম না-সংযোজন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(৩) সংযোজন ধর্ম সংযোজন এবং না-সংযোজন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (প্রতীত্য সদৃশ)।

৩০. (৪) না-সংযোজন ধর্ম না-সংযোজন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (সংক্ষিপ্ত)।

(৫) না-সংযোজন ধর্ম সংযোজন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** না-সংযোজন স্কন্ধসমূহ সম্প্রযুক্ত সংযোজনসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তু সংযোজনসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-সংযোজন ধর্ম সংযোজন এবং না-সংযোজন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** না-সংযোজন... (সংক্ষিপ্ত, আসব সদৃশ করা উচিত)।

৩১. (৭) সংযোজন এবং না-সংযোজন ধর্মসমূহ সংযোজন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত (আসব সদৃশ করা উচিত)।

(৮) সংযোজন এবং না-সংযোজন ধর্মসমূহ না-সংযোজন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (আসব সদৃশ বিভাজন করা উচিত)।

(৯) সংযোজন এবং না-সংযোজন ধর্মসমূহ সংযোজন এবং না-সংযোজন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত (আসব সদৃশ বিভাজন করা উচিত)।

Visit: http://www.buddhistdownload.com

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৩২. হেতুতে চার, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে নয়, কর্মে তিন, বিপাকে এক, আহারে তিন, ইন্দ্রিয়ে তিন, ধ্যানে তিন, মার্গে নয়, সম্প্রযুক্তে নয়, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৯)

৩৩. (১) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সংযোজন (পুনর্জন্মের বন্ধন তাদৃশ) ধর্ম সংযোজন ধর্মের প্রত্যয় হয়।

(২) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা সংযোজন ধর্ম না-সংযোজন (পুনর্জন্মের বন্ধন নহে তাদৃশ) ধর্মের প্রত্যয় হয়।

(৩) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সংযোজন ধর্ম সংযোজন এবং না-সংযোজন ধর্মের প্রত্যয় হয়।

৩৪. (৪) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা... কর্ম-প্রত্যয়ের দ্বারা... আহার-প্রত্যয়ের দ্বারা... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা না-সংযোজন ধর্ম না-সংযোজন ধর্মের প্রত্যয় হয়।

(৫) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা ... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা না-সংযোজন ধর্ম সংযোজন ধর্মের প্রত্যয় হয়।

(৬) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা না-সংযোজন ধর্ম সংযোজন এবং না-সংযোজন ধর্মের প্রত্যয় হয়।

৩৫. (৭) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সংযোজন এবং না-সংযোজন ধর্মসমূহ সংযোজন ধর্মের প্রত্যয় হয়।

(৮) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা সংযোজন এবং না-সংযোজন ধর্মসমূহ না-সংযোজন ধর্মের প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৯) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা সংযোজন এবং না-সংযোজন ধর্মসমূহ সংযোজন এবং না-সংযোজন ধর্মের প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৩৬. না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সর্বত্র নয়), না-অবিগতে নয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৩৭. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে চার... না-সমনন্তরে চার, না-অন্যোন্যে দুই, না-উপনিশ্রয়ে চার... না-মার্গে চার, না-সম্প্রযুক্তে দুই, না-বিপ্রযুক্তে চার, না-নাস্তিতে চার, না-বিগতে চার।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

৩৮. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে নয় (অনুলোম মাতিকা করণীয়), অবিগতে নয়।

[সংযোজনদ্বিক (এখানে) সমাপ্ত হলো]

২১. সংযোজনীয়দ্বিক

১-৭. প্রতীত্যবারাদি

৩৯. (১) সংযোজনীয়[১] (সংযোজনের বিষয় বা আলম্বন) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজনীয় ধর্ম উৎপন্ন হয়। একটি সংযোজনীয় স্কন্ধকে ভিত্তি করে তিনটি (সংযোজনীয়) স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে...। (ক্ষুদ্রান্তরদ্বিকে লৌকিকদ্বিক সদৃশ জ্ঞাতব্য, নির্ণয় না-না-করণীয়)।

[সংযোজনীয়দ্বিক (এখানে) সমাপ্ত হলো]

---

[১]। ৮১ প্রকার লৌকিক চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ প্রকার চৈতসিক ও ২৮ প্রকার রূপ সংযোজনীয় ধর্ম এবং ৮ প্রকার লোকোত্তর চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক ও নির্বাণ অসংযোজনীয় (সংযোজনের বিষয় বা আলম্বন নহে তাদৃশ) ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

২২. সংযোজন-সম্প্রযুক্তদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

৪০. (১) সংযোজন-সম্প্রযুক্ত[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি (সংযোজন-সম্প্রযুক্ত) স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(২) সংযোজন-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-বিপ্রযুক্ত[২] ধর্ম উৎপন্ন হয়। সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৩) সংযোজন-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে...।

৪১. (৪) সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি সংযোজন-বিপ্রযুক্ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি (সংযোজন-বিপ্রযুক্ত) স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে... ঔদ্ধত্য-সহগত মোহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... একটি মহাভূতকে...।

(৫) সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। ঔদ্ধত্য-সহগত মোহকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। ঔদ্ধত্য-সহগত মোহকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

৪২. (৭) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি ঔদ্ধত্য-সহগত স্কন্ধ এবং মোহকে ভিত্তি করে তিনটি (সংযোজন-বিপ্রযুক্ত) স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৮) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-

---

[১]। ১২ অকুশল চিত্ত, ঔদ্ধত্য-সম্প্রযুক্ত চিত্তে মোহ ব্যতীত তৎসম্প্রযুক্ত ২৭ প্রকার চৈতসিক সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম।

[২]। ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক-চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ঔদ্ধত্য-চিত্তে মোহ, ২৮ প্রকার রূপ ও নির্বাণ সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় দ্বারা সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৯) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি ঔদ্ধত্য-সহগত স্কন্ধ এবং মোহকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ...।

আলম্বন-প্রত্যয় (৬)

৪৩. (১) সংযোজন-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধকে... দুটি স্কন্ধকে...।

(২) সংযোজন-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৩) সংযোজন-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি ঔদ্ধত্য-সহগত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং মোহ... দুটি স্কন্ধকে...।

৪৪. (৪) সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি সংযোজন-বিপ্রযুক্ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। ঔদ্ধত্য-সহগত মোহকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি ঔদ্ধত্য-সহগত স্কন্ধ এবং মোহকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

অধিপতি-প্রত্যয় (৫)

৪৫. (১-৩) সংযোজন-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪) সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (এক)।

Visit: http://www.buddhistdownload.com

(৫) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৪৬. হেতুতে নয়, আলম্বনে ছয়, অধিপতিতে পাঁচ, অনন্তরে ছয়, সমনন্তরে ছয়, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে ছয়, পূর্বজাতে ছয়, আসেবনে ছয়, কর্মে নয়, বিপাকে এক, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, মার্গে নয়, সম্প্রযুক্তে ছয়, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে ছয়, বিগতে ছয়, অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৩)

৪৭. (১) সংযোজন-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) সংযোজন-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৩) সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক সংযোজন-বিপ্রযুক্ত স্কন্ধকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জানতে হবে, সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৪৮. না-হেতুতে তিন, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[প্রতিলোম সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম
হেতুমূলক—দ্বিক

৪৯. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়... না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে ছয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে চার, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
না-হেতুমূলক—দ্বিক

৫০. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন... বিপাকে এক, আহারে তিন... মার্গে দুই... অবিগতে তিন।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ পঠিতব্য)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম
২. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

৫১. (১-৩) সংযোজন-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (তিন) (প্রতীত্যবার সদৃশ হবে)।

(৪) সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয় (প্রতিসন্ধি পর্যন্ত করণীয়), একটি মহাভূতকে... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সংযোজন-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৫) সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। ঔদ্ধত্য-সহগত মোহকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। ঔদ্ধত্য-সহগত মোহকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

৫২. (৭) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে

Visit: http://www.buddhistdownload.com

হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... ঔদ্ধত্য-সহগত একটি স্কন্ধ এবং মোহকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ...।

(৮) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৯) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। ঔদ্ধত্য-সহগত একটি স্কন্ধ এবং মোহকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ...।

আলম্বন-প্রত্যয় (৯)

৫৩. (১) সংযোজন-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্য সদৃশ জ্ঞাতব্য)।

(২) সংযোজন-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্য সদৃশ জ্ঞাতব্য)।

(৩) সংযোজন-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্য সদৃশ জ্ঞাতব্য)

(৪) সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয় (প্রতিসন্ধি পর্যন্ত জ্ঞাতব্য)। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সংযোজন-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সংযোজন-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৫) সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। ঔদ্ধত্য-সহগত মোহকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা সংযোজন-

Visit: http://www.buddhistdownload.com

সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

৫৪. (৭) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... একটি ঔদ্ধত্য-সহগত স্কন্ধ এবং মোহকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ...।

(৮) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৯) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি ঔদ্ধত্য-সহগত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং মোহ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ...।

অধিপতি-প্রত্যয়াদি

৫৫. সংযোজন-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে অধিপতি-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা... সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়...।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৫৬. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয় (সর্বত্র নয়), বিপাকে এক, আহারে নয়... অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৬)

৫৭. (১) সংযোজন-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে আশ্রয় করে ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

৫৮. (৩) সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক সংযোজন-বিপ্রযুক্ত

Visit: http://www.buddhistdownload.com

স্কন্ধকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য), চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক সংযোজন-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৪) সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত মোহ উৎপন্ন হয়।

৫৯. (৫) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত মোহ উৎপন্ন হয়।

(৬) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৬০. না-হেতুতে ছয়, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-বিগতে তিন।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৬১. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয় (সংক্ষিপ্ত, অনুরূপভাবে করণীয়)।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

৬২. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে ছয় (সর্বত্র ছয়), বিপাকে এক, আহারে ছয়... মার্গে ছয়... অবিগতে ছয়।

৪. নিশ্রয়বার

(নিশ্রয়বার প্রত্যয়বার সদৃশ করণীয়)।

Visit: http://www.buddhistdownload.com

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোমাদি

৬৩. (১) সংযোজন-সম্প্রযুক্ত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(২) সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি সংযোজন-বিপ্রযুক্ত স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৩) সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। ঔদ্ধত্য-সহগত মোহকে সংশ্লিষ্ট করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৪) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। ঔদ্ধত্য-সহগত একটি স্কন্ধ এবং মোহকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...। (সংক্ষিপ্ত)।

৬৪. (অনুলোম গণনা)—হেতুতে চার, আলম্বনে ছয়, অধিপতিতে দুই, অনন্তরে ছয়, সমনন্তরে ছয়... অবিগতে ছয়।

৬৫. (প্রতিলোম গণনা)—না-হেতুতে তিন, না-অধিপতিতে ছয়, না-পূর্বজাতে ছয়, না-পশ্চাজ্জাতে ছয়, না-আসেবনে ছয়, না-কর্মে চার, না-বিপাকে ছয়, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে ছয়।

৬. সম্প্রযুক্তবার

(অপর দুটি গণনা ও সম্প্রযুক্তবার অনুরূপভাবে করণীয়)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৬)

৬৬. (১) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংযোজন-সম্প্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংযোজন-সম্প্রযুক্ত হেতুসমূহ চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংযোজন-সম্প্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

৬৭. (৪) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংযোজন-বিপ্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ঔদ্ধত্য-সহগত মোহ চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে...।

(৫) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ঔদ্ধত্য-সহগত মোহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ঔদ্ধত্য-সহগত মোহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (৯)

৬৮. (১) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে এবং ভিত্তি করে সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে সংযোজন-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

(৩) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

৬৯. (৪) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ধার্মিক ব্যক্তি) দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম সম্পাদন করে একে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থানপূর্বক ধ্যানকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ সংযোজন-বিপ্রযুক্ত এমন বিদূরিত ক্লেশসমূহকে স্মৃতি সহকারে প্রত্যবেক্ষণ করেন। বিদূরিতব্য ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে জানেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, সংযোজন-বিপ্রযুক্ত স্কন্ধসমূহকে এবং মোহকে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে বিশেষভাবে দর্শন করেন...

Visit: http://www.buddhistdownload.com

দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন, চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা সংযোজন-বিপ্রযুক্ত চিত্তসম্পন্ন (২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ক্রিয়া চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের... রূপ-আয়তন... স্প্রষ্টব্য-আয়তন... সংযোজন-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকর্মোপগজ্ঞানের, অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের এবং মোহের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান দিয়ে, শীল... উপোসথকর্ম... পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহ... ধ্যান হতে উত্থানপূর্বক ধ্যানকেই... চক্ষু... (হৃদয়) বাস্তু, সংযোজন-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ এবং মোহকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়।

(৬) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, সংযোজন-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ এবং মোহকে ভিত্তি করে ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

৭০. (৭) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে ভিত্তি করে সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৮) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে ভিত্তি করে সংযোজন-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

(৯) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহকে ভিত্তি করে ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (৫)

৭১. (১) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** রাগকে... মিথ্যাদৃষ্টিকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ায় রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** সংযোজন-সম্প্রযুক্ত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(২) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** সংযোজন-সম্প্রযুক্ত-অধিপতি চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** সংযোজন-সম্প্রযুক্ত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৭২. (৪) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল আচরণ করে, উপোসথকর্ম সম্পাদন করে তা গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহকে... ধ্যান হতে... আর্যগণ মার্গ হতে... ফলকে... নির্বাণকে... নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** সংযোজন-বিপ্রযুক্ত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম সম্পাদন করে তা গুরুত্ব দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ায় রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহকে... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তু, সংযোজন-বিপ্রযুক্ত স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ায় রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয় (৯)

৭৩. (১) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী ঔদ্ধত্য-সহগত মোহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী ঔদ্ধত্য-সহগত

Visit: http://www.buddhistdownload.com

স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৭৪. (৪) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী ঔদ্ধত্য-সহগত মোহ পরবর্তী পরবর্তী ঔদ্ধত্য-সহগত মোহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী সংযোজন-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী... ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী ঔদ্ধত্য-সহগত মোহ পরবর্তী পরবর্তী ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী ঔদ্ধত্য-সহগত মোহ পরবর্তী পরবর্তী ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৭৫. (৭) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ পরবর্তী পরবর্তী ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ পরবর্তী পরবর্তী ঔদ্ধত্য-সহগত মোহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ পরবর্তী পরবর্তী ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

সমনন্তর-প্রত্যয়াদি

৭৬. সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (ছয়), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়

Visit: http://www.buddhistdownload.com

হয়... (নয়)।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

৭৭. (১) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ সংযোজন-বিপ্রযুক্ত স্কন্ধসমূহের এবং মোহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সংযোজন-সম্প্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৭৮. (৪) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে (অর্থাৎ শ্রদ্ধাবশে) দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন। (একইভাবে) শীল, শ্রুতি, ত্যাগ, প্রজ্ঞা, কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয্যাসন, মোহকে উপনিশ্রয় করে দান দেন... ফল-সমাপত্তি উৎপন্ন করেন। এই কারণবশত শ্রদ্ধা... শয্যাসন এবং মোহ শ্রদ্ধার... ফল-সমাপত্তি এবং মোহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মান উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন, (একইভাবে) শীল, শ্রুতি, ত্যাগ, প্রজ্ঞা, কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয্যাসন, মোহকে উপনিশ্রয় করে প্রাণির জীবন হরণ করেন... সংঘভেদ করেন। যার কারণে শ্রদ্ধা... শয্যাসন, মোহ রাগের... প্রার্থনার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) সংযোজন-বিপ্রযুক্ত ধর্ম সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-

Visit: http://www.buddhistdownload.com

উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...।

প্রকৃতি-উপনিশ্রয় : শ্রদ্ধা... প্রজ্ঞা... কায়িক সুখ... শয্যাসন এবং মোহ ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৭৯. (৭) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ সংযোজন-সম্প্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ সংযোজন-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ সংযোজন-বিপ্রযুক্ত স্কন্ধসমূহের এবং মোহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মসমূহ সংযোজন-সম্প্রযুক্ত এবং সংযোজন-বিপ্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং মোহ ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহের এবং মোহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় (৩)

(৫) না-গ্রন্থি ধর্ম গ্রন্থি ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** না-গ্রন্থিসমূহ গ্রন্থিসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য একে অবলম্বন করে রাগ, মিথ্যাদৃষ্টি, দৌর্মনস্য উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তু গ্রন্থিসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-গ্রন্থি ধর্ম গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** না-গ্রন্থি একটি স্কন্ধ তিনটি স্কন্ধের, গ্রন্থিসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য একে অবলম্বন করে গ্রন্থিসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তু গ্রন্থিসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৬. (৭) গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মসমূহ গ্রন্থি ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** শীলব্রত-পরামর্শ কায়-গ্রন্থি এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ অভিধ্যা কায়-গ্রন্থির অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (চক্রবন্ধন করতে হবে)। **সহজাত এবং পূর্বজাত :** শীলব্রত-পরামর্শ কায়-গ্রন্থি এবং (হৃদয়) বাস্তু অভিধ্যা কায়-গ্রন্থির অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (চক্রবন্ধন করতে হবে)।

Visit: http://www.buddhistdownload.com

(৮) গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মসমূহ না-গ্রন্থি ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার, ইন্দ্রিয়। **সহজাত :** একটি না-গ্রন্থি স্কন্ধ এবং গ্রন্থি তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং...। **সহজাত এবং পূর্বজাত :** গ্রন্থিসমূহ এবং (হৃদয়) বাস্তু না-গ্রন্থি স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত :** গ্রন্থিসমূহ এবং মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** গ্রন্থিসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** গ্রন্থিসমূহ এবং কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** গ্রন্থিসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মসমূহ গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** একটি না-গ্রন্থি স্কন্ধ এবং শীলব্রত-পরামর্শ কায়-গ্রন্থি তিনটি স্কন্ধের এবং অভিধ্যা কায়-গ্রন্থি এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...। **সহজাত এবং পূর্বজাত :** শীলব্রত-পরামর্শ কায়-গ্রন্থি এবং (হৃদয়) বাস্তু অভিধ্যা কায়-গ্রন্থির এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (পর্যায়ক্রমে তৈরি করতে হবে)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৩৭. হেতুতে নয়, আলম্বনে নয় (সর্বত্র নয়), উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে নয়, কর্মে তিন, বিপাকে এক, আহারে তিন, ইন্দ্রিয়ে তিন, ধ্যানে তিন, মার্গে নয়, সম্প্রযুক্তে নয়, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম সংগ্রহ (৯)

৩৮. (১) গ্রন্থি ধর্ম গ্রন্থি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) গ্রন্থি ধর্ম না-গ্রন্থি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) গ্রন্থি ধর্ম গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়

Visit: http://www.buddhistdownload.com

হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৯. (৪) না-গ্রন্থি ধর্ম না-গ্রন্থি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-গ্রন্থি ধর্ম গ্রন্থি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-গ্রন্থি ধর্ম গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪০. (৭) গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মসমূহ গ্রন্থি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মসমূহ না-গ্রন্থি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মসমূহ গ্রন্থি এবং না-গ্রন্থি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৪১. না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সর্বত্র নয়), না-অবিগতে নয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৪২. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে নয়... না-সমনন্তরে নয়, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে নয় (সর্বত্র নয়), না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে নয়, না-নাস্তিতে নয়, না-বিগতে নয়।

Visit: http://www.buddhistdownload.com

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

৪৩. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে নয় (অনুলোম পদসমূহ পরিপূর্ণ করতে হবে), অবিগতে নয়।

[গ্রন্থিদ্বিক (এখানে) সমাপ্ত হলো]

২৭. গ্রন্থিনীয়দ্বিক

১-৭. বারসপ্তক

৪৪. (১) গ্রন্থিনীয়[১] (গ্রন্থির বিষয় বা আলম্বন তাদৃশ) ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থিনীয় ধর্ম উৎপন্ন হয়। গ্রন্থিনীয় একটি স্কন্ধকে... (সংক্ষিপ্ত)। (ক্ষুদ্রান্তরদ্বিকে লৌকিকদ্বিক অনুরূপভাবে গ্রন্থিনীয়দ্বিকে বিশ্লেষণ করতে হবে, নির্ণয় না-না-করণীয়)।

[গ্রন্থিনীয়দ্বিক (এখানে) সমাপ্ত হলো]

২৮. গ্রন্থি-সম্প্রযুক্তদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

৪৫. (১) গ্রন্থি-সম্প্রযুক্ত[২] ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধকে প্রত্যয় করে তিনটি (গ্রন্থি-সম্প্রযুক্ত) স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

(২) গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত[৩] ধর্ম উৎপন্ন হয়। গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহকে প্রত্যয় করে লোভ এবং চিত্ত-

---

[১]। ৮১ প্রকার লৌকিক চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক ও ২৮ প্রকার রূপ গ্রন্থিনীয় বা গ্রন্থির উপযুক্ত এবং ৮ লোকোত্তর চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক ও নির্বাণ অগ্রন্থিনীয় বা গ্রন্থির অনুপযুক্ত ধর্ম।

[২]। ৮ লোভমূলক চিত্ত, ২ দ্বেষমূলক চিত্ত, ৪ মিথ্যাদৃষ্টি-বিপ্রযুক্ত চিত্তে লোভ ও দুই দ্বেষমূলক চিত্তে বিচিকিৎসা ব্যতীত তৎসম্প্রযুক্ত (২৭-২) = ২৫ চৈতসিক গ্রন্থি সম্প্রযুক্ত ধর্ম।

[৩]। ২ মোহমূলক চিত্ত, ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত; লোভ, মিথ্যাদৃষ্টি, মান, দ্বেষ, ঈর্ষা, মাৎসর্য, কৌকৃত্য, স্ত্যান ও মিদ্ধ ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৯) = ৪৩ চৈতসিক, ৪ মিথ্যাদৃষ্টি-বিপ্রযুক্ত লোভ এবং দুই দ্বেষমূলক চিত্তে দ্বেষ, ২৮ প্রকার রূপ ও নির্বাণ গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

সমুত্থানরূপ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহকে প্রত্যয় করে প্রতিঘ (হিংসা বা দ্বেষ) এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৩) গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... একটি দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ, লোভ এবং চিত্ত-সমুত্থানরূপ... দুটি স্কন্ধকে... একটি দৌর্মনস্য-সহগত স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ, প্রতিঘ এবং চিত্ত-সমুত্থানরূপ... দুটি স্কন্ধকে...।

৪৬. (৪) গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি গ্রন্থি-বিপ্রযুক্ত স্কন্ধকে প্রত্যয় করে তিনটি (গ্রন্থি-বিপ্রযুক্ত) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিঘকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে প্রত্যয় করে... (সংক্ষিপ্ত)।

(৫) গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিঘকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিঘকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

৪৭. (৭) গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধ এবং লোভকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... একটি দৌর্মনস্য-সহগত স্কন্ধ এবং প্রতিঘকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৮) গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং প্রতিঘকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৯) গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধ এবং লোভকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ... দুটি স্কন্ধকে... একটি দৌর্মনস্য-সহগত স্কন্ধ এবং প্রতিঘকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

আলম্বন-প্রত্যয় (৬)

৪৮. (১) গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(২) গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহকে প্রত্যয় করে লোভ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহকে প্রত্যয় করে প্রতিঘ উৎপন্ন হয়।

(৩) গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং লোভ... দুটি স্কন্ধকে... একটি দৌর্মনস্য-সহগত স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং প্রতিঘ... দুটি স্কন্ধকে...।

৪৯. (৪) গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি গ্রন্থি-বিপ্রযুক্ত স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিঘকে প্রত্যয় করে সম্প্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়।

(৬) গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধ এবং লোভকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... একটি দৌর্মনস্য-সহগত স্কন্ধ এবং প্রতিঘকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... (সংক্ষিপ্ত)।

১.প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৫০. হেতুতে নয়, আলম্বনে ছয়, অধিপতিতে নয়, অনন্তরে ছয়, সমনন্তরে ছয়, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে ছয়, পূর্বজাতে ছয়, আসেবনে ছয়, কর্মে নয়, বিপাকে এক, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়,

Visit: http://www.buddhistdownload.com

মার্গে নয়, সম্প্রযুক্তে ছয়, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে ছয়, বিগতে ছয়, অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (১)

৫১. (১) গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক গ্রন্থি-বিপ্রযুক্ত স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জানা উচিত) বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে প্রত্যয় করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৫২. না-হেতুতে এক, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে সাত, (না-পূর্বজাতে বিভাজনের ন্যায় প্রথমে অরূপ করণীয়, রূপ যা লাভ হয় তা পরে করণীয়, অরূপলোকে প্রতিঘ লাভ হয় না), না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৫৩. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয় (অনুরূপভাবে গণনা করণীয়, সংক্ষিপ্ত), না-বিগতে তিন।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

৫৪. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক... অবিগতে এক।

২. সহজাতবার

(সহজাতবারও অনুরূপভাবে করে দেখাতে হবে)।

Visit: http://www.buddhistdownload.com

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

৫৫. (১) গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ পড়তে হবে)।

(২) গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ পড়তে হবে)।

(৩) গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ পড়তে হবে)।

(৪) গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি গ্রন্থি-বিপ্রযুক্ত স্কন্ধকে আশ্রয় করে... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে আশ্রয় করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে গ্রন্থি-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিঘকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিঘকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দৃষ্টিগত বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং প্রতিঘ উৎপন্ন হয়।

৫৬. (৭) গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... একটি দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধ, (হৃদয়) বাস্তু এবং লোভকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... একটি দৌর্মনস্য-সহগত স্কন্ধ, (হৃদয়) বাস্তু এবং প্রতিঘকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৮) গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে

Visit: http://www.buddhistdownload.com

আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং প্রতিঘকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে লোভ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে প্রতিঘ উৎপন্ন হয়।

(৯) গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। একটি দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধ এবং লোভকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ... দুটি স্কন্ধ... একটি দৌর্মনস্য-সহগত স্কন্ধ এবং প্রতিঘকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ... দুটি স্কন্ধ... একটি দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং লোভ... দুটি স্কন্ধ... একটি দৌর্মনস্য-সহগত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং প্রতিঘ... দুটি স্কন্ধকে... (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৫৭. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয় (সর্বত্র নয়), বিপাকে এক, আহারে নয়... অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (১)

৫৮. (১) গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। অহেতুক গ্রন্থি-বিপ্রযুক্ত... অহেতুক প্রতিসন্ধি গ্রহণক্ষণে (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত হবে), চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক গ্রন্থি-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

Visit: http://www.buddhistdownload.com

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৫৯. না-হেতুতে এক, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন... না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৬০. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয় (অনুরূপ-ভাবে গণনা করণীয়)।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

৬১. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক... অবিগতে এক।

৪. নিশ্রয়বার

(নিশ্রয়বার প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

৫. সংশ্লিষ্টবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৬)

৬২. (১) গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(২) গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে লোভ উৎপন্ন হয়। দৌর্মনস্য-সহগত (মানসিক দুঃখবেদনাযুক্ত) স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে প্রতিঘ উৎপন্ন হয়।

(৩) গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ এবং লোভ... দুটি স্কন্ধকে... একটি দৌর্মনস্য-সহগত স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ এবং প্রতিঘ... দুটি স্কন্ধকে...।

৬৩. (৪) গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত

Visit: http://www.buddhistdownload.com

ধর্ম উৎপন্ন হয়। একটি গ্রন্থি-বিপ্রযুক্ত স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৫) গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভকে সংশ্লিষ্ট করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিঘকে সংশ্লিষ্ট করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মকে সংশ্লিষ্ট করে গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধ এবং লোভকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... একটি দৌর্মনস্য-সহগত স্কন্ধ এবং প্রতিঘকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম
২. গণনা অধ্যায় (একক)

৬৪. হেতুতে ছয়, আলম্বনে ছয়, অধিপতিতে ছয় (সর্বত্র ছয়), বিপাকে এক, আহারে ছয়... অবিগতে ছয়।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম
১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (১)

৬৫. (১) গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মকে সংশ্লিষ্ট করে না-হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। গ্রন্থি-বিপ্রযুক্ত অহেতুক... অহেতুক প্রতিসন্ধি গ্রহণক্ষণে... বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধকে সংশ্লিষ্ট করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম
২. গণনা অধ্যায় (একক)

৬৬. না-হেতুতে এক, না-অধিপতিতে ছয়, না-পূর্বজাতে ছয়, না-পূর্বজাতে ছয়, না-পশ্চাজ্জাতে ছয়, না-আসেবনে ছয়, না-কর্মে চার, না-বিপাকে ছয়, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে ছয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম
(হেতুমূলক—দ্বিক)

৬৭. হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে ছয়, না-পূর্বজাতে ছয়, না-পশ্চাজ্জাতে ছয়, না-আসেবনে ছয়, না-কর্মে চার, না-বিপাকে ছয়, না-বিপ্রযুক্তে ছয়।

Visit: http://www.buddhistdownload.com

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

৬৮. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক, অনন্তরে এক... অবিগতে এক।

৬. সম্প্রযুক্তবার

(সম্প্রযুক্তবার সংশ্লিষ্টবার সদৃশ জ্ঞাতব্য)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

৬৯. (১) হেতু-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। ।

(২) হেতু-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত হেতুসমূহ চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত হেতুসমূহ লোভের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা দৌর্মনস্য-সহগত হেতুসমূহ প্রতিঘের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

(৩) হেতু-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, লোভের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা দৌর্মনস্য-সহগত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, প্রতিঘের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

৭০. (৪) হেতু-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ (চিত্ত) চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা প্রতিঘ (দ্বেষচিত্ত) চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে...।

(৫) হেতু-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা প্রতিঘ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৬) হেতু-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ (চিত্ত)

Visit: http://www.buddhistdownload.com

সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা প্রতিঘ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

৭১. (৭) হেতু-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত হেতুসমূহ এবং লোভ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা দৌর্মনস্য-সহগত হেতুসমূহ এবং প্রতিঘ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৮) হেতু-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত হেতুসমূহ এবং লোভ চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা দৌর্মনস্য-সহগত হেতুসমূহ এবং প্রতিঘ চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

(৯) হেতু-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত হেতুসমূহ এবং লোভ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা দৌর্মনস্য-সহগত হেতুসমূহ এবং প্রতিঘ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (৯)

৭২. (১) আলম্বন-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে প্রত্যয় করে গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) আলম্বন-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে প্রত্যয় করে গ্রন্থি-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) আলম্বন-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে প্রত্যয় করে দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভ উৎপন্ন হয়। গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে প্রত্যয় করে দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং প্রতিঘ উৎপন্ন হয়।

৭৩. (৪) আলম্বন-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (পুণ্যাকাঙ্ক্ষী ব্যক্তি) দান দিয়ে, শীল পালন করে উপোসথকর্ম করে, একে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকেই স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। ক্ষীণাসব অর্হৎগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকেই স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি-সম্প্রজ্ঞানে

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। আলম্বন-প্রত্যয়ের দ্বারা নির্বাণ গোত্রভূর (যা পৃথ্‌গজন গোত্র পরাভূত করে), বিশুদ্ধির, মার্গের, ফলের, আবর্তন-চিত্তের প্রত্যয় হয়। আর্যগণ গ্রন্থি-বিপ্রযুক্ত এমন বিদূরিত ক্লেশসমূহকে[১] স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, অবিদূরিত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত (আসক্ত) ক্লেশসমূহকে জানেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, গ্রন্থি-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ, লোভ এবং প্রতিঘকে অনিত্য-দুঃখ ও অনাত্মাদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দেখেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে গ্রন্থি-বিপ্রযুক্ত রাগ[২], বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের (দিব্যকর্ণের) দ্বারা শব্দ শ্রবণ করেন, চিত্তপর্যায়জ্ঞানের মাধ্যমে গ্রন্থি-বিপ্রযুক্ত চিত্তসম্পন্ন[৩] ব্যক্তির চিত্তকে জানেন। আলম্বন-প্রত্যয়ের দ্বারা আকাশ-অনন্ত-আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের... আলম্বন-প্রত্যয়ের দ্বারা আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের... আলম্বন-প্রত্যয়ের দ্বারা রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... আলম্বন-প্রত্যয়ের দ্বারা স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... আলম্বন-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকর্মোপগজ্ঞানের, অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের (পঞ্চদ্বারাবর্তন বা মনোদ্বারাবর্তনচিত্তের) প্রত্যয় হয়।

(৫) আলম্বন-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। দান দিয়ে, শীল পালন করে, উপোসথকর্ম... পূর্বে... ধ্যান হতে... একে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে গ্রন্থি-সম্প্রযুক্ত রাগ[৪], মিথ্যাদৃষ্টি, দৌর্মনস্য উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(৬) আলম্বন-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, গ্রন্থি-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ, লোভ এবং প্রতিঘকে প্রত্যয় করে দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ, লোভ, দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং প্রতিঘ[৫] উৎপন্ন হয়।

৭৪. (৭) আলম্বন-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত

---

[১]। লোভ, দ্বেষ, দৃষ্টি এই ৩ ক্লেশ ব্যতীত অপর ৭ ক্লেশ।

[২]। অর্থাৎ এখানে ৪ মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত চিত্তে লোভ চৈতসিককে বুঝানো হচ্ছে।

[৩]। ২ মোহমূলক চিত্ত, ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্তসম্পন্ন।

[৪]। দৃষ্টি-বিপ্রযুক্ত চিত্তে লোভ চৈতসিক ব্যতীত ৮ লোভচিত্তকে বুঝানো হচ্ছে।

[৫]। গ্রন্থি-সম্প্রযুক্ত প্রতিঘের ক্ষেত্রে বিচিকিৎসা চৈতসিক বর্জিত হবে।

Visit: http://www.buddhistdownload.com

স্কন্ধসমূহ, লোভ, দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং প্রতিঘকে প্রত্যয় করে গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৮) আলম্বন-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ, লোভ, দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং প্রতিঘকে প্রত্যয় করে গ্রন্থি-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৯) আলম্বন-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ, লোভ, দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং প্রতিঘকে প্রত্যয় করে দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ, লোভ, দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং প্রতিঘ উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (৯)

৭৫. (১) অধিপতি-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অধিপতি-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) অধিপতি-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ (মিথ্যাদৃষ্টিবিযুক্ত) উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অধিপতি-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত-অধিপতি চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। অধিপতি-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত-অধিপতি লোভের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। অধিপতি-প্রত্যয়ের দ্বারা দৌর্মনস্য-সহগত-অধিপতি প্রতিঘের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

(৩) অধিপতি-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অধিপতি-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, লোভের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। অধিপতি-প্রত্যয়ের দ্বারা দৌর্মনস্য-সহগত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, প্রতিঘের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

৭৬. (৪) অধিপতি-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান প্রদান করে, শীলকে পালন করে, উপোসথকর্ম করে একে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহ গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকেই গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন। অর্হৎগণ মার্গ হতে উঠে মার্গকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফল হতে উত্থিত হয়ে ফলকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে গুরুত্ব সহকারে প্রত্যবেক্ষণ করেন। অধিপতি-প্রত্যয়ের দ্বারা নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির মার্গের, ফলের প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, গ্রন্থি-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ এবং লোভকে গুরুত্ব সহকারে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব সহকারে গ্রন্থি-বিপ্রযুক্ত রাগ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অধিপতি-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

(৫) অধিপতি-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** দান প্রদান করে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম সম্পাদন করে একে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহকে... ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে... চক্ষু... (হৃদয়) বাস্তু, গ্রন্থি-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ এবং লোভকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দিয়ে গ্রন্থি-সম্প্রযুক্ত রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়।

(৬) অধিপতি-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** চক্ষু... (হৃদয়) বাস্তু, গ্রন্থি-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ এবং লোভকে প্রাধান্য দেওয়াতে দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভ উৎপন্ন হয়।

৭৭. (৭) অধিপতি-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভকে প্রাধান্য দিয়ে গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৮) অধিপতি-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভকে গুরুত্ব দিয়ে দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ উৎপন্ন হয়।

(৯) অধিপতি-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ

Visit: http://www.buddhistdownload.com

গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভকে প্রাধান্য দিয়ে দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভ উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয় (৯)

৭৮. (১) অনন্তর-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) অনন্তর-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী প্রতিঘ প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উত্থানের (জাগরণের) প্রত্যয় হয়।

(৩) অনন্তর-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহের এবং লোভের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহের এবং প্রতিঘের (দ্বেষ বা হিংসার) প্রত্যয় হয়।

৭৯. (৪) অনন্তর-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ পরবর্তী পরবর্তী দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব প্রতিঘ পরবর্তী পরবর্তী প্রতিঘের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব গ্রন্থি-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী গ্রন্থি-বিপ্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা অনুলোম গোত্রভূর... ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

(৫) অনন্তর-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ পরবর্তী পরবর্তী দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব প্রতিঘ পরবর্তী পরবর্তী দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা আবর্তন-চিত্ত গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৬) অনন্তর-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ পরবর্তী পরবর্তী দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহের এবং

Visit: http://www.buddhistdownload.com

লোভের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব প্রতিঘ পরবর্তী পরবর্তী দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহের এবং প্রতিঘের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা আবর্তন-চিত্ত দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহের, লোভের, দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহের এবং প্রতিঘের প্রত্যয় হয়।

৮০. (৭) অনন্তর-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভ পরবর্তী পরবর্তী দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং প্রতিঘ পরবর্তী পরবর্তী দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৮) অনন্তর-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভ পরবর্তী পরবর্তী দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং প্রতিঘ পরবর্তী পরবর্তী প্রতিঘের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ, লোভ, দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং প্রতিঘ উত্থানের প্রত্যয় হয়।

(৯) অনন্তর-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভ পরবর্তী পরবর্তী দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহের এবং লোভের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং প্রতিঘ পরবর্তী পরবর্তী দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহের এবং প্রতিঘের প্রত্যয় হয়।

সমনন্তর-প্রত্যয় প্রভৃতি

৮১. সমনন্তর-প্রত্যয়ের দ্বারা, সহজাত-প্রত্যয়ের দ্বারা, অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা, নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

৮২. (১) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়-প্রত্যয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়-প্রত্যয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং

Visit: http://www.buddhistdownload.com

প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ গ্রন্থি-বিপ্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৩) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়-প্রত্যয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহের এবং লোভের প্রত্যয় হয়। উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহের এবং প্রতিঘের প্রত্যয় হয়।

৮৩. (৪) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন... মান উৎপন্ন করেন...। (অনুরূপভাবে) শীল, শ্রুতি, ত্যাগ, প্রজ্ঞা, রাগ, দ্বেষ, মোহ, মান, প্রার্থনা, কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন... প্রাণির জীবন হরণ করেন...সংঘভেদ করেন। সেই কারণে উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা শ্রদ্ধা, শ্রুতি, ত্যাগ, প্রজ্ঞা, রাগ দ্বেষ, মোহ, মান, প্রার্থনা কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয্যাসন শ্রদ্ধার, শ্রুতির, ত্যাগের, প্রজ্ঞার, রাগের, দ্বেষের, মোহের, মানের, প্রার্থনার... ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

(৫) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...।

প্রকৃতি-উপনিশ্রয় : শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মান উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) শীল, শ্রুতি, ত্যাগ, প্রজ্ঞা, রাগ, মান, প্রার্থনা, কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয্যাসনকে উপনিশ্রয় করে প্রাণির জীবন হরণ করেন... সংঘভেদ করেন। সেই কারণবশত উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা শ্রদ্ধা... শয্যাসন রাগের, দ্বেষের, মোহের, মানের, মিথ্যাদৃষ্টির, প্রার্থনার প্রত্যয় হয়।

(৬) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...।

প্রকৃতি-উপনিশ্রয় : শ্রদ্ধাকে উপনিশ্রয় করে (বা শ্রদ্ধাবশে) মান উৎপন্ন করেন, (অনুরূপভাবে) শীল, শ্রুতি, ত্যাগ, প্রজ্ঞা, রাগ, দ্বেষ, মোহ, মান, প্রার্থনা, কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয্যাসনকে উপনিশ্রয় করে

Visit: http://www.buddhistdownload.com

প্রাণির জীবন হরণ করেন... সংঘভেদ করেন। এ'হেতুতে উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা শ্রদ্ধা, শ্রুতি, ত্যাগ, প্রজ্ঞা, রাগ, দ্বেষ, মোহ, মান, প্রার্থনা, কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয্যাসন দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহের, লোভের, দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহের এবং প্রতিঘের প্রত্যয় হয়।

৮৪. (৭) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ, লোভ, দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং প্রতিঘ গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৮) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ, লোভ, দৌর্মনস্য-সহগত স্কন্থসমূহ, প্রতিঘ গ্রন্থি-বিপ্রযুক্ত স্কন্ধসমূহের, দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভের এবং প্রতিঘের প্রত্যয় হয়।

(৯) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ, লোভ, দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং প্রতিঘ দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহের, লোভের, দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহের এবং প্রতিঘের প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় (৩)

৮৫. (১) পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দেখেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে গ্রন্থি-বিপ্রযুক্ত রাগ, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর সাহায্যে রূপ দর্শন করেন, দিব্যকর্ণের সাহায্যে শব্দ শ্রবণ করেন। পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-আয়তন কায়-বিজ্ঞানের...। **বাস্তু-পূর্বজাত :** পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-আয়তন কায়-বিজ্ঞানের,

Visit: http://www.buddhistdownload.com

পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু (চিত্ত চৈতসিকের নিবাসস্থান) গ্রন্থি-বিপ্রযুক্ত স্কন্ধসমূহের, দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভের এবং প্রতিঘের প্রত্যয় হয়।

(২) পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন, অভিনন্দিত করে। একে প্রত্যয় করে গ্রন্থি-সম্প্রযুক্ত রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৩) পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ, লোভ, দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং প্রতিঘ উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহের, লোভের, দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহের এবং প্রতিঘ প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (৩)

৮৬. (১) পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়... (এক)।

(২) পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়... (এক)।

(৩) পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা পশ্চাজ্জাত দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ, লোভ, দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ, প্রতিঘ পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়।

আসেবন-প্রত্যয় (৯)

৮৭. (১-৯) আসেবন-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়... (অনন্তর সদৃশ করণীয়, আবর্তন-চিত্ত ও উত্থান লাভ হয় না)।

কর্ম-প্রত্যয় (৪)

৮৮. (১) কর্ম-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। কর্ম-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(২) কর্ম-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ কর্ম)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** কর্ম-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত চেতনা চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। কর্ম-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত চেতনা লোভের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। কর্ম-প্রত্যয়ের দ্বারা দৌর্মনস্য-সহগত চেতনা প্রতিঘ এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** কর্ম-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত চেতনা বিপাক (ফলপ্রদায়ী) স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের প্রত্যয় হয়।

(৩) কর্ম-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। কর্ম-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। কর্ম-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, লোভের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। কর্ম-প্রত্যয়ের দ্বারা দৌর্মনস্য-সহগত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, প্রতিঘের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

৮৯. (৪) কর্ম-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ কর্ম)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** কর্ম-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** কর্ম-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয় প্রভৃতি

৯০. (১) বিপাক-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়... (এক)। আহার-প্রত্যয়ের দ্বারা... (চার), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা... (চার), ধ্যান-প্রত্যয়ের দ্বারা... (চার), মার্গ-প্রত্যয়ের দ্বারা... (চার), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়... (ছয়)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৫)

৯১. (১) বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত, বিশ্লেষণ করতে হবে)।

(২) বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ বিপ্রযুক্ত)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

Visit: http://www.buddhistdownload.com

(৩) বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। **পূর্বজাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৪) বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। **পূর্বজাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহের, লোভের, দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহের এবং প্রতিঘের প্রত্যয় হয়।

৯২. (৫) বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভ চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং প্রতিঘ চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ, লোভ, দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং প্রতিঘ পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয় (৯)

৯৩. (১) অস্তি-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়... (এক) (প্রতীত্যবার সদৃশ করণীয়)।

(২) অস্তি-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত। (সংক্ষিপ্ত, বিশ্লেষণ করে দেখাতে হবে)।

(৩) অস্তি-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়... (এক) (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

৯৪. (৪) অস্তি-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (সংক্ষিপ্ত, বিশ্লেষণ করে দেখাতে হবে)।

(৫) অস্তি-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অস্তি-প্রত্যয়ের দ্বারা দৌর্মনস্য-সহগত প্রতিঘ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে গ্রন্থি-সম্প্রযুক্ত রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। অস্তি-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৬) অস্তি-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রতিঘ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে প্রত্যয় করে দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভ এবং দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং প্রতিঘ উৎপন্ন হয়। অস্তি-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহের, লোভের, দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহের এবং প্রতিঘের প্রত্যয় হয়।

৯৫. (৭) অস্তি-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত এবং পূর্বজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা একটি গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং...। **সহজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা একটি দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধ এবং লোভ অস্তি-প্রত্যয়ের দ্বারা তিনটি স্কন্ধের প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং... অস্তি-প্রত্যয়ের দ্বারা একটি দৌর্মনস্য-সহগত স্কন্ধ এবং প্রতিঘ তিনটি স্কন্ধের প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং...।

(৮) অস্তি-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। **সহজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভ চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। **সহজাত এবং পূর্বজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং প্রতিঘ চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। অস্তি-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তু লোভের প্রত্যয় হয়। অস্তি-প্রত্যয়ের দ্বারা দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তু প্রতিঘের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ, লোভ, দৌর্মনস্য-সহগত স্কন্ধসমূহ এবং প্রতিঘ পূর্বজাত এই কায়ের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** অস্তি-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার এই কায়ের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** অস্তি-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং রূপ-জীবি-ইন্দ্রিয় (রূপ-কায়ের জীবনীশক্তি) কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৯) অস্তি-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা একটি দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধ এবং লোভ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং...। **সহজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা একটি দৌর্মনস্য-সহগত স্কন্ধ এবং প্রতিঘ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং...। **সহজাত এবং পূর্বজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা একটি দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধসমূহের এবং লোভের প্রত্যয় হয়... দুটি স্কন্ধসমূহ এবং...। **সহজাত এবং পূর্বজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা একটি দৌর্মনস্য-সহগত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের এবং প্রতিঘের প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং...।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৯৬. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে নয়, কর্মে চার, বিপাকে এক, আহারে চার, ইন্দ্রিয়ে চার, ধ্যানে চার, মার্গে চার, সম্প্রযুক্তে ছয়, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৯)

৯৭. (১) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়।

(২) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা... কর্ম-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়।

(৩) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়।

৯৮. (৪) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা... কর্ম-প্রত্যয়ের দ্বারা... আহার-প্রত্যয়ের দ্বারা... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৫) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়।

(৬) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়।

৯৯. (৭) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়।

(৮) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়।

(৯) আলম্বন-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মসমূহ গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

১০০. না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সবক্ষেত্রে নয়), না-অবিগতে নয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

১০১. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে নয়, না-অধিপতিতে নয়... না-সমনন্তরে নয়, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে নয়... না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে নয়, না-বিগতে নয়।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

১০২. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে নয় (অনুলোম মাতিকা বিস্তৃত করে দেখাতে হবে)... অবিগতে নয়।

[গ্রন্থি-সম্প্রযুক্তদ্বিক (এখানে) সমাপ্ত হলো]

Visit: http://www.buddhistdownload.com

২৯. গ্রন্থি কিন্তু গ্রন্থিনীয়দ্বিক

১. প্রতীত্যবার—হেতু-প্রত্যয় (৩)

১০৩. (১) গ্রন্থি কিন্তু গ্রন্থিনীয়[১] (গ্রন্থির বিষয় বা আলম্বন তাদৃশ) ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি কিন্তু গ্রন্থিনীয় ধর্ম উৎপন্ন হয়। শীলব্রত-পরামর্শ কায়-গ্রন্থিকে (শারীরিক কৃচ্ছ্র সাধন দ্বারা কিংবা ব্রতমানসাদির দ্বারা চিত্ত-শুদ্ধিতে ও মুক্তি লাভে বিশ্বাস কায়-বন্ধন বা গাঁথুনি) প্রত্যয় করে অভিধ্যা কায়-গ্রন্থি (লোলুপতা বা অতিলোভ কায়-বন্ধন বা গাঁথুনি) উৎপন্ন হয়। অভিধ্যা কায়-গ্রন্থিকে প্রত্যয় করে শীলব্রত-পরামর্শ কায়-গ্রন্থি উৎপন্ন হয়। এটিই সত্যাভিনিবেশ কায়-গ্রন্থিকে (ভ্রান্তমতে অটল বিশ্বাস অর্থাৎ আলম্বিত ভ্রান্তমতকে একান্তই সত্য বলে ধারণা কায়-গ্রন্থি বা গিরা) প্রত্যয় করে অভিধ্যা কায়-গ্রন্থি এবং অভিধ্যা কায়-গ্রন্থিকে প্রত্যয় করে এটিই সত্যাভিনিবেশ কায়-গ্রন্থি উৎপন্ন হয়।

(২) গ্রন্থি কিন্তু গ্রন্থিনীয় ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থিনীয় কিন্তু না-গ্রন্থি[২] ধর্ম উৎপন্ন হয়। গ্রন্থিসমূহকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৩) গ্রন্থি কিন্তু গ্রন্থিনীয় ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি কিন্তু গ্রন্থিনীয় এবং গ্রন্থিনীয় কিন্তু না-গ্রন্থি ধর্মসমূহ উৎপন্ন হয়।

২-৬. সহজাত-প্রত্যয়-নিশ্রয়-সংশ্লিষ্ট-সম্প্রযুক্তবার

(প্রতীত্যবার, সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবারও গ্রন্থিদ্বিক সদৃশ বিস্তৃত করণীয়, নির্ণয় না-না-করণীয়)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১০৪. (১) গ্রন্থি কিন্তু (অথচ) গ্রন্থিনীয় ধর্ম গ্রন্থি কিন্তু গ্রন্থিনীয় ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থি হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (অনুরূপভাবে নয়টি প্রশ্ন বিস্তৃত করতে হবে)।

আলম্বন-প্রত্যয় (৯)

১০৫. (১) গ্রন্থি কিন্তু গ্রন্থিনীয় ধর্ম গ্রন্থি কিন্তু গ্রন্থিনীয় ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থিসমূহকে প্রত্যয় করে গ্রন্থিসমূহ উৎপন্ন হয়।

---

[১]। লোভ, দ্বেষ ও মিথ্যাদৃষ্টি এই তিন গ্রন্থিই গ্রন্থি কিন্তু গ্রন্থিনীয় ধর্ম।

[২]। ৮১ প্রকার লৌকিয় চিত্ত, তিন গ্রন্থি ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৩) = ৪৯ প্রকার চৈতসিক ও ২৮ প্রকার রূপ গ্রন্থিনীয় অথচ না-গ্রন্থি ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

(২) গ্রন্থি কিন্তু গ্রন্থিনীয় ধর্ম গ্রন্থিনীয় কিন্তু না-গ্রন্থি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থিসমূহকে প্রত্যয় করে গ্রন্থিনীয় কিন্তু না-গ্রন্থি স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

৩) গ্রন্থি কিন্তু গ্রন্থিনীয় ধর্ম গ্রন্থি কিন্তু গ্রন্থিনীয় এবং গ্রন্থিনীয় কিন্তু না-গ্রন্থি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থিসমূহকে প্রত্যয় করে গ্রন্থিসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

১০৬. (৪) গ্রন্থিনীয় কিন্তু না-গ্রন্থি ধর্ম গ্রন্থিনীয় কিন্তু না-গ্রন্থি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান প্রদান করে, শীলময় জীবন যাপন করে, উপোসথকর্ম করে তা স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহ... ধ্যান হতে... আর্যগণ গোত্রভূকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, বিশুদ্ধিকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, বিদূরিত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, অবিদূরিত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে জানেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, গ্রন্থিনীয় কিন্তু না-গ্রন্থি স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্রের সাহায্যে রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের সাহায্যে শব্দ শ্রবণ করেন। (অনুরূপভাবে সর্বত্র বিস্তৃত করতে হবে) আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) গ্রন্থিনীয় কিন্তু না-গ্রন্থি ধর্ম গ্রন্থি কিন্তু গ্রন্থিনীয় ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান প্রদান করে, শীলময় জীবন যাপন করে, উপোসথকর্ম করে তা আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহ... ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকেই... চক্ষু... (হৃদয়) বাস্তু, গ্রন্থিনীয় কিন্তু না-গ্রন্থি স্কন্ধসমূহকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়।

(৬) গ্রন্থিনীয় কিন্তু না-গ্রন্থি ধর্ম গ্রন্থি কিন্তু গ্রন্থিনীয় এবং গ্রন্থিনীয় কিন্তু না-গ্রন্থি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান প্রদান করে, শীলময় জীবন যাপন করে, উপোসথকর্ম... পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহকে... ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে... চক্ষু... (হৃদয়) বাস্তু, গ্রন্থিনীয় কিন্তু না-গ্রন্থি স্কন্ধসমূহকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে গ্রন্থিসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (অনুরূপভাবে অপর তিনটি প্রশ্নও বিস্তৃত করতে হবে। (প্রত্যয় করে করণীয়। এই দ্বিকে লোকোত্তর নাই, গ্রন্থি সদৃশ জ্ঞাতব্য, নির্ণয় না-না-করণীয়। 'গ্রন্থিনীয়' এই পদ্ধতিতেই করা উচিত, মার্গে নয়টি প্রশ্ন করতে হবে)।

[গ্রন্থি কিন্তু গ্রন্থিনীয়দ্বিক (এখানে) সমাপ্ত হলো]

Visit: http://www.buddhistdownload.com

৩০. গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্তদ্বিক

১. প্রতীত্যবার—১-৪. প্রত্যয় : চতুষ্ক[১]

হেতু-প্রত্যয় (৯)

১০৭. (১) হেতু-প্রত্যয়ের কারণে গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত[২] ধর্মকে প্রত্যয় করে গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। শীলব্রত-পরামর্শ কায়-গ্রন্থিকে প্রত্যয় করে অভিধ্যা কায়-গ্রন্থি উৎপন্ন হয়। অভিধ্যা কায়-গ্রন্থিকে প্রত্যয় করে শীলব্রত-পরামর্শ কায়-গ্রন্থি উৎপন্ন হয়। এটিই সত্যাভিনিবেশ কায়-গ্রন্থিকে প্রত্যয় করে অভিধ্যা কায়-গ্রন্থি উৎপন্ন হয়। অভিধ্যা কায়-গ্রন্থিকে প্রত্যয় করে এটিই সত্যাভিনিবেশ কায়-গ্রন্থি উৎপন্ন হয়।

(২) হেতু-প্রত্যয়ের কারণে গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি[৩] ধর্ম উৎপন্ন হয়। গ্রন্থিসমূহকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) হেতু-প্রত্যয়ের কারণে গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্মসমূহ উৎপন্ন হয়। শীলব্রত-পরামর্শ কায়-গ্রন্থিকে প্রত্যয় করে অভিধ্যা কায়-গ্রন্থি এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (চক্রাকারে তৈরি করে জানতে হবে)।

১০৮. (৪) হেতু-প্রত্যয়ের কারণে গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্মকে প্রত্যয় করে গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্ম উৎপন্ন হয়। একটি গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৫) হেতু-প্রত্যয়ের কারণে গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্মকে প্রত্যয় করে গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু গ্রন্থি স্কন্ধসমূহকে প্রত্যয় করে গ্রন্থিসমূহ উৎপন্ন হয়।

(৬) হেতু-প্রত্যয়ের কারণে গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্মকে প্রত্যয় করে গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং গ্রন্থিসমূহ... দুটি স্কন্ধকে...।

১০৯. (৭) হেতু-প্রত্যয়ের কারণে গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্মকে প্রত্যয় করে গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন

---

[১]। সমগ্র পট্‌ঠানে প্রত্যয়-চতুষ্ক বলতে অনুলোম-প্রত্যয়, প্রতিলোম-প্রত্যয়, অনুলোম-প্রতিলোম-প্রত্যয়, প্রতিলোম-অনুলোম-প্রত্যয় বুঝানো হচ্ছে।

[২]। ৪ মিথ্যাদৃষ্টি-সহগত চিত্তে লোভ ও মিথ্যাদৃষ্টি (২ গ্রন্থি) গ্রন্থি কিন্তু (অথচ) গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম।

[৩]। ৮ লোভমূলক চিত্ত, ২ প্রতিঘমূলক চিত্ত, তিন গ্রন্থি ও বিচিকিৎসা ব্যতীত তৎসম্প্রযুক্ত (২৭-৪) = ২৩ প্রকার চৈতসিক গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু গ্রন্থিনীয় ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

হয়। গ্রন্থিসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে প্রত্যয় করে গ্রন্থিসমূহ উৎপন্ন হয়।

(৮) হেতু-প্রত্যয়ের কারণে গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্মকে প্রত্যয় করে গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্ম উৎপন্ন হয়। একটি গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি স্কন্ধ এবং গ্রন্থিসমূহকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং...।

(৯) হেতু-প্রত্যয়ের কারণে গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্মকে প্রত্যয় করে গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি স্কন্ধ এবং শীলব্রত-পরামর্শ কায়-গ্রন্থিকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং অভিধ্যা কায়-গ্রন্থি... দুটি স্কন্ধ এবং... (পর্যায়ক্রমে তৈরি করে জানতে হবে। সংক্ষিপ্ত)।

১১০. (অনুলোম গণনায়)—হেতুতে নয়, আলম্বনে নয় (সর্বত্র নয়), কর্মে নয়, আহারে নয়... অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম
(না-অধিপতি-প্রত্যয়-৯)

১১১. (১) না-অধিপতি-প্রত্যয়ের কারণে গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত করা হয়েছে)।

(এখানে না-হেতু-প্রত্যয় নেই) না-অধিপতিতে নয়, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-বিপ্রযুক্তে নয়।

২-৬. সহজাত-প্রত্যয়-নিশ্রয়-সংশ্লিষ্ট-সম্প্রযুক্তবার

(অনুরূপভাবে অপর দুটি গণনা সহ সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১১২. (১) গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত গ্রন্থিসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থি কিন্তু সম্প্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-

Visit: http://www.buddhistdownload.com

সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং গ্রন্থিসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১১৩. (৪) গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি হেতুসমূহ সম্প্রযুক্ত গ্রন্থিসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্ম গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি হেতুসমূহ সম্প্রযুক্ত গ্রন্থিসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্ম গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং গ্রন্থিসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১১৪. (৭) গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্মসমূহ গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্মসমূহ গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্মসমূহ গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং গ্রন্থিসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় প্রভৃতি

১১৫. (১) গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থিসমূহকে প্রত্যয় করে গ্রন্থিসমূহ উৎপন্ন হয়।

(২) গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থিসমূহকে প্রত্যয় করে গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৩) গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্ম গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থিসমূহকে প্রত্যয় করে গ্রন্থিসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৪) গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্ম গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি স্কন্ধসমূহকে প্রত্যয় করে গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্ম গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি স্কন্ধসমূহকে প্রত্যয় করে গ্রন্থিসমূহ উৎপন্ন হয়।

(৬) গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্ম গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্ত এবং গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গ্রন্থি-সম্প্রযুক্ত কিন্তু না-গ্রন্থি স্কন্ধসমূহকে প্রত্যয় করে গ্রন্থিসমূহ এবং গ্রন্থি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(অনুরূপভাবে অপর তিনটি প্রশ্ন করণীয় আলম্বন-প্রত্যয় সদৃশ করণীয়। অধিপতিতে, অনন্তরে ও উপনিশ্রয়ে বিভাগ হয় না)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১১৬. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, আসেবনে নয়, কর্মে তিন, আহারে তিন, ইন্দ্রিয়ে তিন, ধ্যানে তিন, মার্গে নয়, সম্প্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

(অরূপেও একই প্রত্যয়ে জানতে হবে, একেকটিকে তিনটি তিনটি প্রশ্ন করতে হবে। শুধুমাত্র আলম্বন, সহজাত এবং উপনিশ্রয় নয়টি করে প্রশ্ন করতে হবে। অনুরূপভাবে প্রশ্নবার পরিপূর্ণ করতে হবে)।

[গ্রন্থি কিন্তু গ্রন্থি-সম্প্রযুক্তদ্বিক (এখানে) সমাপ্ত হলো]

৩১. গ্রন্থি-বিপ্রযুক্ত গ্রন্থিনীয়দ্বিক

১. প্রতীত্যবার—হেতু-প্রত্যয় (৫)

১১৭. (১) গ্রন্থি-বিপ্রযুক্ত গ্রন্থিনীয়[১] (গ্রন্থিহীন কিন্তু গ্রন্থির উপযুক্ত) ধর্মকে

---

[১]। ২ মোহমূলক চিত্ত, ১৭ লোকীয় কুশল চিত্ত, ৩২ লোকীয় বিপাক-চিত্ত, ২০ ক্রিয়া-চিত্ত; লোভ, মিথ্যাদৃষ্টি, মান, দ্বেষ, ঈর্ষা, মাৎসর্য, কৌকৃত্য, স্ত্যান ও মিদ্ধ ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৯) = ৪৩ চৈতসিক, ৪ দৃষ্টি বিপ্রযুক্ত-চিত্তে লোভ, ২ প্রতিঘমূলক-চিত্তে দ্বেষ, ২৮

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা গ্রন্থি-বিপ্রযুক্ত গ্রন্থিনীয় ধর্ম উৎপন্ন হয়। একটি গ্রন্থি-বিপ্রযুক্ত গ্রন্থিনীয় স্কন্ধকে প্রত্যয় করে তিনটি (গ্রন্থি-বিপ্রযুক্ত গ্রন্থিনীয়) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... একটি মহাভূতকে... (ক্ষুদ্রান্তরদ্বিকে লৌকিকদ্বিক আলোচ্য বিষয়ের মতো করে এস্থলেও বিস্তৃত করণীয়, নির্ণয় না-না-করণীয়)।

[গ্রন্থি-বিপ্রযুক্ত গ্রন্থিনীয়দ্বিক (এখানে) সমাপ্ত হলো]

[গ্রন্থিগুচ্ছ (এখানে) সমাপ্ত হলো]

৬-৭. ওঘ-যোগগুচ্ছ

৩২-৪৩. ওঘ প্রভৃতি দ্বিক

১. ওঘ[১] ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা ওঘ ধর্ম উৎপন্ন হয়...।

২. যোগ[২] ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা যোগ ধর্ম উৎপন্ন হয়... (এই দুটি গুচ্ছ ও আসবগুচ্ছ সদৃশ জ্ঞাতব্য, নির্ণয় না-না-করণীয়)।

[ওঘ-যোগগুচ্ছ (এখানে) সমাপ্ত হলো]

প্রকার রূপ গ্রন্থি বিপ্রযুক্ত গ্রন্থিনীয় ধর্ম এবং ৮ লোকোত্তর-চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক ও নির্বাণ গ্রন্থি-বিপ্রযুক্ত অগ্রন্থিনীয় ধর্ম।

[১]। লোভ, দৃষ্টি ও মোহ ওঘ ধর্ম। ওঘ শব্দের অর্থ বন্যা, প্লাবন, স্রোত, দুঃখ সমুদ্র, অজ্ঞানতার প্লাবন এবং নিরর্থক আকাঙ্ক্ষা যা মানুষকে ধ্বংস করে। এটি চার প্রকার; যথা : কাম-ওঘ, ভব-ওঘ, দৃষ্টি-ওঘ এবং অবিদ্যা-ওঘ। কামবাসনা ও ভববাসনাই বস্তুত 'লোভ' চৈতসিক, মিথ্যাদৃষ্টি 'দৃষ্টি' চৈতসিক এবং অবিদ্যা 'মোহ' চৈতসিকই। ওঘ বা বন্যা-স্রোতে পতিত কাষ্ঠখণ্ডের ন্যায় এটিরা সত্ত্বগণকে দুস্তর সংসারস্রোতে জন্ম-মৃত্যুর আকারে ভাসিয়ে ডুবিয়ে, ভাসিয়ে-ডুবিয়ে প্রবাহিত করিয়ে নিয়ে যায়।

[২]। লোভ, দৃষ্টি ও মোহ যোগ ধর্ম। যোগ অর্থ বন্ধন, সংযোগ, বন্ধনী বা গ্রন্থি। যা পুনর্জন্মের সাথে সংলগ্ন। এটি চার প্রকার; যথা : কাম-যোগ, ভব-যোগ, দৃষ্টি-যোগ এবং অবিদ্যা-যোগ। কামনাবাসনাদিকে যোগ বলা হয়, কারণ এগুলো সত্ত্বগণকে ভবযন্ত্রে যুক্ত করে ঘুরপাক খাওয়ায় অথবা কর্ম ও ফলের আবরণে এক ভবযন্ত্রণা থেকে অন্য ভবযন্ত্রণায় যুক্ত করে দেয়। অর্থাৎ একজন্মের সাথে আরেক জন্মের যোগ করে দেয়।

Visit: http://www.buddhistdownload.com

৮. নীবরণগুচ্ছ

৪৪. নীবরণদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১. (১) নীবরণ[১] ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ ধর্ম উৎপন্ন হয়। কামচ্ছন্দ-নীবরণকে প্রত্যয় করে স্ত্যানমিদ্ধ-নীবরণ, ঔদ্ধত্য-নীবরণ এবং অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়। আবার কামচ্ছন্দ-নীবরণকে প্রত্যয় করে ঔদ্ধত্য-নীবরণ এবং অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়। ব্যাপাদ-নীবরণকে প্রত্যয় করে স্ত্যানমিদ্ধ-নীবরণ, ঔদ্ধত্য-নীবরণ এবং অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়। আবার ব্যাপাদ-নীবরণকে প্রত্যয় করে ঔদ্ধত্য-নীবরণ এবং অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়। আবার ব্যাপাদ-নীবরণকে প্রত্যয় করে স্ত্যানমিদ্ধ-নীবরণ, ঔদ্ধত্য-নীবরণ, কৌকৃত্য-নীবরণ এবং অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়। আবার ব্যাপাদ-নীবরণকে প্রত্যয় করে ঔদ্ধত্য-নীবরণ, কৌকৃত্য-নীবরণ এবং অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়। বিচিকিৎসা-নীবরণকে প্রত্যয় করে ঔদ্ধত্য-নীবরণ উৎপন্ন হয়। ঔদ্ধত্য-নীবরণকে প্রত্যয় করে অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়।

(২) নীবরণকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-নীবরণ[২] (নীবরণ নহে তাদৃশ) ধর্ম উৎপন্ন হয়। নীবরণসমূহকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

---

[১]। লোভ, দ্বেষ, স্ত্যান, মিদ্ধ, ঔদ্ধত্য, কৌকৃত্য, বিচিকিৎসা ও মোহ এই ৮টি নীবরণ ধর্ম। নীবরণ অর্থ আবরণ, বাধা, প্রতিবন্ধক বা আবরণ। অভিধর্মে এটি ছয় প্রকার; যথা : কামচ্ছন্দ, ব্যাপাদ, স্ত্যানমিদ্ধ, ঔদ্ধত্য-কৌকৃত্য, বিচিকিৎসা এবং অবিদ্যা। যে সকল চৈতসিকের কারণে অনুৎপন্ন কুশল-চিত্ত বা কুশল ধ্যান-চিত্ত উৎপন্ন হতে পারে না, এবং উৎপন্ন কুশলাদি বৃদ্ধি পেতে পারে না, তাদের সাধারণ নাম নীবরণ বা নিবারণ। রূপ, শব্দ, গন্ধ, রস এবং স্প্রষ্টব্য এই পঞ্চকামগুণে যে তৃষ্ণা তা-ই 'কামছন্দ'। এটি লোভ চৈতসিক এবং একাগ্রতার প্রতিপক্ষ। 'ব্যাপাদ' অর্থ পরের অহিত চিন্তা; এটি দ্বেষ চৈতসিক এবং দৌর্মনস্য স্বভাব; এজন্য এটি 'প্রীতিকে' ধ্যানাঙ্গের আকারে উৎপন্ন হতে বাধা দেয়। 'স্ত্যানমিদ্ধ' বিতর্ক ও বীর্যের প্রতিপক্ষ। স্ত্যান ও মিদ্ধের কৃত্য, আহার (পরিপোষক) ও প্রতিপক্ষ একই প্রকার বলে এই উভয় চৈতসিক যুগলভাবে গৃহীত হয়েছে। উভয়ের কৃত্য লীনভাব উৎপাদন; আহার, তন্দ্রা ও বিজৃম্ভতা। ঔদ্ধত্য-কৌকৃত্য কৃত্য চিত্তের অশান্তভাব উৎপাদন; জ্ঞাতি ব্যসনাদির ব্যতিক্রম এটিদের আহার বা পরিপোষক এবং শমথ ও সৌমনস্য প্রতিপক্ষ। এজন্য এটিরাও যুগলরূপে গৃহীত হয়েছে। এটি 'সুখ' ধ্যানাঙ্গের উৎপত্তি নিবারণ করে 'অবিদ্যা' এইসব নীবরণের প্রত্যেকটির সাথে বিজড়িত।

[২]। ৮৯ প্রকার চিত্ত, ৮ নীবরণের চৈতসিক ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৮) = ৪৪ প্রকার চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-নীবরণ বা নীবরণ নহে ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

(৩) নীবরণ ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ এবং না-নীবরণ ধর্মসমূহ উৎপন্ন হয়। কামচ্ছন্দ-নীবরণকে প্রত্যয় করে স্ত্যানমিদ্ধ-নীবরণ, ঔদ্ধত্য-নীবরণ, অবিদ্যা-নীবরণ, সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয় (চক্রবন্ধন করতে হবে)।

২. (৪) না-নীবরণ ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-নীবরণ ধর্ম উৎপন্ন হয়। একটি না-নীবরণ স্কন্ধকে প্রত্যয় করে তিনটি (না-নীবরণ) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৫) না-নীবরণ ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ ধর্ম উৎপন্ন হয়। না-নীবরণ স্কন্ধসমূহকে প্রত্যয় করে নীবরণসমূহ উৎপন্ন হয়।

(৬) না-নীবরণ ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ এবং না-নীবরণ ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি না-নীবরণ স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ, নীবরণসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

৩. (৭) নীবরণ এবং না-নীবরণ ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ ধর্ম উৎপন্ন হয় । কামচ্ছন্দ-নীবরণ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে প্রত্যয় করে স্ত্যানমিদ্ধ-নীবরণ, ঔদ্ধত্য-নীবরণ এবং অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয় (চক্রবন্ধন করতে হবে)।

(৮) নীবরণ এবং না-নীবরণ ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-নীবরণ ধর্ম উৎপন্ন হয়। একটি না-নীবরণ স্কন্ধ এবং নীবরণকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ এবং... নীবরণসমূহ এবং মহাভূতসমূহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৯) নীবরণ এবং না-নীবরণ ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ এবং না-নীবরণ ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি না-নীবরণ স্কন্ধ এবং কামচ্ছন্দ নীবরণকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ, স্ত্যানমিদ্ধ-নীবরণ, ঔদ্ধত্য-নীবরণ এবং অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ এবং... (চক্রবন্ধন করতে হবে। সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৪. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয় (সর্বত্র নয়), বিপাকে এক, আহারে নয়... অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৪)

৫. (১) নীবরণ ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-নীবরণকে প্রত্যয় করে অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়। ঔদ্ধত্য-নীবরণকে প্রত্যয় করে অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়।

(২) না-নীবরণ ধর্মকে প্রত্যয় করে না-নীবরণ ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক না-নীবরণ স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... (ক্রমান্বয়ে অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য)।

(৩) না-নীবরণ ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে প্রত্যয় করে অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়।

৬. (৪) নীবরণ এবং না-নীবরণ ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-নীবরণ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে প্রত্যয় করে অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়। ঔদ্ধত্য-নীবরণ সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে প্রত্যয় করে অবিদ্যা-নীবরণ ধর্ম উৎপন্ন হয়।

না-আলম্বন-প্রত্যয় প্রভৃতি

৭. (১) নীবরণ ধর্মকে প্রত্যয় করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-নীবরণ ধর্ম উৎপন্ন হয়। নীবরণসমূহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(২) না-নীবরণ ধর্মকে প্রত্যয় করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-নীবরণ ধর্ম উৎপন্ন হয়। না-নীবরণ স্কন্ধসমূহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (পুনর্জন্ম গ্রহণের সময়)... (ক্রমান্বয়ে অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য)।

(৩) নীবরণ এবং না-নীবরণ ধর্মকে প্রত্যয় করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-নীবরণ ধর্ম উৎপন্ন হয়। নীবরণসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)... না-অধিপতি-প্রত্যয় দ্বারা... না-অনন্তর-প্রত্যয় দ্বারা... না-সমনন্তর-প্রত্যয় দ্বারা... না-অন্যোন্য-প্রত্যয় দ্বারা... না-উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা... ।

না-পূর্বজাত-প্রত্যয় (৯)

৮. (১) নীবরণ ধর্মকে প্রত্যয় করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা নীবরণ ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে কামচ্ছন্দ-নীবরণকে (ইন্দ্রিয় সুখজনিত বাধাকে) প্রত্যয় করে স্ত্যানমিদ্ধ-নীবরণ (আলস্য-তন্দ্রাজনিত বাধা), ঔদ্ধত্য-নীবরণ

Visit: http://www.buddhistdownload.com

(চঞ্চলতাজনিত বাধা) এবং অবিদ্যা-নীবরণ (চারি আর্যসত্য সম্পর্কে জ্ঞানাভাবজনিত বাধা) উৎপন্ন হয়। অরূপলোকে কামচ্ছন্দ-নীবরণকে প্রত্যয় করে ঔদ্ধত্য-নীবরণ এবং অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়। অরূপলোকে বিচিকিৎসা-নীবরণকে (সংশয় বা দ্বিমতিজনিত বাধাকে) প্রত্যয় করে ঔদ্ধত্য-নীবরণ এবং অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়। অরূপলোকে ঔদ্ধত্য-নীবরণকে প্রত্যয় করে অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়।

(২-৬) নীবরণ ধর্মকে প্রত্যয় করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা না-নীবরণ ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে (চারি স্কন্ধবিশিষ্টভবে) নীবরণসমূহকে প্রত্যয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। নীবরণসমূহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। (অবশিষ্ট প্রশ্ন সবক্ষেত্রেই অনুরূপভাবে বিস্তার করতে হবে। অরূপলোকে প্রথমে করা উচিত, তারপরে রূপে প্রাপ্ত বিষয় অনুযায়ী বিস্তার করণীয়)।

৯. (৭) নীবরণ এবং না-নীবরণ ধর্মকে প্রত্যয় করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা নীবরণ ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে না-নীবরণ স্কন্ধসমূহ এবং কামচ্ছন্দ-নীবরণকে প্রত্যয় করে স্ত্যানমিদ্ধ-নীবরণ এবং ঔদ্ধত্য-নীবরণ উৎপন্ন হয় (চক্রবন্ধন করতে হবে)।

(৮) নীবরণ এবং না-নীবরণ ধর্মকে প্রত্যয় করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা না-নীবরণ ধর্ম উৎপন্ন হয়। একটি অরূপলোকে না-নীবরণ স্কন্ধ এবং নীবরণসমূহকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... নীবরণসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। নীবরণসমূহ এবং মহাভূতসমূহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৯) নীবরণ এবং না-নীবরণ ধর্মকে প্রত্যয় করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা নীবরণ এবং না-নীবরণ ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি অরূপলোকে না-নীবরণ স্কন্ধ এবং কামচ্ছন্দ-নীবরণকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ, স্ত্যানমিদ্ধ-নীবরণ, ঔদ্ধত্য-নীবরণ এবং অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয় (চক্রাকারে উল্লেখ করতে হবে। সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১০. না-হেতুতে চার, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে নয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

Visit: http://www.buddhistdownload.com

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম
(হেতুমূলক—দ্বিক)

১১. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয় (সংক্ষিপ্ত)।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

১২. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে চার... মার্গে তিন... অবিগতে চার।

২. সহজাতবার

(সহজাতবার অনুরূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১৩. (১-৩) নীবরণ (সমাধি উৎপত্তির বাধা) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪) না-নীবরণ ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-নীবরণ ধর্ম উৎপন্ন হয়। একটি না-নীবরণ স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... (আধ্যাত্মিক বা অভ্যন্তরীণ মহাভূতসমূহ পর্যন্ত)। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে না-নীবরণ স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) না-নীবরণ ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ ধর্ম উৎপন্ন হয়। না-নীবরণ স্কন্ধসমূহকে আশ্রয় করে নীবরণসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে নীবরণসমূহ উৎপন্ন হয়।

(৬) না-নীবরণ ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ এবং না-নীবরণ ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি না-নীবরণ স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ, নীবরণসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে নীবরণসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে নীবরণসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

১৪. (৭) নীবরণ এবং না-নীবরণ ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ ধর্ম উৎপন্ন হয়। কামচ্ছন্দ-নীবরণ এবং সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে স্ত্যানমিদ্ধ-নীবরণ, ঔদ্ধত্য-নীবরণ এবং অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয় (চক্রবন্ধন করতে হবে)। কামচ্ছন্দ-নীবরণ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে স্ত্যানমিদ্ধ-নীবরণ, ঔদ্ধত্য-নীবরণ এবং অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয় (চক্রের ন্যায় করতে হবে)।

(৮) নীবরণ এবং না-নীবরণ ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-

Visit: http://www.buddhistdownload.com

নীবরণ ধর্ম উৎপন্ন হয়। একটি না-নীবরণ স্কন্ধ এবং নীবরণকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ... নীবরণ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। নীবরণ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। নীবরণসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৯) নীবরণ এবং না-নীবরণ ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ এবং না-নীবরণ ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি না-নীবরণ স্কন্ধ এবং কামচ্ছন্দ-নীবরণকে আশ্রয় করে তিনটি স্কন্ধ, স্ত্যানমিদ্ধ-নীবরণ, ঔদ্ধত্য-নীবরণ এবং অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... (চক্রের ন্যায় করতে হবে)। কামচ্ছন্দ-নীবরণ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে স্ত্যানমিদ্ধ-নীবরণ, ঔদ্ধত্য-নীবরণ, অবিদ্যা-নীবরণ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (চক্রের ন্যায় করতে হবে। সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

১৫. হেতুতে নয়, আলম্বনে নয় (সর্বত্র নয়), বিপাকে এক... অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৪)

১৬. (১) নীবরণ ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-নীবরণকে আশ্রয় করে অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়। ঔদ্ধত্য-নীবরণকে আশ্রয় করে অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়।

(২) না-নীবরণ ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-নীবরণ ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক না-নীবরণ স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... (ক্রমান্বয়ে অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য) চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক না-নীবরণ স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) না-নীবরণ ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে আশ্রয় করে অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়।

১৭. (৪) নীবরণ এবং না-নীবরণ ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-নীবরণ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে আশ্রয়

Visit: http://www.buddhistdownload.com

করে অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়। ঔদ্ধত্য-নীবরণ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে আশ্রয় করে অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়। বিচিকিৎসা-নীবরণ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়। ঔদ্ধত্য-নীবরণ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৮. না-হেতুতে চার, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে নয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

১৯. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয় (সংক্ষিপ্ত)।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

২০. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে চার, অনন্তরে চার, সমনন্তরে চার... মার্গে তিন, অবিগতে চার।

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : চতুষ্ক

২১. (১) নীবরণ ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ ধর্ম উৎপন্ন হয়। কামচ্ছন্দ (ইন্দ্রিয়-কামনা)-নীবরণকে সংশ্লিষ্ট করে স্ত্যানমিদ্ধ (চিত্তের অলসতা–অকর্মণ্যতা)-নীবরণ, ঔদ্ধত্য (অস্থিরতা)-নীবরণ এবং অবিদ্যা (অজ্ঞানতা)-নীবরণ উৎপন্ন হয় (চক্রের ন্যায় করতে হবে। সকল নীবরণকে বিস্তৃত করতে হবে)।

২২. (অনুলোম গণনায়)—হেতুতে নয়, আলম্বনে নয় (সর্বত্র নয়), বিপাকে এক... অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

২৩. (১) নীবরণ ধর্মকে সংশ্লিষ্ট করে না-হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা (সন্দেহ বা দ্বিমত)-নীবরণকে সংশ্লিষ্ট করে অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়। ঔদ্ধত্য-নীবরণকে সংশ্লিষ্ট করে অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়

Visit: http://www.buddhistdownload.com

(সংক্ষিপ্ত)।

২৪. (প্রতিলোম গণনায়)—না-হেতুতে চার, না-অধিপতিতে নয়, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে নয়।

[প্রতিলোম সমাপ্ত]

৬. সম্প্রযুক্তবার

(অনুরূপভাবে অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম গণনা এবং সম্প্রযুক্তবার করা উচিত)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৪)

২৫. (১) নীবরণ (চিত্তশুদ্ধির বাধা বা প্রতিবন্ধক তাদৃশ) ধর্ম নীবরণ ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নীবরণ হেতুসমূহ সম্প্রযুক্ত নীবরণসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) নীবরণ ধর্ম না-নীবরণ ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নীবরণ হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) নীবরণ ধর্ম নীবরণ এবং না-নীবরণ ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নীবরণ হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং নীবরণসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-নীবরণ ধর্ম না-নীবরণ ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-নীবরণ হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে...।

আলম্বন-প্রত্যয় (৯)

২৬. (১) নীবরণ ধর্ম নীবরণ ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নীবরণসমূহকে প্রত্যয় করে নীবরণসমূহ উৎপন্ন হয়।

(২) নীবরণ ধর্ম না-নীবরণ ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নীবরণসমূহকে প্রত্যয় করে না-নীবরণ স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) নীবরণ ধর্ম নীবরণ এবং না-নীবরণ ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নীবরণসমূহকে প্রত্যয় করে নীবরণসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

২৭. (৪) না-নীবরণ ধর্ম না-নীবরণ ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ত্যাগদীপ্ত দানকার্য সম্পন্ন করে, শীলময় জীবন যাপন করে, উপোসথকর্ম

Visit: http://www.buddhistdownload.com

করে একে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকেই স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, ফলকেই স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকেই স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ না-নীবরণ এমন বিদূরিত ক্লেশসমূহকে[১] স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, অবিদূরিত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-নীবরণ স্কন্ধসমূহকে ক্ষণস্থায়ী, কষ্টকর ও আত্মাহীন হিসেবে বিশেষভাবে দর্শন করেন, একে অবলম্বন করে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর সাহায্যে রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের সাহায্যে শব্দ শ্রবণ করেন। চিত্তপর্যায়জ্ঞানের সাহায্যে না-নীবরণ চিত্তসম্পন্ন[২] ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের... আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের... রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... না-নীবরণ স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকর্মোপগজ্ঞানের, অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-নীবরণ ধর্ম নীবরণ ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান কার্য সম্পাদন করে, শীলময় জীবন যাপন করে, উপোসথকর্ম করে তা স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থানপূর্বক স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-নীবরণ স্কন্ধসমূহকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়।

(৬) না-নীবরণ ধর্ম নীবরণ এবং না-নীবরণ ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান প্রদান করেন, শীলময় জীবন যাপন করেন, উপোসথকর্ম করে তা স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহ স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থানপূর্বক স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-নীবরণ স্কন্ধসমূহকে আস্বাদন

---

[১]। না-নীবরণ ক্লেশ বলতে মান, দৃষ্টি, অহ্রী ও অনপত্রপাকে বুঝায়।

[২]। ৮৯ প্রকার চিত্তসম্পন্ন। এর সম্প্রযুক্ত চৈতসিকের মধ্যে ৮ প্রকার নীবরণ ধর্ম বর্জিত হবে।

Visit: http://www.buddhistdownload.com

করেন এবং অভিনন্দিত করেন। একে প্রত্যয় করে নীবরণসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৭-৯) নীবরণ এবং না-নীবরণ ধর্মসমূহ নীবরণ ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন) (প্রত্যয় করে করণীয়)।

অধিপতি-প্রত্যয় (৯)

২৮. (১-৩) নীবরণ ধর্ম নীবরণ ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** নীবরণসমূহকে প্রাধান্য দিয়ে নীবরণসমূহ উৎপন্ন হয়... (তিন) (আলম্বন-প্রত্যয় সদৃশ হবে)।

২৯. (৪) না-নীবরণ ধর্ম না-নীবরণ ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** ত্যাগময় জীবন যাপন করে, শীলময় বিশুদ্ধ আচরণ করে, উপোসথকর্ম করে একে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহকে... ধ্যান হতে... আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে প্রত্যবেক্ষণ করেন, ফলকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-নীবরণ স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রাধান্য দিয়ে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-নীবরণ-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-নীবরণ ধর্ম নীবরণ ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান... শীল... উপোসথকর্ম... পূর্ব... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তু, না-নীবরণ স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একেই প্রত্যয় করে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-নীবরণ-অধিপতি সম্প্রযুক্ত নীবরণসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-নীবরণ ধর্ম নীবরণ এবং না-নীবরণ ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান... শীল... উপোসথকর্ম... পূর্ব... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তু, না-নীবরণ স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে প্রাধান্য দিয়ে নীবরণসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-নীবরণ-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং নীবরণসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় হয়।

(৭-৯) নীবরণ এবং না-নীবরণ ধর্মসমূহ নীবরণ ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :...** (তিন) (উপরোক্ত আলম্বন-অধিপতির ন্যায় জ্ঞাতব্য)।

অনন্তর-প্রত্যয় (৯)

৩০. (১) নীবরণ ধর্ম নীবরণ ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব নীবরণসমূহ পরবর্তী পরবর্তী নীবরণসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) নীবরণ ধর্ম না-নীবরণ ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব নীবরণসমূহ পরবর্তী পরবর্তী না-নীবরণ স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নীবরণসমূহ উত্থানের (তৎক্ষণাৎ ধ্যান হতে উঠার) অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) নীবরণ ধর্ম নীবরণ এবং না-নীবরণ ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব নীবরণসমূহ পরবর্তী পরবর্তী নীবরণসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩১. (৪) না-নীবরণ ধর্ম না-নীবরণ ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব না-নীবরণ স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী না-নীবরণ স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... নিরোধসমাপত্তি (নিরোধসমাধি) ধ্যান হতে উত্থানরত সাধকের নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-নীবরণ ধর্ম নীবরণ ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব না-নীবরণ স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী নীবরণসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত (পঞ্চদ্বারাবর্তন ও মনোদ্বারাবর্তন-চিত্ত) নীবরণসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-নীবরণ ধর্ম নীবরণ এবং না-নীবরণ ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব না-নীবরণ স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী নীবরণসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত নীবরণসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩২. (৭) নীবরণ এবং না-নীবরণ ধর্মসমূহ নীবরণ ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব নীবরণসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী নীবরণসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) নীবরণ এবং না-নীবরণ ধর্মসমূহ না-নীবরণ ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব নীবরণসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী

Visit: http://www.buddhistdownload.com

না-নীবরণ স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নীবরণসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) নীবরণ এবং না-নীবরণ ধর্মসমূহ নীবরণ এবং না-নীবরণ ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব নীবরণসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী নীবরণসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

সমনন্তর-প্রত্যয়াদি

৩৩. নীবরণ ধর্ম নীবরণ ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

৩৪. (১-৩) নীবরণ (জ্ঞানলাভের প্রতিবন্ধক তাদৃশ) ধর্ম নীবরণ ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** নীবরণসমূহ নীবরসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

৩৫. (৪) না-নীবরণ ধর্ম না-নীবরণ ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে (যুক্তিসঙ্গত বিশ্বাস বা পরোক্ষজ্ঞানকে) উপনিশ্রয় করে দান দেন... উপোসথকর্ম... ধ্যান, বিদর্শন-জ্ঞান, মার্গ-জ্ঞান, অভিজ্ঞা (উচ্চতর-জ্ঞান), সমাপত্তি-ধ্যান, মান, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (তদ্রূপভাবে) শীল, শ্রুতি, ত্যাগ, প্রজ্ঞা, রাগ, দ্বেষ, মোহ, মান, মিথ্যাদৃষ্টি, প্রার্থনা (কামনা-বাসনা), কায়িক (দৌহিক) সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। এই কারণে শ্রদ্ধা... শয্যাসন শ্রদ্ধার... প্রজ্ঞার, রাগের... প্রার্থনার, কায়িক সুখের, কায়িক দুঃখের, মার্গের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-নীবরণ ধর্ম নীবরণ ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয় হবে)। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মান উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) শীলকে... শয্যাসনকে উপনিশ্রয় করে প্রাণির জীবন হরণ করেন... সংঘভেদ করেন। এই কারণে শ্রদ্ধা... শয্যাসন রাগের... প্রার্থনার (তৃষ্ণার) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-নীবরণ ধর্ম নীবরণ এবং না-নীবরণ ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মান উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) শীলকে... শয্যাসনকে উপনিশ্রয় করে প্রাণির জীবন হরণ করেন... সংঘভেদ করেন। এই কারণবশত শ্রদ্ধা... শয্যাসন নীবরণসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭-৯) নীবরণ এবং না-নীবরণ ধর্মসমূহ নীবরণ ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** নীবরণসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ নীবরণসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

পূর্বজাত-প্রত্যয় (৩)

৩৬. (১-৩) না-নীবরণ ধর্ম না-নীবরণ ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়... (তিন) (পূর্বজাত আলম্বন সদৃশ কুশল-অকুশলকে বিশ্লেষণ করা উচিত)।

পশ্চাজ্জাত-প্রত্যয় (৩), সেবন-প্রত্যয় (৯)

৩৭. (১-৩) নীবরণ ধর্ম না-নীবরণ ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

কর্ম-প্রত্যয় (৩)

৩৮. (১) না-নীবরণ ধর্ম না-নীবরণ ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ কর্ম)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** না-নীবরণ চেতনা (চিত্ত-প্রয়োগ বা চিত্তবৃত্তি) সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** না-নীবরণ চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-নীবরণ ধর্ম নীবরণ ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-নীবরণ চেতনা সম্প্রযুক্ত নীবরণসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) না-নীবরণ ধর্ম নীবরণ এবং না-নীবরণ ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-নীবরণ চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, নীবরণসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

বিপাক-প্রত্যয় প্রভৃতি

৩৯. না-নীবরণ ধর্ম না-নীবরণ ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক)... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৫)

৪০. (১) নীবরণ ধর্ম না-নীবরণ ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত (অনুরূপভাবে অবশিষ্ট চারটি প্রশ্ন করতে হবে)।

অস্তি-প্রত্যয় (৯)

৪১. (১) নীবরণ (চিত্তশুদ্ধির আবরণ বা ঢাকনা তাদৃশ) ধর্ম নীবরণ ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কামচ্ছন্দ-নীবরণ স্ত্যানমিদ্ধ-নীবরণের, ঔদ্ধত্য-নীবরণের এবং অবিদ্যা-নীবরণের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (বার বার উচ্চারণের মাধ্যমে জানতে হবে)।

(২-৩) নীবরণ ধর্ম না-নীবরণ ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত (অনুরূপভাবে নীবরণমূলে তিনটি প্রশ্ন করণীয়)।

৪২. (৪) না-নীবরণ ধর্ম না-নীবরণ ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (সংক্ষিপ্ত)।

(৫) না-নীবরণ ধর্ম নীবরণ ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত (সংক্ষিপ্ত)।

(৬) না-নীবরণ ধর্ম নীবরণ এবং না-নীবরণ ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

৪৩. (৭) নীবরণ এবং না-নীবরণ ধর্মসমূহ নীবরণ ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত, এবং পূর্বজাত। **সহজাত এবং পূর্বজাত :** কামচ্ছন্দ-নীবরণ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ স্ত্যানমিদ্ধ-নীবরণের, ঔদ্ধত্য-নীবরণের এবং অবিদ্যা-নীবরণের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কামচ্ছন্দ-নীবরণ এবং (হৃদয়) বাস্তু স্ত্যানমিদ্ধ-নীবরণের, ঔদ্ধত্য-নীবরণের এবং অবিদ্যা-নীবরণের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) নীবরণ এবং না-নীবরণ ধর্মসমূহ না-নীবরণ ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং

Visit: http://www.buddhistdownload.com

ইন্দ্রিয়। **সহজাত এবং পূর্বজাত :** একটি না-নীবরণ স্কন্ধ, নীবরণসমূহ এবং তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ... নীবরণসমূহ এবং (হৃদয়) বাস্তু না-নীবরণ স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নীবরণসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ চিত্ত-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নীবরণসমূহ এবং মহাভূতসমূহ চিত্ত-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** নীবরণসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** নীবরণসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** নীবরণসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ রূপ-জীবিত-ইন্দ্রিয় এবং কর্ম-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) নীবরণ এবং না-নীবরণ ধর্মসমূহ নীবরণ এবং না-নীবরণ ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত এবং পূর্বজাত :** একটি না-নীবরণ স্কন্ধ এবং কামচ্ছন্দ-নীবরণ তিনটি স্কন্ধের, স্ত্যানমিদ্ধ-নীবরণের, ঔদ্ধত্য-নীবরণের, অবিদ্যা-নীবরণের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ এবং... কামচ্ছন্দ-নীবরণ এবং (হৃদয়) বাস্তু স্ত্যানমিদ্ধ-নীবরণের, ঔদ্ধত্য-নীবরণের, অবিদ্যা-নীবরণের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (চক্রবন্ধন করতে হবে)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৪৪. হেতুতে চার, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে নয়, কর্মে তিন, বিপাকে এক, আহারে তিন, ইন্দ্রিয়ে তিন, ধ্যানে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে নয়, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম সংগ্রহ (৯)

৪৫. (১) নীবরণ ধর্ম নীবরণ ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) নীবরণ ধর্ম না-নীবরণ ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...

Visit: http://www.buddhistdownload.com

পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) নীবরণ ধর্ম নীবরণ এবং না-নীবরণ ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৬. (৪) না-নীবরণ ধর্ম না-নীবরণ ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-নীবরণ ধর্ম নীবরণ ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-নীবরণ ধর্ম নীবরণ এবং না-নীবরণ ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৭. (৭) নীবরণ এবং না-নীবরণ ধর্মসমূহ নীবরণ ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) নীবরণ এবং না-নীবরণ ধর্মসমূহ না-নীবরণ ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) নীবরণ এবং না-নীবরণ ধর্মসমূহ নীবরণ এবং না-নীবরণ ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৪৮. না-হেতুতে নয়, না-আলম্বনে নয়, না-অধিপতিতে নয় (সর্বত্র নয়), না-বিগতে নয়, না-অবিগতে নয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৪৯. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে চার... না-সমনন্তরে চার, না-অন্যোন্যে দুই, না-উপনিশ্রয়ে চার... না-মার্গে চার, না-সম্প্রযুক্তে দুই, না-বিপ্রযুক্তে চার,

Visit: http://www.buddhistdownload.com

না-নাস্তিতে চার, না-বিগতে চার।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

৫০. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে নয় (অনুলোম মাতিকা করণীয়)... অবিগতে নয়।

[নীবরণদ্বিক (এখানে) সমাপ্ত হলো]

৪৫. নীবরণীয়দ্বিক

১. প্রতীত্যবার—হেতু-প্রত্যয় (৫)

৫১. নীবরণীয়[১] (নীবরণের উপযুক্ত তাদৃশ) ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণীয় ধর্ম উৎপন্ন হয়...। (নীবরণীয়দ্বিক লোকীয়দ্বিকের ব্যাখ্যা অনুযায়ী জানতে হবে, নির্ণয় না-না-করণীয়)।

দুবার কামচ্ছন্দতে, চারবার প্রতিঘেতে
ঔদ্ধত্য ও বিচিকিৎসা উভয়েতে একেক ধরে।
নীবরণসমূহ নীবরণের সম্বন্ধ, এরূপ আটভাগে সংযুক্তিতে।
(নীবরণদ্বিকের মাতিকা এরূপে কৃত হয়)।
[নীবরণীয়দ্বিক (এখানে) সমাপ্ত]

৪৬. নীবরণ-সম্প্রযুক্তদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৫)

৫২. (১) নীবরণ-সম্প্রযুক্ত[২] ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনকালে) একটি নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধকে প্রত্যয় করে তিনটি (নীবরণ-সম্প্রযুক্ত) স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(২) নীবরণ-সম্প্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-বিপ্রযুক্ত[৩] ধর্ম উৎপন্ন হয়। নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে প্রত্যয় করে চিত্ত-

---

[১]। ৮১ প্রকার লোকীয়-চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক ও ২৮ প্রকার রূপ নীবরণীয় বা নীবরণযোগ্য ধর্ম এবং ৮ প্রকার লোকোত্তর-চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক ও নির্বাণ অনীবরণীয় বা নীবরণ অযোগ্য ধর্ম।

[২]। ১২ অকুশল-চিত্ত, তৎসম্প্রযুক্ত ২৭ প্রকার চৈতসিক নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম।

[৩]। ২১ কুশল-চিত্ত, ৩৬ বিপাক-চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ প্রকার চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৩) নীবরণ-সম্প্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধকে প্রত্যয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

৫৩. (৪) নীবরণ-বিপ্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি নীবরণ-বিপ্রযুক্ত স্কন্ধকে প্রত্যয় করে তিনটি (নীবরণ-বিপ্রযুক্ত) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (আধ্যাত্মিক মহাভূতসমূহ পর্যন্ত করণীয়)।

(৫) নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-বিপ্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে প্রত্যয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৫৪. হেতুতে পাঁচ, আলম্বনে দুই, অধিপতিতে পাঁচ... নাস্তিতে দুই... অবিগতে পাঁচ।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায়

না-হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-২)

৫৫. (১) নীবরণ-সম্প্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে প্রত্যয় করে অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়।

(২) নীবরণ-বিপ্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। অহেতুক (হেতু-প্রত্যয় বিরহিত) নীবরণ-বিপ্রযুক্ত... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত পাঠ করতে হবে। সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৫৬. না-হেতুতে দুই, না-আলম্বনে তিন, না-অধিপতিতে পাঁচ, না-অনন্তরে-না-সমনন্তরে-না-অন্যোন্যে-না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে পাঁচ, না-কর্মে দুই, না-বিপাকে পাঁচ, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

Visit: http://www.buddhistdownload.com

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম
হেতুমূলক—দ্বিক

৫৭. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে পাঁচ, না-পূর্বজাতে চার... না-কর্মে দুই, না-বিপাকে পাঁচ, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

৫৮. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই... মার্গে এক... অবিগতে দুই।

২. সহজাতবার

(সহজাতবার অনুরূপভাবে বিস্তৃত করা উচিত)।

৩. প্রত্যয়বার—২. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

৫৯. (১) নীবরণ-সম্প্রযুক্ত ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়...।

(২) নীবরণ-সম্প্রযুক্ত ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়...।

(৩) নীবরণ-সম্প্রযুক্ত ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়...।

(৪) নীবরণ-বিপ্রযুক্ত ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি নীবরণ-বিপ্রযুক্ত স্কন্ধকে নির্ভর করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... একটি মহাভূতকে... (হৃদয়) বাস্তুকে নির্ভর করে নীবরণ-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) নীবরণ-বিপ্রযুক্ত ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে নির্ভর করে নীবরণ-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) নীবরণ-বিপ্রযুক্ত ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে (চিত্ত-চৈতসিকের আবাসস্থানকে) নির্ভর করে নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে নির্ভর করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

৬০. (৭) নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-বিপ্রযুক্ত ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধ

Visit: http://www.buddhistdownload.com

এবং (হৃদয়) বাস্তুকে নির্ভর করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৮) নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-বিপ্রযুক্ত ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে নির্ভর করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৯) নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-বিপ্রযুক্ত ধর্মকে নির্ভর করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে নির্ভর করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে নির্ভর করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৬১. হেতুতে নয়, আলম্বনে চার, অধিপতিতে নয়, অনন্তরে চার... বিপাকে এক... অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৪)

৬২. (১) নীবরণ-সম্প্রযুক্ত ধর্মকে নির্ভর করে না-হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে নির্ভর করে অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়।

(২) নীবরণ-বিপ্রযুক্ত ধর্মকে নির্ভর করে না-হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক না-বিপ্রযুক্ত স্কন্ধকে নির্ভর করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জানতে হবে), চক্ষু-আয়তনকে নির্ভর করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে নির্ভর করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে নির্ভর করে অহেতুক নীবরণ-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) নীবরণ-বিপ্রযুক্ত ধর্মকে নির্ভর করে না-হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে নির্ভর করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৪) নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-বিপ্রযুক্ত ধর্মকে নির্ভর করে না-হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে নির্ভর করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

Visit: http://www.buddhistdownload.com

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৬৩. না-হেতুতে চার, না-আলম্বনে তিন... না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়... না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. নিশ্রয়বার

(অনুরূপভাবে অপর দুটি গণনা ও নিশ্রয়বার জানতে হবে)।

৫. সংশ্লিষ্টবার—১-৪. প্রত্যয় : চতুষ্ক

৬৪. (১-২) নীবরণ-সম্প্রযুক্ত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়...।

(অনুলোম গণনায়)—হেতুতে দুই, আলম্বনে দুই (সর্বত্র দুই), বিপাকে এক... অবিগতে দুই।

[অনুলোম সমাপ্ত]

৬৫. (১) নীবরণ-সম্প্রযুক্ত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) নীবরণ-বিপ্রযুক্ত ধর্মকে সংশ্লিষ্ট করে... (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনায়)—না-হেতুতে দুই, না-অধিপতিতে দুই, না-পূর্বজাতে দুই, না-কর্মে দুই, না-বিপাকে দুই, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে দুই।

[প্রতিলোম সমাপ্ত]

৬. সম্প্রযুক্তবার

(অনুরূপভাবে অপর দুটি গণনা ও সম্প্রযুক্তবার জানতে হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৪)

৬৬. (১) নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নীবরণ-সম্প্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নীবরণ-সম্প্রযুক্ত হেতুসমূহ চিত্ত-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৩) নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নীবরণ-সম্প্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নীবরণ-বিপ্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

আলম্বন-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৪)

৬৭. (১) নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ব্যক্তি) রাগকে আস্বাদন করেন (সৌমনস্যসহগত লোভসম্প্রযুক্ত চিত্তে অনুভব করেন) এবং অভিনন্দিত করেন (সপ্রীতিক তৃষ্ণাবশে আনন্দিত হন)। সেই কারণে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। (অনুরূপভাবে) মিথ্যাদৃষ্টিকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। সেই কারণে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। বিচিকিৎসাকে ভিত্তি করে বিচিকিৎসা, মিথ্যাদৃষ্টি, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। (অনুরূপভাবে) ঔদ্ধত্যকে ভিত্তি করে ঔদ্ধত্য, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, দৌর্মনস্য উৎপন্ন হয়। দৌর্মনস্যকে ভিত্তি করে দৌর্মনস্য, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য উৎপন্ন হয়।

(২) নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ নীবরণ-সম্প্রযুক্ত এমন বিদূরিত বা পরিত্যক্ত ক্লেশসমূহকে (অর্থাৎ ১০ প্রকার ক্লেশকে) স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, অবিদূরিত বা অপরিত্যক্ত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে জানেন। নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ক্ষণিক, কষ্টদায়ক ও নিজের নহে বলে জ্ঞানদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন। চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত চিত্তসম্পন্ন (১২ অকুশল চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকর্মোপগজ্ঞানের, অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৬৮. (৩) নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ব্যক্তি) উদারতা প্রদর্শন করে, শীলময় বিশুদ্ধ জীবন যাপন করে, উপোসথকর্ম সম্পাদন করে একে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকেই স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি-

Visit: http://www.buddhistdownload.com

সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, নীবরণ-বিপ্রযুক্ত স্কন্ধসমূহকে অস্থায়ী, কষ্টদায়ক ও নিজের নহে বলে জ্ঞানদৃষ্টিতে গুরুত্বের সাথে অবলোকন করেন। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন (আবর্তন-চিত্ত পর্যন্ত হবে)।

(৪) নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ব্যক্তি) উদারতা প্রদর্শন করে, শীলময় বিশুদ্ধ জীবন যাপন করে, অষ্টাঙ্গ উপোসথ পালন করে তা স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তু, নীবরণ-বিপ্রযুক্ত স্কন্ধসমূহকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। যার ফলে একে নির্ভর করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৫)

৬৯. (১) নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি** : রাগকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। এটিকে প্রাধান্য দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। (অনুরূপভাবে) মিথ্যাদৃষ্টিকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন...। **সহজাত-অধিপতি :** নীবরণ-সম্প্রযুক্ত-অধিপতি নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** নীবরণ-সম্প্রযুক্ত-অধিপতি চিত্ত-সমুত্থানরূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** নীবরণ-সম্প্রযুক্ত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৭০. (৪) নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল আচরণ করে, উপোসথকর্ম সম্পাদন করে একে প্রাধান্য দিয়ে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে প্রাধান্য দিয়ে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি-

Visit: http://www.buddhistdownload.com

সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** নীবরণ-সম্প্রযুক্ত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল আচরণ করে, পূর্ব... ধ্যান... চক্ষু... (হৃদয়) বাস্তু, নীবরণ-বিপ্রযুক্ত স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয় (৪)

৭১. (১) নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (এখানে পূর্ববর্তী পূর্ববর্তী লাভ হয় না)।

(৩) নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী নীবরণ-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী নীবরণ-বিপ্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর... ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

সমনন্তর-প্রত্যয় প্রভৃতি

৭২. নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

উপনিশ্রয়-প্রত্যয় (৪)

৭৩. (১) নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** রাগকে উপনিশ্রয় করে (অর্থাৎ রাগবশে) প্রাণির জীবন হরণ করেন... সংঘভেদ করেন। (তদ্রূপভাবে) দ্বেষ,

Visit: http://www.buddhistdownload.com

মোহ, মান, মিথ্যাদৃষ্টি... প্রার্থনাকে উপনিশ্রয় করে প্রাণির জীবন হরণ করেন... সংঘভেদ করেন। এই কারণে রাগ... প্রার্থনা রাগের... প্রার্থনার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** রাগকে উপনিশ্রয় করে দান দেন, শীল আচরণ করে, উপোসথকর্ম... ধ্যান (চিত্তের উৎকর্ষতা সাধন করেন), বিদর্শন-জ্ঞান, মার্গ-জ্ঞান, অভিজ্ঞা (পঞ্চ আধ্যাত্মিক শক্তি), সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন। (একইভাবে) দ্বেষ... প্রার্থনাকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন। এই কারণে রাগ... প্রার্থনা শ্রদ্ধার... প্রজ্ঞার... কায়িক সুখের, কায়িক দুঃখের, মার্গের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৭৪. (৩) নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন, শীল... মার্গ, অভিজ্ঞা, সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন। (তদ্রূপভাবে) শীল... প্রজ্ঞা... শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন। এ'হেতুতে শ্রদ্ধা... শয্যাসন শ্রদ্ধার... প্রজ্ঞার... মার্গের ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মান উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। (একইভাবে) শীল... প্রজ্ঞা, কায়িক সুখ... শয্যাসনকে উপনিশ্রয় করে প্রাণির জীবন হরণ করেন... সংঘভেদ করেন। এ'হেতুতে শ্রদ্ধা... শয্যাসন রাগের, দ্বেষের, মোহের, মানের, মিথ্যাদৃষ্টির... প্রার্থনার (তৃষ্ণার) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় (২)

৭৫. (১) নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ, অনাত্মাদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন। দিব্যনেত্রের সাহায্যে রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের সাহায্যে শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু নীবরণ-বিপ্রযুক্ত স্কন্ধসমূহের পূর্বজাত-

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। যার কারণে একে নির্ভর করে রাগ, দ্বেষ, মোহ...। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (২), আসেবন-প্রত্যয় (২)

৭৬. (১-২) নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই)... আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই)।

কর্ম-প্রত্যয় প্রভৃতি

৭৭. (১) নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নীবরণ-সম্প্রযুক্ত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ কর্ম)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** নীবরণ-সম্প্রযুক্ত চেতনা চিত্ত-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** নীবরণ-সম্প্রযুক্ত চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নীবরণ-সম্প্রযুক্ত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ কর্ম)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম) (সংক্ষিপ্ত) বিপাক-প্রত্যয় দ্বারা প্রত্যয় হয়... (এক)।

আহার-প্রত্যয় প্রভৃতি

৭৮. নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই)।

Visit: http://www.buddhistdownload.com

বিপ্রযুক্ত-প্রত্যয় (৩)

৭৯. (১) নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(২) নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(৩) নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয় (৭)

৮০. (১) নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধ তিনটি (নীবরণ-সম্প্রযুক্ত) স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(২) নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ চিত্ত-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮১. (৪) নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (সংক্ষিপ্ত)।

(৫) নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। যার কারণে একে নির্ভর করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তু নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮২. (৬) নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-বিপ্রযুক্ত ধর্মসমূহ নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** একটি নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু দুটি

Visit: http://www.buddhistdownload.com

স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-বিপ্রযুক্ত ধর্মসমূহ নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (চতুর্বিধ বিপ্রযুক্ত)—সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় । **সহজাত :** নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্ত-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** নীবরণ-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৮৩. হেতুতে চার, আলম্বনে চার, অধিপতিতে পাঁচ, অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে পাঁচ, অন্যোন্যে দুই, নিশ্রয়ে সাত, উপনিশ্রয় চার, পূর্বজাতে দুই, পশ্চাজ্জাতে দুই, আসেবনে দুই, কর্মে চার, বিপাকে এক, আহারে চার, ইন্দ্রিয়ে চার, ধ্যানে চার, মার্গে চার, সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে তিন, অস্তিতে সাত, নাস্তিতে চার, বিগতে চার, অবিগতে সাত।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম সংগ্রহ (প্রশ্ন সংখ্যা-৭)

৮৪. (১) নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮৫. (৪) নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) নীবরণ-বিপ্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-বিপ্রযুক্ত ধর্মসমূহ নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের সহজাত এবং পূর্বজাত।

(৭) নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-বিপ্রযুক্ত ধর্মসমূহ নীবরণ-বিপ্রযুক্ত ধর্মের সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৮৬. না-হেতুতে সাত, না-আলম্বনে সাত, না-অধিপতিতে সাত, না-অনন্তরে সাত, না-সমনন্তরে সাত, না-সহজাতে পাঁচ, না-অন্যোন্যে পাঁচ, না-নিশ্রয়ে পাঁচ, না-উপনিশ্রয়ে সাত, না-পূর্বজাতে ছয়... না-মার্গে সাত, না-সম্প্রযুক্তে পাঁচ, না-বিপ্রযুক্তে চার, না-অস্তিতে চার, না-নাস্তিতে সাত, না-বিগতে সাত, না-অবিগতে চার।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৮৭. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে চার, না-অধিপতিতে চার, না-অনন্তরে চার, না-সমনন্তরে চার, না-অন্যোন্যে দুই, না-উপনিশ্রয়ে চার... না-মার্গে চার, না-সম্প্রযুক্তে দুই, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে চার, না-বিগতে চার।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

৮৮. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে চার, অধিপতিতে পাঁচ (অনুলোম গণনা করণীয়)... অবিগতে সাত।

[নীবরণ-সম্প্রযুক্তদ্বিক (এখানে) সমাপ্ত]

৪৭. নীবরণ অধিকন্তু নীবরণীয়দ্বিক

১. প্রতীত্যবার

১-৪. প্রত্যয় : অনুলোম প্রভৃতি

৮৯. (১) হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ অধিকন্তু (অথচ) নীবরণীয়[১]

---

[১]। লোভ, দ্বেষ, স্ত্যান, মিদ্ধ, ঔদ্ধত্য, কৌকৃত্য, বিচিকিৎসা ও মোহ এই ৮ প্রকার নীবরণ ধর্ম নীবরণ অধিকন্তু নীবরণীয় ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

(নীবরণযোগ্য বা নীবরণের উপযুক্ত তাদৃশ) ধর্মকে ভিত্তি করে নীবরণ অধিকন্তু নীবরণীয় ধর্ম উৎপন্ন হয়। কামচ্ছন্দ-নীবরণকে ভিত্তি করে স্ত্যানমিদ্ধ-নীবরণ, ঔদ্ধত্য-নীবরণ এবং অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়। (অনুরূপভাবে সকল গণনাসমূহ বিশ্লেষণ করতে হবে, নীবরণদ্বিক সদৃশ হবে, নির্ণয় না-না-করণীয়)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৪)

৯০. (১) হেতু-প্রত্যয়ের দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণীয় ধর্ম নীবরণ অধিকন্তু নীবরণীয় ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণীয় হেতুসমূহ সম্প্রযুক্ত নীবরণসমূহের প্রত্যয় হয়।

(২) হেতু-প্রত্যয়ের দ্বারা নীবরণ অধিকন্তু না-নীবরণীয়[১] (নীবরণের অযোগ্য বা নীবরণের অনুপযুক্ত তাদৃশ) ধর্ম নীবরণীয় অধিকন্তু না-নীবরণ ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণীয় হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

(৩) হেতু-প্রত্যয়ের দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণীয় ধর্ম নীবরণ অধিকন্তু নীবরণীয় এবং নীবরণীয় অধিকন্তু না-নীবরণ ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণীয় হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং নীবরণসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

(৪) হেতু-প্রত্যয়ের দ্বারা নীবরণ অধিকন্তু না-নীবরণ ধর্ম নীবরণীয় অধিকন্তু না-নীবরণ ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা নীবরণীয় অধিকন্তু না-নীবরণ হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধি গ্রহণকালে হেতু-প্রত্যয়ের দ্বারা নীবরণীয় অধিকন্তু না-নীবরণ হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (৯)

৯১. (১) আলম্বন-প্রত্যয়ের দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণীয় ধর্ম নীবরণ অধিকন্তু নীবরণীয় ধর্মের প্রত্যয় হয়। নীবরণসমূহকে ভিত্তি করে নীবরণসমূহ উৎপন্ন হয়।

(২) আলম্বন-প্রত্যয়ের দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণীয় ধর্ম নীবরণীয় অধিকন্তু না-নীবরণ ধর্মের প্রত্যয় হয়। নীবরণসমূহকে ভিত্তি করে নীবরণীয়

---

[১]। ৮১ প্রকার লোকীয় চিত্ত, ছয় নীবরণের মধ্যে ৮ চৈতসিক ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৮) = ৪৪ চৈতসিক ও ২৮ প্রকার রূপ নীবরণ অধিকন্তু না-নীবরণীয় বা নীবরণ অযোগ্য ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

অধিকন্তু না-নীবরণ স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) আলম্বন-প্রত্যয়ের দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণীয় ধর্ম নীবরণ অধিকন্তু নীবরণীয় এবং নীবরণীয় অধিকন্তু না-নীবরণ ধর্মের প্রত্যয় হয়। নীবরণসমূহকে ভিত্তি করে নীবরণসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৪) আলম্বন-প্রত্যয়ের দ্বারা নীবরণীয় অধিকন্তু না-নীবরণ ধর্ম নীবরণীয় অধিকন্তু না-নীবরণ ধর্মের প্রত্যয় হয়। (প্রাকৃতজনেরা) উদারতা প্রদর্শন করে, শীলময় বিশুদ্ধ জীবন যাপন করে, অষ্টাঙ্গ উপোসথ পালন করে তা স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তাকে ভিত্তি করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহ স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, আর্যগণ গোত্রভূকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, বিশুদ্ধিকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, বিগত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, অবিগত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে জানেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, নীবরণীয় অধিকন্তু না-নীবরণ স্কন্ধসমূহকে অনিত্য, কষ্টদায়ক ও নিজের নহে বলে বিশেষভাবে দর্শন করেন আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন... (আবর্তন-চিত্ত পর্যন্ত করণীয়)।

(৫) আলম্বন-প্রত্যয়ের দ্বারা নীবরণীয় অধিকন্তু না-নীবরণ ধর্ম নীবরণ অধিকন্তু নীবরণীয় ধর্মের প্রত্যয় হয়। বদান্যতা প্রদর্শন করে, দুঃশীলতা বর্জন করে, ব্রহ্মচর্য যাপন করে তা স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন... পূর্বকৃত পুণ্যময় কুশলকর্মসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তু, নীবরণীয় অধিকন্তু না-নীবরণ স্কন্ধসমূহকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। যাকে অবলম্বন করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়।

(৬) আলম্বন-প্রত্যয়ের দ্বারা নীবরণীয় অধিকন্তু না-নীবরণ ধর্ম নীবরণ অধিকন্তু না-নীবরণীয় এবং নীবরণীয় অধিকন্তু না-নীবরণ ধর্মের প্রত্যয় হয়। দান... শীল... উপোসথকর্ম... পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহ... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তু, নীবরণীয় অধিকন্তু না-নীবরণ স্কন্ধসমূহকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। যাকে নিশ্রয় করে নীবরণসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (অনুরূপভাবে অপর তিনটি প্রশ্ন করণীয়। আলম্বন-প্রত্যয় সদৃশ অধিপতি-প্রত্যয় করণীয়, পূর্বজাত-প্রত্যয় আলম্বন-প্রত্যয় সদৃশ করণীয়। উপনিশ্রয়ে লোকোত্তর না-করণীয়। সংক্ষিপ্ত, যথা নীবরণদ্বিক অনুরূপভাবে

Visit: http://www.buddhistdownload.com

বিস্তৃতব্য, তদ্রূপভাবে প্রত্যবেক্ষণ করে করণীয়)।

[নীবরণ অধিকন্তু নীবরণীয়দ্বিক (এখানে) সমাপ্ত হলো]

৪৮. নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

৯২. (১) হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত[১] ধর্মকে ভিত্তি করে নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। কামচ্ছন্দ-নীবরণকে ভিত্তি করে স্ত্যানমিদ্ধ-নীবরণ, ঔদ্ধত্য-নীবরণ এবং অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয় (চক্রাকারে উল্লেখ করতে হবে। সকল নীবরণসমূহ করণীয়)।

(২) হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ[২] ধর্ম উৎপন্ন হয়। নীবরণসমূহকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্মসমূহ উৎপন্ন হয়। কামচ্ছন্দ-নীবরণকে ভিত্তি করে স্ত্যানমিদ্ধ-নীবরণ, ঔদ্ধত্য-নীবরণ, অবিদ্যা-নীবরণ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (চক্রাকারে উল্লেখ করতে হবে)।

৯৩. (৪) হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্মকে ভিত্তি করে নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্ম উৎপন্ন হয়। একটি নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৫) হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ স্কন্ধসমূহকে ভিত্তি করে নীবরণসমূহ উৎপন্ন হয়।

(৬) হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্মকে ভিত্তি করে নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ

---

[১]। ৮ প্রকার নীবরণ ধর্ম নীবরণ অধিকন্তু নীবরণ সম্প্রযুক্ত ধর্ম।

[২]। ১২ অকুশল চিত্ত, ৬ নীবরণের মধ্যে ৮ চৈতসিক ব্যতীত তৎসম্প্রযুক্ত (২৭-৮) = ১৯ প্রকার চৈতসিক নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং নীবরণসমূহ... দুটি স্কন্ধকে...।

৯৪. (৭) নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্মকে ভিত্তি করে নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। কামচ্ছন্দ-নীবরণ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে স্ত্যানমিদ্ধ-নীবরণ, ঔদ্ধত্য-নীবরণ এবং অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয় (চক্রাকারে উল্লেখ করতে হবে)।

(৮) হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্মকে ভিত্তি করে নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্ম উৎপন্ন হয়। একটি নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ স্কন্ধ এবং নীবরণকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ এবং...।

(৮) হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্মকে ভিত্তি করে নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ স্কন্ধ এবং কামচ্ছন্দ-নীবরণকে ভিত্তি করে তিনটি স্কন্ধ, স্ত্যানমিদ্ধ-নীবরণ, ঔদ্ধত্য-নীবরণ, অবিদ্যা-নীবরণ... দুটি স্কন্ধ এবং... (চক্রাকারে উল্লেখ করতে হবে। সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৯৫. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয় (সবক্ষেত্রে নয়), কর্মে নয়, আহারে নয়... অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৩)

৯৬. (১) না-হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-নীবরণকে ভিত্তি করে অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়। ঔদ্ধত্য-নীবরণকে ভিত্তি করে অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়।

(২) না-হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্মকে ভিত্তি করে নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়।

(৩) না-হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্মকে ভিত্তি করে নীবরণ অধিকন্তু নীবরণ-

Visit: http://www.buddhistdownload.com

সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-নীবরণ এবং সম্প্রযুক্ত স্কন্ধকে ভিত্তি করে অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয়। ঔদ্ধত্য-নীবরণ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে অবিদ্যা-নীবরণ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত করা হয়েছে)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. বিভঙ্গ অধ্যায়—শুদ্ধ (একক)

৯৭. না-হেতুতে তিন, না-অধিপতিতে নয়, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-বিপ্রযুক্তে নয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৯৮. হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে নয়... না-বিপ্রযুক্তে নয়।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

৯৯. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন, অনন্তরে তিন, সমনন্তরে তিন (সর্বত্র তিন), মার্গে তিন... অবিগতে তিন।

২-৬. সহজাত-প্রত্যয়-নিশ্রয়-সংশ্লিষ্ট-সম্প্রযুক্তবার

(অনুরূপভাবে সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ হবে, নির্ণয় না-না-করণীয়)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩)

১০০. (১) হেতু-প্রত্যয়ের দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত নীবরণসমূহের প্রত্যয় হয়।

(২) হেতু-প্রত্যয়ের দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৩) হেতু-প্রত্যয়ের দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং নীবরণসমূহের প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

আলম্বন-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

১০১. (১) আলম্বন-প্রত্যয়ের দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। নীবরণসমূহকে ভিত্তি করে নীবরণসমূহ উৎপন্ন হয়।

(২) আলম্বন-প্রত্যয়ের দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্মের প্রত্যয় হয়। নীবরণসমূহকে ভিত্তি করে নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) আলম্বন-প্রত্যয়ের দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্মের প্রত্যয় হয়। নীবরণসমূহকে ভিত্তি করে নীবরণসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৪) আলম্বন-প্রত্যয়ের দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্মের প্রত্যয় হয়। নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ স্কন্ধসমূহকে ভিত্তি করে নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) আলম্বন-প্রত্যয়ের দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্ম নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ স্কন্ধসমূহকে ভিত্তি করে নীবরণসমূহ উৎপন্ন হয়।

(৬) আলম্বন-প্রত্যয়ের দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্ম নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্মের প্রত্যয় হয়। নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ স্কন্ধসমূহকে ভিত্তি করে নীবরণসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৭-৯) আলম্বন-প্রত্যয়ের দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্মসমূহ নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

অধিপতি-প্রত্যয় প্রভৃতি

১০২. (১-৩) অধিপতি-প্রত্যয়ের দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :...** (তিন) (গৌরবযোগ্য আলম্বনসমূহ তৈরি করতে হবে)।

(৪) অধিপতি-প্রত্যয়ের দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)— আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে নীবরণ-সম্প্রযুক্ত

Visit: http://www.buddhistdownload.com

অধিকন্তু না-নীবরণ স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অধিপতি-প্রত্যয়ের দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ-আধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৫) অধিপতি-প্রত্যয়ের দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্ম নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি **আলম্বন-অধিপতি :** নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে নীবরণ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অধিপতি-প্রত্যয়ের দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ-অধিপতি সম্প্রযুক্ত নীবরণসমূহের প্রত্যয় হয়।

(৬) অধিপতি-প্রত্যয়ের দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্ম নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্মের প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে নীবরণসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অধিপতি-প্রত্যয়ের দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ-আধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং নীবরণসমূহের প্রত্যয় হয়।

১০৩. (৭-৯) অধিপতি-প্রত্যয়ের দ্বারা নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্মসমূহ নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :**... (তিন)।

(১-৯) অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (আবর্তন-চিত্ত ও উত্থান নাই, সবক্ষেত্রে পূর্ব পূর্ব করণীয়), সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়) (আলম্বন সদৃশ হবে, বিপাক হয় না), আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (পাঁচ)।

কর্ম-প্রত্যয় (৩)

১০৪. (১) কর্ম-প্রত্যয়ের দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্মের প্রত্যয় হয়। কর্ম-প্রত্যয়ের দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) কর্ম-প্রত্যয়ের দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্ম নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। কর্ম-প্রত্যয়ের দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ চেতনা সম্প্রযুক্ত নীবরণসমূহের প্রত্যয় হয়।

(৩) কর্ম-প্রত্যয়ের দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্ম নীবরণ

Visit: http://www.buddhistdownload.com

অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত এবং নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্মের প্রত্যয় হয়। কর্ম-প্রত্যয়ের দ্বারা নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং নীবরণসমূহের প্রত্যয় হয়।

আহার-প্রত্যয় প্রভৃতি

১০৫. নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্ম নীবরণ-সম্প্রযুক্ত অধিকন্তু না-নীবরণ ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), মার্গ প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১০৬. হেতুতে তিন, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, আসেবনে নয়, কর্মে তিন, আহারে তিন, ইন্দ্রিয়ে তিন, ধ্যানে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

প্রতিলোম সংগ্রহ (৯)

১০৭. (১) নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত ধর্ম নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (অনুরূপভাবে নয়টি প্রশ্ন তিনটি পদের মাধ্যমে পরিপূর্ণ করতে হবে)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

১০৮. না-হেতুতে নয়, না-আলম্বনে নয়... না-অবিগতে নয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

১০৯. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে তিন, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-উপনিশ্রয়ে তিন... না-মার্গে তিন, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

Visit: http://www.buddhistdownload.com

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

১১০. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে নয় (অনুলোম মাতিকা করণীয়)... অবিগতে নয়।

[নীবরণ অধিকন্তু নীবরণ-সম্প্রযুক্তদ্বিক (এখানে) সমাপ্ত হলো]

৪৯. নীবরণ-বিপ্রযুক্ত নীবরণীয়দ্বিক

১. প্রতীত্যবার

১-৪. প্রত্যয় : অনুলোম প্রভৃতি

১১১. (১) নীবরণ-বিপ্রযুক্ত নীবরণীয়[১] (নীবরণ নহে কিন্তু নীবরণের উপযুক্ত) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা নীবরণ ধর্ম উৎপন্ন হয়। একটি নীবরণ-বিপ্রযুক্ত নীবরণীয় স্কন্ধকে ভিত্তি করে তিনটি (নীবরণ-বিপ্রযুক্ত নীবরণীয়) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (সংক্ষিপ্ত)। ক্ষুদ্রান্তরদ্বিকে লোকীয়দ্বিকের আলোচনার ন্যায় এস্থলে নীবরণ-বিপ্রযুক্ত নীবরণীয়দ্বিক বিস্তার করণীয়, নির্ণয় না-না-করণীয়)।

[নীবরণ-বিপ্রযুক্ত নীবরণীয়দ্বিক সমাপ্ত হলো]

[নীবরণগুচ্ছ (এখানে) সমাপ্ত হলো]

৯. পরামাসগুচ্ছ

৫০. পরামাসদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৫)

১. (১) পরামাস[২] (বিকৃতমত বা মিথ্যাদৃষ্টি) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-পরামাস ধর্ম উৎপন্ন হয়। পরামাসকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

২. (২) না-পরামাস[৩] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-পরামাস ধর্ম

---

[১]। ১৭ লোকীয় কুশল চিত্ত, ৩২ লোকীয় বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক ও ২৮ প্রকার রূপ নীবরণ-বিপ্রযুক্ত নীবরণীয় ধর্ম এবং ৮ লোকোত্তর চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক ও নির্বাণ নীবরণ-বিপ্রযুক্ত না-নীবরণীয় ধর্ম।

[২]। দৃষ্টি চৈতসিকই পরামাস ধর্ম।

[৩]। ৮৯ প্রকার চিত্ত, মিথ্যাদৃষ্টি ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-১) = ৫১ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-পরামাস ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হয়। একটি না-পরামাস স্কন্ধকে ভিত্তি করে তিনটি (না-পরামাস) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধি গ্রহণের সময়... (অসংজ্ঞসত্ত্বগণের মহাভূতসমূহ পর্যন্ত বিস্তারিত জ্ঞাতব্য)।

(৩) না-পরামাস ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা পরামাস ধর্ম উৎপন্ন হয়। না-পরামাস স্কন্ধসমূহকে ভিত্তি করে পরামাস উৎপন্ন হয়।

(৪) না-পরামাস ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা পরামাস এবং না-পরামাস ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি না-পরামাস স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ, পরামাস এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

৩. (৫) পরামাস এবং না-পরামাস ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-পরামাস ধর্ম উৎপন্ন হয়। একটি না-পরামাস স্কন্ধ এবং পরামাসকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ এবং... পরামাসসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৪. হেতুতে পাঁচ, আলম্বনে পাঁচ (সর্বত্র পাঁচ), বিপাকে এক... অবিগতে পাঁচ।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (১)

৫. (১) না-পরামাস ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-পরামাস ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক না-পরামাস স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য) বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

না-আলম্বন-প্রত্যয় (৩)

৬. (১) পরামাস ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-পরামাস ধর্ম উৎপন্ন হয়। পরামাসকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(২) না-পরামাস ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-পরামাস ধর্ম উৎপন্ন হয়। না-পরামাস স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত বিস্তারিত জ্ঞাতব্য)।

(৩) পরামাস এবং না-পরামাস ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-পরামাস ধর্ম উৎপন্ন হয়। পরামাস এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে

Visit: http://www.buddhistdownload.com

চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৭. না-হেতুতে এক, না-আলম্বনে তিন, না-অধিপতিতে পাঁচ, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে পাঁচ, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে পাঁচ, না-কর্মে তিন, না-বিপাকে পাঁচ, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে পাঁচ, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৮. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে পাঁচ... না-বিপাকে পাঁচ... না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে পাঁচ, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

৯. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক, অনন্তরে এক (সর্বত্র এক), অবিগতে এক।

২. সহজাতবার

(সহজাতবারও প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৫)

১০. (১) পরামাস ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-পরামাস ধর্ম উৎপন্ন হয়। পরামাসকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(২) না-পরামাস ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-পরামাস ধর্ম উৎপন্ন হয়। একটি না-পরামাস স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (আধ্যাত্মিক মহাভূতসমূহ পর্যন্ত জ্ঞাতব্য), (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে না-পরামাস স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) না-পরামাস ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা পরামাস ধর্ম উৎপন্ন হয়। না-পরামাস স্কন্ধসমূহকে আশ্রয় করে পরামাস উৎপন্ন হয়। (হৃদয়)

Visit: http://www.buddhistdownload.com

বাস্তুকে আশ্রয় করে পরামাস উৎপন্ন হয়।

(৪) না-পরামাস ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা পরামাস এবং না-পরামাস ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি না-পরামাস স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং পরামাস এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে পরামাস (মিথ্যাদৃষ্টি) উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে পরামাস এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

১১. (৫) পরামাস এবং না-পরামাস ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-পরামাস ধর্ম উৎপন্ন হয়। একটি না-পরামাস স্কন্ধ এবং পরামাসকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ এবং... পরামাস এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। পরামাস এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। পরামাস এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে না-পরামাস স্কন্ধসমূহ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

১২. হেতুতে পাঁচ, আলম্বনে পাঁচ, অধিপতিতে পাঁচ (সবক্ষেত্রে পাঁচ), বিপাকে এক... অবিগতে পাঁচ।

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (১)

১৩. (১) না-পরামাস ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-পরামাস ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক না-পরামাস স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধি গ্রহণকালে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য), চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক না-পরামাস স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৪. না-হেতুতে এক, না-আলম্বনে তিন, না-অধিপতিতে পাঁচ, না-অনন্তরে তিন... না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে পাঁচ, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে পাঁচ, না-কর্মে তিন, না-বিপাকে পাঁচ, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে

Visit: http://www.buddhistdownload.com

এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে পাঁচ, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম
(হেতুমূলক—দ্বিক)

১৫. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে পাঁচ (অনুরূপভাবে সর্বত্র করণীয়)।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

১৬. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক... অবিগতে এক।

৪. নিশ্রয়বার

(নিশ্রয়বার প্রত্যয়বার সদৃশ জানতে হবে)।

৫. সংশ্লিষ্টবার

(১) পরামাস ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা না-পরামাস ধর্ম উৎপন্ন হয়। পরামাসকে সংশ্লিষ্ট করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (অনুরূপভাবে পাঁচটি প্রশ্ন করণীয় অরূপলোকেও একইভাবে করতে হবে, সংশ্লিষ্টবার ও সম্প্রযুক্তবার অনুরূপভাবে করণীয়)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৩)

১৭. (১) না-পরামাস ধর্ম না-পরামাস ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-পরামাস হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পুনশ্চ প্রতিসন্ধি গ্রহণের সময়...।

(২) না-পরামাস ধর্ম পরামাস ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-পরামাস হেতুসমূহ পরামাসের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) না-পরামাস ধর্ম পরামাস এবং না-পরামাস ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-পরামাস হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, পরামাসের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (৯)

১৮. (১) পরামাস ধর্ম পরামাস ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরামাসকে ভিত্তি করে পরামাস উৎপন্ন হয়।

(২) পরামাস ধর্ম না-পরামাস ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরামাসকে ভিত্তি করে না-পরামাস স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৩) পরামাস ধর্ম পরামাস এবং না-পরামাস ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরামাসকে ভিত্তি করে পরামাস এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

১৯. (৪) না-পরামাস ধর্ম না-পরামাস ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উদারতা প্রদর্শন করে, শীলময় বিশুদ্ধ জীবন যাপন করে, অষ্টাঙ্গ উপোসথ পালন করে তা স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য একে নিশ্রয় করে রাগ, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। পূর্বে তিনি যেসমস্ত সুকর্ম সম্পাদন করেছিলেন তা স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে প্রতবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ না-পরামাস এমন বিগত ক্লেশসমূহকে[১] স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, অবিগত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে তিনি যেসমস্ত ক্লেশ জনন করেছিলেন তা বিদ্যমান আছে কিনা স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-পরামাস স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও আত্মাশূন্য হিসেবে বিশেষভাবে দর্শন করেন, আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য একে নির্ভর করে রাগ, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন করেন। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। চিত্তপর্যায়জ্ঞানের মাধ্যমে না-পরামাস চিত্তসম্পন্ন[২] ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন (আকাশের অনন্তর পরিমাণ আয়তন বা স্থান) বিজ্ঞান-অনন্তর আয়তনের (বিজ্ঞানের বা চেতনাময় জীবের অনন্ত পরিমাণ আয়তন বা স্থান)... আকিঞ্চন-আয়তন (শূন্যতার অনন্ত পরিমাণ আয়তন বা স্থান) নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের (সংজ্ঞা বা চেতনাশক্তি নাই না-চেতনা শক্তিও নাই এরূপ অবস্থার আয়তন বা স্থান)... রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... না-পরামাস স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকর্মোপগজ্ঞানের, অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-পরামাস ধর্ম পরামাস ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

---

[১]। না-পরামাস ক্লেশ বলতে দৃষ্টি ব্যতীত অপর ৯ প্রকার ক্লেশকে বুঝায়।

[২]। ৮৯ প্রকার চিত্ত। এর সম্প্রযুক্ত চৈতসিকের মধ্যে দৃষ্টি বর্জিত হবে।

Visit: http://www.buddhistdownload.com

দান দিয়ে শীল পালন করে, উপোসথকর্ম সম্পাদন করে একে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য এর ফলে মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। পূর্ব... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তু, না-পরামাস স্কন্ধসমূহকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য এর ফলে মিথ্যাদৃষ্টি (পরামাস) উৎপন্ন হয়।

(৬) না-পরামাস ধর্ম পরামাস এবং না-পরামাস ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান দিয়ে, শীল পালন করে, উপোসথকর্ম সম্পাদন করে একে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। যার ফলে একে নিশ্রয় করে পরামাস এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়, পূর্ব... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তু, না-পরামাস স্কন্ধসমূহকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য একে নিশ্রয় করে পরামাস এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

২০. (৭-৯) পরামাস এবং না-পরামাস ধর্মসমূহ পরামাস ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরামাস এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে পরামাস উৎপন্ন হয়... (তিন)।

অধিপতি-প্রত্যয়

২১. (১-৩) পরামাস ধর্ম পরামাস ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরামাসকে প্রাধান্য দিয়ে পরামাস উৎপন্ন হয়... (তিন) (আলম্বন-অধিপতির ন্যায় করণীয়)।

২২. (৪) না-পরামাস ধর্ম না-পরামাস ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** উদারতা প্রদর্শন করে, শীলময় বিশুদ্ধ জীবন যাপন করে, অষ্টাঙ্গ উপোসথ পালন করে তা গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়। পূর্ব... ধ্যান হতে... আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন, ফলকে গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-পরামাস স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ার কারণে রাগ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-পরামাস-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-পরামাস ধর্ম পরামাস ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান... শীল... উপোসথকর্ম... পূর্ব... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তু, না-পরামাস স্কন্ধসমূহকে গুরুত্বের সাথে আস্বাদন করেন, অভিনন্দিত

Visit: http://www.buddhistdownload.com

করেন। একে গুরুত্ব দেওয়াতে মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-পরামাস-অধিপতি পরামাসের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-পরামাস ধর্ম পরামাস এবং না-পরামাস ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান... শীল... উপোসথকর্ম... পূর্ব... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তু, না-পরামাস স্কন্ধসমূহকে গুরুত্বের সাথে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে পরামাস এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-পরামাস-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, পরামাসের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭-৯) পরামাস এবং না-পরামাস ধর্মসমূহ পরামাস ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** পরামাস এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে পরামাস উৎপন্ন হয়... (তিন)।

অনন্তর-প্রত্যয় (৯)

২৩. (১) পরামাস ধর্ম পরামাস ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী পরামাস পরবর্তী পরবর্তী পরামাসের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) পরামাস ধর্ম না-পরামাস ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী পরামাস পরবর্তী পরবর্তী না-পরামাস স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরামাস উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) পরামাস ধর্ম পরামাস এবং না-পরামাস ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী পরামাস পরবর্তী পরবর্তী পরামাসের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৪. (৪) না-পরামাস ধর্ম না-পরামাস ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী না-পরামাস স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী না-পরামাস স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অনুলোম ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-পরামাস ধর্ম পরামাস ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী না-পরামাস স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী পরামাসের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত পরামাসের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-পরামাস ধর্ম পরামাস এবং না-পরামাস ধর্মের অনন্তর-প্রত্যয়ের

Visit: http://www.buddhistdownload.com

দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী না-পরামাস স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী পরামাসের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত পরামাসের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৫. (৭) পরামাস এবং না-পরামাস ধর্মসমূহ পরামাস ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী পরামাস এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী পরামাসের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) পরামাস এবং না-পরামাস ধর্মসমূহ না-পরামাস ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী পরামাস এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী না-পরামাস স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরামাস এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) পরামাস এবং না-পরামাস ধর্মসমূহ পরামাস এবং না-পরামাস ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী পরামাস এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী পরামাসের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

সমনন্তর-প্রত্যয় প্রভৃতি

২৬. পরামাস ধর্ম পরামাস ধর্মের সমনন্তর-প্রতয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (পাঁচ)।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

২৭. (১-৩) পরামাস ধর্ম পরামাস ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** পরামাস পরামাসের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

২৮. (৪) না-পরামাস ধর্ম না-পরামাস ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয়, প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি (ধ্যানের সুখময় স্তর বা অবস্থা) উৎপন্ন করেন... মান উৎপন্ন করেন... (অনুরূপভাবে) শীল, শ্রুতি, ত্যাগ, প্রজ্ঞা, রাগ, দ্বেষ, মোহ, মান, প্রার্থনা, কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন, শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন... প্রাণির জীবন হরণ করেন... সংঘভেদ করেন। এই কারণে শ্রদ্ধা... শয্যাসন, শ্রদ্ধার... প্রজ্ঞার, রাগের... প্রার্থনার...

Visit: http://www.buddhistdownload.com

কায়িক সুখের... মার্গের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-পরামাস ধর্ম পরামাস ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (তদ্রূপভাবে) শীল... প্রজ্ঞা, রাগ... প্রার্থনা, কায়িক সুখ... শয্যাসনকে উপনিশ্রয় করে মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। এই কারণবশত শ্রদ্ধা... শয্যাসন পরামাসের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-পরামাস ধর্ম পরামাস এবং না-পরামাস ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (তদ্রূপভাবে) শীল... শয্যাসনকে উপনিশ্রয় করে মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। এই কারণে শ্রদ্ধা... শয্যাসন পরামাসের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৯. (৭-৯) পরামাস এবং না-পরামাস ধর্মসমূহ পরামাস ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** পরামাস এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরামাসের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

পূর্বজাত-প্রত্যয় (৩)

৩০. (১) না-পরামাস ধর্ম না-পরামাস ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** (শৈক্ষ্যগণ বা প্রাকৃতজনেরা) চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মাদৃষ্টিতে গুরুত্বের সাথে দর্শন করেন, আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে নিশ্রয় করে রাগ, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের...কায়-আয়তন কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু না-পরামাস স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-পরামাস ধর্ম পরামাস ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে ভিত্তি করে মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু পরামাসের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) না-পরামাস ধর্ম পরামাস এবং না-পরামাস ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের

Visit: http://www.buddhistdownload.com

দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। এর ফলে পরামাস এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু পরামাসের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (৩), আসেবন-প্রত্যয় (৯)

৩১. পরামাস ধর্ম না-পরামাস ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন) (পশ্চাজ্জাত করণীয়), আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

কর্ম-প্রত্যয় (৩)

৩২. (১) না-পরামাস ধর্ম না-পরামাস ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** না-পরামাস চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** না-পরামাস চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-পরামাস ধর্ম পরামাস ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-পরামাস চেতনা পরামাসের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) না-পরামাস ধর্ম পরামাস এবং না-পরামাস ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-পরামাস চেতনা পরামাসের, সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয় প্রভৃতি

৩৩. না-পরামাস ধর্ম না-পরামাস ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক), আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(১-৫) পরামাস ধর্ম না-পরামাস ধর্মের মার্গ প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পরামাস মার্গাঙ্গসমূহ (অকুশল মার্গচিত্ত গঠনের অন্যতম উপকরণভূত চৈতসিকসমূহ) (অনুরূপভাবে পাঁচটি প্রশ্ন করণীয়), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (পাঁচ)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৫)

৩৪. (১) পরামাস ধর্ম না-পরামাস ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়

Visit: http://www.buddhistdownload.com

হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(২) না-পরামাস ধর্ম না-পরামাস ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ বিপ্রযুক্ত)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(৩) না-পরামাস ধর্ম পরামাস ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু পরামাসের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।(৪) না-পরামাস ধর্ম পরামাস এবং না-পরামাস ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু পরামাসের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) পরামাস এবং না-পরামাস ধর্মসমূহ না-পরামাসের ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

অস্তি-প্রত্যয় (৫)

৩৫. (১) পরামাস ধর্ম না-পরামাস ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** পরামাস সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** পরামাস পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৬. (২) না-পরামাস ধর্ম না-পরামাস ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (সংক্ষিপ্ত)।

(৩) না-পরামাস ধর্ম পরামাস ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত :** না-পরামাস স্কন্ধসমূহ পরামাসের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে অবলম্বন করে মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তু পরামাসের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-পরামাস ধর্ম পরামাস এবং না-পরামাস ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত :** একটি না-পরামাস স্কন্ধ তিনটি স্কন্ধের, পরামাসের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে অবলম্বন করে পরামাস এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তু পরামাসের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৭. (৫) পরামাস এবং না-পরামাস ধর্মসমূহ না-পরামাস ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত,

Visit: http://www.buddhistdownload.com

আহার এবং ইন্দ্রিয় । **সহজাত :** একটি না-পরামাস স্কন্ধ এবং পরামাস তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং... পরামাস এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ চিত্ত-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরামাস এবং মহাভূতসমূহ চিত্ত-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরামাস এবং (হৃদয়) বাস্তু না-পরামাস স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** পরামাস এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের (শরীরের) অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** পরামাস, সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** পরামাস, সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৩৮. হেতুতে তিন, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে পাঁচ, অন্যোন্যে পাঁচ, নিশ্রয়ে পাঁচ, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে নয়, কর্মে তিন, বিপাকে এক, আহারে তিন, ইন্দ্রিয়ে তিন, ধ্যানে তিন, মার্গে পাঁচ, সম্প্রযুক্তে পাঁচ, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে পাঁচ, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে পাঁচ।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম সংগ্রহ (প্রশ্ন সংখ্যা-৯)

৩৯. (১) পরামাস ধর্ম পরামাস ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) পরামাস ধর্ম না-পরামাস ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) পরামাস ধর্ম পরামাস এবং না-পরামাস ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪০. (৪) না-পরামাস ধর্ম না-পরামাস ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৫) না-পরামাস ধর্ম পরামাস ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-পরামাস ধর্ম পরামাস এবং না-পরামাস ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪১. (৭) পরামাস এবং না-পরামাস ধর্মসমূহ পরামাস ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) পরামাস এবং না-পরামাস ধর্মসমূহ না-পরামাস ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) পরামাস এবং না-পরামাস ধর্মসমূহ পরামাস এবং না-পরামাস ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৪২. না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সর্বত্রই নয়), না-অবিগতে নয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৪৩. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে তিন, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে এক, না-উপনিশ্রয় তিন... না-মার্গে তিন, না-সম্প্রযুক্তে এক, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

৪৪. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে নয় (অনুলোম মাতিকা করণীয়)... অবিগতে পাঁচ।

[পরামাসদ্বিক (এখানে) সমাপ্ত হলো]

Visit: http://www.buddhistdownload.com

৫১. পরামৃষ্টদ্বিক

১-৭. প্রতীত্যবার প্রভৃতি—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৫)

৪৫. (১) পরামৃষ্ট[১] (বিকৃতমতের বিষয় বা আলম্বন) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা পরামৃষ্ট ধর্ম উৎপন্ন হয়। একটি পরামৃষ্ট স্কন্ধকে ভিত্তি করে তিনটি (পরামৃষ্ট) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (আধ্যাত্মিক মহাভূতসমূহ পর্যন্ত জ্ঞাতব্য)।

(২-৫) পরামৃষ্ট বা বিকৃতমতবিশিষ্ট ধর্মকে ভিত্তি করে... (পরামৃষ্টদ্বিক যথা ক্ষুদ্রান্তরদ্বিকে লোকীয়দ্বিক এস্থলে অনুরূপভাবে করণীয়, নির্ণয় না-না-করণীয়)।

[পরামৃষ্টদ্বিক (এখানে) সমাপ্ত হলো]

৫২. পরামাস-সম্প্রযুক্তদ্বিক

১. প্রতীত্য অধ্যায়—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৫)

৪৬. পরামাস-সম্প্রযুক্ত[২] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা পরামাস-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি (পরামাস-সম্প্রযুক্ত) স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(২) পরামাস-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা পরামাস-বিপ্রযুক্ত[৩] ধর্ম উৎপন্ন হয়। পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৩) পরামাস-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা পরামাস-সম্প্রযুক্ত এবং পরামাস-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

৪৭. (৪) পরামাস-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা পরামাস-

---

[১]। ৮১ প্রকার লোকীয় চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক ও ২৮ প্রকার রূপ পরামৃষ্ট ধর্ম এবং ৮ প্রকার লোকোত্তর চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ প্রকার চৈতসিক ও নির্বাণ না-পরামৃষ্ট ধর্ম।

[২]। ৪ দৃষ্টি-সম্প্রযুক্ত চিত্ত, মিথ্যাদৃষ্টি, মান, দ্বেষ, ঈর্ষা, মাৎসর্য, কৌকৃত্য এবং বিচিকিৎসা ব্যতীত তৎসম্প্রযুক্ত (২৭-৭) = ২০ চৈতসিক পরামাস-সম্প্রযুক্ত ধর্ম।

[৩]। ৪ দৃষ্টি-বিপ্রযুক্ত চিত্ত, ২ দ্বেষমূলক চিত্ত, ২ মোহমূলক চিত্ত, ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, মিথ্যাদৃষ্টি ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-১) = ৫১ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ পরামাস-বিপ্রযুক্ত ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি পরামাস-বিপ্রযুক্ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি (পরামাস-বিপ্রযুক্ত) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে...।

(৫) পরামাস-সম্প্রযুক্ত এবং পরামাস-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা পরামাস-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৪৮. হেতুতে পাঁচ, আলম্বনে দুই, অধিপতিতে পাঁচ, অনন্তরে দুই, সমনন্তরে দুই, সহজাতে দুই, অন্যোন্যে দুই, নিশ্রয়ে পাঁচ, উপনিশ্রয়ে দুই, পূর্বজাতে দুই, আসেবনে দুই, কর্মে পাঁচ, বিপাকে এক, আহারে পাঁচ... মার্গে পাঁচ, সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে পাঁচ, নাস্তিতে দুই, বিগতে দুই, অবিগতে পাঁচ।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (১)

৪৯. (১) পরামাস-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা পরামাস-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক পরামাস-বিপ্রযুক্ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত হবে)। বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

না-আলম্বন-প্রত্যয় (৩)

৫০. (১) পরামাস-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা পরামাস-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(২) পরামাস-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা পরামাস-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। পরামাস-বিপ্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত হবে)।

(৩) পরামাস-সম্প্রযুক্ত এবং পরামাস-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে পরামাস পরামাস-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

Visit: http://www.buddhistdownload.com

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৫১. না-হেতুতে এক, না-আলম্বনে তিন, না-অধিপতিতে পাঁচ, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে পাঁচ, না-কর্মে দুই, না-বিপাকে পাঁচ, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৫২. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে পাঁচ (অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

৫৩. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক (সংক্ষিপ্ত), অবিগতে এক।

২. সহজাতবার

(সহজাতবারও প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

৫৪. (১) পরামাস-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা পরামাস-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(২) পরামাস-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা পরামাস-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৩) পরামাস-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা পরামাস-সম্প্রযুক্ত এবং পরামাস-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৪) পরামাস-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা পরামাস-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি পরামাস-বিপ্রযুক্ত স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (আধ্যাত্মিক মহাভূতসমূহ পর্যন্ত করণীয়)। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে পরামাস-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) পরামাস-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা পরামাস-

Visit: http://www.buddhistdownload.com

সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) পরামাস-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা পরামাস-বিপ্রযুক্ত এবং পরামাস-সম্প্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

৫৫. (৭) পরামাস-সম্প্রযুক্ত এবং পরামাস-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা পরামাস-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৮) পরামাস-সম্প্রযুক্ত এবং পরামাস-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা পরামাস-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৯) পরামাস-সম্প্রযুক্ত এবং পরামাস-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা পরামাস-সম্প্রযুক্ত এবং পরামাস-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৫৬. হেতুতে নয়, আলম্বনে চার, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে চার, সহজাতে নয়, অন্যোন্যে চার, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে চার, আসেবনে চার, কর্মে নয়, বিপাকে এক, আহারে নয়... অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—(না-হেতু-প্রত্যয়-১)

৫৭. (১) পরামাস-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা পরামাস-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক পরামাস-বিপ্রযুক্ত স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত করণীয়), চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক পরামাস-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয়

Visit: http://www.buddhistdownload.com

করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৫৮. না-হেতুতে এক, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৫৯. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয় (অনুরূপভাবে বিস্তারিত গণনা করতে হবে)।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

৬০. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক... অবিগতে এক।

৪. নিশ্রয়বার

(নিশ্রয়বার প্রত্যয়বার সদৃশ জানতে হবে)।

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোম প্রভৃতি

৬১ (১) পরামাস-সম্প্রযুক্ত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা পরামাস-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৬২. (অনুলোম গণনা)—হেতুতে দুই (সবটিতে দুই), বিপাকে এক... অবিগতে দুই।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে এক, না-অধিপতিতে দুই, না-পূর্বজাতে দুই, না-পশ্চাজ্জাতে দুই, না-আসেবনে দুই, না-কর্মে দুই, না-বিপাকে দুই, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে দুই।

৬. সম্প্রযুক্তবার

(অনুরূপভাবে অপর দুটি গণনা ও সম্প্রযুক্তবার জানতে হবে)।

Visit: http://www.buddhistdownload.com

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৪)

৬৩. (১) পরামাস-সম্প্রযুক্ত ধর্ম পরামাস-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরামাস-সম্প্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) পরামাস-সম্প্রযুক্ত ধর্ম পরামাস-বিপ্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরামাস-সম্প্রযুক্ত হেতুসমূহ চিত্ত-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) পরামাস-সম্প্রযুক্ত ধর্ম পরামাস-সম্প্রযুক্ত এবং পরামাস-বিপ্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরামাস-সম্প্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) পরামাস-বিপ্রযুক্ত ধর্ম পরামাস-বিপ্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরামাস-বিপ্রযুক্ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

আলম্বন-প্রত্যয় (৪)

৬৪. (১) পরামাস-সম্প্রযুক্ত ধর্ম পরামাস-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। রাগকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। এটিকে ভিত্তি করে পরামাস-সম্প্রযুক্ত রাগ উৎপন্ন হয়। পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। এটিকে ভিত্তি করে পরামাস-সম্প্রযুক্ত রাগ (দৃষ্টিসম্প্রযুক্ত লোভচিত্ত) উৎপন্ন হয়।

(২) পরামাস-সম্প্রযুক্ত ধর্ম পরামাস-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ পরামাস-সম্প্রযুক্ত এমন বিগত ক্লেশসমূহকে (পরামাসসম্প্রযুক্ত ক্লেশ বলতে ১০ প্রকার ক্লেশকে বুঝায়) স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে অবগত হন। পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও আত্মাশূন্য হিসেবে বিশেষভাবে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে পরামাস-বিপ্রযুক্ত রাগ, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা পরামাস-সম্প্রযুক্ত চিত্তসম্পন্ন (৪ দৃষ্টিসম্প্রযুক্ত চিত্তসম্পন্ন) চিত্তকে জানেন, পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকর্মোপগজ্ঞানের, অনাগতভবজ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৬৫. (৩) পরামাস-বিপ্রযুক্ত ধর্ম পরামাস-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান... শীল... উপোসথকর্ম করে একে স্মৃতি-সম্প্রজ্ঞানে

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে পরামাস-বিপ্রযুক্ত রাগ (দৃষ্টিবিপ্রযুক্ত লোভচিত্ত), বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহ... ধ্যান হতে... আর্যগণ মার্গ হতে উঠে মার্গকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর (লোকোত্তর মার্গের পূর্বক্ষণের), বিশুদ্ধির, মার্গের, ফলের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ পরামাস-বিপ্রযুক্ত বিগত ক্লেশসমূহকে[১] স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, অবিগত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে জানেন। চক্ষু... (হৃদয়) বাস্তুকে (চিত্ত-চৈতসিকের বসতিস্থানকে), পরামাস-বিপ্রযুক্ত স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও আত্মাশূন্য হিসেবে বিশেষভাবে দেখেন, আস্বাদ উপভোগ করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে পরামাস-বিপ্রযুক্ত রাগ, বিচিকিৎসা বা সংশয়, ঔদ্ধত্য বা অস্থিরতা, দৌর্মনস্য বা মানসিক অশান্তি উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রধাতুর দ্বারা শব্দ শ্রবণ করেন। চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা পরামাস-বিপ্রযুক্ত চিত্তসম্পন্ন[২] ব্যক্তির চিত্তকে জানেন, আকাশ-অনন্ত-আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের... আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের... রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্পৃষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... পরামাস-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকর্মোপগজ্ঞানের, অনাগতভবজ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) পরামাস-বিপ্রযুক্ত ধর্ম পরামাস-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান... শীল... উপোসথকর্ম... পূর্ব... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তু, পরামাস-বিপ্রযুক্ত স্কন্ধসমূহকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে পরামাস-সম্প্রযুক্ত রাগ উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (৫)

৬৬. (১) পরামাস-সম্প্রযুক্ত ধর্ম পরামাস-সম্প্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** রাগকে গুরুত্ব দিয়ে (অর্থাৎ লোভনীয় আলম্বনকে নিত্য, সুখ, শুভ, আত্মা মনে করে) আস্বাদন করেন এবং

---

[১]। এখানে মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত অপর ৯ প্রকার ক্লেশকে বুঝানো হচ্ছে।

[২]। ৪ দৃষ্টিবিপ্রযুক্ত চিত্ত, ২ দ্বেষমূলক চিত্ত, ২ মোহমূলক চিত্ত, ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত। দৃষ্টি চৈতসিক বর্জিত হবে।

Visit: http://www.buddhistdownload.com

অভিনন্দিত করেন। সেই কারণে পরামাস-সম্প্রযুক্ত রাগ উৎপন্ন হয়। পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। সেই কারণে পরামাস-সম্প্রযুক্ত রাগ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** পরামাস-সম্প্রযুক্ত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) পরামাস-সম্প্রযুক্ত ধর্ম পরামাস-বিপ্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। সেই কারণে পরামাস-বিপ্রযুক্ত রাগ উৎপন্ন করেন। **সহজাত-অধিপতি :** পরামাস-সম্প্রযুক্ত-অধিপতি চিত্ত-সমুত্থানরূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) পরামাস-সম্প্রযুক্ত ধর্ম পরামাস-সম্প্রযুক্ত এবং পরামাস-বিপ্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** পরামাস-সম্প্রযুক্ত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৬৭. (৪) পরামাস-বিপ্রযুক্ত ধর্ম পরামাস-বিপ্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান... শীল... উপোসথকর্ম সম্পাদন করে একে গুরুত্ব দিয়ে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে পরামাস-বিপ্রযুক্ত রাগ উৎপন্ন হয়। পূর্ব... ধ্যান হতে... আর্যগণ মার্গ হতে উঠে মার্গকেই গুরুত্ব দিয়ে... ফলকে... নির্বাণকে... নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, পরামাস-বিপ্রযুক্ত স্কন্ধকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দিয়ে পরামাস-বিপ্রযুক্ত রাগ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** পরামাস-বিপ্রযুক্ত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) পরামাস-বিপ্রযুক্ত ধর্ম পরামাস-সম্প্রযুক্ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** দান... শীল... উপোসথকর্ম সম্পাদন করে একে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে পরামাস-সম্প্রযুক্ত রাগ উৎপন্ন হয়, পূর্বে... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তু, পরামাস-বিপ্রযুক্ত স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে পরামাস-বিপ্রযুক্ত রাগ উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয় (৪), সমনন্তর-প্রত্যয় (৪)

৬৮. (১) পরামাস-সম্প্রযুক্ত ধর্ম পরামাস-সম্প্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের

Visit: http://www.buddhistdownload.com

দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) পরামাস-সম্প্রযুক্ত ধর্ম পরামাস-বিপ্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৬৯. (৩) পরামাস-বিপ্রযুক্ত ধর্ম পরামাস-বিপ্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী পরামাস-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী পরামাস-বিপ্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম... ফল-সমাপত্তির (ফলজ্ঞানের) অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) পরামাস-বিপ্রযুক্ত ধর্ম পরামাস-সম্প্রযুক্ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

সহজাত-প্রত্যয় প্রভৃতি

৭০. পরামাস-সম্প্রযুক্ত ধর্ম পরামাস-সম্প্রযুক্ত ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (পাঁচ), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সাত)।

উপনিশ্রয়-প্রত্যয় (৪)

৭১. (১) পরামাস-সম্প্রযুক্ত ধর্ম পরামাস-সম্প্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** পরামাস-সম্প্রযুক্ত রাগ, দ্বেষ, মোহ, মোহ... তৃষ্ণা পরামাস-সম্প্রযুক্ত রাগের, দ্বেষের, মোহের, মোহের... তৃষ্ণার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) পরামাস-সম্প্রযুক্ত ধর্ম পরামাস-বিপ্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** পরামাস-সম্প্রযুক্ত রাগকে উপনিশ্রয় করে (অর্থাৎ মিথ্যাদৃষ্টিযুক্ত লোভচিত্তবশে) দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন মান (অহংকার) উৎপন্ন করেন। (অনুরূপভাবে) পরামাস-সম্প্রযুক্ত মোহ... তৃষ্ণাকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন, মান উৎপন্ন করেন, প্রাণির জীবন হরণ করেন... সংঘভেদ করেন। যার কারণে পরামাস-সম্প্রযুক্ত রাগ, দ্বেষ, মোহ... তৃষ্ণা শ্রদ্ধার... প্রজ্ঞার, রাগের, দ্বেষের, মোহের, মানের... তৃষ্ণার... কায়িক সুখের... ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

৭২. (৩) পরামাস-বিপ্রযুক্ত ধর্ম পরামাস-বিপ্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন, মান উৎপন্ন করেন। (তদ্রূপভাবে) শীল, শ্রুতি, ত্যাগ, প্রজ্ঞা, রাগ, দ্বেষ, মোহ, মানকে... তৃষ্ণাকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন, প্রাণির জীবন হরণ করেন... সংঘভেদ করেন। (তদ্রূপভাবে) কায়িক সুখ... শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। যার কারণে শ্রদ্ধা... প্রজ্ঞা, রাগ... মান... তৃষ্ণা... কায়িক সুখ... শয্যাসন, শ্রদ্ধা... প্রজ্ঞার, রাগের, দ্বেষের, মোহের, মানের... তৃষ্ণার... কায়িক সুখের... ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) পরামাস-বিপ্রযুক্ত ধর্ম পরামাস-সম্প্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে পরামাস-সম্প্রযুক্ত রাগ উৎপন্ন হয়। (তদ্রূপভাবে) শীল... শয্যাসনকে উপনিশ্রয় করে পরামাস-সম্প্রযুক্ত রাগ উৎপন্ন হয়। যার কারণে শ্রদ্ধা... শয্যাসন পরামাস-সম্প্রযুক্ত রাগের... তৃষ্ণার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় (২)

৭৩. (১) পরামাস-বিপ্রযুক্ত ধর্ম পরামাস-বিপ্রযুক্ত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মাদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে পরামাস-বিপ্রযুক্ত রাগ, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রধাতুর দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু পরামাস-বিপ্রযুক্ত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) পরামাস-বিপ্রযুক্ত ধর্ম পরামাস-সম্প্রযুক্ত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে পরামাস-সম্প্রযুক্ত রাগ উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

পশ্চাজ্জাত-প্রত্যয় (২), আসেবন-প্রত্যয় (২)

৭৪. (১) পরামাস-সম্প্রযুক্ত ধর্ম পরামাস-বিপ্রযুক্ত ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

(২) পরামাস-বিপ্রযুক্ত ধর্ম পরামাস-বিপ্রযুক্ত ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

(১) পরামাস-সম্প্রযুক্ত ধর্ম পরামাস-সম্প্রযুক্ত ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(২) পরামাস-বিপ্রযুক্ত ধর্ম পরামাস-বিপ্রযুক্ত ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

কর্ম-প্রত্যয় প্রভৃতি

৭৫. (১) পরামাস-সম্প্রযুক্ত ধর্ম পরামাস-সম্প্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরামাস-সম্প্রযুক্ত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) পরামাস-সম্প্রযুক্ত ধর্ম পরামাস-বিপ্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** পরামাস-সম্প্রযুক্ত চেতনা চিত্ত-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** পরামাস-সম্প্রযুক্ত চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) পরামাস-সম্প্রযুক্ত ধর্ম পরামাস-সম্প্রযুক্ত এবং পরামাস-বিপ্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** পরামাস-সম্প্রযুক্ত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** পরামাস-বিপ্রযুক্ত চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) পরামাস-বিপ্রযুক্ত ধর্ম পরামাস-বিপ্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** পরামাস-বিপ্রযুক্ত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** পরামাস-বিপ্রযুক্ত চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক), আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), সম্প্রযুক্ত-

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৩)

৭৬. (১) পরামাস-সম্প্রযুক্ত ধর্ম পরামাস-বিপ্রযুক্ত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(২) পরামাস-বিপ্রযুক্ত ধর্ম পরামাস-বিপ্রযুক্ত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ বিপ্রযুক্ত)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(৩) পরামাস-বিপ্রযুক্ত ধর্ম পরামাস-সম্প্রযুক্ত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয় (৭)

৭৭. (১) পরামাস-সম্প্রযুক্ত ধর্ম পরামাস-সম্প্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধ তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ...।

(২) পরামাস-সম্প্রযুক্ত ধর্ম পরামাস-বিপ্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ চিত্ত-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) পরামাস-সম্প্রযুক্ত ধর্ম পরামাস-সম্প্রযুক্ত এবং পরামাস-বিপ্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ...।

৭৮. (৪) পরামাস-বিপ্রযুক্ত ধর্ম পরামাস-বিপ্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (সংক্ষিপ্ত)।

(৫) পরামাস-বিপ্রযুক্ত ধর্ম পরামাস-সম্প্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন । একে ভিত্তি করে পরামাস-বিপ্রযুক্ত রাগ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তু পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৭৯. (৬) পরামাস-সম্প্রযুক্ত এবং পরামাস-বিপ্রযুক্ত ধর্মসমূহ পরামাস-সম্প্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত :** পরামাস-সম্প্রযুক্ত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং...।

(৭) পরামাস-সম্প্রযুক্ত এবং পরামাস-বিপ্রযুক্ত ধর্মসমূহ পরামাস-বিপ্রযুক্ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (চতুর্বিধ অস্তি)—সহজাত, পশ্চাজ্জাত,

Visit: http://www.buddhistdownload.com

আহার এবং ইন্দ্রিয় । **সহজাত :** পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্ত-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** পরামাস-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৮০. হেতুতে চার, আলম্বনে চার, অধিপতিতে পাঁচ, অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে পাঁচ, অন্যোন্যে দুই, নিশ্রয়ে সাত, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে দুই, পশ্চাজ্জাতে দুই, আসেবনে দুই, কর্মে চার, বিপাকে এক, আহারে চার, ইন্দ্রিয়ে চার, ধ্যানে চার, মার্গে চার, সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে তিন, অস্তিতে সাত, নাস্তিতে চার, বিগতে চার, অবিগতে সাত।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৭)

৮১. (১) পরামাস-সম্প্রযুক্ত ধর্ম পরামাস-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) পরামাস-সম্প্রযুক্ত ধর্ম পরামাস-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) পরামাস-সম্প্রযুক্ত ধর্ম পরামাস-সম্প্রযুক্ত এবং পরামাস-বিপ্রযুক্ত ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮২. (৪) পরামাস-বিপ্রযুক্ত ধর্ম পরামাস-বিপ্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) পরামাস-বিপ্রযুক্ত ধর্ম পরামাস-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৬) পরামাস-সম্প্রযুক্ত এবং পরামাস-বিপ্রযুক্ত ধর্মসমূহ পরামাস-সম্প্রযুক্ত ধর্মের সহজাত এবং পূর্বজাত।

(৭) পরামাস-সম্প্রযুক্ত এবং পরামাস-বিপ্রযুক্ত ধর্মসমূহ পরামাস-বিপ্রযুক্ত ধর্মের সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৮৩. না-হেতুতে সাত, না-অধিপতিতে সাত, না-অনন্তরে সাত, না-সমনন্তরে সাত, না-সহজাতে পাঁচ, না-অন্যোন্যে পাঁচ, না-নিশ্রয়ে পাঁচ, না-উপনিশ্রয়ে সাত, না-পূর্বজাতে ছয়, না-পশ্চাজ্জাতে সাত (সবটিতে সাত), না-মার্গে সাত, না-সম্প্রযুক্তে পাঁচ, না-বিপ্রযুক্তে চার, না-অস্তিতে চার, না-নাস্তিতে সাত, না-বিগতে সাত, না-অবিগতে চার।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৮৪. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে চার, না-অধিপতিতে চার, না-অনন্তরে চার, না-সমনন্তরে চার, না-অন্যোন্যে দুই, না-উপনিশ্রয়ে চার (সর্বত্র চার), না-মার্গে চার, না-সম্প্রযুক্তে দুই, না-নাস্তিতে চার, না-বিগতে চার।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

৮৫. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে চার, অধিপতিতে পাঁচ (অনুলোম মাতিকা বা তালিকা করে দেখাতে হবে)... অবিগতে সাত।

[পরামাস-সম্প্রযুক্তদ্বিক (এখানে) সমাপ্ত হলো]

৫৩. পরামাস অথচ পরামৃষ্টদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয়

৮৬. (১) পরামাস অথচ পরামৃষ্ট[১] (বিকৃতমত অথচ বিকৃতমতের বিষয়) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা পরামৃষ্ট অথচ না-পরামাস[২] ধর্ম উৎপন্ন হয়। পরামাসকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

---

[১]। মিথ্যাদৃষ্টিই পরামাস অথচ পরামৃষ্ট ধর্ম।

[২]। ৮১ প্রকার লোকীয় চিত্ত, মিথ্যাদৃষ্টি ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-১) = ৫১ চৈতসিক এবং ২৮ প্রকার রূপ পরামৃষ্ট অথচ না-পরামাস ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

(২) পরামৃষ্ট অথচ না-পরামাস (বিকৃতমতের বিষয় অথচ বিকৃতমত নহে তাদৃশ) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা পরামৃষ্ট অথচ না-পরামাস ধর্ম উৎপন্ন হয়। একটি পরামৃষ্ট অথচ না-পরামাস স্কন্ধকে ভিত্তি করে তিনটি (পরামৃষ্ট অথচ না-পরামাস) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (আধ্যাত্মিক মহাভূতসমূহ পর্যন্ত করণীয়)।

(৩) পরামৃষ্ট অথচ না-পরামাস ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা পরামৃষ্ট অথচ না-পরামাস ধর্ম উৎপন্ন হয়। পরামৃষ্ট অথচ না-পরামাস স্কন্ধসমূহকে ভিত্তি করে পরামাস উৎপন্ন হয়।

(৪) পরামৃষ্ট অথচ না-পরামাস ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা পরামাস অথচ পরামৃষ্ট এবং পরামৃষ্ট অথচ না-পরামাস ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি পরামৃষ্ট অথচ না-পরামাস স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ, পরামাস এবং চিত্ত-সমুত্থানরূপ... দুটি স্কন্ধকে...।

(৫) পরামাস অথচ পরামৃষ্ট এবং পরামৃষ্ট অথচ না-পরামাস ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা পরামাস অথচ না-পরামাস ধর্ম উৎপন্ন হয়। একটি পরামৃষ্ট অথচ না-পরামাস স্কন্ধ এবং পরামাসকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ... দুটি স্কন্ধ এবং... (সংক্ষিপ্ত)।

২-৬. সহজাত-প্রত্যয়-নিশ্রয়-সংশ্লিষ্ট-সম্প্রযুক্তবার

(সমস্ত বার বা অধ্যায় যথা পরামাসদ্বিক অনুরূপভাবে করণীয়, নির্ণয় না-না-করণীয়)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয়

৮৭. (১) পরামৃষ্ট অথচ না-পরামাস (বিকৃতমতবিশিষ্ট অথচ বিকৃতমত বা মিথ্যাদৃষ্টি নহে) ধর্ম পরামৃষ্ট অথচ না-পরামাস ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরামৃষ্ট অথচ না-পরামাস হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধির সময়...।

(২) পরামাস অথচ না-পরামাস ধর্ম পরামাস অথচ পরামৃষ্ট ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরামৃষ্ট অথচ না-পরামাস হেতুসমূহ পরামাসের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) পরামাস অথচ না-পরামাস ধর্ম পরামাস অথচ পরামৃষ্ট এবং পরামৃষ্ট অথচ না-পরামাস ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরামৃষ্ট অথচ না-পরামাস হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, পরামাসের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

আলম্বন-প্রত্যয় (৯)

৮৮. (১-৩) পরামাস অথচ পরামাস ধর্ম পরামাস অথচ পরামৃষ্ট ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন) (ভিত্তি করে করণীয়সমূহ পরামাসদ্বিক সদৃশ জ্ঞাতব্য)।

৮৯. (৪) পরামৃষ্ট অথচ না-পরামাস ধর্ম পরামাস অথচ না-পরামাস ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন। অতঃপর তা স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। সেই কারণে রাগ, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়। পূর্বে সম্পাদিত পুণ্যময় কুশলকর্মাদিকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উঠে ধ্যানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ গোত্রভূকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, বিশুদ্ধিকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, বিগত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, অবিগত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে অভ্যস্ত ক্লেশসমূহকে জানেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, পরামৃষ্ট অথচ না-পরামাস স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন (আবর্তন-চিত্ত পর্যন্ত সমস্তই করণীয়)।

(৫) পরামৃষ্ট অথচ না-পরামাস ধর্ম পরামাস অথচ পরামৃষ্ট ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান... শীল... উপোসথকর্ম... পূর্ব... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তু, পরামৃষ্ট অথচ না-পরামাস স্কন্ধসমূহকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। সেই কারণে মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়।

(৬) পরামৃষ্ট অথচ না-পরামাস ধর্ম পরামাস অথচ পরামৃষ্ট এবং পরামৃষ্ট অথচ না-পরামাস ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান... শীল... উপোসথকর্ম... পূর্ব... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তু, পরামৃষ্ট অথচ না-পরামাস স্কন্ধসমূহকে আস্বাদন করে এবং অভিনন্দিত করেন। সেই কারণে পরামাস এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (অনুরূপভাবে অপর তিন ভিত্তি করে সমূহ করণীয়। পরামাস অথচ পরামৃষ্টদ্বিক পরামাসদ্বিক সদৃশ পাঠ করতে হবে। লোকোত্তরে যা লাভ হয় না তা করণীয় নহে)।

[পরামাস অথচ পরামৃষ্টদ্বিক (এখানে) সমাপ্ত হলো]

Visit: http://www.buddhistdownload.com

৫৪. পরামাস-বিপ্রযুক্ত পরামৃষ্টদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয়

৯০. (১) পরামাস-বিপ্রযুক্ত পরামৃষ্ট[১] (বিকৃতমত বিরহিত কিন্তু বিকৃতমতবিশিষ্ট তাদৃশ) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা পরামাস-বিপ্রযুক্ত পরামৃষ্ট ধর্ম উৎপন্ন হয়। একটি পরামাস-বিপ্রযুক্ত পরামৃষ্ট স্কন্ধকে ভিত্তি করে তিনটি (পরামাস-বিপ্রযুক্ত পরামৃষ্ট) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

(২) পরামাস-বিপ্রযুক্ত অপরামৃষ্ট[২] (বিকৃতমতও নহে বিকৃতমতবিশিষ্টও নহে তাদৃশ) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা পরামাস-বিপ্রযুক্ত অপরামৃষ্ট ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)। (যেভাবে ক্ষুদ্রান্তরদ্বিকে লোকীয়দ্বিক আলোচিত হয়েছে এস্থলেও অনুরূপভাবে করা উচিত, নির্ণয় না-না-করণীয়)।

[পরামাস-বিপ্রযুক্ত পরামৃষ্টদ্বিক সমাপ্ত হলো]

[পরামাসগুচ্ছ (এখানে) সমাপ্ত হলো]

১০. মহত্তরদ্বিক

৫৫. সালম্বনদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১. (১) সালম্বন[৩] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি সালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি (সালম্বন) স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) সালম্বন ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনালম্বন[৪] ধর্ম উৎপন্ন হয়। সালম্বন স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

---

[১]। ৪ দৃষ্টি-বিপ্রযুক্ত চিত্ত, ২ দ্বেষমূলক চিত্ত, ২ মোহমূলক চিত্ত, ১৭ লোকীয় কুশল চিত্ত, ৩২ লোকীয় বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, মিথ্যাদৃষ্টি ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-১) = ৫১ চৈতসিক ও ২৮ প্রকার রূপ পরামাস-বিপ্রযুক্ত পরামৃষ্ট ধর্ম।

[২]। ৮ লোকোত্তর চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক ও নির্বাণ পরামাস-বিপ্রযুক্ত না-পরামৃষ্ট ধর্ম।

[৩]। ৮৯ প্রকার চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৫২ প্রকার চৈতসিক সালম্বন ধর্ম অর্থাৎ যা আলম্বন গ্রহণ করে।

[৪]। ২৮ প্রকার রূপ ও নির্বাণ অনালম্বন ধর্ম অর্থাৎ যা আলম্বন গ্রহণ করে না।

Visit: http://www.buddhistdownload.com

প্রতিসন্ধিক্ষণে...।

(৩) সালম্বন ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সালম্বন এবং অনালম্বন ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি সালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

২. (৪) অনালম্বন ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ, কর্ম-সমুত্থানরূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৫) অনালম্বন ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সালম্বন ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সালম্বন স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) অনালম্বন ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সালম্বন এবং অনালম্বন ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে সালম্বন স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

৩. (৭) সালম্বন এবং অনালম্বন ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সালম্বন ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে একটি সালম্বন স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং...।

(৮) সালম্বন এবং অনালম্বন ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনালম্বন ধর্ম উৎপন্ন হয়। সালম্বন স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৯) সালম্বন এবং অনালম্বন ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সালম্বন এবং অনালম্বন ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে একটি সালম্বন স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... সালম্বন স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ উৎপন্ন হয়।

আলম্বন-প্রত্যয় (৩)

৪. (১) সালম্বন ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা সালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি সালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) অনালম্বন ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা সালম্বন ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে সালম্বন স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) সালম্বন এবং অনালম্বন ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা সালম্বন ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে একটি সালম্বন স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... (সংক্ষিপ্ত)।

Visit: http://www.buddhistdownload.com

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৫. হেতুতে নয়, আলম্বনে তিন, অধিপতিতে পাঁচ, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে এক, আসেবনে এক, কর্মে নয়, বিপাকে নয়, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়, মার্গে নয়, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে তিন, বিগতে তিন, অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৯)

৬. (১) সালম্বন ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা সালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক সালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) সালম্বন ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অনালম্বন ধর্ম উৎপন্ন হয়। অহেতুক সালম্বন স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(৩) সালম্বন ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা সালম্বন এবং অনালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক সালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে...।

৭. (৪) অনালম্বন ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অনালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি মহাভূতকে... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে...।

(৫) অনালম্বন ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা সালম্বন ধর্ম উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে সালম্বন স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) অনালম্বন ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা সালম্বন এবং অনালম্বন ধর্মসমূহ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে সালম্বন স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

৮. (৭) সালম্বন এবং অনালম্বন ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা সালম্বন ধর্ম উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে একটি সালম্বন স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং...।

(৮) সালম্বন এবং অনালম্বন ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অনালম্বন ধর্ম উৎপন্ন হয়। অহেতুক সালম্বন স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে

Visit: http://www.buddhistdownload.com

ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে...।

(৯) সালম্বন এবং অনালম্বন ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা সালম্বন এবং অনালম্বন ধর্মসমূহ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে একটি সালম্বন স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... সালম্বন স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

না-আলম্বন-প্রত্যয় (৩)

৯. (১) সালম্বন ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা অনালম্বন ধর্ম উৎপন্ন হয়। সালম্বন স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(২) অনালম্বন ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা অনালম্বন ধর্ম উৎপন্ন হয়। (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত করণীয়)।

(৩) সালম্বন এবং অনালম্বন ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা অনালম্বন ধর্ম উৎপন্ন হয়। সালম্বন স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে... (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১০. না-হেতুতে নয়, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে দুই, না-বিপাকে পাঁচ, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে দুই, না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

১১. হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন, না-অধিপতিতে নয়... না-কর্মে এক... না-বিপ্রযুক্তে এক (সংক্ষিপ্ত)।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

১২. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন... সহজাতে নয়... মার্গে এক... অবিগতে নয়।

২. সহজাতবার

(সহজাতবারও প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

Visit: http://www.buddhistdownload.com

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১৩. (১) সালম্বন ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সালম্বন ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ করণীয়)।

(২) সালম্বন ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অনালম্বন ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ করণীয়)।

(৩) সালম্বন ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সালম্বন এবং অনালম্বন ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ করণীয়)।

১৪. (৪) অনালম্বন ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অনালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি মহাভূতকে আশ্রয় করে তিনটি মহাভূত, তিনটি মহাভূতকে আশ্রয় করে একটি মহাভূত, দুটি মহাভূতকে আশ্রয় করে দুটি মহাভূত, মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ, কর্ম-সমুত্থানরূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৫) অনালম্বন ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সালম্বন ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সালম্বন স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সালম্বন স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) অনালম্বন ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সালম্বন এবং অনালম্বন ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সালম্বন স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

১৫. (৭) সালম্বন এবং অনালম্বন ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি সালম্বন স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৮) সালম্বন এবং অনালম্বন ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অনালম্বন ধর্ম উৎপন্ন হয়। সালম্বন স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৯) সালম্বন এবং অনালম্বন ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সালম্বন এবং অনালম্বন ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি সালম্বন স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... সালম্বন স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

আলম্বন-প্রত্যয় (৩)

১৬. (১) সালম্বন ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা সালম্বন ধর্ম

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হয়। একটি সালম্বন স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) অনালম্বন ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা সালম্বন ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সালম্বন স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) সালম্বন এবং অনালম্বন ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা সালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধ এবং চক্ষু-আয়তনকে আশ্রয় করে তিনটি (চক্ষু-বিজ্ঞান-সহগত) স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... কায়-বিজ্ঞান-সহগত... একটি সালম্বন স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে... (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৭. হেতুতে নয়, আলম্বনে তিন, অধিপতিতে নয়, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে তিন, আসেবনে তিন, কর্মে নয়, বিপাকে নয়, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়, মার্গে নয়, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে তিন, বিগতে তিন, অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৯)

১৮. (১-৩) সালম্বন ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা সালম্বন ধর্ম উৎপন্ন হয়... (তিন) (প্রতীত্যবার সদৃশ করা উচিত)।

(৪) অনালম্বন ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা অনালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি মহাভূত... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে...।

(৫) অনালম্বন ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা সালম্বন ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান, শ্রোত্র-আয়তনকে আশ্রয় করে শ্রোত্র-বিজ্ঞান, ঘ্রাণ-আয়তনকে আশ্রয় করে ঘ্রাণ-বিজ্ঞান, জিহ্বা-আয়তনকে আশ্রয় করে জিহ্বা-বিজ্ঞান, কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক সালম্বন স্কন্ধসমূহ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৬) অনালম্বন ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা সালম্বন এবং

Visit: http://www.buddhistdownload.com

অনালম্বন ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক সালম্বন স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

১৯. (৭) সালম্বন এবং অনালম্বন ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা সালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধ এবং চক্ষু-আয়তনকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... কায়-বিজ্ঞান-সহগত... একটি অহেতুক সালম্বন স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৮) সালম্বন এবং অনালম্বন ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা অনালম্বন ধর্ম উৎপন্ন হয়। অহেতুক সালম্বন স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৯) সালম্বন এবং অনালম্বন ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা সালম্বন এবং অনালম্বন ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি অহেতুক সালম্বন স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... অহেতুক সালম্বন স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে একটি অহেতুক সালম্বন স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... অহেতুক সালম্বন স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে কর্ম-সমুত্থানরূপ... (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

২০. না-হেতুতে নয়, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে চার, না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

২১. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়... না-কর্মে এক... না-বিপ্রযুক্তে এক (সংক্ষিপ্ত)।

Visit: http://www.buddhistdownload.com

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

২২. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে নয়... মার্গে তিন... অবিগতে নয়।

৪. নিশ্রয়বার

(নিশ্রয়বার প্রত্যয়বার সদৃশ জানতে হবে)।

৫. সংশ্লিষ্টবার
১-৪. প্রত্যয় : অনুলোম প্রভৃতি

২৩. (১) সালম্বন ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা সালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি সালম্বন স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

২৪. (অনুলোম গণনায়)—হেতুতে এক, আলম্বনে এক, অধিপতিতে এক (সর্বত্র এক), অবিগতে এক।

[অনুলোম সমাপ্ত]

২৫. (১) সালম্বন ধর্মকে সংশ্লিষ্ট করে না-হেতু-প্রত্যয় দ্বারা সালম্বন ধর্ম উৎপন্ন হয়। অহেতুক একটি সালম্বন স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

২৬. (প্রতিলোম গণনায়)—না-হেতুতে এক, না-অধিপতিতে এক, না-পূর্বজাতে এক, না-পশ্চাজ্জাতে এক, না-আসেবনে এক, না-কর্মে এক, না-বিপাকে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে এক।

[প্রতিলোম সমাপ্ত]

৬. সম্প্রযুক্তবার

(অনুরূপভাবে অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এদুটি গণনা ও সম্প্রযুক্তবার করা উচিত)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৩)

২৭. (১) সালম্বন ধর্ম সালম্বন ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সালম্বন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(২) সালম্বন ধর্ম অনালম্বন ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সালম্বন

Visit: http://www.buddhistdownload.com

হেতুসমূহ চিত্ত-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(৩) সালম্বন ধর্ম সালম্বন এবং অনালম্বন ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সালম্বন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

আলম্বন-প্রত্যয় (২)

২৮. (১) সালম্বন ধর্ম সালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান দিয়ে, শীল পালন করে, উপোসথকর্ম করে একে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, আস্বাদন করেন, অভিনন্দিত করেন। সেই কারণে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যময় কুশলকর্মসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, বিগত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন,অবিগত ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে জানেন, সালম্বন স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা সালম্বন চিত্তসম্পন্ন (৮৯ প্রকার চিত্তসম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের... আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের... সালম্বন স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকর্মোপগজ্ঞানের, অনাগতভবজ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৯. অনালম্বন ধর্ম সালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ নির্বাণকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, নির্বাণ গোত্রভূর (লোকোত্তর মার্গের পূর্বক্ষণ), বিশুদ্ধির, মার্গের, ফলের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রধাতুর দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... অনালম্বন স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অধিপতি-প্রত্যয় (৪)

৩০. (১) সালম্বন ধর্ম সালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি**

Visit: http://www.buddhistdownload.com

: দান দিয়ে, শীল পালন করে, উপোসথকর্ম সম্পাদন করে তা গুরুত্ব সহকারে পর্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে লোভ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যময় কুশলকর্মসমূহকে গুরুত্ব সহকারে পর্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে গুরুত্ব সহকারে পর্যবেক্ষণ করেন, আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে গুরুত্ব সহকারে পর্যবেক্ষণ করেন, ফলকে গুরুত্ব সহকারে পর্যবেক্ষণ করেন, সালম্বন স্কন্ধসমূহকে গুরুত্ব সহকারে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে লোভ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** সালম্বন-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সালম্বন ধর্ম অনালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় **সহজাত-অধিপতি :** সালম্বন-অধিপতি চিত্ত-সমুত্থানরূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সালম্বন ধর্ম সালম্বন এবং অনালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** সালম্বন-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩১. (৪) অনালম্বন ধর্ম সালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** আর্যগণ নির্বাণকে গুরুত্ব দিয়ে পর্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তুকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয় প্রভৃতি

৩২. সালম্বন ধর্ম সালম্বন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব সালম্বন... ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক), সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সাত) (প্রতীত্যবারে সহজাত সদৃশ), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (ছয়) (প্রতীত্যবারে অন্যোন্য সৃদশ), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সাত) (প্রত্যয়বারে নিশ্রয় সদৃশ)।

উপনিশ্রয়-প্রত্যয় (২)

৩৩. (১) সালম্বন ধর্ম সালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন... মান

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) শীল... প্রজ্ঞা, রাগ... তৃষ্ণা, কায়িক সুখ, কায়িক দুঃখকে উপনিশ্রয় করে দান কার্য সম্পাদন করেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন, প্রাণির জীবন হরণ করেন... সংঘভেদ করেন। এই কারণে শ্রদ্ধা... প্রজ্ঞা, রাগ... তৃষ্ণা, কায়িক সুখ, কায়িক দুঃখ শ্রদ্ধার... প্রজ্ঞার, রাগের... তৃষ্ণার, কায়িক সুখের, কায়িক দুঃখের, মার্গের ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অনালম্বন ধর্ম সালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ঋতু, ভোজন, শয্যাসনকে উপনিশ্রয় করে দান কার্য সম্পাদন করেন... সমাপত্তি উৎপন্ন করেন, প্রাণির জীবন হরণ করেন... সংঘভেদ করেন। এই কারণে ঋতু, ভোজন, শয্যাসন শ্রদ্ধার... তৃষ্ণার, কায়িক সুখের, কায়িক দুঃখের, মার্গের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় (১)

৩৪. (১) অনালম্বন ধর্ম সালম্বন ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু স্বালম্বন স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (১), আসেবন-প্রত্যয় (১)

৩৫. (১) সালম্বন ধর্ম অনালম্বন ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক)।

(১) সালম্বন ধর্ম স্বালম্বন ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক)।

কর্ম-প্রত্যয় (৩)

৩৬. (১) সালম্বন ধর্ম সালম্বন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** সালম্বন চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** সালম্বন চেতনা বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সালম্বন ধর্ম অনালম্বন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি

Visit: http://www.buddhistdownload.com

দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** সালম্বন চেতনা চিত্ত-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** সালম্বন চেতনা কর্ম-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সালম্বন ধর্ম সালম্বন এবং অনালম্বন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** সালম্বন চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** সালম্বন চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয় (৩), আহার-প্রত্যয় (৭)

৩৭. (১-৩) সালম্বন ধর্ম সালম্বন ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(১-৩) সালম্বন ধর্ম সালম্বন ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৪) অনালম্বন ধর্ম অনালম্বন ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কবলীকৃত (গলাধকরণীয়) আহার এই কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

ইন্দ্রিয়-প্রত্যয় (৬)

৩৮. (১-৩) সালম্বন ধর্ম সালম্বন ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৪) অনালম্বন ধর্ম অনালম্বন ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থানরূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অনালম্বন ধর্ম সালম্বন ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু-ইন্দ্রিয় চক্ষু-বিজ্ঞানের... কায়-ইন্দ্রিয় কায়-বিজ্ঞানের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) সালম্বন এবং অনালম্বন ধর্মসমূহ সালম্বন ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু ইন্দ্রিয় এবং চক্ষু-বিজ্ঞান চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কায়-ইন্দ্রিয় এবং কায়-বিজ্ঞান কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

ধ্যান-প্রত্যয় প্রভৃতি

৩৯. সালম্বন ধর্ম সালম্বন ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন),

Visit: http://www.buddhistdownload.com

মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (২)

৪০. (১) সালম্বন ধর্ম অনালম্বন ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(২) অনালম্বন ধর্ম সালম্বন ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত এবং পূর্বজাত :** প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু সালম্বন স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্বজাত (পূর্বোৎপন্ন) চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু সালম্বন স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয় (৭)

৪১. (১) সালম্বন ধর্ম সালম্বন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি সালম্বন স্কন্ধ তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে...।

(২) সালম্বন ধর্ম অনালম্বন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

(৩) সালম্বন ধর্ম সালম্বন এবং অনালম্বন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (প্রতীত্য সদৃশ হবে)।

৪২. (৪) অনালম্বন ধর্ম অনালম্বন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—সহজাত, আহার এবং ইন্দ্রিয় । **সহজাত :** একটি মহাভূতকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত করণীয়)।

(৫) অনালম্বন ধর্ম সালম্বন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু সালম্বন স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষু দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু সালম্বন স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৩. (৬) সালম্বন এবং অনালম্বন ধর্মসমূহ সালম্বন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং চক্ষু-আয়তন তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের

Visit: http://www.buddhistdownload.com

দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং... একটি কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধ এবং কায়-আয়তন তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং... একটি সালম্বন স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে...।

(৭) সালম্বন এবং অনালম্বন ধর্মসমূহ অনালম্বন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি চতুর্বিধ)—সহজাত, পশ্চাজ্জাত, আহার, ইন্দ্রিয় । **সহজাত :** সালম্বন স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্ত-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...। **পশ্চাজ্জাত এবং আহার :** সালম্বন স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** সালম্বন স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থানরূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৪৪. হেতুতে তিন, আলম্বনে দুই, অধিপতিতে চার, অনন্তরে এক, সমনন্তরে এক, সহজাতে সাত, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে সাত, উপনিশ্রয়ে দুই, পূর্বজাতে এক, পশ্চাজ্জাতে এক, আসেবনে এক, কর্মে তিন, বিপাকে তিন, আহারে চার, ইন্দ্রিয়ে ছয়, ধ্যানে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে এক, বিপ্রযুক্তে দুই, অস্তিতে সাত, নাস্তিতে এক, বিগতে এক, অবিগতে সাত।

প্রতিলোম সংগ্রহ (প্রশ্ন সংখ্যা-৭)

৪৫. (১) সালম্বন ধর্ম সালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সালম্বন ধর্ম অনালম্বন ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সালম্বন ধর্ম সালম্বন এবং অনালম্বন ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৬. (৪) অনালম্বন ধর্ম অনালম্বন ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অনালম্বন ধর্ম সালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) সালম্বন এবং অনালম্বন ধর্মসমূহ সালম্বন ধর্মের সহজাত এবং

Visit: http://www.buddhistdownload.com

পূর্বজাত।

(৭) সালম্বন এবং অনালম্বন ধর্মসমূহ আলম্বন ধর্মের সহজাত, পশ্চাজ্জাত, আহার, ইন্দ্রিয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৪৭. না-হেতুতে সাত, না-আলম্বনে সাত... না-সমনন্তরে সাত, না-সহজাতে ছয়, না-অন্যোন্যে ছয়, না-নিশ্রয়ে ছয়, না-উপনিশ্রয়ে সাত, না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে সাত... না-মার্গে সাত, না-সম্প্রযুক্তে ছয়, না-বিপ্রযুক্তে পাঁচ, না-অস্তিতে চার, না-নাস্তিতে সাত, না-বিগতে সাত, না-অবিগতে চার।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৪৮. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে... না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে এক, না-উপনিশ্রয়ে তিন... না-মার্গে তিন, না-সম্প্রযুক্তে এক, না-বিপ্রযুক্তে এক, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

৪৯. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অধিপতিতে চার, অনন্তরে এক (অনুলোম মাতিকা করতে হবে)... অবিগতে সাত।

[সালম্বনদ্বিক (এখানে) সমাপ্ত হলো]

Visit: http://www.buddhistdownload.com

৫৬. চিত্তদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৫)

৫০. (১) চিত্ত[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনকালে) চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(২) না-চিত্ত[২] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়। একটি না-চিত্ত স্কন্ধকে ভিত্তি করে দুটি (না-চিত্ত) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে...।

(৩) না-চিত্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত ধর্ম উৎপন্ন হয়। না-চিত্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে না-চিত্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়।

(৪) না-চিত্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত এবং না-চিত্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি না-চিত্ত স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে না-চিত্ত একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ, চিত্ত এবং কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ, চিত্ত এবং কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) চিত্ত এবং না-চিত্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম

---

[১]। যা চিন্তা করা হয় তা-ই চিত্ত। কী চিন্তা করে? এখানে 'চিন্তা করে' অর্থ আলম্বন গ্রহণ করে। আলম্বনকে জানে, আলম্বনকে অবগত হয়। 'চিত্ত, মন, বিজ্ঞান' শব্দত্রয় একার্থবোধক। এটিদের যেকোনো একটি অন্য দুটির প্রতিশব্দ জ্ঞাপক। এটিদের লক্ষণ যথাক্রমে চিন্তন, মনন ও বিজানন। এরাও একার্থবোধক অবলম্বন বিজানন চিত্তের স্বভাব। চিত্তের সংখ্যা ৮৯টি। তন্মধ্যে অকুশল চিত্ত ১২টি, অহেতুক চিত্ত ১৮টি, মহাকুশল-মহাবিপাক-মহাক্রিয়া চিত্ত ২৪টি, রূপাবচর চিত্ত ১৫টি, অরূপাবচর চিত্ত ১২টি এবং লোকোত্তর চিত্ত ৮টি। আবার ৮ প্রকার লোকোত্তর চিত্তের প্রত্যেকটিকে ধ্যানাঙ্গের পঞ্চবিধ ধ্যান অনুসারে গ্রহণ করে, ওই আট প্রকার চিত্তকে (৮×৫) = ৪০ শ্রেণিতে পরিণত করা হয়েছে। সর্বশেষ চিত্তের সংখ্যা ১২১টি।

[২]। ৫২ প্রকার চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-চিত্ত বা চিত্ত নহে তাদৃশ ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হয়। না-চিত্ত একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... চিত্ত এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে চিত্ত এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে না-চিত্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে চিত্ত এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

আলম্বন-প্রত্যয় (৫)

৫১. (১) চিত্ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে...।

(২) না-চিত্ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়। একটি না-চিত্ত স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয় উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে... পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) না-চিত্ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা চিত্ত ধর্ম উৎপন্ন হয়। না-চিত্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে না-চিত্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়।

(৪) না-চিত্ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা চিত্ত এবং না-চিত্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি না-চিত্ত স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে... পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে একটি না-চিত্ত স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) চিত্ত এবং না-চিত্ত ধর্মকে ভিত্তি করে না-চিত্ত ধর্ম উৎপন্ন হয় আলম্বন প্রত্যয়। একটি না-চিত্ত স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে... পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে চিত্ত এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে না-চিত্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৫২. হেতুতে পাঁচ, আলম্বনে পাঁচ, অধিপতিতে পাঁচ, অনন্তরে পাঁচ,

Visit: http://www.buddhistdownload.com

সমনন্তরে পাঁচ, সহজাতে পাঁচ, অন্যোন্যে পাঁচ, নিশ্রয়ে পাঁচ, উপনিশ্রয়ে পাঁচ, পূর্বজাতে পাঁচ, কর্মে পাঁচ, বিপাকে পাঁচ, আহারে পাঁচ, ইন্দ্রিয়ে পাঁচ, ধ্যানে পাঁচ, মার্গে পাঁচ, সম্প্রযুক্তে পাঁচ, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে পাঁচ, নাস্তিতে পাঁচ, বিগতে পাঁচ, অবিগতে পাঁচ।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৫)

৫৩. (১) চিত্ত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়। অহেতুক চিত্তকে[১] ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে... বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত চিত্তকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) না-চিত্ত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক না-চিত্ত স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত করা উচিত) বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৩) না-চিত্ত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত ধর্ম উৎপন্ন হয়। অহেতুক না-চিত্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে না-চিত্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়।

(৪) না-চিত্ত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত এবং না-চিত্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। অহেতুক না-চিত্ত একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) চিত্ত এবং না-চিত্ত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক না-চিত্ত স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... অহেতুক প্রতিসন্ধিক্ষণে না-চিত্ত একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থানরূপ

---

[১]। পঞ্চদ্বারাবর্তন চিত্ত, দ্বিপঞ্চ-বিজ্ঞান, সম্প্রতীচ্ছ, সন্তীরণ, ব্যবস্থাপন এবং হসিতোৎপাদ—এই আঠার চিত্ত অহেতুক। ছয় প্রকার হেতুর কোন হেতু দ্বারা এরা আলম্বনে প্রতিষ্ঠিত হয় না।

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্ত এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে না-চিত্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

না-আলম্বন-প্রত্যয় (৩)

৫৪. (১) চিত্ত ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(২) না-চিত্ত ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়। না-চিত্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত বিস্তার করণীয়)।

(৩) চিত্ত এবং না-চিত্ত ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চিত্তকে এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্তকে এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চিত্ত এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

না-অধিপতি-প্রত্যয় প্রভৃতি

৫৫. চিত্ত ধর্মকে ভিত্তি করে না-চিত্ত ধর্ম উৎপন্ন হয় না-অধিপতি-প্রত্যয় দ্বারা... (পাঁচ), না-অনন্তর-প্রত্যয় দ্বারা... (তিন), না-উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা... (তিন)।

না-পূর্বজাত-প্রত্যয় প্রভৃতি

৫৬. (১) চিত্ত ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(২) না-চিত্ত ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে না-চিত্ত একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... না-চিত্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত পাঠ করতে হবে)।

(৩) না-চিত্ত ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা চিত্ত ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে না-চিত্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৪) না-চিত্ত ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা চিত্ত এবং না-চিত্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। অরূপলোকে একটি না-চিত্ত স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) চিত্ত এবং না-চিত্ত ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি না-চিত্ত স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... না-চিত্ত স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চিত্ত এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে না-চিত্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চিত্ত এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা... না-আসেবন-প্রত্যয় দ্বারা...।

না-কর্ম-প্রত্যয় (৩)

৫৭. (১) চিত্ত ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়। চিত্ত ভিত্তি করে সম্প্রযুক্ত চেতনা উৎপন্ন হয়।

(২) না-চিত্ত ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়। না-চিত্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে সম্প্রযুক্ত চেতনা উৎপন্ন হয়। বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত...।

(৩) চিত্ত এবং না-চিত্ত ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়। না-চিত্ত স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত চেতনা উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৫৮. না-হেতুতে পাঁচ, না-আলম্বনে তিন, না-অধিপতিতে পাঁচ, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে পাঁচ, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে পাঁচ, না-কর্মে তিন, না-বিপাকে পাঁচ, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে পাঁচ, না-মার্গে পাঁচ, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে পাঁচ, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৫৯. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে পাঁচ (সংক্ষিপ্ত)।

Visit: http://www.buddhistdownload.com

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

৬০. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে পাঁচ, অনন্তরে পাঁচ (সর্বত্র পাঁচ), মার্গে তিন... অবিগতে পাঁচ।

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ হবে)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৫)

৬১. (১) চিত্ত ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়। চিত্তবশত সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(২) না-চিত্ত ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়। একটি না-চিত্ত স্কন্ধবশত দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (মহাভূতসমূহ পর্যন্ত পড়তে হবে), (হৃদয়) বাস্তুবশত না-চিত্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) না-চিত্ত ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত ধর্ম উৎপন্ন হয়। না-চিত্ত স্কন্ধসমূহ আশ্রয় করে চিত্ত উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুবশত চিত্ত উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে না-চিত্ত স্কন্ধসমূহবশত চিত্ত, প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুবশত চিত্ত উৎপন্ন হয়।

(৪) না-চিত্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত এবং না-চিত্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি না-চিত্ত স্কন্ধবশত দুটি স্কন্ধ এবং চিত্ত এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... (হৃদয়) বাস্তুবশত চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে একটি না-চিত্ত স্কন্ধবশত দুটি স্কন্ধ এবং চিত্ত এবং কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুবশত চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) চিত্ত এবং না-চিত্ত ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়। একটি না-চিত্ত স্কন্ধ এবং চিত্তবশত দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... চিত্ত এবং মহাভূতসমূহবশত চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চিত্ত এবং (হৃদয়) বাস্তুবশত না-চিত্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে একটি না-চিত্ত স্কন্ধ এবং চিত্তবশত দুটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে চিত্ত এবং মহাভূতসমূহবশত কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত এবং (হৃদয়) বাস্তুবশত না-চিত্ত স্কন্ধসমূহ

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হয়।

আলম্বন-প্রত্যয় (৫)

৬২. (১) চিত্ত ধর্মবশত আলম্বন-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়... (এক) (প্রতীত্যবার সদৃশ করণীয়)।

(২) না-চিত্ত ধর্মবশত আলম্বন-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়। একটি না-চিত্ত স্কন্ধবশত দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুবশত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। চক্ষু-আয়তনবশত চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ... কায়-আয়তনবশত কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ, (হৃদয়) বাস্তুবশত না-চিত্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) না-চিত্ত ধর্মবশত আলম্বন-প্রত্যয় দ্বারা চিত্ত ধর্ম উৎপন্ন হয়। না-চিত্ত স্কন্ধসমূহবশত চিত্ত উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুবশত চিত্ত উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে না-চিত্ত স্কন্ধসমূহবশত চিত্ত উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুবশত চিত্ত উৎপন্ন হয়। চক্ষু-আয়তনবশত চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনবশত কায়-বিজ্ঞান উৎপন্ন হয়।

(৪) না-চিত্ত ধর্মবশত আলম্বন-প্রত্যয় দ্বারা চিত্ত এবং না-চিত্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি না-চিত্ত স্কন্ধবশত দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... (হৃদয়) বাস্তুবশত চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুবশত চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। চক্ষু-আয়তনবশত চক্ষু-বিজ্ঞান এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ... কায়-আয়তনবশত কায়-বিজ্ঞান এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) চিত্ত এবং না-চিত্ত ধর্মবশত আলম্বন-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়। একটি না-চিত্ত স্কন্ধ এবং চিত্তবশত দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... চিত্ত এবং (হৃদয়) বাস্তুবশত না-চিত্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... প্রতিসন্ধিক্ষণে চিত্ত এবং (হৃদয়) বাস্তুবশত না-চিত্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। চক্ষু-আয়তন এবং চক্ষু-বিজ্ঞানবশত চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ... কায়-আয়তন এবং কায়-বিজ্ঞানবশত কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ... (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৬৩. হেতুতে পাঁচ, আলম্বনে পাঁচ, অধিপতিতে পাঁচ (সর্বত্র পাঁচ), অবিগতে পাঁচ

Visit: http://www.buddhistdownload.com

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৫)

৬৪. (১) চিত্ত ধর্মবশত না-হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়। অহেতুক চিত্তবশত সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে... বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত চিত্তবশত বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

৬৫. (২) না-চিত্ত ধর্মবশত না-হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়। অহেতুক একটি না-চিত্ত স্কন্ধবশত দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জানতে হবে), চক্ষু-আয়তনবশত চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ... কায়-আয়তনবশত কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ, (হৃদয়) বাস্তুবশত অহেতুক না-চিত্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুবশত বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৩) না-চিত্ত ধর্মবশত না-হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত ধর্ম উৎপন্ন হয়। অহেতুক না-চিত্ত স্কন্ধসমূহবশত চিত্ত উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুবশত চিত্ত উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুবশত চিত্ত উৎপন্ন হয়। চক্ষু-আয়তনবশত চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনবশত কায়-বিজ্ঞান উৎপন্ন হয়।

(৪) না-চিত্ত ধর্মবশত না-হেতু-প্রত্যয় দ্বারা চিত্ত এবং না-চিত্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি অহেতুক না-চিত্ত স্কন্ধবশত দুটি স্কন্ধ এবং চিত্ত এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... (হৃদয়) বাস্তুবশত চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুবশত চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। চক্ষু-আয়তনবশত চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনবশত কায়-বিজ্ঞান উৎপন্ন হয়।

(৫) চিত্ত এবং না-চিত্ত ধর্মবশত না-হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক না-চিত্ত স্কন্ধ এবং চিত্তবশত দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... চিত্ত এবং (হৃদয়) বাস্তুবশত না-চিত্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্ত এবং (হৃদয়) বাস্তুবশত না-চিত্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। চক্ষু-আয়তন এবং চক্ষু-বিজ্ঞানবশত চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ... কায়-আয়তন এবং... বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং চিত্তবশত বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

Visit: http://www.buddhistdownload.com

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৬৬. না-হেতুতে পাঁচ, না-আলম্বনে তিন, না-অধিপতিতে পাঁচ, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে পাঁচ, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে পাঁচ, না-কর্মে তিন, না-বিপাকে পাঁচ, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে পাঁচ, না-মার্গে পাঁচ, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে পাঁচ, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৬৭. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে পাঁচ (সংক্ষিপ্ত)।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(হেতুমূলক—দ্বিক)

৬৮. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে পাঁচ, অনন্তরে পাঁচ (সর্বত্র পাঁচ), মার্গে তিন... অবিগতে পাঁচ।

৪. নিশ্রয়বার

(নিশ্রয়বার প্রত্যয়বার সদৃশ পড়তে হবে)।

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোম প্রভৃতি—হেতু-প্রত্যয় (৫)

৩১৯. (৪) বাহ্যিক (বহিঃস্থিত বা বাইরের) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক একটি একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি (বাহ্যিক) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অনুরূপভাবে দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ, কর্ম-সমুত্থানরূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৫) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত এবং অভ্যন্তরীণ কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়।

(৬) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মসমূহ উৎপন্ন হয়। বাহ্যিক একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ, চিত্ত এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অনুরূপভাবে দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ, চিত্ত এবং অভ্যন্তরীণ ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

৩২০. (৭) অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে অভ্যন্তরীণ কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৮) অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অনুরূপভাবে দুটি স্কন্ধ এবং... চিত্ত এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। আবার দুটি স্কন্ধ এবং... চিত্ত এবং মহাভূতসমূহকে ভিত্তি করে বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে বাহ্যিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৯) অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং অভ্যন্তরীণ ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং...।

আলম্বন-প্রত্যয় (৫)

৩২১. (১) অভ্যন্তরীণ ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। অনুরূপভাবে দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়।

(৪) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মসমূহ উৎপন্ন হয়। বাহ্যিক একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। অনুরূপভাবে দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। অনুরূপভাবে দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ এবং... (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৩২২. হেতুতে নয়, আলম্বনে পাঁচ, অধিপতিতে পাঁচ, অনন্তরে পাঁচ, সমনন্তরে পাঁচ, সহজাতে নয়, অন্যোন্যে পাঁচ, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে পাঁচ, পূর্বজাতে পাঁচ, আসেবনে পাঁচ, কর্মে নয়, বিপাকে নয় (সর্বত্র নয়), সম্প্রযুক্তে পাঁচ, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে পাঁচ, অবিগতে নয়।

Visit: http://www.buddhistdownload.com

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৯)

৩২৩. (১) অভ্যন্তরীণ ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে অভ্যন্তরীণ কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(২) অভ্যন্তরীণ ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। অহেতুক চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত চিত্তকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৩) অভ্যন্তরীণ ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মসমূহ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং অভ্যন্তরীণ ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

৩২৪. (৪) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক একটি অহেতুক স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অনুরূপভাবে দুটি স্কন্ধ... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য) বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৫) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়। অহেতুক বাহ্যিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত এবং অভ্যন্তরীণ কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়।

(৬) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মসমূহ উৎপন্ন হয়। বাহ্যিক একটি অহেতুক স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ, চিত্ত এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। আবার দুটি স্কন্ধ... অহেতুক প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ, চিত্ত এবং অভ্যন্তরীণ ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

৩২৫. (৭) অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে অভ্যন্তরীণ কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৮) অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক একটি অহেতুক স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। আবার দুটি স্কন্ধ... অহেতুক চিত্ত এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং বাহ্যিক চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্ত এবং মহাভূতসমূহকে ভিত্তি করে বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্ত এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে বাহ্যিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৯) অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মসমূহ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক একটি স্কন্ধ এবং চিত্তকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং অভ্যন্তরীণ ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। আবার দুটি স্কন্ধ এবং...।

না-আলম্বন-প্রত্যয় (৯)

৩২৬. (১) অভ্যন্তরীণ ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে অভ্যন্তরীণ কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(২) অভ্যন্তরীণ ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৩) অভ্যন্তরীণ ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্তকে ভিত্তি করে অভ্যন্তরীণ ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৪) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক স্কন্ধসমূহকে ভিত্তি করে বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। বাহ্যিক স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। একটি মহাভূতকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য)।

(৫) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক স্কন্ধসমূহকে ভিত্তি করে অভ্যন্তরীণ কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৬) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ এবং

Visit: http://www.buddhistdownload.com

বাহ্যিক ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক স্কন্ধসমূহকে ভিত্তি করে অভ্যন্তরীণ ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

৩২৭. (৭) অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে অভ্যন্তরীণ কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৮) অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক স্কন্ধসমূহ এবং চিত্তকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চিত্ত এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয় (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন করণীয়)।

(৯) অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে অভ্যন্তরীণ ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

না-ধ্যান-প্রত্যয় (৫)

৩২৮. (১) অভ্যন্তরীণ ধর্মকে ভিত্তি করে না-ধ্যান-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-বিজ্ঞানকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ... কায়-বিজ্ঞানকে...।

(২) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-ধ্যান-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। আবার দুটি স্কন্ধকে... কায়-বিজ্ঞান-সহগত... বাহ্যিক, আহার সমুত্থান, ঋতু-সমুত্থান, অসংজ্ঞসত্ত্বগণের...।

(৩) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-ধ্যান-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে চক্ষু-বিজ্ঞান... কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে কায়-বিজ্ঞান উৎপন্ন হয়।

(৪) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-ধ্যান-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মসমূহ উৎপন্ন হয়। চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চক্ষু-বিজ্ঞান উৎপন্ন হয়। আবার দুটি স্কন্ধকে... কায়-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধকে...।

(৫) অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-ধ্যান-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং চক্ষু-বিজ্ঞানকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। আবার দুটি স্কন্ধ... কায়-বিজ্ঞানকে (চক্রাকারে তৈরি করতে হবে)।

Visit: http://www.buddhistdownload.com

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৩২৯. না-হেতুতে নয়, না-আলম্বনে নয়, না-অধিপতিতে নয়, না-অনন্তরে নয় (সর্বত্র নয়), না-কর্মে তিন, না-বিপাকে পাঁচ, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে পাঁচ, না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে নয়, না-বিপ্রযুক্তে পাঁচ, না-নাস্তিতে নয়, না-বিগতে নয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৩৩০. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে নয়, না-অধিপতিতে নয় (সংক্ষিপ্ত)।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

৩৩১. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে পাঁচ, অনন্তরে পাঁচ, সমনন্তরে পাঁচ, সহজাতে নয়... মার্গে তিন (সংক্ষিপ্ত)।

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ বুঝতে হবে)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

৩৩২. (১) অভ্যন্তরীণ ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ পঠিতব্য)।

(২) অভ্যন্তরীণ ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ পঠিতব্য)।

(৩) অভ্যন্তরীণ ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ পঠিতব্য)।

(৪) বাহ্যিক ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক একটি স্কন্ধকে অবলম্বন করে দুটি (বাহ্যিক) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন করণীয়, অভ্যন্তরীণ মহাভূতসমূহ পর্যন্ত জ্ঞাতব্য) (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে বাহ্যিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) বাহ্যিক ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক স্কন্ধকে অবলম্বন করে চিত্ত উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে অবলম্বন করে চিত্ত উৎপন্ন হয় (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন করণীয়)।

Visit: http://www.buddhistdownload.com

(৬) বাহ্যিক ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মসমূহ উৎপন্ন হয়। বাহ্যিক একটি স্কন্ধকে অবলম্বন করে দুটি স্কন্ধ, চিত্ত এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... (ছয়) বাস্তুকে অবলম্বন করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন করণীয়)।

৩৩৩. (৭) অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে অবলম্বন করে অভ্যন্তরীণ কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়।

(৮) অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক একটি স্কন্ধ এবং চিত্তকে অবলম্বন করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... চিত্ত এবং মহাভূতসমূহকে অবলম্বন করে চিত্ত-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চিত্ত এবং (ছয়) বাস্তুকে অবলম্বন করে বাহ্যিক স্কন্ধসমূহ উৎপন্ন হয় (প্রতিসন্ধিক্ষণে তিনটি প্রশ্ন করণীয়)।

(৯) অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মকে অবলম্বন করে হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক একটি স্কন্ধ এবং চিত্তকে অবলম্বন করে দুটি স্কন্ধ এবং অভ্যন্তরীণ ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ...।

আলম্বন-প্রত্যয় (৯)

৩৩৪. (১) অভ্যন্তরীণ ধর্মকে অবলম্বন করে আলম্বন-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে অবলম্বন করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে...।

(২) অভ্যন্তরীণ ধর্মকে অবলম্বন করে আলম্বন-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-আয়তন এবং চক্ষু-বিজ্ঞানকে অবলম্বন করে চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। শ্রোত্র-আয়তন এবং শ্রোত্র-বিজ্ঞানকে অবলম্বন করে শ্রোত্র-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। ঘ্রাণ-আয়তন এবং ঘ্রাণ-বিজ্ঞানকে অবলম্বন করে ঘ্রাণ-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। জিহ্বা-আয়তন এবং জিহ্বা-বিজ্ঞানকে অবলম্বন করে জিহ্বা-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। কায়-আয়তন এবং কায়-বিজ্ঞানকে অবলম্বন করে কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। চিত্তকে অবলম্বন করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) অভ্যন্তরীণ ধর্মকে অবলম্বন করে আলম্বন-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মসমূহ উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে অবলম্বন করে চক্ষু-বিজ্ঞান এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়... কায়-আয়তনকে...।

Visit: http://www.buddhistdownload.com

(৪) বাহ্যিক ধর্মকে অবলম্বন করে আলম্বন-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক একটি স্কন্ধকে অবলম্বন করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (ছয়) বাস্তুকে অবলম্বন করে বাহ্যিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) বাহ্যিক ধর্মকে অবলম্বন করে আলম্বন-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক স্কন্ধসমূহকে অবলম্বন করে চিত্ত উৎপন্ন হয়। (ছয়) বাস্তুকে অবলম্বন করে চিত্ত উৎপন্ন হয় (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন করণীয়)।

(৬) বাহ্যিক ধর্মকে অবলম্বন করে আলম্বন-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মসমূহ উৎপন্ন হয়। (ছয়) বাস্তুকে অবলম্বন করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (প্রতিসন্ধিক্ষণে একটি প্রশ্ন করণীয়)।

৩৩৫. (৭) অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মকে অবলম্বন করে আলম্বন-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ এবং চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান উৎপন্ন হয়... কায়-বিজ্ঞান-সহগত...।

(৮) অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মকে অবলম্বন করে আলম্বন-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ, চক্ষু-আয়তন এবং চক্ষু-বিজ্ঞানকে অবলম্বন করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ... কায়-বিজ্ঞান-সহগত... বাহ্যিক একটি স্কন্ধ এবং চিত্তকে অবলম্বন করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... চিত্ত এবং (ছয়) বাস্তুকে অবলম্বন করে বাহ্যিক স্কন্ধসমূহ উৎপন্ন হয় (প্রতিসন্ধিক্ষণে দুটি প্রশ্ন করণীয়)।

(৯) অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মকে অবলম্বন করে আলম্বন-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মসমূহ উৎপন্ন হয়। চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং চক্ষু-আয়তনকে অবলম্বন করে দুটি স্কন্ধ এবং চক্ষু-বিজ্ঞান উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৩৩৬. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে পাঁচ, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে নয়, আসেবনে নয়, কর্মে নয় (সর্বত্র নয়), অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৯)

৩৩৭. (১) অভ্যন্তরীণ ধর্মকে অবলম্বন করে না-হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে চিত্তকে অবলম্বন করে

Visit: http://www.buddhistdownload.com

অভ্যন্তরীণ কর্ম-সমুত্থানরূপ উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে অবলম্বন করে চক্ষু-বিজ্ঞান উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত। অনুরূপভাবে নয়টি প্রশ্ন করণীয়। পঞ্চবিজ্ঞানের প্রবেশ করে একইভাবে তিনটি মোহ করণীয়)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৩৩৮. না-হেতুতে নয়, না-আলম্বনে নয়, না-অধিপতিতে নয়, না-অনন্তরে নয়, না-সমনন্তরে নয়, না-অন্যোন্যে নয়, না-উপনিশ্রয়ে নয়, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে পাঁচ, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে নয়, না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে নয়, না-বিপ্রযুক্তে পাঁচ, না-নাস্তিতে নয়, না-বিগতে নয়।

৪. নিশ্রয়বার

(অনুরূপভাবে অপর দুটি গণনা ও নিশ্রয়বার জানতে হবে)।

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোমাদি

৩৩৯. (১) অভ্যন্তরীণ ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। চিত্তকে সংশ্লিষ্ট করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে চিত্তকে সংশ্লিষ্ট করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) বাহ্যিক ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। আবার দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৩) বাহ্যিক ধর্মকে সংশ্লিষ্ট করে অভ্যন্তরীণ ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে চিত্ত উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৪) বাহ্যিক ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মসমূহ উৎপন্ন হয়। বাহ্যিক একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ এবং চিত্ত উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৫) অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক একটি স্কন্ধ এবং চিত্তকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (সংক্ষিপ্ত)।

(অনুলোম গণনা)—হেতুতে পাঁচ, আলম্বনে পাঁচ, অধিপতিতে পাঁচ (সর্বত্র পাঁচ), অবিগতে পাঁচ।

(১) অভ্যন্তরীণ ধর্মকে সংশ্লিষ্ট করে না-হেতু-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। (অনুরূপভাবে পাঁচটি প্রশ্ন তৈরি করতে হবে, তিনটিতে মোহ

Visit: http://www.buddhistdownload.com

করণীয়)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে পাঁচ, না-অধিপতিতে পাঁচ, না-পূর্বজাতে পাঁচ, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে পাঁচ, না-কর্মে তিন, না-বিপাকে পাঁচ, না-ধ্যানে পাঁচ, না-মার্গে পাঁচ, না-বিপ্রযুক্তে পাঁচ।

৬. সম্প্রযুক্তবার

(অনুরূপভাবে অপর দুটি গণনা ও সম্প্রযুক্তবার জানতে হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩)

৩৪০. (১) হেতু-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। (প্রবর্তনকালে) হেতু-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিকালে হেতু-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং বাহ্যিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

(২) হেতু-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক (অভ্যন্তরীণ বা নিজস্ব) ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক হেতুসমূহ চিত্তের প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিকালে হেতু-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক হেতুসমূহ চিত্তের এবং আধ্যাত্মিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

(৩) হেতু-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, চিত্তের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিকালে হেতু-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, চিত্তের এবং আধ্যাত্মিক ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

৩৪১. (১) আলম্বন-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের প্রত্যয় হয়। চিত্তকে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়।

(২) আলম্বন-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। চিত্তকে ভিত্তি করে বাহ্যিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) আলম্বন-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। চিত্তকে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৪) আলম্বন-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। দানময় কার্য করেন, শীলময় বিশুদ্ধ জীবন যাপন করেন, যথানিয়মে উপোসথকর্ম সম্পাদন করেন। (অতঃপর) তা স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, আস্বাদন

Visit: http://www.buddhistdownload.com

করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য একে ভিত্তি করে রাগ... দৌর্মনস্য বা মানসিক নিরানন্দতা উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহ স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, ধ্যান হতে উঠে ধ্যানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, আর্যগণ মার্গ হতে উঠে মার্গকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন। আলম্বন-প্রত্যয়ের দ্বারা নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের আবর্তন-চিত্তের প্রত্যয় হয়। আর্যগণ বাহ্যিক এমন বিদূরিত ক্লেশসমূহকে (অর্থাৎ ১০ প্রকার ক্লেশকে) স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, বিদূরিতব্য ক্লেশসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে জানেন। রূপ... (হৃদয়) বাস্তু, বাহ্যিক স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা বাহ্যিক চিত্তসম্পন্ন (৫২ প্রকার চৈতসিক সম্পন্ন) ব্যক্তির চিত্তকে জানেন। আলম্বন-প্রত্যয়ের দ্বারা আকাশ-অনন্ত-আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের... আলম্বন-প্রত্যয়ের দ্বারা আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের... আলম্বন-প্রত্যয়ের দ্বারা রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের প্রত্যয় হয়... আলম্বন-প্রত্যয়ের দ্বারা স্প্রষ্টব্য-আয়তন... আলম্বন-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকর্মোপগজ্ঞানের, অনাগতভবজ্ঞানের এবং আবর্তন-চিত্তের প্রত্যয় হয়।

(৫) আলম্বন-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের প্রত্যয় হয়। দানময় কার্য করেন, শীলময় বিশুদ্ধ জীবন যাপন করেন, যথানিয়মে উপোসথকর্ম সম্পাদন করেন। (অতঃপর) তা স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য একে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, ধ্যানকে স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন... (সংক্ষিপ্ত, সমস্তই করণীয়) পূর্বে এমন আসক্ত ক্লেশসমূহকে জানেন। রূপ... (হৃদয়) বাস্তু, বাহ্যিক স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও নিজের নহে বলে জ্ঞানদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য একে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন... আলম্বন-প্রত্যয়ের দ্বারা রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... আলম্বন-প্রত্যয়ের দ্বারা স্প্রষ্টব্য-আয়তন... আলম্বন-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকর্মোপগজ্ঞানের, অনাগতভবজ্ঞানের, আবর্তন-চিত্তের প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৬) আলম্বন-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। দানময় কার্য করেন, শীলময় বিশুদ্ধ জীবন যাপন করেন, যথানিয়মে উপোসথকর্ম সম্পাদন করেন। (অতঃপর) তা স্মৃতি-সম্প্রজ্ঞানে পর্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য একে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত, সমস্তই করণীয়)। বাহ্যিক স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও নিজের নহে বলে আকারে বিশেষভাবে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য একে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন... আলম্বন-প্রত্যয়ের দ্বারা রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের... আলম্বন-প্রত্যয়ের দ্বারা স্প্রষ্টব্য-আয়তন... আলম্বন-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকর্মোপগজ্ঞানের, অনাগতভবজ্ঞানের এবং আবর্তন-চিত্তের প্রত্যয় হয়।

(৭-৯) আলম্বন-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

অধিপতি-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

৩৪২. (১) অধিপতি-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** চিত্তকে প্রাধান্য দিয়ে চিত্ত উৎপন্ন হয়।

(২) অধিপতি-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** চিত্তকে প্রাধান্য দিয়ে বাহ্যিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** চিত্তাধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অধিপতি-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** আধ্যাত্মিক চিত্তকে (অর্থাৎ ৮৯ চিত্তকে) প্রাধান্য দিয়ে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৪-৬) অধিপতি-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দেন... (তিন) (দুটি অধিপতিই ও তিনটি প্রশ্ন করণীয়)।

(৭-৯) অধিপতি-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মসমূহ আধ্যাত্মিক ধর্মের প্রত্যয় হয়... (তিন) (তিনটি প্রশ্ন ও একবিধ অধিপতি করণীয়)।

Visit: http://www.buddhistdownload.com

অনন্তর-প্রত্যয় (৯)

৩৪৩. (১-৩) অনন্তর-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব চিত্ত পরবর্তী পরবর্তী চিত্তের প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) অনন্তর-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা পূর্ব পূর্ব বাহ্যিক স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী স্কন্ধসমূহের প্রত্যয় হয়। অনন্তর-প্রত্যয়ের দ্বারা অনুলোম গোত্রভূর... (তিন) (তিনটি প্রশ্নই প্রথমটি সদৃশ জ্ঞাতব্য)।

(৭-৯) অনন্তর-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক এবং বাহ্যিক স্কন্ধসমূহ আধ্যাত্মিক ধর্মের প্রত্যয় হয়... (তিন), সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়), সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়) (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (পাঁচ) (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়) (প্রত্যয়বার সদৃশ জ্ঞাতব্য)।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

৩৪৪. (১-৩) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা চিত্ত চিত্তের প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। (উপনিশ্রয-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন... মান উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) শীল... শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। এই কারণবশত উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা শ্রদ্ধা... শয্যাসন শ্রদ্ধার... ফল-সমাপত্তির প্রত্যয় হয় (তিনটি প্রশ্ন পরিপূর্ণ করা কর্তব্য, চিত্তের এবং সম্প্রযুক্তসমূহের ইত্যাদি করা কর্তব্য)।

(৭-৯) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মসমূহ আধ্যাত্মিক ধর্মে প্রত্যয় হয়... (তিন)।

পূর্বজাত-প্রত্যয় (৯)

৩৪৫. (১) পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... কায়কে (দেহকে) অনিত্য, দুঃখ ও অনাত্মাদৃষ্টিতে

Visit: http://www.buddhistdownload.com

প্রকৃষ্টরূপে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। সেই কারণে একে ভিত্তি করে চিত্ত উৎপন্ন করেন। **বাস্তু-পূর্বজাত :** পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-আয়তন কায়-বিজ্ঞানের প্রত্যয় হয়।

(২) পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... কায়কে অনিত্য, দুঃখ ও অনাত্মাদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন, আস্বাদন করেন... দৌর্মনস্য উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-আয়তন কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৩) পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... কায়কে অনিত্য, দুঃখ ও অনাত্মাদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। সেই কারণে একে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-আয়তন কায়-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

৩৪৬. (৪) পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** রূপ... স্প্রষ্টব্য... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মাদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্রের সাহায্যে রূপ দর্শন করেন, দিব্যকর্ণের সাহায্যে শব্দ শ্রবণ করেন। **বাস্তু-পূর্বজাত :** পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু বাহ্যিক স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৫) পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** রূপ... স্প্রষ্টব্য... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মাদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। সেই কারণে একে ভিত্তি করে চিত্ত উৎপন্ন হয়। দিব্যনেত্রের সাহায্যে রূপ দর্শন করেন, দিব্যকর্ণের সাহায্যে শব্দ শ্রবণ করেন। **বাস্তু-পূর্বজাত :** পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু চিত্তের প্রত্যয় হয়।

(৬) পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মের

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** রূপ... স্প্রষ্টব্য... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মাদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। সেই কারণে একে ভিত্তি করে চিত্ত এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। দিব্যনেত্রের সাহায্যে রূপ দর্শন করেন, দিব্যকর্ণের সাহায্যে শব্দ শ্রবণ করেন। **বাস্তু-পূর্বজাত :** পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু চিত্তের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

৩৪৭. (৭) পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মসমূহ আধ্যাত্মিক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত :** পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-আয়তন এবং (হৃদয়) বাস্তু চিত্তের... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-আয়তন এবং (হৃদয়) বাস্তু চিত্তের প্রত্যয় হয়। পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা রূপ-আয়তন এবং চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা স্প্রষ্টব্য-আয়তন এবং কায়-আয়তন কায়-বিজ্ঞানের প্রত্যয় হয়।

(৮) পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মসমূহ বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত :** পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-আয়তন এবং (হৃদয়) বাস্তু বাহ্যিক স্কন্ধসমূহের প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-আয়তন এবং (হৃদয়) বাস্তু বাহ্যিক স্কন্ধসমূহের প্রত্যয় হয়। পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা রূপ-আয়তন এবং চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা স্প্রষ্টব্য-আয়তন এবং কায়-আয়তন কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৯) পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মসমূহ আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত :** পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-আয়তন এবং (হৃদয়) বাস্তু চিত্তের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা কায়-আয়তন এবং (হৃদয়) বাস্তু... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা রূপ-আয়তন এবং চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা স্প্রষ্টব্য-আয়তন এবং...।

পশ্চাজ্জাত-প্রত্যয় (৯), আসেবন-প্রত্যয় (৯)

৩৪৮. (১) পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের প্রত্যয় হয়। পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা পশ্চাজ্জাত আধ্যাত্মিক (অভ্যন্তরীণ) স্কন্ধসমূহ পূর্বজাত এই আধ্যাত্মিক কায়ের প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(২) পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা পশ্চাজ্জাত আধ্যাত্মিক স্কন্ধসমূহ পূর্বজাত এই বাহ্যিক কায়ের প্রত্যয় হয়।

(৩) পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা পশ্চাজ্জাত আধ্যাত্মিক স্কন্ধসমূহ পূর্বজাত এই আধ্যাত্মিক এবং বাহ্যিক কায়ের প্রত্যয় হয়। (অনুরূপভাবে নয়টি প্রশ্ন করতে হবে)।

(১-৯) আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়টি প্রশ্ন করতে হবে)।

কর্ম-প্রত্যয় (৩), বিপাক-প্রত্যয় (৯)

৩৪৯. (১) কর্ম-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** কর্ম-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** কর্ম-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক চেতনা বিপাক (ফলপ্রদায়ী) বাহ্যিক স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

(২) কর্ম-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** কর্ম-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক চেতনা চিত্তের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** কর্ম-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক চেতনা বিপাক চিত্তের এবং আধ্যাত্মিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

(৩) কর্ম-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** কর্ম-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, চিত্তের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** কর্ম-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক চেতনা বিপাক স্কন্ধসমূহের, চিত্তের এবং আধ্যাত্মিক ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

(১-৯) বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

আহার-প্রত্যয় (৯)

৩৫০. (১) আহার-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে আহার-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক আহারসমূহ আধ্যাত্মিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

(২) আহার-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

আহার-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে আহার-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং বাহ্যিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

(৩) আহার-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে আহার-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং আধ্যাত্মিক ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

৩৫১. (৪) আহার-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। আহার-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... আহার-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক কবলীকৃত আহার বাহ্যিক কায়ের প্রত্যয় হয়।

(৫) আহার-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের প্রত্যয় হয়। আহার-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক আহারসমূহ চিত্তের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে আহার-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক আহারসমূহ চিত্তের এবং আধ্যাত্মিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। আহার-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক কবলীকৃত আহার আধ্যাত্মিক কায়ের প্রত্যয় হয়।

(৬) আহার-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। আহার-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, চিত্তের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে আহার-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, চিত্তের এবং আধ্যাত্মিক ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। আহার-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক কবলীকৃত আহার আধ্যাত্মিক ও বাহ্যিক কায়ের প্রত্যয় হয়।

৩৫২. (৭) আহার-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মসমূহ আধ্যাত্মিক ধর্মের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে আহার-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ও বাহ্যিক আহারসমূহ আধ্যাত্মিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

(৮) আহার-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মসমূহ বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। আহার-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ও বাহ্যিক আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে আহার-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ও বাহ্যিক আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং বাহ্যিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

(৯) আহার-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মসমূহ আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে আহার-প্রত্যয়ের দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

আধ্যাত্মিক ও বাহ্যিক আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং আধ্যাত্মিক ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

ইন্দ্রিয়-প্রত্যয় (৯)

৩৫৩. (১) ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ইন্দ্রিয়সমূহ আধ্যাত্মিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা চক্ষু-ইন্দ্রিয় চক্ষু-বিজ্ঞানের... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা কায়-ইন্দ্রিয় কায়-বিজ্ঞানের প্রত্যয় হয়।

(২) ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং বাহ্যিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা চক্ষু-ইন্দ্রিয় চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা কায়-ইন্দ্রিয় কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৩) ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং আধ্যাত্মিক ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা চক্ষু-ইন্দ্রিয় চক্ষু-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা কায়-ইন্দ্রিয় কায়-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

৩৫৪. (৪) ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং বাহ্যিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা রূপ-জীবিত-ইন্দ্রিয় বাহ্যিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

(৫) ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের প্রত্যয় হয়। ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ইন্দ্রিয়সমূহ চিত্তের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ইন্দ্রিয়সমূহ চিত্তের এবং আধ্যাত্মিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা রূপ-জীবিত-ইন্দ্রিয় আধ্যাত্মিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

(৬) ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, চিত্তের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে ইন্দ্রিয়-

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, চিত্তের এবং আধ্যাত্মিক ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা রূপ-জীবিত-ইন্দ্রিয় আধ্যাত্মিক ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

৩৫৫. (৭) ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মসমূহ আধ্যাত্মিক ধর্মের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ও বাহ্যিক ইন্দ্রিয়সমূহ আধ্যাত্মিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা চক্ষু-ইন্দ্রিয় এবং উপেক্ষা-ইন্দ্রিয় চক্ষু-বিজ্ঞানের প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা কায়-ইন্দ্রিয় এবং সুখ-ইন্দ্রিয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা কায়-ইন্দ্রিয় এবং দুঃখ-ইন্দ্রিয় কায়-বিজ্ঞানের প্রত্যয় হয়।

(৮) ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মসমূহ বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ও বাহ্যিক ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ও বাহ্যিক ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং বাহ্যিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা চক্ষু-ইন্দ্রিয় এবং উপেক্ষা-ইন্দ্রিয় চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা কায়-ইন্দ্রিয় এবং সুখ-ইন্দ্রিয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা কায়-ইন্দ্রিয় এবং দুঃখ-ইন্দ্রিয় কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৯) ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মসমূহ আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক[১] ও বাহ্যিক[২] ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং আধ্যাত্মিক ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা চক্ষু-ইন্দ্রিয় এবং উপেক্ষা-ইন্দ্রিয় চক্ষু-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা কায়-ইন্দ্রিয় এবং...।

ধ্যান-প্রত্যয় ইত্যাদি

৩৫৬. ধ্যান-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়... (তিন), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (পাঁচ)।

---

[১]। অভ্যন্তরীণ ইন্দ্রিয় : চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায় ও মন-ইন্দ্রিয় আধ্যাত্মিক বা অভ্যন্তরীণ।

[২]। বাহ্যিক ইন্দ্রিয় : ছয় প্রকার আধ্যাত্মিক ইন্দ্রিয় ব্যতীত (২২-৬) = ১৬ প্রকার ইন্দ্রিয় বাহ্যিক বা বাইরের।

Visit: http://www.buddhistdownload.com

বিপ্রযুক্ত-প্রত্যয় (৯)

৩৫৭. (১) বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা চিত্ত আধ্যাত্মিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। **পূর্বজাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা কায়-আয়তন কায়-বিজ্ঞানের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক স্কন্ধসমূহ পূর্বজাত এই আধ্যাত্মিক কায়ের প্রত্যয় হয়।

(২) বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক স্কন্ধসমূহ চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **পূর্বজাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের... বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা কায়-আয়তন কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক স্কন্ধসমূহ পূর্বজাত এই বাহ্যিক কায়ের প্রত্যয় হয়।

(৩) বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক স্কন্ধসমূহ আধ্যাত্মিক ও বাহ্যিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। **পূর্বজাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের... বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা কায়-আয়তন কায়-বিজ্ঞানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক স্কন্ধসমূহ পূর্বজাত এই আধ্যাত্মিক ও বাহ্যিক কায়ের প্রত্যয় হয়।

৩৫৮. (৪) বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক স্কন্ধসমূহ চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর প্রত্যয় হয়। বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পূর্বজাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু বাহ্যিক স্কন্ধসমূহের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক স্কন্ধসমূহ পূর্বজাত এই বাহ্যিক কায়ের প্রত্যয় হয়।

(৫) বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে

Visit: http://www.buddhistdownload.com

বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক স্কন্ধসমূহ আধ্যাত্মিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু চিত্তের প্রত্যয় হয়। **পূর্বজাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা (হৃদয়) বাস্তু চিত্তের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক স্কন্ধসমূহ পূর্বজাত এই আধ্যাত্মিক কায়ের প্রত্যয় হয়।

(৬) বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

৩৫৯. (৭) বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মসমূহ আধ্যাত্মিক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক এবং বাহ্যিক স্কন্ধসমূহ আধ্যাত্মিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** পশ্চাজ্জাত... (সংক্ষিপ্ত)।

(৮) বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মসমূহ বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত ।

(৯) বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মসমূহ আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ও বাহ্যিক স্কন্ধসমূহ... (সংক্ষিপ্ত)।

অস্তি-প্রত্যয় (৯)

৩৬০. (১) অস্তি-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে অস্তি-প্রত্যয়ের দ্বারা চিত্ত আধ্যাত্মিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু... কায়কে অনিত্য... (পূর্বজাত সদৃশ হবে, নির্ণয় না-না-করণীয়)। **পশ্চাজ্জাত :** (পশ্চাজ্জাত সদৃশ করণীয়)।

(২) অস্তি-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা সহজাত (একসঙ্গে উৎপন্ন) আধ্যাত্মিক স্কন্ধসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)। (এই অস্তি সকলস্থানে সহজাত প্রত্যয়বার সদৃশ জানতে হবে। পূর্বজাত পূর্বজাত সদৃশ জানতে হবে এবং পশ্চাজ্জাত পশ্চাজ্জাত সদৃশ জানতে হবে, নির্ণয় না-না-করণীয়।

(৩) অস্তি-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

৩৬১. (৪) অস্তি-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(এটি পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (সবগুলো বিস্তৃত করণীয়)।

(৫) অস্তি-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের প্রত্যয় হয়। (এটি পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (সংক্ষিপ্ত)।

(৬) অস্তি-প্রত্যয়ের দ্বারা বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। (এটি পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (সংক্ষিপ্ত)।

৩৬২. (৭) অস্তি-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মসমূহ আধ্যাত্মিক ধর্মের প্রত্যয় হয়। (এটি পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় । **সহজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ, চক্ষু-আয়তন, চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ এবং চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের প্রত্যয় হয়... অস্তি-প্রত্যয়ের দ্বারা কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহ এবং... প্রতিসন্ধিক্ষণে অস্তি-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক এবং বাহ্যিক স্কন্ধসমূহ আধ্যাত্মিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়। **পূর্বজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা চক্ষু-আয়তন এবং (হৃদয়) বাস্তু চিত্তের প্রত্যয় হয়... অস্তি-প্রত্যয়ের দ্বারা কায়-আয়তন এবং (হৃদয়) বাস্তু চিত্তের প্রত্যয় হয়। অস্তি-প্রত্যয়ের দ্বারা রূপ-আয়তন এবং চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... অস্তি-প্রত্যয়ের দ্বারা স্প্রষ্টব্য-আয়তন এবং কায়-আয়তন কায়-বিজ্ঞানের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ও বাহ্যিক স্কন্ধসমূহ পূর্বজাত এই আধ্যাত্মিক কায়ের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** অস্তি-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক ও বাহ্যিক স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার এই আধ্যাত্মিক কায়ের প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** অস্তি-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক এবং বাহ্যিক স্কন্ধসমূহ রূপ-জীবিত-ইন্দ্রিয় এবং আধ্যাত্মিক কর্ম-সমুত্থানরূপসমূহের প্রত্যয় হয়।

(৮) অস্তি-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মসমূহ বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। (এটি পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং চক্ষু-আয়তন এবং চক্ষু-বিজ্ঞান দুটি স্কন্ধের প্রত্যয় হয়... (সহজাত প্রত্যয়বার সদৃশ হবে, নির্ণয় না-না-করণীয়, ৭ নং প্রশ্নের মতো জ্ঞাতব্য। পঞ্চবিধ অস্তিই প্রথম ঘটনার ন্যায় এস্থলে বিভাগ করণীয়)।

(৯) অস্তি-প্রত্যয়ের দ্বারা আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মসমূহ আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মের প্রত্যয় হয়। (এটি পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় । **সহজাত এবং পূর্বজাত :** অস্তি-প্রত্যয়ের দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং চক্ষু-আয়তন দুটি স্কন্ধের এবং চক্ষু-বিজ্ঞানের প্রত্যয় হয় (সংক্ষিপ্ত। সকল পদ ৭নং প্রশ্নের মতো করে এস্থলে বিভাগ করণীয়)। নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৩৬৩. হেতুতে তিন, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে পাঁচ, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে নয়, পশ্চাজ্জাতে নয়, আসেবনে নয়, কর্মে তিন, বিপাকে নয়, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে পাঁচ, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৯)

৩৬৪. (১) আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আধ্যাত্মিক ধর্ম বাহ্যিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৬৫. (৪) বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-ধ্যান-প্রত্যয়ের কারণে অনুপাদিন্ন ধর্মকে ভিত্তি করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত...।

না-মার্গ-প্রত্যয়ের কারণে (না-হেতু-প্রত্যয় সদৃশ জ্ঞাতব্য, মোহ লাভ হয় না)... না-সম্প্রযুক্ত-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে ভিত্তি করে উপাদিন্ন ধর্ম উৎপন্ন হয় ।

না-বিপ্রযুক্ত-প্রত্যয়াদি

৪৩০. (১) না-বিপ্রযুক্ত-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে ভিত্তি করে উপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে উপাদিন্ন একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে ভিত্তি করে...।

(২) না-বিপ্রযুক্ত-প্রত্যয়ের কারণে অনুপাদিন্ন ধর্মকে ভিত্তি করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে অনুপাদিন্ন একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত... না-নাস্তি প্রত্যয় দ্বারা... না-বিগত-প্রত্যয় দ্বারা।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৪৩১. না-হেতুতে পাঁচ, না-আলম্বনে চার, না-অধিপতিতে পাঁচ, না-অনন্তরে চার, না-সমনন্তরে চার, না-অন্যোন্যে চার, না-উপনিশ্রয়ে চার, না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে পাঁচ, না-কর্মে এক, না-বিপাকে দুই, না-আহারে দুই, না-ইন্দ্রিয়ে দুই, না-ধ্যানে দুই, না-মার্গে পাঁচ, না-সম্প্রযুক্তে

Visit: http://www.buddhistdownload.com

চার, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে চার, না-বিগতে চার।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম
(হেতুমূলক—দ্বিক)

৪৩২. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে চার, না-অধিপতিতে পাঁচ... না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে পাঁচ, না-কর্মে এক, না-বিপাকে এক... না-সম্প্রযুক্তে চার, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে চার, না-বিগতে চার।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

৪৩৩. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অনন্তরে দুই, সমনন্তরে দুই, সহজাতে পাঁচ, অন্যোন্যে দুই, নিশ্রয়ে পাঁচ, উপনিশ্রয়ে দুই, পূর্বজাতে দুই, আসেবনে এক, কর্মে পাঁচ, বিপাকে পাঁচ... মার্গে এক, সম্প্রযুক্তে দুই... অবিগতে পাঁচ।

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৫)

৪৩৪. (১) হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন (গৃহীত) ধর্মকে নির্ভর করে উপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন একটি স্কন্ধকে নির্ভর করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন একটি স্কন্ধকে নির্ভর করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... স্কন্ধসমূহকে নির্ভর করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে নির্ভর করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহকে নির্ভর করে কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে নির্ভর করে উপাদিন্ন স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে নির্ভর করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন স্কন্ধসমূহকে নির্ভর করে চিত্ত-সমুত্থিত-রূপ এবং (হৃদয়) বাস্তুকে নির্ভর করে অনুপাদিন্ন স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে নির্ভর করে উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মসমূহ উৎপন্ন হয়। উপাদিন্ন একটি স্কন্ধকে নির্ভর করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে...।

(৪) হেতু-প্রত্যয়ের কারণে অনুপাদিন্ন (অগৃহীত) ধর্মকে নির্ভর করে

Visit: http://www.buddhistdownload.com

অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন একটি স্কন্ধকে নির্ভর করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... একটি মহাভূতকে... মহাভূতসমূহকে নির্ভর করে চিত্ত-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৫) হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মকে নির্ভর করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে নির্ভর করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। অনুপাদিন্ন একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে নির্ভর করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং...।

আলম্বন-প্রত্যয় (৪)

৪৩৫. (১) আলম্বন-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে নির্ভর করে উপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন একটি স্কন্ধকে নির্ভর করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (হৃদয়) বাস্তুকে নির্ভর করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে নির্ভর করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে... (হৃদয়) বাস্তুকে নির্ভর করে উপাদিন্ন স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) আলম্বন-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে নির্ভর করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে নির্ভর করে অনুপাদিন্ন স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) আলম্বন-প্রত্যয়ের কারণে অনুপাদিন্ন ধর্মকে নির্ভর করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন একটি স্কন্ধকে নির্ভর করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৪) আলম্বন-প্রত্যয়ের কারণে উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মকে নির্ভর করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে নির্ভর করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং...।

অধিপতি-প্রত্যয় (৩)

৪৩৬. (১) অধিপতি-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে নির্ভর করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে নির্ভর করে অনুপাদিন্ন স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) অধিপতি-প্রত্যয়ের কারণে অনুপাদিন্ন ধর্মকে নির্ভর করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন একটি স্কন্ধকে নির্ভর করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... একটি মহাভূতকে... মহাভূতসমূহকে নির্ভর করে চিত্ত-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৩) অধিপতি-প্রত্যয়ের কারণে উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মকে নির্ভর করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে নির্ভর করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং...। (সংক্ষিপ্ত)।

Visit: http://www.buddhistdownload.com

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৪৩৭. হেতুতে পাঁচ, আলম্বনে চার, অধিপতিতে তিন, অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে পাঁচ, অন্যোন্যে চার, নিশ্রয়ে পাঁচ, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে চার, আসেবনে তিন, কর্মে পাঁচ, বিপাকে পাঁচ... অবিগতে পাঁচ।

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৫)

৪৩৮. (১) না-হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে নির্ভর করে উপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন একটি অহেতুক স্কন্ধকে নির্ভর করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে নির্ভর করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে নির্ভর করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। আবার একটি মহাভূতকে... মহাভূতসমূহকে নির্ভর করে কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। অনুরূপভাবে অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে... চক্ষু-আয়তনকে নির্ভর করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তন... (হৃদয়) বাস্তুকে নির্ভর করে অহেতুক উপাদিন্ন স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) না-হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে নির্ভর করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন অহেতুক স্কন্ধসমূহকে নির্ভর করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে নির্ভর করে অহেতুক অনুপাদিন্ন স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে নির্ভর করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৩) না-হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে নির্ভর করে উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মসমূহ উৎপন্ন হয়। উপাদিন্ন একটি অহেতুক স্কন্ধকে নির্ভর করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে...।

৪৩৯. (৪) না-হেতু-প্রত্যয়ের কারণে অনুপাদিন্ন ধর্মকে নির্ভর করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন একটি অহেতুক স্কন্ধকে নির্ভর করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... একটি মহাভূতকে... বাহ্যিক... আহার-সমুত্থিত... ঋতু-সমুত্থিত... বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে নির্ভর করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৫) না-হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মকে নির্ভর করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন অহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে নির্ভর করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। অনুপাদিন্ন একটি অহেতুক স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে নির্ভর করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... বিচিকিৎসা-

Visit: http://www.buddhistdownload.com

সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে নির্ভর করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৪৪০. না-হেতুতে পাঁচ, না-আলম্বনে চার, না-অধিপতিতে পাঁচ, না-অনন্তরে চার, না-সমনন্তরে চার, না-অন্যোন্যে চার, না-উপনিশ্রয়ে চার, না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে পাঁচ, না-কর্মে তিন, না-বিপাকে চার, না-আহারে দুই, না-ইন্দ্রিয়ে দুই, না-ধ্যানে দুই, না-মার্গে পাঁচ, না-সম্প্রযুক্তে চার, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে চার, না-বিগতে চার।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৪৪১. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে চার, না-অধিপতিতে পাঁচ... না-পূর্বজাতে চার, না-পশ্চাজ্জাতে পাঁচ, না-আসেবনে পাঁচ, না-কর্মে তিন, না-বিপাকে তিন... না-সম্প্রযুক্তে চার, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে চার, না-বিগতে চার।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

৪৪২. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে চার, অনন্তরে চার... মার্গে তিন... অবিগতে পাঁচ।

৪. নিশ্রয়বার

(নিশ্রয়বার প্রত্যয়বার সদৃশ বিস্তারিত পাঠ করতে হবে)।

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোমাদি

৪৪৩. (১) হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে সংশ্লিষ্ট করে উপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) হেতু-প্রত্যয়ের কারণে অনুপাদিন্ন ধর্মকে সংশ্লিষ্ট করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(অনুলোম গণনা)—হেতুতে দুই, আলম্বনে দুই, অধিপতিতে এক, অনন্তরে দুই, সমনন্তরে দুই, সহজাতে দুই, অন্যোন্যে দুই, নিশ্রয়ে দুই, উপনিশ্রয়ে দুই,

Visit: http://www.buddhistdownload.com

পূর্বজাতে দুই, আসেবনে এক, কর্মে দুই, বিপাকে দুই... অবিগতে দুই।

[অনুলোম সমাপ্ত]

৪৪৪. (১) না-হেতু-প্রত্যয়ের কারণে উপাদিন্ন ধর্মকে সংশ্লিষ্ট করে উপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন একটি অহেতুক স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে...।

(২) না-হেতু-প্রত্যয়ের কারণে অনুপাদিন্ন ধর্মকে সংশ্লিষ্ট করে অনুপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন একটি অহেতুক স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে দুই, না-অধিপতিতে দুই, না-পূর্বজাতে দুই, না-পশ্চাজ্জাতে দুই, না-আসেবনে দুই, না-কর্মে এক, না-বিপাকে এক, না-ধ্যানে এক, না-মার্গে দুই, না-বিপ্রযুক্তে দুই।

[প্রতিলোম সমাপ্ত]

৬. সম্প্রযুক্তবার

(অনুরূপভাবে অপর দুটি গণনা ও সম্প্রযুক্তবার বিস্তারিত জ্ঞাতব্য)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৪)

৪৪৫. (১) উপাদিন্ন (তৃষ্ণা-মিথ্যাদৃষ্টি-মান দ্বারা দৃঢ়ভাবে আঁকড়িয়ে ধরা) ধর্ম উপাদিন্ন ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন (তৃষ্ণা-মিথ্যাদৃষ্টি-মান দ্বারা দৃঢ়ভাবে আঁকড়িয়ে না ধরা) ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন হেতুসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদিন্ন ধর্ম উপাদিন্ন এবং অনুপাদিন্ন হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অনুপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

আলম্বন-প্রত্যয় (৪)

৪৪৬. (১) উপাদিন্ন ধর্ম উপাদিন্ন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (শৈক্ষ্যগণ কিংবা পৃথ্গজনেরা) চক্ষু... কায়, উপাদিন্ন রূপ, শব্দ, গন্ধ, রস, স্প্রষ্টব্য, (হৃদয়) বাস্তু, উপাদিন্ন স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশলাকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে (সেই জবনেরই আশুবিপাক স্বরূপ) বিপাক তদালম্বনতা উৎপন্ন হয়। উপাদিন্ন রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... উপাদিন্ন গন্ধ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু... কায়, উপাদিন্ন রূপ, শব্দ, গন্ধ, রস, স্প্রষ্টব্য, (হৃদয়) বাস্তু, উপাদিন্ন স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য (মানসিক দুঃখবেদনা) উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা উপাদিন্ন রূপ দর্শন করেন। চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা উপাদিন্ন চিত্তসমন্বিত পুদ্গলের (৩২ লোকীয় বিপাক চিত্তসম্পন্ন) চিত্তকে জানেন। উপাদিন্ন স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, অনাগতভবজ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৪৭. (৩) অনুপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ধার্মিক ব্যক্তি) দান দিয়ে, শীল অনুশীলন করে, উপোসথকর্ম করে তা স্মৃতি সহকারে পর্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যময় সুকর্মাদিকে স্মৃতি সহকারে পর্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থানপূর্বক ধ্যানকে স্মৃতি সহকারে পর্যবেক্ষণ করেন, আর্যগণ মার্গ হতে উঠে মার্গকে স্মৃতি সহকারে পর্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি সহকারে পর্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি সহকারে পর্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ বিগত ক্লেশসমূহকে স্মৃতি সহকারে পর্যবেক্ষণ করেন, অবিগত ক্লেশসমূহকে স্মৃতি সহকারে পর্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে পর্যবেক্ষণ করেন। অনুপাদিন্ন রূপ, শব্দ, গন্ধ, রস, স্প্রষ্টব্য এবং অনুপাদিন্ন স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা অনুপাদিন্ন রূপকে দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা অনুপাদিন্ন চিত্তসমন্বিত পুদ্গলের (১২ অকুশল চিত্ত, ২১ কুশল চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, ৪ ফল চিত্তসম্পন্ন) চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন... আকিঞ্চন-আয়তন... অনুপাদিন্ন স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকর্মোপগজ্ঞানের, অনাগতভবজ্ঞানের এবং

Visit: http://www.buddhistdownload.com

আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অনুপাদিন্ন ধর্ম উপাদিন্ন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন রূপ, শব্দ, গন্ধ, রস, স্প্রষ্টব্য, (হৃদয়) বাস্তু, এবং অনুপাদিন্ন স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশলাকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে (কামলোকচিত্তে, কামজবনাবসানে, কামলোকস্থসত্ত্বগণের জন্য) বিপাক তদালম্বনতা উৎপন্ন হয়। আকাশ-অনন্ত-আয়তন কুশল (ধ্যানচিত্ত)... বিজ্ঞান-অনন্ত-আয়তন বিপাকের... আকিঞ্চন-আয়তন কুশল... অনুপাদিন্ন রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... শব্দ-আয়তন... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অধিপতি-প্রত্যয় (২)

৪৪৮. (১) উপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** চক্ষু... কায়, উপাদিন্ন রূপ, শব্দ, গন্ধ, রস, স্প্রষ্টব্য, (হৃদয়) বাস্তু, উপাদিন্ন স্কন্ধসমূহকে গুরুত্বের সাথে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ার কারণে রাগ উৎপন্ন হয় এবং মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়।

(২) অনুপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন। অতঃপর একে গুরুত্বের সাথে পর্যবেক্ষণ করেন, আস্বাদ উপভোগ করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ার কারণে রাগ উৎপন্ন হয় এবং মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যময় কুশলকর্মাদিকে গুরুত্বের সাথে পর্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থানপূর্বক ধ্যানকে গুরুত্বের সাথে পর্যবেক্ষণ করেন, আর্যগণ মার্গ হতে উঠে মার্গকে গুরুত্বের সাথে পর্যবেক্ষণ করেন, ফলকে গুরুত্বের সাথে পর্যবেক্ষণ করেন, নির্বাণকে গুরুত্বের সাথে পর্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন রূপ, শব্দ, গন্ধ, রস, স্প্রষ্টব্য, (হৃদয়) বাস্তু,অনুপাদিন্ন স্কন্ধসমূহকে গুরুত্বের সাথে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ায় রাগ উৎপন্ন হয় এবং মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অনুপাদিন্ন-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অনন্তর-প্রত্যয় (৪)

৪৪৯. (১) উপাদিন্ন ধর্ম উপাদিন্ন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

পূর্ব পূর্ব উপাদিন্ন স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী উপাদিন্ন স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পঞ্চবিজ্ঞান বিপাক-মনোধাতুর[১] অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাক-মনোধাতু বিপাক-মনোবিজ্ঞান-ধাতুর[২] অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ভবাঙ্গ (প্রবহমান চিত্ত) আবর্তন-চিত্তের, বিপাক-মনোবিজ্ঞান-ধাতু ক্রিয়া-মনোবিজ্ঞান-ধাতুর[৩] অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৫০. (৩) অনুপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী অনুপাদিন্ন স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অনুপাদিন্ন স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর... ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অনুপাদিন্ন ধর্ম উপাদিন্ন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত পঞ্চবিজ্ঞানের... অনুপাদিন্ন স্কন্ধসমূহ উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (পাঁচ) (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)... অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই) (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)... নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (প্রত্যয়বারে নিশ্রয় সদৃশ জ্ঞাতব্য) (পাঁচ)।

উপনিশ্রয়-প্রত্যয় (৪)

৪৫১. (১) উপাদিন্ন ধর্ম উপাদিন্ন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** কায়িক সুখ কায়িক সুখের, কায়িক দুঃখের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (একইভাবে) কায়িক দুঃখ, উপাদিন্ন ঋতু, ভোজন কায়িক সুখের, কায়িক দুঃখের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। এই কারণে কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন, কায়িক সুখের, কায়িক দুঃখের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-

---

[১]। ২ সম্প্রতীচ্ছ চিত্তই বিপাক-মনোধাতু। এখানে ধাতু বলার কারণ হচ্ছে তারা নিজ নিজ স্বভাব ধারণ করে এবং আত্মার স্বভাব পরিত্যাগ করে না বলে ধাতু বলা হয়েছে।

[২]। ১০ দ্বিপঞ্চ-বিজ্ঞান ও ২ সম্প্রতীচ্ছ চিত্ত ব্যতীত (৩৬-১২) = ২৪ বিপাক চিত্তই বিপাক-মনোবিজ্ঞান-ধাতু।

[৩]। পঞ্চদ্বারাবর্তন ক্রিয়াচিত্ত ব্যতীত (২০-১) = ১৯ ক্রিয়াচিত্তই ক্রিয়া-মনোবিজ্ঞান-ধাতু।

Visit: http://www.buddhistdownload.com

উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** কায়িক সুখকে উপনিশ্রয় করে (অর্থাৎ কায়িক সুখবশে) দান দেন... সংঘভেদ করেন। (একইভাবে) কায়িক দুঃখ, উপাদিন্ন (গৃহীত) ঋতু, ভোজনকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন, প্রাণির জীবন হরণ করেন... সংঘভেদ করেন। এ'হেতুতে কায়িক সুখ, কায়িক দুঃখ, ঋতু, ভোজন শ্রদ্ধার... প্রার্থনার, মার্গের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৫২. (৩) অনুপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন, মান উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) শীল... প্রার্থনা, ঋতু, ভোজন, শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। এই কারণবশত শ্রদ্ধা... প্রার্থনা, ঋতু, ভোজন, শয্যাসন শ্রদ্ধার... প্রার্থনার মার্গের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অনুপাদিন্ন ধর্ম উপাদিন্ন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে নিজেকে উৎপীড়ন করে, বিষণ রকম যন্ত্রণা দেন, উৎপীড়ন করেন এবং অন্বেষণজনিত দুঃখ অনুভব করেন। (অনুরূপভাবে) শীল... প্রার্থনা (ভোগসম্পদ লাভের ইচ্ছা), ঋতু, ভোজন, শয্যাসনকে উপনিশ্রয় করে নিজেকে উৎপীড়ন করে, বিষণ রকম যন্ত্রণা দেন, উৎপীড়ন করেন এবং অন্বেষণজনিত দুঃখ অনুভব করেন। এই কারণে শ্রদ্ধা... শয্যাসন কায়িক সুখের, কায়িক দুঃখের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল-অকুশল কর্ম (কুশল-অকুশল) বিপাকের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় (৬)

৪৫৩. (১) উপাদিন্ন ধর্ম উপাদিন্ন ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... কায়, উপাদিন্ন রূপ, শব্দ, গন্ধ, রস, স্প্রষ্টব্য, (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে (সেই সক্রিয় চিত্ত আশুবিপাক হিসেবে) বিপাক তদালম্বনতা উৎপন্ন হয়। উপাদিন্ন রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... গন্ধ-আয়তন... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু উপাদিন্ন স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :**

Visit: http://www.buddhistdownload.com

চক্ষু... কায়, উপাদিন্ন রূপ, শব্দ, গন্ধ, রস, স্প্রষ্টব্য, (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা উপাদিন্ন রূপ দর্শন করেন। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু অনুপাদিন্ন স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৫৪. (৩) অনুপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-পূর্বজাত :** অনুপাদিন্ন রূপ, শব্দ, গন্ধ, রস, স্প্রষ্টব্য, (হৃদয়) বাস্তু, অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন করেন। দিব্যচক্ষুর দ্বারা অনুপাদিন্ন (অগৃহীত) রূপ দর্শন করেন, দিব্য কর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন।

(৪) অনুপাদিন্ন ধর্ম উপাদিন্ন ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-পূর্বজাত :** অনুপাদিন্ন রূপ, শব্দ, গন্ধ, রস, স্প্রষ্টব্য, (হৃদয়) বাস্তু, অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশলাকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে বিপাক তদালম্বনতা উৎপন্ন হয়। অনুপাদিন্ন রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... শব্দ-আয়তন... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মসমূহ উপাদিন্ন ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত :** অনুপাদিন্ন রূপ-আয়তন এবং চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... শব্দ-আয়তন এবং শ্রোত্র-আয়তন... স্প্রষ্টব্য-আয়তন এবং কায়-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন রূপ-আয়তন এবং (হৃদয়) বাস্তু... স্প্রষ্টব্য-আয়তন এবং (হৃদয়) বাস্তু উপাদিন্ন স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মসমূহ অনুপাদিন্ন ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত :** অনুপাদিন্ন রূপ-আয়তন এবং (হৃদয়) বাস্তু... স্প্রষ্টব্য-আয়তন এবং (হৃদয়) বাস্তু অনুপাদিন্ন স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (৬), আসেবন-প্রত্যয় (১)

৪৫৫. (১) উপাদিন্ন ধর্ম উপাদিন্ন ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত উপাদিন্ন স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদিন্ন কায়ের (১৮ কর্মজ-রূপের) পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত উপাদিন্ন স্কন্ধসমূহ পূর্বজাত এই অনুপাদিন্ন কায়ের (১৫ চিত্তজ, ১৩ ঋতুজ ও ১২ আহারজ-রূপের) পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদিন্ন ধর্ম উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

(৪) অনুপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

(৫) অনুপাদিন্ন ধর্ম উপাদিন্ন ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

(৬) অনুপাদিন্ন ধর্ম উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

৪৫৬. (১) অনুপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এক) (সংক্ষিপ্ত)।

কর্ম-প্রত্যয় (৫)

৪৫৭. (১) উপাদিন্ন ধর্ম উপাদিন্ন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন চেতনা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদিন্ন ধর্ম উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অনুপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অনুপাদিন্ন ধর্ম উপাদিন্ন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** অনুপাদিন্ন চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয় (৪)

৪৫৮. (১-৩) উপাদিন্ন ধর্ম উপাদিন্ন ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন একটি স্কন্ধ... (সংক্ষিপ্ত। উপাদিন্নমূলকে তিনটি প্রশ্ন করণীয়)।

(৪) অনুপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন একটি বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ...।

Visit: http://www.buddhistdownload.com

আহার-প্রত্যয় (৯)

৪৫৯. (১) উপাদিন্ন ধর্ম উপাদিন্ন ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন আহারসমূহ (পরিপোষকসমূহ) সম্প্রযুক্ত স্কন্ধসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... উপাদিন্ন কবলীকৃত আহার এই উপাদিন্ন কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন আহারসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন কবলীকৃত আহার এই অনুপাদিন্ন কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদিন্ন ধর্ম উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন কবলীকৃত আহার এই উপাদিন্ন এবং অনুপাদিন্ন কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৬০. (৪) অনুপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন কবলীকৃত আহার এই অনুপাদিন্ন কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অনুপাদিন্ন ধর্ম উপাদিন্ন ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন কবলীকৃত আহার এই উপাদিন্ন কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অনুপাদিন্ন ধর্ম উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন কবলীকৃত আহার এই উপাদিন্ন এবং অনুপাদিন্ন কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মসমূহ উপাদিন্ন ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন এবং অনুপাদিন্ন কবলীকৃত আহার এই অনুপাদিন্ন কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মসমূহ অনুপাদিন্ন ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন এবং অনুপাদিন্ন আহার এই অনুপাদিন্ন কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মসমূহ উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন এবং অনুপাদিন্ন কবলীকৃত আহার এই উপাদিন্ন এবং অনুপাদিন্ন কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

ইন্দ্রিয়-প্রত্যয়াদি

৪৬১. (১) উপাদিন্ন ধর্ম উপাদিন্ন ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন ইন্দ্রিয়সমূহ[১] সম্প্রযুক্ত স্কন্ধসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন ধর্ম উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু ইন্দ্রিয় চক্ষু বিজ্ঞানের... কায়-ইন্দ্রিয় কায়-বিজ্ঞানের... রূপ-জীবিতেন্দ্রিয় কর্ম-সমুত্থিত-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (উপাদিন্নমূলকে তিন, প্রথমটির মধ্যে রূপ-জীবিত-ইন্দ্রিয় হয়, অপরটির মধ্যে হয় না)।

(৪) অনুপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন ইন্দ্রিয়সমূহ[২] সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন ধর্ম উপাদিন্ন ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (চার), সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুই)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৬)

৪৬২. (১) উপাদিন্ন ধর্ম উপাদিন্ন ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন স্কন্ধসমূহ কর্ম-সমুত্থিত-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু উপাদিন্ন স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** উপাদিন্ন স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদিন্ন কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** উপাদিন্ন স্কন্ধসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু অনুপাদিন্ন স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়

---

[১]। উপাদিন্ন ইন্দ্রিয় : কর্ম-সমুত্থিত বা কর্মজ-রূপের আট প্রকার ইন্দ্রিয়ই উপাদিন্ন-ইন্দ্রিয়।

[২]। অনুপাদিন্ন ইন্দ্রিয় : উপাদিন্ন ইন্দ্রিয়সমূহ ব্যতীত (২২-৮) = ১৬ ইন্দ্রিয়ই অনুপাদিন্ন-ইন্দ্রিয়।

Visit: http://www.buddhistdownload.com

হয়। **পশ্চাজ্জাত :** উপাদিন্ন স্কন্ধসমূহ পূর্বজাত এই অনুপাদিন্ন কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদিন্ন ধর্ম উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** উপাদিন্ন স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদিন্ন এবং অনুপাদিন্ন কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৬৩. (৪) অনুপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** অনুপাদিন্ন স্কন্ধসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অনুপাদিন্ন স্কন্ধসমূহ পূর্বজাত এই অনুপাদিন্ন কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অনুপাদিন্ন ধর্ম উপাদিন্ন ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অনুপাদিন্ন স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদিন্ন কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অনুপাদিন্ন ধর্ম উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অনুপাদিন্ন স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদিন্ন এবং অনুপাদিন্ন কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয়াদি

৩৬৪. (১) উপাদিন্ন ধর্ম উপাদিন্ন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অস্তি-প্রত্যয় পাঁচ প্রকার)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (সংক্ষিপ্ত। পূর্ববর্তী আলোচনা করা হয়েছে এমন পদসমূহের মতো বিশ্লেষণ ও পরিপূর্ণ করতে হবে)।

(২) উপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি চতুর্বিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত এবং আহার (সংক্ষিপ্ত। পূর্ববর্তী ব্যাখ্যা করা পদসমূহের ন্যায় বিস্তারিত জ্ঞাতব্য)।

(৩) উপাদিন্ন ধর্ম উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—সহজাত, পশ্চাজ্জাত এবং আহার (সংক্ষিপ্ত, পূর্ববর্তী পদসমূহের ন্যায় বিস্তারিত জানতে হবে)।

(৪) অনুপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি চতুর্বিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত এবং আহার (সংক্ষিপ্ত, পূর্ববর্তী আলোচ্য পদসমূহের ন্যায় বিশ্লেষণ করা উচিত)।

(৫) অনুপাদিন্ন ধর্ম উপাদিন্ন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—পূর্বজাত, পশ্চাজ্জাত এবং আহার । **পূর্বজাত :** অনুপাদিন্ন রূপ, শব্দ, গন্ধ, রস, স্প্রষ্টব্য এবং (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

কুশলাকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে বিপাক তদালম্বনতা উৎপন্ন হয়। অনুপাদিন্ন রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের...। **পশ্চাজ্জাত :** অনুপাদিন্ন স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদিন্ন কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আহার :** অনুপাদিন্ন কবলীকৃত আহার এই উপাদিন্ন কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অনুপাদিন্ন ধর্ম উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—পশ্চাজ্জাত এবং আহার । **পশ্চাজ্জাত :** অনুপাদিন্ন স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদিন্ন এবং অনুপাদিন্ন কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আহার :** অনুপাদিন্ন কবলীকৃত আহার এই উপাদিন্ন এবং অনুপাদিন্ন কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৬৫. (৭) উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মসমূহ উপাদিন্ন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি চতুর্বিধ)—পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় । **পূর্বজাত :** অনুপাদিন্ন রূপ-আয়তন এবং চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... অনুপাদিন্ন স্প্রষ্টব্য-আয়তন এবং কায়-আয়তন কায়-বিজ্ঞানের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন রূপ-আয়তন এবং (হৃদয়) বাস্তু... স্প্রষ্টব্য-আয়তন এবং (হৃদয়) বাস্তু উপাদিন্ন স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** উপাদিন্ন স্কন্ধসমূহ এবং অনুপাদিন্ন কবলীকৃত আহার এই উপাদিন্ন কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** অনুপাদিন্ন স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মসমূহ অনুপাদিন্ন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি চতুর্বিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত এবং আহার । **সহজাত :** উপাদিন্ন স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত এবং পূর্বজাত :** অনুপাদিন্ন একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং...। **পূর্বজাত :** অনুপাদিন্ন রূপ-আয়তন এবং (হৃদয়) বাস্তু অনুপাদিন্ন স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... স্প্রষ্টব্য-আয়তন এবং (হৃদয়) বাস্তু অনুপাদিন্ন স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** উপাদিন্ন স্কন্ধসমূহ এবং অনুপাদিন্ন কবলীকৃত আহার এই অনুপাদিন্ন কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্ম উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আহার :** উপাদিন্ন এবং অনুপাদিন্ন কবলীকৃত এই উপাদিন্ন এবং অনুপাদিন্ন কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নাস্তি-

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৪৬৬. হেতুতে চার, আলম্বনে চার, অধিপতিতে দুই, অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে পাঁচ, অন্যোন্যে দুই, নিশ্রয়ে পাঁচ, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে ছয়, পশ্চাজ্জাতে ছয়, আসেবনে এক, কর্মে পাঁচ, বিপাকে চার, আহারে নয়, ইন্দ্রিয়ে চার, ধ্যানে চার, মার্গে চার, সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে ছয়, অস্তিতে নয়, নাস্তিতে চার, বিগতে চার, অবিগতে নয়।

প্রতিলোম সংগ্রহ (প্রশ্ন সংখ্যা-৯)

৪৬৭. (১) উপাদিন্ন ধর্ম উপাদিন্ন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদিন্ন ধর্ম উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৬৮. (৪) অনুপাদিন্ন ধর্ম অনুপাদিন্ন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অনুপাদিন্ন ধর্ম উপাদিন্ন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অনুপাদিন্ন ধর্ম উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মসমূহ উপাদিন্ন ধর্মের পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৮) উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মসমূহ অনুপাদিন্ন ধর্মের সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত এবং আহার হয়।

(৯) উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মসমূহ উপাদিন্ন এবং অনুপাদিন্ন ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৪৬৯. না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সবটিতে নয়), না-আহারে আট... না-সম্প্রযুক্তে নয়, না-বিপ্রযুক্তে নয়, না-অস্তিতে চার, না-নাস্তিতে নয়, না-বিগতে নয়, না-অবিগতে চার।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৪৭০. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে চার... না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে চার, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে চার, না-বিগতে চার।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

৪৭১. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে চার, অধিপতিতে দুই (অনুলোম মাতিকা বা তালিকা তৈরি করতে হবে)... অবিগতে নয়।

[উপাদিন্নদ্বিক সমাপ্ত]

[মহত্তরদ্বিক সমাপ্ত]

১১. উপাদানগুচ্ছ

৬৯. উপাদানদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

১. (১) উপাদান[১] (আসক্তি) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান

---

[১]। উপাদান : উপ+আদান, দৃঢ় গ্রহণ, আসক্তি। তৃষ্ণা তৃষ্ণার বিষয়কে, সাপের ব্যঙ অনুসন্ধানের অনুরূপে, অনুসন্ধান করে। চিত্ত যখন ঐ বিষয়কে, সাপের ব্যঙ ধরে রাখার অনুরূপে দৃঢ়ভাবে গ্রহণ করে ধরে রাখে ও রক্ষা করতে থাকে, তখন চিত্তের উপাদানের অবস্থা। এটি চার প্রকার; যথা : কাম-উপাদান, দৃষ্টি-উপাদান, শীলব্রত-উপাদান ও আত্মবাদ-উপাদান। 'কাম-উপাদান' : বহির্জগতকে নিজের সমীপে টেনে ধরার প্রবৃত্তি

Visit: http://www.buddhistdownload.com

ধর্ম উৎপন্ন হয়। দৃষ্টি-উপাদানকে ভিত্তি করে কাম-উপাদান উৎপন্ন হয়। আবার কাম-উপাদানকে ভিত্তি করে দৃষ্টি-উপাদান উৎপন্ন হয়। শীলব্রত-উপাদানকে ভিত্তি করে কাম-উপাদান উৎপন্ন হয়। আবার কাম-উপাদানকে ভিত্তি করে শীলব্রত-উপাদান উৎপন্ন হয়। আত্মবাদ-উপাদানকে ভিত্তি করে কাম-উপাদান উৎপন্ন হয়। আবার কাম-উপাদানকে ভিত্তি করে আত্মবাদ-উপাদান উৎপন্ন হয়।

(২) উপাদান ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদান[১] ধর্ম উৎপন্ন হয়। উপাদানসমূহকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৩) উপাদান ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান এবং না-উপাদান ধর্মসমূহ উৎপন্ন হয়। দৃষ্টি-উপাদানকে ভিত্তি করে কাম-উপাদান, সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। অনুরূপভাবে কাম-উপাদানকে... (সমস্তই চক্রবন্ধন করতে হবে)।

২. (৪) না-উপাদান ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদান ধর্ম উৎপন্ন হয়। না-উপাদান একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি (না-উপাদান) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে না-উপাদান একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ

অর্থাৎ রূপ-শব্দ-গন্ধ-রস-স্পর্শাদিতে মোহিত হয়ে ভোগের আসক্তি। লোভের বস্তু চিত্ত যখন রক্ষা করে তখনই কাম-উপাদান। লোভ বিদ্যমান দোষকে দোষ বলে স্বীকার করে না, অনিত্যকে অনিত্য বলে স্বীকার করতে চায় না। 'দৃষ্টি-উপাদান' : দানও নাই, দানের ফলও নাই, কোনো পুণ্যও নাই, পাপও নাই, পাপ-পুণ্যের ফলও নাই ইত্যাদি নাস্তিকতা বা মিথ্যাবিশ্বাসকে আকড়িয়ে ধরাই দৃষ্টি-উপাদান। 'শীলব্রত-উপাদান' : মুক্তিলাভের বিশ্বাসে আহার বিহার শয়নে ও ভোজনে আত্মপীড়নাদি নানা ভাবের আচরণ দ্বারা দেবকুলে ও মনুষ্যকুলে সুখলাভের বাসনা এবং 'গো' ব্রতাদিকে শ্রেষ্ঠ বলে ধারণা ও আচরণ করাই শীলব্রত-উপাদান। 'আত্মবাদ-উপাদান' : আত্ম, শাশ্বত, আত্মা নিজ, ধ্রুব, অজড়, অমর ও অনাদি ইত্যাদি ভ্রমবিশ্বাস বা পঞ্চস্কন্ধকে আমি বা আমার ইত্যাদি রূপে আত্মবৎ ধারণার বশবর্তী হয়ে আত্মার প্রতি আসক্তি। এটি মিথ্যাদৃষ্টির পরিণাম। পঞ্চস্কন্ধের প্রতি লোভহেতু এবংবিধ ধারণার উৎপন্ন হয়। পঞ্চস্কন্ধকে আমি মনে করা তৃষ্ণাজনিত অভিনিবেশ বা আনন্দময় বিশ্বাস। এটি 'সৌমনস্য-সহগত দৃষ্টিগত সম্প্রযুক্ত অসংস্কারিক চিত্ত'। চারি উপাদান চৈতসিক হিসেবে দুটি চৈতসিক হয়। যেমন : 'লোভ-চৈতসিক' ও 'দৃষ্টি-চৈতসিক'। লোভ, দৃষ্টিই উপাদান ধর্ম।

[১]। ৮৯ প্রকার চিত্ত, লোভ ও দৃষ্টি চৈতসিক ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-২) = ৫০ প্রকার চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-উপাদান অর্থাৎ উপাদান নহে এমন ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৫) না-উপাদান ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান ধর্ম উৎপন্ন হয়। না-উপাদান স্কন্ধসমূহকে ভিত্তি করে উপাদানসমূহ উৎপন্ন হয়।

(৬) না-উপাদান ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান এবং না-উপাদান ধর্মসমূহ উৎপন্ন হয়। না-উপাদান একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ, উপাদানসমূহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ, উপাদানসমূহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

৩. (৭) উপাদান এবং না-উপাদান ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান ধর্ম উৎপন্ন হয়। দৃষ্টি-উপাদান এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে কাম-উপাদান উৎপন্ন হয় (সমস্তই চক্রবন্ধন করতে হবে)।

(৮) উপাদান এবং না-উপাদান ধর্মকে ভিত্তি করে না-উপাদান ধর্ম উৎপন্ন হয়। না-উপাদান একটি স্কন্ধ এবং উপাদানকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। অনুরূপভাবে দুটি স্কন্ধ এবং... উপাদান এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৯) উপাদান এবং না-উপাদান ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান এবং না-উপাদান ধর্মসমূহ উৎপন্ন হয়। না-উপাদান একটি স্কন্ধ এবং দৃষ্টি উপাদানকে ভিত্তি করে তিনটি স্কন্ধ, কাম উপাদান এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। অনুরূপভাবে দুটি স্কন্ধ এবং... (চক্রবন্ধন করতে হবে)।

আলম্বন-প্রত্যয় (৯)

৪. উপাদান ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা উপাদান ধর্ম উৎপন্ন হয়। (নয়টি প্রশ্ন করণীয়, রূপকে বাদ দিতে হবে)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৫. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয় (সর্বত্র নয়), বিপাকে এক... অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (১)

৬. (১) না-উপাদান ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদান ধর্ম উৎপন্ন হয়। না-উপাদান একটি অহেতুক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

আবার একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত, অসংজ্ঞসত্ত্বগণের... বিচিকিৎসা-সহগত ও ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত ও ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

না-আলম্বন-প্রত্যয়াদি

৭. (১) উপাদান ধর্মকে ভিত্তি করে না-আলম্বন প্রত্যয় দ্বারা না-উপাদান ধর্ম উৎপন্ন হয়। উপাদানসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(২) না-উপাদান ধর্মকে ভিত্তি করে না-আলম্বন প্রত্যয় দ্বারা না-উপাদান ধর্ম উৎপন্ন হয়। না-উপাদান স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে না-উপাদান স্কন্ধসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। আবার একটি মহাভূতকে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জ্ঞাতব্য)।

(৩) উপাদান এবং না-উপাদান ধর্মকে ভিত্তি করে না-আলম্বন প্রত্যয় দ্বারা না-উপাদান ধর্ম উৎপন্ন হয়। উপাদান এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। উপাদানসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। না-অধিপতি-প্রত্যয় দ্বারা... না-অনন্তর-প্রত্যয় দ্বারা... না-উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা...।

না-পূর্বজাত-প্রত্যয় (৯)

৮. (১) উপাদান ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা উপাদান ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে আত্মবাদ-উপাদানকে (আত্মসম্বন্ধীয় মতবাদে বিশ্বাসকে) ভিত্তি করে কাম-উপাদান (ইন্দ্রিয়জ্ঞানে উৎপন্ন আসক্তি) অনুরূপভাবে কাম-উপাদানকে ভিত্তি করে আত্মবাদ-উপাদান উৎপন্ন হয়।

(২) উপাদান ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা না-উপাদান ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে উপাদানসমূহকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। উপাদানসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত, অনুরূপভাবে নয়টি প্রশ্ন করণীয় এবং অরূপলোকে এই দুটি উপাদানই জানতে হবে)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৯. না-হেতুতে এক, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন... না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে

Visit: http://www.buddhistdownload.com

নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে নয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম
(হেতুমূলক—দ্বিক)

১০. হেতু প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়... না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে নয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

১১. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক (সবটিতে এক), মার্গে এক... অবিগতে এক।

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ বিভাগকরণের ন্যায় দৃষ্টি-উপাদানকে, 'সহজাত কাম-উপাদান' করণীয়)।

৩. প্রত্যয়বার
১-৪. প্রত্যয় : অনুলোমাদি—হেতু-প্রত্যয় (৯)

১২. (১-৩) উপাদান ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান ধর্ম উৎপন্ন হয়। দৃষ্টি-উপাদানকে ভিত্তি করে কাম-উপাদান উৎপন্ন হয়... (তিন) (প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

(৪) না-উপাদান ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদান ধর্ম উৎপন্ন হয়। না-উপাদান একটি স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে আশ্রয় করে (হৃদয়) বাস্তু... (আধ্যাত্মিক মহাভূতসমূহ পর্যন্ত জ্ঞাতব্য) (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে না-উপাদান স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) না-উপাদান ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান ধর্ম উৎপন্ন হয়। না-উপাদান স্কন্ধসমূহকে আশ্রয় করে উপাদানসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে উপাদানসমূহ উৎপন্ন হয়।

(৬) না-উপাদান ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান এবং না-উপাদান ধর্মসমূহ উৎপন্ন হয়। না-উপাদান একটি স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ, উপাদানসমূহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...

Visit: http://www.buddhistdownload.com

(হৃদয়) বাস্তুকে আশ্রয় করে উপাদানসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে উপাদানসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

১৩. (৭) উপাদান এবং না-উপাদান ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান ধর্ম উৎপন্ন হয়। দৃষ্টি-উপাদান এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে আশ্রয় করে কাম-উপাদান উৎপন্ন হয়। আবার কাম-উপাদানকে এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে আশ্রয় করে দৃষ্টি-উপাদান উৎপন্ন হয় (চক্রাকারে তৈরি করতে হবে)। দৃষ্টি-উপাদান এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে কাম-উপাদান উৎপন্ন হয় (চক্রাকারে তৈরি করতে হবে)।

(৮) উপাদান এবং না-উপাদান ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদান ধর্ম উৎপন্ন হয়। না-উপাদান একটি স্কন্ধ এবং উপাদানকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধ এবং... (চক্রাকারে বিশ্লেষণ করতে হবে)। উপাদানসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। উপাদান এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে না-উপাদান স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৯) উপাদান এবং না-উপাদান ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান এবং না-উপাদান ধর্মসমূহ উৎপন্ন হয়। না-উপাদান একটি স্কন্ধকে এবং দৃষ্টি- উপাদানকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং কাম-উপাদান এবং চিত্ত-সমুত্থিত-রূপ... (চক্রবন্ধন করতে হবে)। দৃষ্টি-উপাদান এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে কাম- উপাদান এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়... (চক্রবন্ধন করতে হবে)।

আলম্বন-প্রত্যয় দ্বারা... (আলম্বনে না-উপাদানমূলকে পঞ্চআয়তন এবং (হৃদয়) বাস্তু করণীয়)।

(অনুলোম গণনা)—হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয় (সর্বত্র নয়), বিপাকে এক... অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

১৪. (১) না-উপাদান ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদান ধর্ম উৎপন্ন হয়। অহেতুক না-উপাদান একটি স্কন্ধকে আশ্রয় করে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত বিস্তার করা উচিত) চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক না-উপাদান স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

(প্রতিলোম গণনা)—না-হেতুতে এক, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন... না-পূর্বজাতে নয়... না-কর্মে তিন, না-বিপাকে নয় (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)... না-বিগতে তিন।

[প্রতিলোম সমাপ্ত]

৪. নিশ্রয়বার

(অনুরূপভাবে অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এদুটি গণনা ও নিশ্রয়বার জ্ঞাতব্য)।

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোমাদি—হেতু-প্রত্যয় (৯)

১৫. (১) উপাদান ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান ধর্ম উৎপন্ন হয়। দৃষ্টি-উপাদানকে সংশ্লিষ্ট করে কাম-উপাদান উৎপন্ন হয়। কাম-উপাদানকে সংশ্লিষ্ট করে দৃষ্টি-উপাদান উৎপন্ন হয় (চক্রবন্ধন করতে হবে। অনুরূপভাবে নয়টি প্রশ্ন করতে হবে)।

(অনুলোম গণনা)—হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয় (সর্বত্র নয়), বিপাকে এক... বিগতে নয়, অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

১৬. (১) না-উপাদান ধর্মকে সংশ্লিষ্ট করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদান ধর্ম উৎপন্ন হয়। না-উপাদান একটি অহেতুক স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে এক, না-অধিপতিতে নয়, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে নয়।

[প্রতিলোম সমাপ্ত]

৬. সম্প্রযুক্তবার

(অনুরূপভাবে অপর দুটি গণনা ও সম্প্রযুক্তবার পাঠ করতে হবে)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১৭. (১) উপাদান ধর্ম উপাদান ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদান হেতুসমূহ সম্প্রযুক্ত উপাদানসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(২) উপাদান ধর্ম না-উপাদান ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদান হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদান ধর্ম উপাদান এবং না-উপাদান ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদান হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, উপাদানসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৮. (৪) না-উপাদান ধর্ম না-উপাদান ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-উপাদান হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে না-উপাদান হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-উপাদান ধর্ম উপাদান ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-উপাদান হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-উপাদান ধর্ম উপাদান এবং না-উপাদান ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-উপাদান হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, উপাদানসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৯. (৭) উপাদান এবং না-উপাদান ধর্মসমূহ উপাদান ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপদান এবং না-উপাদান হেতুসমূহ সম্প্রযুক্ত উপাদানসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) উপাদান এবং না-উপাদান ধর্মসমূহ না-উপাদান ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদান এবং না-উপাদান হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) উপাদান এবং না-উপাদান ধর্মসমূহ উপাদান এবং না-উপাদান ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদান এবং না-উপাদান হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (৯)

২০. (১-৩) উপাদান ধর্ম উপাদান ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদানসমূহকে ভিত্তি করে উপাদানসমূহ উৎপন্ন হয়... (তিন) (ভিত্তি করে করণীয়)।

(৪) না-উপাদান ধর্ম না-উপাদান ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পুণ্যকামী ব্যক্তি) দান দিয়ে, শীলময় বিশুদ্ধ জীবন যাপন করে, উপোসথকর্ম করে। (অতঃপর) একে স্মৃতি সহকারে পর্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে রাগ, মিথ্যাদৃষ্টি, বিচিকিৎসা, ঔদ্ধত্য,

Visit: http://www.buddhistdownload.com

দৌর্মনস্য উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যময় সুকর্মসমূহকে স্মৃতি সহকারে পর্যবেক্ষণ করেন, ধ্যান হতে উঠে ধ্যানকে স্মৃতি সহকারে পর্যবেক্ষণ করেন, আর্যগণ মার্গ হতে উঠে মার্গকে স্মৃতি সহকারে পর্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি সহকারে পর্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি সহকারে পর্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ না-উপাদান এমন পরিত্যক্ত ক্লেশসমূহকে[১] স্মৃতি সহকারে পর্যবেক্ষণ করেন, অপরিত্যক্ত ক্লেশসমূহকে স্মৃতি সহকারে পর্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে স্মৃতি সহকারে পর্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-উপাদান স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা না-উপাদান চিত্তসম্পন্ন[২] ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের... আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের... রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... না-উপাদান স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকর্মোপগজ্ঞানের, অনাগতভবজ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-উপাদান ধর্ম উপাদান ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম করেন। একে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে রাগ উৎপন্ন হয় এবং মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। পূর্বকৃত পুণ্যময় কুশলকর্মসমূহকে... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তু, না-উপাদান স্কন্ধসমূহকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে রাগ উৎপন্ন হয় এবং মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়।

(৬) না-উপাদান ধর্ম উপাদান এবং না-উপাদান ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম করে... পূর্বকৃত পুণ্যময় কুশলকর্মসমূহ... ধ্যান হতে উঠে ধ্যানকে... চক্ষু... (হৃদয়) বাস্তু, না-উপাদান স্কন্ধসমূহকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে উপাদানসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৭-৯) উপাদান এবং না-উপাদান ধর্মসমূহ উপাদান ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)। (ভিত্তি করে করণীয়)।

---

[১]। না-উপাদান এমন পরিত্যক্ত ক্লেশ বলতে লোভ ও দৃষ্টি ব্যতীত অবশিষ্ট ৮ ক্লেশকে বুঝায়।

[২]। ৮৯ প্রকার চিত্তসম্পন্ন। এর সম্প্রযুক্ত চৈতসিকে লোভ ও দৃষ্টি বর্জিত হবে।

Visit: http://www.buddhistdownload.com

অধিপতি-প্রত্যয় (৯)

২১. (১-৩) উপাদান ধর্ম উপাদান ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** উপাদানসমূহকে গুরুত্ব দিয়ে উপাদানসমূহ উৎপন্ন হয়... (তিন) (আলম্বন-অধিপতির ন্যায় করণীয়)।

২২. (৪) না-উপাদান ধর্ম না-উপাদান ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম... পূর্বে... ধ্যান হতে উঠে ধ্যানকে গুরুত্ব সহকারে পর্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। আর্যগণ মার্গ হতে উঠে মার্গকে গুরুত্ব সহকারে পর্যবেক্ষণ করেন... ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, না-উপাদান স্কন্ধসমূহকে গুরুত্ব সহকারে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয় এবং মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-উপাদান-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-উপাদান ধর্ম উপাদান ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম করে একে গুরুত্ব সহকারে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। পূর্বকৃত... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তু, না-উপাদান স্কন্ধসমূহকে গুরুত্ব সহকারে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-উপাদান-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং উপাদানসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-উপাদান ধর্ম উপাদান এবং না-উপাদান ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম... পূর্বকৃত... ধ্যান... চক্ষু... (হৃদয়) বাস্তু, না-উপাদান স্কন্ধসমূহকে গুরুত্ব সহকারে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে উপাদানসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-উপাদান-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং উপাদানসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭-৯) উপদান এবং না-উপাদান ধর্মসমূহ উপাদান ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)... আলম্বন-অধিপতি... (তিন) (ভিত্তি করে

Visit: http://www.buddhistdownload.com

করণীয়, আলম্বন-অধিপতির ন্যায় জ্ঞাতব্য)।

অনন্তরাদি-প্রত্যয়

২৩. (১) উপাদান ধর্ম উপাদান ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী উপাদানসমূহ পরবর্তী পরবর্তী উপাদানসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদান ধর্ম না-উপাদান ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী উপাদানসমূহ পরবর্তী পরবর্তী না-উপাদান স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদান উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদান ধর্ম উপাদান এবং না-উপাদান ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী উপাদানসমূহ পরবর্তী পরবর্তী উপাদানসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৪. (৪) না-উপাদান ধর্ম না-উপাদান ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী উপাদান স্কন্ধসমূহের পরবর্তী পরবর্তী না-উপাদান স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর... ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-উপাদান ধর্ম উপাদান ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী না-উপাদান স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী উপাদান স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত উপাদানসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-উপাদান ধর্ম উপাদান এবং না-উপাদান ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী না-উপাদান স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী উপাদানসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত উপাদানসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৫. (৭) উপাদান এবং না-উপাদান ধর্মসমূহ উপাদান ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী উপাদানসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী উপাদানসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) উপাদান এবং না-উপাদান ধর্মসমূহ না-উপাদান ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী উপাদানসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী না-উপাদান স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদানসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৯) উপাদান এবং না-উপাদান ধর্মসমূহ উপাদান এবং না-উপাদান ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী উপাদানসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী উপাদানসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (প্রতীত্যবার সদৃশ পাঠ করতে হবে)... অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)... নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (প্রতীত্য সদৃশ পাঠ করতে হবে)।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

২৬. (১-৩) উপাদান ধর্ম উপাদান ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃত উপনিশ্রয় :** উপাদানসমূহ উপাদানসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

২৭. (৪) না-উপাদান ধর্ম না-উপাদান ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি উৎপত্তি করেন, মান উৎপন্ন করেন এবং মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) শীল... প্রজ্ঞা... রাগ... প্রার্থনা... কায়িক সুখ... শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন, মান উৎপন্ন করেন এবং মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন, প্রাণির জীবন হরণ করেন... সংঘভেদ করেন। এই কারণবশত শ্রদ্ধা... শয্যাসন শ্রদ্ধার... ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-উপাদান ধর্ম উপাদান ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মান উৎপন্ন করেন এবং মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) শীল... শয্যাসনকে উপনিশ্রয় করে অদত্তদ্রব্য প্রতিগ্রহণ করে, মিথ্যাভাষণ করে, পিশুণ বাক্য বলে, সম্প্রলাপ বা বৃথা বাক্য বলে, নেশাদ্রব্য সেবন করে, শিকলকাটেন চুরি করার জন্য, দস্যুবৃত্তি করে, একাগারিক করে (এক ঘরে ফেলে রাখে), রাজপথের চৌমহনীতে ওঁতপেতে অবস্থান করে চুরি করার জন্য, অবৈধ যৌনাচার করে, গ্রাম লুণ্ঠন করে, নিগম (ছোট শহর) লুণ্ঠন করে। এই কারণে শ্রদ্ধা... শয্যাসন উপাদানসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-উপাদান ধর্ম উপাদান এবং না-উপাদান ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে অহংকারে ঈপ্সিত হন, মিথ্যাদৃষ্টির বশবর্তী হন। (অনুরূপভাবে) শীল... শয্যাসনকে উপনিশ্রয়

Visit: http://www.buddhistdownload.com

করে অদত্তদ্রব্য প্রতিগ্রহণ করে, মিথ্যা... পিশুন... সম্প্রলাপ... শিকল... লুণ্ঠন... একাগারিক... চৌমহনীতে অবস্থান... ব্যভিচার... গ্রাম লুণ্ঠন... নিগম লুণ্ঠন করে। এই কারণবশত শ্রদ্ধা... শয্যাসন উপাদানসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭-৯) উপাদান এবং না-উপাদান ধর্মসমূহ উপাদান ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। প্রকৃতি-উপনিশ্রয়... (তিন)।

পূর্বজাত-প্রত্যয় (৩)

২৮. (১) না-উপাদান ধর্ম না-উপাদান ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্র দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের, (হৃদয়) বাস্তু না-উপাদান স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-উপাদান ধর্ম উপাদান ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়, মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু উপাদানসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) না-উপাদান ধর্ম উপাদান এবং না-উপাদান ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষু... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে উপাদানসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু উপাদানসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (৩), আসেবন-প্রত্যয় (৯)

২৯. (১) উপাদান ধর্ম না-উপাদান ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

(২) না-উপাদান ধর্ম না-উপাদান ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত)।

উপাদান এবং না-উপাদান ধর্মসমূহ না-উপাদান ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের

Visit: http://www.buddhistdownload.com

দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত) ... আসেবন-প্রত্যয় দ্বারা...।

কর্ম-প্রত্যয় (৩)

৩০. (১) না-উপাদান ধর্ম না-উপাদান ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** না-উপাদান চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** না-উপাদান চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-উপাদান ধর্ম উপাদান ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-উপাদান চেতনা সম্প্রযুক্ত উপাদানসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) না-উপাদান ধর্ম উপাদান এবং না-উপাদান ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-উপাদান চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং উপাদানসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপাকাদি-প্রত্যয়

৩১. (১) না-উপাদান ধর্ম না-উপাদান ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাক এমন না-উপাদান একটি স্কন্ধ... (এক)।

(১-৩) না-উপাদান ধর্ম না-উপাদান ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন) (একটি কবলীকৃত আহার করণীয়), ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন) (রূপ-জীবিত-ইন্দ্রিয় এক), ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(১-৯) উপাদান ধর্ম উপাদান ধর্মের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদান মার্গাঙ্গসমূহ (মার্গলাভের অঙ্গসমূহ) সম্প্রযুক্ত উপাদানসমূহের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (এই পদ্ধতিতে নয়টি প্রশ্ন করণীয়)... সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (নয়)।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৫)

৩২. (১) উপাদান ধর্ম না-উপাদান ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** উপাদানসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** পশ্চাজ্জাত উপাদানসমূহ পূর্বজাত এই কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-উপাদান ধর্ম না-উপাদান ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

Visit: http://www.buddhistdownload.com

(৩) না-উপাদান ধর্ম উপাদান ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু উপাদানসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-উপাদান ধর্ম উপাদান এবং না-উপাদান ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু উপাদানসমূহের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৩. (৫) উপাদান এবং না-উপাদান ধর্মসমূহ না-উপাদান ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** উপাদান এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** উপাদানসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয় (৯)

৩৪. (১) উপাদান ধর্ম উপাদান ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দৃষ্টি-উপাদান কাম-উপাদানের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (চক্রের মত করে পাঠ করতে হবে)।

(২) উপাদান ধর্ম না-উপাদান ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** উপাদানসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** উপাদানসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদান ধর্ম উপাদান এবং না-উপাদান ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (সংক্ষিপ্ত, প্রতীত্য সদৃশ জ্ঞাতব্য)।

৩৫. (৪) না-উপাদান ধর্ম না-উপাদান ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (সংক্ষিপ্ত, বিস্তার করণীয়)।

(৫) না-উপাদান ধর্ম উপাদান ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত। সহজাত (সহজাত সদৃশ হবে)। পূর্বজাত (পূর্বজাত সদৃশ হবে)।

(৬) না-উপাদান ধর্ম উপাদান এবং না-উপাদান ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত । (সংক্ষিপ্ত, সহজাত সদৃশ সহজাতকে বিভাজন করতে হবে, পূর্বজাতকে পূর্বজাত সদৃশ করতে হবে)।

৩৬. (৭) উপাদান এবং না-উপাদান ধর্মসমূহ না-উপাদান ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত । **সহজাত :** দৃষ্টি-উপাদান এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ কাম উপাদানের অস্তি-প্রত্যয়ের দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় হয় (চক্রবন্ধন করতে হবে)। **সহজাত এবং পূর্বজাত :** দৃষ্টি-উপাদান এবং (হৃদয়) বাস্তু কাম উপাদানের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (চক্রবন্ধন করতে হবে)।

(৮) উপাদান এবং না-উপাদান ধর্মসমূহ না-উপাদান ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় । **সহজাত :** না-উপাদান একটি স্কন্ধ এবং উপাদানসমূহ তিনটি স্কন্ধের এবং চিত্ত সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং...। **সহজাত :** উপাদানসমূহ এবং মহাভূতসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত এবং পূর্বজাত :** উপাদানসমূহ এবং (হৃদয়) বাস্তু না-উপাদানসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** উপাদানসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** উপাদানসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** উপাদানসমূহ এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) উপাদান এবং না-উপাদান ধর্মসমূহ উপাদান এবং না-উপাদান ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত । **সহজাত :** না-উপাদান একটি স্কন্ধ এবং দৃষ্টি উপাদান তিনটি স্কন্ধের এবং কাম উপাদানের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং... (চক্রবন্ধন করতে হবে)। **সহজাত এবং পূর্বজাত :** দৃষ্টি-উপাদান এবং (হৃদয়) বাস্তু কাম-উপাদানের এবং সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (চক্রবন্ধন করতে হবে)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৩৭. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে নয়, অন্যোন্যে নয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে নয়, কর্মে তিন, বিপাকে এক, আহারে তিন, ইন্দ্রিয়ে তিন, ধ্যানে তিন, মার্গে নয়, সম্প্রযুক্তে নয়, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে নয়, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে নয়।

[অনুলোম সমাপ্ত]

২. প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৯)

৩৮. (১) উপাদান ধর্ম উপাদান ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(২) উপাদান ধর্ম না-উপাদান ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদান ধর্ম উপাদান এবং না-উপাদান ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৯. (৪) না-উপাদান ধর্ম না-উপাদান ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-উপাদান ধর্ম উপাদান ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-উপাদান ধর্ম উপাদান এবং না-উপাদান ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪০. (৭) উপাদান এবং না-উপাদান ধর্মসমূহ উপাদান ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) উপাদান এবং না-উপাদান ধর্মসমূহ না-উপাদান ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) উপাদান এবং না-উপাদান ধর্ম উপাদান এবং না-উপাদান ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৪১. না-হেতুতে নয়, না-আলম্বনে নয় (সর্বত্র নয়), না-অবিগতে নয়।

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৪২. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে নয়, না-অধিপতিতে নয়... না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে নয় (সর্বত্র নয়), না-সম্প্রযুক্তে তিন, না-

Visit: http://www.buddhistdownload.com

বিপ্রযুক্তে নয়, না-নাস্তিতে নয়, না-বিগতে নয়।

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

৪৩. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে নয় (অনুলোম মাতিকা তৈরি করতে হবে)... অবিগতে নয়।

[উপাদানদ্বিক সমাপ্ত]

৭০. উপাদানীয়দ্বিক

১-৭. প্রতীত্যাদিবার—হেতু-প্রত্যয় (৯)

৪৪. (১) উপাদানীয় (উপাদানযোগ্য বা উপাদানের উপযুক্ত)[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনসময়ে) উপাদানীয় (উপাদানের বা আসক্তির বিষয় বা আলম্বন) একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি (উপাদানীয়) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত বা চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধি গ্রহণ সময়ে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। অনুরূপভাবে একটি মহাভূতকে... (লৌকিকদ্বিক যেভাবে বর্ণিত হয়েছে উপাদানীয়দ্বিকও অনুরূপভাবে বর্ণনা করতে হবে। নির্ণয় না-না-করণীয়)।

[উপাদানীয়দ্বিক সমাপ্ত]

৭১. উপাদান-সম্প্রযুক্তদ্বিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

৪৫. (১) উপাদান-সম্প্রযুক্ত[২] বা সংযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। উপাদান-সম্প্রযুক্ত একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি (উপাদান-সম্প্রযুক্ত) স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

---

[১]। ৮১ প্রকার লৌকিক চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ প্রকার চৈতসিক ও ২৮ প্রকার রূপ উপাদানীয় (উপাদানের বিষয় বা আলম্বন) ধর্ম। আবার ৮ লোকোত্তর চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ প্রকার চৈতসিক ও নির্বাণ উপাদানের অযোগ্য বা আসক্তির বিষয় বা আলম্বন নহে।

[২]। ৮ লোভমূলক চিত্ত, ৪ মিথ্যাদৃষ্টি-বিপ্রযুক্ত চিত্তে লোভের কারণে দ্বেষ, ঈর্ষা, মাৎসর্য, কৌকৃত্য ও বিচিকিৎসা ব্যতীত তৎসম্প্রযুক্ত (২৭-৫) = ২২ প্রকার চৈতসিক উপাদান-সম্প্রযুক্ত ধর্ম। এসব চিত্তেই উপাদান সম্প্রযুক্ত হয়ে থাকে।

Visit: http://www.buddhistdownload.com

(২) উপাদান-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-বিপ্রযুক্ত[১] বা বিরহিত ধর্ম উৎপন্ন হয়। উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে লোভ (লিপ্সা, তৃষ্ণা, লালসা) এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৩) উপাদান-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। উপাদান-সম্প্রযুক্ত একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত (মিথ্যাদৃষ্টিবিহীন) লোভ-সহগত একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ, লোভ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ, লোভ এবং চিত্ত-সমুত্থিত-রূপ, দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ, লোভ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

৪৬. (৪) উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। উপাদান-বিপ্রযুক্ত একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি (উপাদান-বিপ্রযুক্ত) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে উপাদান-বিপ্রযুক্ত একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু, (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে...।

(৫) উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। দৃষ্টিগত বিপ্রযুক্ত লোভকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

৪৭. (৭) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত একটি স্কন্ধ এবং লোভকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং...।

---

[১]। ২ প্রতিঘমূলক চিত্ত, ২ মোহমূলক চিত্ত, ২১ কুশলচিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, লোভ, মিথ্যাদৃষ্টি ও মান ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৩) = ৪৯ প্রকার চৈতসিক, ৪ দৃষ্টি-বিপ্রযুক্ত চিত্তে লোভ, ২৮ প্রকার রূপ ও নির্বাণ উপাদান-বিপ্রযুক্ত ধর্ম। এসব চিত্ত উপাদান বিরহিত হয়েই উৎপন্ন হয়। তাই এসব চিত্ত উপাদান-বিপ্রযুক্ত ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

(৮) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৯) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত একটি স্কন্ধ এবং লোভকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধ এবং...।

আলম্বন-প্রত্যয় (৬)

৪৮. (১) উপাদান-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। উপাদান-সম্প্রযুক্ত একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ, তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ, দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(২) উপাদান-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে উপাদান-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে লোভ উৎপন্ন হয়।

(৩) উপাদান-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং লোভ... দুটি স্কন্ধকে...।

৪৯. (৪) উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে উপাদান-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। উপাদান-বিপ্রযুক্ত একটি স্কন্ধকে... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত একটি স্কন্ধ এবং লোভকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং...। (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৫০. হেতুতে নয়, আলম্বনে ছয়, অধিপতিতে নয়, অনন্তরে ছয়, সমনন্তরে ছয়, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে ছয়, পূর্বজাতে ছয়,

Visit: http://www.buddhistdownload.com

আসেবনে ছয়, কর্মে নয়, বিপাকে এক, আহারে নয় (সর্বত্র নয়), মার্গে নয়, সম্প্রযুক্তে ছয়, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে ছয়, বিগতে ছয়, অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (১)

৫১. (১) উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। উপাদান-বিপ্রযুক্ত একটি অহেতুক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত বিস্তার করতে হবে) বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

না-আলম্বনাদি-প্রত্যয়

৫২. (১) উপাদান-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(২) উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। উপাদান-বিপ্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত লাভ হয়)।

(৩) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। না-অধিপতি-প্রত্যয় দ্বারা... না-অনন্তর-প্রত্যয় দ্বারা... না-সমনন্তর-প্রত্যয় দ্বারা... না-উপনিশ্রয় প্রত্যয় দ্বারা...।

না-পূর্বজাতাদি-প্রত্যয়

৫৩. (১) উপাদান-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে উপাদান-সম্প্রযুক্ত একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(২) উপাদান-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে লোভ উৎপন্ন হয়। উপাদান স্কন্ধসমূহকে ভিত্তি করে

Visit: http://www.buddhistdownload.com

চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৩) উপাদান-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। অরূপলোকে দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং লোভ... দুটি স্কন্ধকে...।

৫৪. (৪) উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে উপাদান-বিপ্রযুক্ত একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... উপাদান-বিপ্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত জানা উচিত)।

(৫) উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভকে ভিত্তি করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত একটি স্কন্ধ এবং লোভকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং...।

(৭) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা... না-আসেবন-প্রত্যয় দ্বারা...।

না-কর্ম-প্রত্যয় (৪)

৫৫. (১) উপাদান-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে সম্প্রযুক্ত চেতনা উৎপন্ন হয়।

(২) উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। উপাদান-বিপ্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে সম্প্রযুক্ত চেতনা উৎপন্ন হয়। বাহ্যিক, আহার-সমুত্থিত, ঋতু-সমুত্থিত...।

(৩) উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভকে ভিত্তি করে সম্প্রযুক্ত চেতনা উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৪) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে ভিত্তি করে উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভকে ভিত্তি করে সম্প্রযুক্ত চেতনা উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৫৬. না-হেতুতে এক, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

২. সহজাতবার

(অপর দুটি গণনা করণীয়। সহজাতবার প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

৫৭. (১) উপাদান-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ করণীয়)।

(২) উপাদান-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ করণীয়)।

(৩) উপাদান-সম্প্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (প্রতীত্যবার সদৃশ করণীয়)।

(৪) উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে উপাদান-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। উপাদান-বিপ্রযুক্ত একটি স্কন্ধকে আশ্রয় করে... (আধ্যাত্মিক মহাভূতসমূহ পর্যন্ত জানা উচিত) (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে উপাদান-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ উৎপন্ন হয়।

(৫) উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে

Visit: http://www.buddhistdownload.com

চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। আবার দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভকে আশ্রয় করে সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভ উৎপন্ন হয়।

৫৮. (৭) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। উপদাান-সম্প্রযুক্ত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত একটি স্কন্ধ এবং লোভকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং...।

(৮) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে লোভ উৎপন্ন হয়।

(৯) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। উপাদান-সম্প্রযুক্ত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং... উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং লোভ... দুটি স্কন্ধ এবং...। (সংক্ষিপ্ত। আলম্বন প্রত্যয়ে পঞ্চবিজ্ঞান করণীয়)।

১. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৫৯. হেতুতে নয়, আলম্বনে নয়, অধিপতিতে নয়, অনন্তরে নয় (সর্বত্র নয়), বিপাকে এক... অবিগতে নয়।

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (১)

৬০. (১) উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। উপাদান-বিপ্রযুক্ত একটি অহেতুক স্কন্ধকে আশ্রয় করে... (অসংজ্ঞসত্ত্বগণ পর্যন্ত বিস্তার করতে হবে) চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান, (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক উপাদান-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৬১. না-হেতুতে নয়, না-আলম্বনে তিন, না-অধিপতিতে নয়, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে ছয়, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

৪. নিশ্রয়বার

(অনুরূপভাবে অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এদুটি গণনা ও নিশ্রয়বার বিস্তারিত জ্ঞাতব্য)।

৫. সংশ্লিষ্টবার

১-৪. প্রত্যয় : অনুলোমাদি

৬২. (১-৩) উপাদান-সম্প্রযুক্ত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। উপাদান-সম্প্রযুক্ত একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে... (তিন)।

(৪) উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। (প্রতীত্যবার সদৃশ হবে, অরূপলোকে অনুরূপভাবে করণীয়)।

(৫) উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয় (প্রতীত্যবার সদৃশ হবে, অরূপলোকে অনুরূপভাবে বিস্তার করা উচিত)।

(৬) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয় (প্রতীত্যবার সদৃশ হবে, অরূপলোকে অনুরূপভাবে বিশ্লেষণ করতে হবে)।

(অনলোম গণনা)—হেতুতে ছয়, আলম্বনে ছয়, অধিপতিতে ছয় (সর্বত্র ছয়), বিপাকে এক... অবিগতে ছয়।

[অনুলোম সমাপ্ত]

(১) উপাদান-বিপ্রযুক্ত ধর্মকে সংশ্লিষ্ট করে না-হেতু-প্রত্যয় দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা)—না-হেতুতে এক, না-অধিপতিতে ছয়, না-পূর্বজাতে

Visit: http://www.buddhistdownload.com

ছয়, না-পশ্চাজ্জাতে ছয়, না-আসেবনে ছয়, না-কর্মে চার, না-বিপাকে ছয়, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে ছয়।

[প্রতিলোম সমাপ্ত]

৬. সম্প্রযুক্তবার

(অনুরূপভাবে অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম এদুটি গণনা ও সম্প্রযুক্তবার বিস্তারিত জ্ঞাতব্য)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

৬৩. (১) উপাদান-সম্প্রযুক্ত ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। উপাদান-সম্প্রযুক্ত হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) উপাদান-সম্প্রযুক্ত ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। উপাদান-সম্প্রযুক্ত হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৩) উপাদান-সম্প্রযুক্ত ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। উপাদান-সম্প্রযুক্ত হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের, লোভের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

৬৪. (৪) উপাদান-বিপ্রযুক্ত ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। উপাদান-বিপ্রযুক্ত হেতুসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ হেতু-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৫) উপাদান-বিপ্রযুক্ত ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৬) উপাদান-বিপ্রযুক্ত ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

৬৫. (৭) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মসমূহ হেতু-প্রত্যয়ের

Visit: http://www.buddhistdownload.com

দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত মোহ এবং লোভ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৮) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত মোহ এবং লোভ হেতু-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৯) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মসমূহ হেতু-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত মোহ এবং লোভ হেতু-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

৬৬. (১) উপাদান-সম্প্রযুক্ত ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) উপাদান-সম্প্রযুক্ত ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে উপাদান-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ এবং লোভ উৎপন্ন হয়।

(৩) উপাদান-সম্প্রযুক্ত ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভ উৎপন্ন হয়।

৬৭. (৪) উপাদান-বিপ্রযুক্ত ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। দান দেন, শীল পালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন, পূর্বকৃত পুণ্যময় সুকর্মাদিকে স্মৃতি সহকারে পর্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে স্মৃতি সহকারে পর্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে দৃষ্টিগত-বিপ্রযুক্ত রাগ (৪ দৃষ্টি-বিপ্রযুক্ত লোভ চিত্ত), বিচিকিৎসা, ঔদ্ধত্য উৎপন্ন হয়। ধ্যানের একাগ্রতা নষ্ট হলে পরে অনুতপ্ত ধ্যানীর দৌর্মনস্য (মানসিক বিষাদ) উৎপন্ন হয়। আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে স্মৃতি সহকারে পর্যবেক্ষণ করেন, ফলকে স্মৃতি সহকারে পর্যবেক্ষণ করেন, নির্বাণকে স্মৃতি সহকারে পর্যবেক্ষণ করেন। নির্বাণ আলম্বন-প্রত্যয়ের দ্বারা গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের, আবর্তন-চিত্তের প্রত্যয় হয়। আর্যগণ উপাদান-বিপ্রযুক্ত প্রহীন ক্লেশসমূহকে (অর্থাৎ উপাদান ব্যতীত অপর ৮ প্রকার ক্লেশই উপাদান-বিপ্রযুক্ত ক্লেশকে) স্মৃতি সহকারে পর্যবেক্ষণ করেন, অপ্রহীন ক্লেশসমূহকে স্মৃতি সহকারে পর্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে স্মৃতি সহকারে পর্যবেক্ষণ করেন। চক্ষু... (হৃদয়) বাস্তু, উপাদান-

Visit: http://www.buddhistdownload.com

বিপ্রযুক্ত স্কন্ধসমূহ এবং লোভকে অনিত্য, দুঃখ ও অনাত্মাদৃষ্টি বিশেষভাবে দেখেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে দৃষ্টিগত-বিপ্রযুক্ত রাগ, বিচিকিৎসা, ঔদ্ধত্য, দৌর্মনস্য উৎপন্ন হয়... (সমস্তই পরিপূর্ণ করা কর্তব্য), দিব্যচক্ষুর দ্বারা (কায়-বিজ্ঞান পর্যন্ত জ্ঞাতব্য), উপাদান-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতিজ্ঞানের, যথাকর্মোপগজ্ঞানের, অনাগতভবজ্ঞানের এবং আবর্তন-চিত্তের প্রত্যয় হয়।

(৫) উপাদান-বিপ্রযুক্ত ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। দান দিয়ে, ধ্যানকে... চক্ষু... (হৃদয়) বাস্তু, উপাদান-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ এবং লোভকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে রাগ উৎপন্ন হয় এবং মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়।

(৬) উপাদান-বিপ্রযুক্ত ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, উপাদান-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ এবং লোভকে ভিত্তি করে দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভ উৎপন্ন হয়।

৬৮. (৭) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভকে ভিত্তি করে উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৮) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভকে ভিত্তি করে উপাদান-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ এবং লোভ উৎপন্ন হয়।

(৯) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মসমূহ আলম্বন-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভকে ভিত্তি করে দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভ উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (৯)

৬৯. (১) উপাদান-সম্প্রযুক্ত ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** উপাদান-সম্প্রযুক্ত-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(২) উপাদান-সম্প্রযুক্ত ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** উপাদান-সম্প্রযুক্ত-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা লোভের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৩) উপাদান-সম্প্রযুক্ত ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** উপাদান-সম্প্রযুক্ত-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা লোভের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

৭০. (৪) উপাদান-বিপ্রযুক্ত ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (অধিপত দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল পালন করে... ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে গুরুত্বের সাথে পর্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ায় দৃষ্টিগত-বিপ্রযুক্ত রাগ বা লোভ উৎপন্ন হয়... আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে গুরুত্বের সাথে পর্যবেক্ষণ করেন, ফলকে গুরুত্বের সাথে পর্যবেক্ষণ করেন, নির্বাণকে গুরুত্বের সাথে পর্যবেক্ষণ করেন। নির্বাণ অধিপতি-প্রত্যয়ের দ্বারা গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের প্রত্যয় হয়। চক্ষু... (হৃদয়) বাস্তু, উপাদান-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ এবং লোভকে গুরুত্বের সাথে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ায় দৃষ্টিগত-বিপ্রযুক্ত রাগ উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** উপাদান বিপ্রযুক্ত-অধিপতি অধিপতি-প্রত্যয়ের দ্বারা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের প্রত্যয় হয়।

(৫) উপাদান-বিপ্রযুক্ত ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** দান... ধ্যান হতে... চক্ষু... (হৃদয়) বাস্তু, উপাদান স্কন্ধসমূহ এবং লোভকে গুরুত্বের সাথে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ায় রাগ উৎপন্ন হয় এবং মিথ্যাদৃষ্টি উৎপন্ন হয়।

(৬) উপাদান-বিপ্রযুক্ত ধর্ম অধিপতি-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত এবং

Visit: http://www.buddhistdownload.com

উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** চক্ষু... (হৃদয়) বাস্তু, উপাদান-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ এবং লোভকে গুরুত্ব দিয়ে দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভ উৎপন্ন হয়।

৭১. (৭) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মসমূহ অধিপতি-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভকে গুরুত্ব দিয়ে উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৮) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মসমূহ অধিপতি-প্রত্যয়ের দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভকে গুরুত্ব দিয়ে দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ উৎপন্ন হয়।

(৯) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মসমূহ অধিপতি-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভকে গুরুত্ব দিয়ে দৃষ্টিগত-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ এবং লোভ উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয় (৯)

৭২. (১) উপাদান-সম্প্রযুক্ত ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) উপাদান-সম্প্রযুক্ত ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভের প্রত্যয় হয়। উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা উত্থানের প্রত্যয় হয়।

(৩) উপাদান-সম্প্রযুক্ত ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহের এবং লোভের প্রত্যয় হয়।

৭৩. (৪) উপাদান-বিপ্রযুক্ত ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভের প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী উপাদান-বিপ্রযুক্ত স্কন্ধসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী উপাদান-বিপ্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ অনন্তর-প্রত্যয়ের দ্বারা উত্থানের প্রত্যয় হয়। অনুলোম অনন্তর-প্রত্যয়ের দ্বারা গোত্রভূর... ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৫) উপাদান-বিপ্রযুক্ত ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহের প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত অনন্তর-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৬) উপাদান-বিপ্রযুক্ত ধর্ম অনন্তর-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহের এবং লোভের প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত অনন্তর-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহের এবং লোভের প্রত্যয় হয়।

৭৪. (৭) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(৮) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভের প্রত্যয় হয়। দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভ অনন্তর-প্রত্যয়ের দ্বারা উত্থানের প্রত্যয় হয়।

(৯) উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মসমূহ অনন্তর-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহ এবং লোভ অনন্তর-প্রত্যয়ের দ্বারা পরবর্তী পরবর্তী দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহের এবং লোভের প্রত্যয় হয়।

সমনন্তরাদি-প্রত্যয়

৭৫. উপাদান-সম্প্রযুক্ত ধর্ম সমনন্তর-প্রত্যয়ের দ্বারা... সহজাত-প্রত্যয়ের দ্বারা... (প্রতীত্যবার সদৃশ পঠিতব্য) (নয়), অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা... (প্রতীত্যবার সদৃশ পঠিতব্য) (ছয়), নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা (প্রত্যয়বার সদৃশ জ্ঞাতব্য) (নয়) উপাদান-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয় ।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

৭৬. (১) উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ

Visit: http://www.buddhistdownload.com

উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের প্রত্যয় হয়।

(২) উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা উপাদান-বিপ্রযুক্ত স্কন্ধসমূহের এবং লোভের প্রত্যয় হয়।

(৩) উপাদান-সম্প্রযুক্ত ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা উপাদান-সম্প্রযুক্ত এবং উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। উপাদান-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা দৃষ্টিগত-বিপ্রযুক্ত লোভ-সহগত স্কন্ধসমূহের এবং লোভের প্রত্যয় হয়।

৭৭. (৪) উপাদান-বিপ্রযুক্ত ধর্ম উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা উপাদান-বিপ্রযুক্ত ধর্মের প্রত্যয় হয়। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি-ধ্যান উৎপন্ন করেন, মান উৎপন্ন করেন। (অনুরূপভাবে) শীল, প্রজ্ঞা, উপাদান-বিপ্রযুক্ত রাগ, মান, তৃষ্ণা, শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। এই কারণে শ্রদ্ধা... শয্যাসন উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা শ্রদ্ধার, প্রজ্ঞার, উপাদান-বিপ্রযুক্ত রাগের, মানের, তৃষ্ণার, কায়িক সুখের... ফল-সমাপত্তির প্রত্যয় হয়।

